২৪। [অন্বয়ঃ] অয়ম্ অচ্ছেদ্যঃ অয়ম্ অদাহ্যঃ, অয়ম্ অক্লেদ্যঃ, অশোষ্যঃ চ এব; অয়ং নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুঃ (স্থিরধীঃ) অচলঃ সনাতনঃ চ॥

২৫। [অন্বয়ঃ] অয়ম্ অব্যক্তঃ (চক্ষুরাদ্যবিষয়ঃ) অয়ম্ অচিন্ত্যঃ (মনসোঽপি অবিষয়ঃ) অয়ম্ অবিকার্য্যঃ (কর্ম্মেন্দ্রিয়াণামপি অবিষয়ঃ) উচ্যতে; তস্মাৎ এনম্ এবং বিদিত্বা অনুশোচিতুং ন অর্হসি॥

২৩। স্বামিটী।—কথং হন্তি ইত্যনেনোক্তং বধসাধনাভাবং দর্শয়ন্নবিনাশিত্বমাত্মনঃ স্ফুটীকরোতি—নৈনমিত্যাদি। আপো ন ক্লেদয়ন্তি মৃদুকরণেন শিথিলং ন কুর্ব্বন্তি॥

২৪। স্বামিটী।—তত্র হেতুমাহ—অচ্ছেদ্য ইত্যাদিনা সার্দ্ধেন। নিরবয়বত্বাৎ অচ্ছেদ্যোঽক্লেদ্যশ্চ। অমূর্ত্তত্বাদদাহ্যঃ, দ্রবত্বাভাবাদশোষ্য ইতি ভাবঃ। ইতশ্চ ছেদাদিযোগ্যো ন ভবতি, যতো নিত্যঃ অবিনাশী সর্ব্বত্রগতঃ। স্থাণুঃ স্থিরস্বভাবঃ রূপান্তরাপত্তিশূন্যঃ। অচলঃ পূর্ব্বরূপাপরিত্যাগী। সনাতনোঽনাদিঃ। কিঞ্চ অব্যক্তশ্চক্ষুরাদ্যবিষয়ঃ। অচিন্ত্যঃ মনসোঽপ্যবিষয়ঃ। অবিকার্য্যঃ কর্ম্মেন্দ্রিয়াণামপ্যগোচর ইত্যর্থঃ। উচ্যত ইতি নিত্যত্বাদভিযুক্তোক্তিং প্রমাণয়তি॥

---

২৩। শস্ত্র ইঁহাকে ছেদন করিতে পারে না, অগ্নি ইঁহাকে দগ্ধ করিতে পারে না, জল ইঁহাকে আর্দ্র করিতে পারে না, বায়ু ইঁহাকে শোষণ করিতে পারে না॥

২৪। ইনি ছিন্ন, ক্লিন্ন, দগ্ধ বা শুষ্ক হইবার বস্তু নহেন। ইতি নিত্য, সর্ব্বব্যাপী, স্থিরস্বভাব, সর্ব্বদা একরূপ এবং অনাদি॥

২৬। অথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্‌।
তথাপি ত্বং মহাবাহো নৈনং শোচিতুমর্হসি ॥
২৭। জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥

২৬। [অন্বয়ঃ] অথ চ এনং নিত্যজাতং বা নিত্যং মৃতং মন্যসে, তথাপি হে মহাবাহো! ত্বম্‌ এনং শোচিতুং ন অর্হসি ॥

২৭। [অন্বয়ঃ] হি (যস্মাৎ) জাতস্য (প্রাণিনঃ) মৃত্যুঃ ধ্রুবঃ (নিশ্চিতঃ) মৃতস্য চ জন্ম ধ্রুবং তস্মাৎ অপরিহার্য্যে (অবশ্যম্ভাবিনি) অর্থে (জন্মমরণরূপে বিষয়ে ত্বং) শোচিতুং ন অর্হসি ॥

২৫। স্বামিটী।—উপসংহরতি—তস্মাদেবমিত্যাদি। তদেবমাত্মনো জন্মবিনাশাভাবান্ন শোকঃ কার্য্য ইত্যুক্তম্‌ ॥

২৬। স্বামিটী।—ইদানীং দেহেন সহাত্মনো জন্ম, তদ্বিনাশেন চ বিনাশমঙ্গীকৃত্যাপি শোকো ন কার্য্য ইত্যাহ—অথ চৈনমিত্যাদি। অথ যদ্যপি এনমাত্মানং নিত্যং সর্ব্বদা তত্তদ্দেহে জাতে জাতং মন্যসে, তথা তত্তদ্দেহে মৃতে মৃতঞ্চ মন্যসে, পুণ্যপাপয়োস্তৎফলভূতয়োশ্চ জন্মমরণয়োরাত্মগামিত্বাৎ, তথাপি ত্বং শোচিতুং নার্হসি ॥

২৭। স্বামিটী।—কুত ইত্যত আহ—জাতস্য ইতাদি। হি যস্মাজ্জাতস্য স্বারম্ভককর্ম্মক্ষয়ে মৃত্যুর্ধ্রুবো নিশ্চিতঃ, মৃতস্য চ তত্তদ্দেহকৃতেন কর্ম্মণা জন্মাপি ধ্রুবমেব, তত্তস্মাদেবমপরিহার্য্যেঽর্থেঽবশ্যম্ভাবিনি জন্মমরণলক্ষণে অর্থে ত্বং বিদ্বান্‌ শোচিতুং যোগ্যো ন ভবসি ॥

---

২৫। ইনি অব্যক্ত (চক্ষুরাদি জ্ঞানেন্দ্রিয়ের অবিষয়), অচিন্ত্য (মনের অগোচর), অবিকার্য্য (কর্ম্মেন্দ্রিয়ের অবিষয়) অতএব তুমি এই জীবাত্মাকে এইরূপ জানিয়া অনুশোচনা পরিত্যাগ কর ॥

২৬। জীবাত্মা সর্ব্বদা জন্মগ্রহণ ও মৃত্যুমুখে প্রবেশ করিয়া থাকেন বলিয়া তাঁহাকে জাত ও মৃত বোধ করিলেও তাহার নিমিত্ত শোক করা কর্ত্তব্য নহে ॥

২৭। কেন না, জাত ব্যক্তির মৃত্যু ও মৃত ব্যক্তির জন্ম অবশ্যম্ভাবী ও অপরিহার্য্য; অতএব ঈদৃশ (অবশ্যম্ভাবী) বিষয়ে শোকাকুল হওয়া তোমার উচিত নহে ॥

২৮। অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা॥

২৯। আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেন-
মাশ্চর্য্যবদ্ বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি
শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ॥

২৮। [অন্বয়ঃ] হে ভারত! ভূতানি (প্রাণিনঃ) অব্যক্তাদীনি, ব্যক্তমধ্যানি অব্যক্তনিধনানি এব, তত্র (বিষয়ে) কা পরিদেবনা (বিলাপঃ)॥

২৯। [অন্বয়ঃ] কশ্চিৎ এনম্ (আত্মানম্) আশ্চর্য্যবৎ পশ্যতি, তথৈব চ অন্যঃ আশ্চর্য্যবৎ বদতি, অন্যশ্চ এনং আশ্চর্য্যবৎ শৃণোতি, কশ্চিৎ শ্রুত্বা চ অপি এনং নৈব বেদ (জানাতি)॥

২৮। স্বামিটী।—কিঞ্চ দেহাদীনাং চ স্বভাবং পর্য্যালোচ্য তদুপাধিকে আত্মনো জন্মমরণে শোকো ন কার্য্য ইত্যত আহ'— অব্যক্তাদীনীত্যাদি। অব্যক্তং প্রধানং, তদেবাদি উৎপত্তেঃ পূর্ব্বরূপং যেষাং তানি অব্যক্তাদীনি ভূতানি শরীরাণি কারণাত্মনাপি স্থিতানামেবোৎপত্তেঃ। তথা ব্যক্তম্ অভিব্যক্তং মধ্যং জন্মমরণান্তরালং স্থিতিলক্ষণং যেষাং তানি ব্যক্তমধ্যানি। অব্যক্তে নিধনং লয়ো যেষাং তানীমান্যেবম্ভূতান্যেব, তত্র তেষু কা পরিদেবনা কঃ শোকনিমিত্তো বিলাপঃ। প্রতিবুদ্ধস্য স্বপ্নদৃষ্টবস্তুষ্বিব শোকো ন যুজ্যতে ইত্যর্থঃ॥

২৯। স্বামিটী।—কুতস্তর্হি বিদ্বাংসোঽপি লোকে শোচন্তি? আত্মাজ্ঞানাদেব ইত্যাশয়েনাত্মনো দুর্ব্বিজ্ঞেয়তামাহ—আশ্চর্য্যবদিত্যাদি কশ্চিদেনমাত্মানং শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং পশ্যন্নাশ্চর্য্যবৎ

---

২৮। হে ভারত! ভূতসকল উৎপত্তির পূর্ব্বে অব্যক্ত (অপ্রকাশ), ধ্বংসসময়েও অব্যক্ত হইয়া থাকে, কেবল জন্মমরণের অন্তরালসময়ে প্রকাশিত হয়; অতএব তদ্বিষয়ে ভাবনা (চিন্তা) কি?॥

৩০। দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি॥
৩১। স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে॥

৩০। [অন্বয়ঃ] হে ভারত! অয়ং দেহী (আত্মা) সর্ব্বস্য দেহে নিত্যম্ অবধ্যঃ (ভবতি) তস্মাৎ ত্বং সর্ব্বাণি ভূতানি শোচিতুং ন অর্হসি॥

৩১। [অন্বয়ঃ] স্বধর্ম্মং (স্বস্য ক্ষত্রিয়স্য ধর্ম্মং যুদ্ধম্) অপি চ অবেক্ষ্য (ত্বং) ন বিকম্পিতুং (বিচলিতুম্) অর্হসি, হি (যস্মাৎ) ক্ষত্রিয়স্য ধর্ম্ম্যাৎ যুদ্ধাৎ অন্যৎ শ্রেয়ঃ ন বিদ্যতে॥

পশ্যতি, সর্ব্বগতস্য নিত্যজ্ঞানানন্দস্বভাবস্যাত্মনোঽলৌকিকত্বা-দৈন্দ্রজালিকবদ্ঘটমানং পশ্যন্নিব বিস্ময়েন পশ্যতি অসম্ভাবনাভূতত্বাৎ। তথা আশ্চর্য্যবদেবান্যো বদতি, শৃণোতি চান্যঃ কশ্চিৎ পুনর্ব্বিপ-রীতভাবনাভিভূতঃ শ্রুত্বাপি নৈব বেদ, চশব্দাদুক্তোঽপি ন সম্যগ্বেদেতি দ্রষ্টব্যম্॥

৩০। স্বামিটী।—তদেবমবধ্যত্বমাত্মনঃ সংক্ষেপেণোপদিশ-ন্নশোচ্যত্বমুপসংহরতি—দেহীত্যাদি। স্পষ্টার্থঃ॥

৩১। স্বামিটী। যচ্চোক্তমর্জ্জুনেন "বেপথুশ্চ শরীরে মে" ইত্যাদি, তদপ্যযুক্তমিত্যাহ—স্বধর্ম্মমিতি। আত্মনো নাশাভাবা-দেবৈতেষাং হননেঽপি বিকম্পিতুং নার্হসি, কিঞ্চ স্বধর্ম্মমপ্যবেক্ষ্য বিকম্পিতুং নার্হসীতি সম্বন্ধঃ। যথোক্তং—"ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহব" ইতি তত্রাহ—ধর্ম্ম্যাদিতি। ধর্ম্মাদনপেতান্ন্যায্যাদ্ যুদ্ধাদন্যৎ॥

২৯। কেহ এই জীবাত্মাকে বিস্ময়ের সহিত দর্শন করেন; কেহ বিস্ময়ের সহিত বর্ণন করেন; কেহ কেহ বিস্ময়ের সহিত শ্রবণ করেন, কেহ বা দর্শন, বর্ণন অথবা শ্রবণ করিয়াও বুঝিতে পারেন না॥

৩০। হে ভারত! জীবাত্মা সর্ব্বদা সকলের দেহে অবধ্যরূপে অবস্থান করেন; অতএব কোন প্রাণীর নিমিত্ত শোক করা উচিত নহে॥

৩২। যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃতম্।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ লভন্তে যুদ্ধমীদৃশম্ ॥
৩৩। অথ চেৎ ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ হিত্বা পাপমবাপ্স্যসি ॥
৩৪। অকীর্ত্তিঞ্চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্।
সম্ভাবিতস্য চাকীর্ত্তির্ম্মরণাদতিরিচ্যতে ॥

৩২। [ অন্বয়ঃ ] হে পার্থ! সুখিনঃ ক্ষত্রিয়াঃ চ যদৃচ্ছয়া উপপন্নম্ অপাবৃতম্ ( উন্মুক্তং ) স্বর্গদ্বারম্ ঈদৃশম্ যুদ্ধং লভন্তে ॥

৩৩। [ অন্বয়ঃ ] অথ চেৎ ( যদি ) ত্বম্ ইমং ধর্ম্ম্যং ( ধর্ম্মযুক্তং ) সংগ্রামং ন করিষ্যসি, ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিং চ হিত্বা ( ত্যক্ত্বা )পাপম্ অবাপ্স্যসি ॥

৩৪। [অন্বয়ঃ] অপি চ ভূতানি [ প্রাণিনঃ ] তে অব্যয়াম্ অকীর্ত্তিঞ্চ কথয়িষ্যন্তি, সম্ভাবিতস্য চ অকীর্ত্তিঃ মরণাৎ অতিরিচ্যতে ( অধিকা ভবতি ) ॥

৩২। স্বামিটী।—কিঞ্চ মহতি শ্রেয়সি স্বয়মেবোপস্থিতে সতি কুতো বিকম্প ইত্যাহ—যদৃচ্ছয়েতি। যদৃচ্ছয়া অপ্রার্থিতমেবোপপন্নং প্রাপ্তমীদৃশং যুদ্ধং সুখিনঃ সুভাগ্যা এব লভন্তে যতোঽনিরাবরণং স্বর্গদ্বারমেবৈতৎ। যদ্বা য এবংবিধং যুদ্ধং লভন্তে ত এব সুখিন ইত্যর্থঃ। এতেন "স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব"ইতি যদুক্তং, তন্নিরস্তং ভবতি ॥

৩৩। স্বামিটী।—বিপক্ষে দোষমাহ—অথ চেদিত্যাদি।

৩৪। স্বামিটী।—কিঞ্চ অকীর্ত্তিমিত্যাদি। অব্যয়াং শাশ্বতীম্। সম্ভাবিতস্য বহুমানিতস্য। অকীর্ত্তির্ম্মরণাৎ অতিরিচ্যতে অধিকতরা ভবতি ॥

---

৩১। তুমি স্বধর্ম্মের প্রতি দৃষ্টিপাত করিলে আর এ প্রকার কম্পিত হইবে না; ধর্ম্মযুদ্ধ ব্যতীত ক্ষত্রিয়ের অপর কোন মঙ্গলকর কর্ম্ম নাই ॥

৩২। হে পার্থ! যে সকল ক্ষত্রিয় বিনা প্রার্থনায় উপস্থিত আনাবৃত ( মুক্ত ) স্বর্গদ্বারস্বরূপ ঈদৃশ যুদ্ধ লাভ করে, তাহারাই সুখী ॥

৩৩। যদি তুমি এই ধর্ম্মযুদ্ধ না কর, তাহা হইলে স্বধর্ম্ম ও কীর্ত্তি হইতে পরিভ্রষ্ট হইয়া পাপভাগী হইবে ॥

৩৫। ভয়াদ্রণাদুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ।
যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবম্॥
৩৬। অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্॥
৩৭। হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ॥

৩৫। [অন্বয়ঃ] মহারথাঃ ত্বাং ভয়াৎ রণাৎ উপরতং (প্রতিনিবৃত্তং) মংস্যন্তে [জ্ঞাস্যন্তি] যেষাং (দুর্যোধনাদীনাং) ত্বং বহুমতঃ ভূত্বা লাঘবং (নীচতাং) যাস্যসি॥

৩৬। [অন্বয়ঃ] তব অহিতাঃ (শত্রবঃ) তব সামর্থ্যং নিন্দন্তঃ বহূন্ অবাচ্যবাদান্ (কুৎসিতবচনানি) বদিষ্যন্তি চ, ততঃ দুঃখতরং কিং নু? (কিমপি নাস্তীত্যর্থঃ)॥

৩৭। [অন্বয়ঃ] (ত্বং) হতঃ বা স্বর্গং প্রাপ্স্যসি, জিত্বা বা মহীং ভোক্ষ্যসে তস্মাৎ হে কৌন্তেয়। যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ [সন্] উত্তিষ্ঠ॥

৩৫। স্বামিটী।—কিঞ্চ ভয়াদিতি। যেষাং বহুগুণত্বেন ত্বং পূর্ব্বং সম্মতোঽভূস্ত এব ভযেন সংগ্রামাৎ ত্বাং নিবৃত্তং মন্যেরন্ ততশ্চ বহুমতো ভূত্বা লাঘবং লঘুতাং যাস্যসি॥

৩৬। স্বামিটী।—কিঞ্চ অবাচ্যবাদাংশ্চেত্যাদি। অবাচ্যান্ বাদান্ বচনানর্হান্ শব্দান্ তবাহিতাঃ ত্বচ্ছত্রবো বদিষ্যন্তি॥

৩৭। স্বামিটী।—যদুক্তং 'ন চৈতদ্বিদ্মঃ' ইতি, তত্রাহ—হতো বেত্যাদি। পক্ষদ্বয়েঽপি তব লাভ এবেত্যর্থঃ॥

---

৩৪। লোকে চিরকাল তোমার অকীর্ত্তি কীর্ত্তন করিবে; সমর্থ ব্যক্তির পক্ষে অকীর্ত্তি মরণ অপেক্ষাও অধিকতর দুঃসহ॥

৩৫। যে সকল মহারথ তোমাকে বহু সম্মান করিয়া থাকেন, তাঁহাদিগের নিকট তোমার গৌরব থাকিবে না, তাঁহারা মনে করিবেন—তুমি ভয়প্রযুক্ত সংগ্রামে পরাঙ্মুখ হইয়াছ॥

৩৬। তোমার শত্রুরা তোমাকে কত অবক্তব্য কথা কহিবে এবং তোমার সামর্থ্যের নিন্দা করিবে; ইহা অপেক্ষা অধিকতর দুঃখ আর কি আছে?

৩৮। সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।
তততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥
৩৯। এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্যসি ॥

৩৮। [অন্বয়ঃ] সুখদুঃখে সমে (তুল্যে) কৃত্বা, লাভালাভৌ জয়াজয়ৌ চ (সমৌ কৃত্বা) ততঃ যুদ্ধায় যুজ্যস্ব (উদ্‌যোগং কুরু) এবং (সতি) পাপং ন অবাপ্‌-স্যসি ॥

৩৯। [অন্বয়ঃ] সাংখ্যে (পরমতত্ত্ববিবেকবিষয়ে) এষা (পূর্ব্বোক্তা) বুদ্ধিঃ (জ্ঞানং) তে (তুভ্যম্) অভিহিতা (উপদিষ্টা) যোগে তু (ঈশ্বরারাধনার্থে কর্ম্ম-যোগে সমাধিযোগে চ) ইমাং (বুদ্ধিং) শৃণু, হে পার্থ! যয়া বুদ্ধ্যা (যোগবিষয়য়া) যুক্তঃ (সন্) কর্ম্মবন্ধং (ধর্ম্মাধর্ম্মরূপবন্ধনং) প্রহাস্যসি ॥

৩৮। স্বামিটী।—যদপ্যুক্তং "পাপমেবাশ্রয়েদস্মান্" ইতি তত্রাহ—সুখদুঃখে ইত্যাদি। সুখদুঃখে সমে কৃত্বা, তথা তয়োশ্চ কারণভূতৌ যৌ লাভালাভৌ অপি তয়োরপি কারণভূতৌ জয়া-জয়াবপি সমৌ কৃত্বা, এতেষাং সমত্বে কারণং হর্ষবিষাদরাহিত্যম্। যুজ্যস্ব সন্নদ্ধো ভব। সুখদুঃখাদ্যভিলাষং হিত্বা স্বধর্ম্মবুদ্ধ্যা যুধ্যমানঃ পাপং ন প্রাপ্স্যসীত্যর্থঃ ॥

৩৯। স্বামিটী।—উপদিষ্টং জ্ঞানযোগমুপসংহরন্, তৎসাধনং কর্ম্মযোগং প্রস্তৌতি—এষেত্যাদি। সম্যক্ খ্যায়তে প্রকাশ্যতে বস্তু-তত্ত্বমনয়েতি সংখ্যা সম্যক্ জ্ঞানং তস্মিন্ প্রকাশমানমাত্মতত্ত্বং সাংখ্যং, তস্মিন্ করণীয়া বুদ্ধিরেষা তবাভিহিতা, এবমভিহিতায়ামপি সাংখ্য-বুদ্ধৌ তব চেদাত্মতত্ত্বমপরোক্ষং ন সম্ভবতি, তর্হ্যন্তঃকরণশুদ্ধিদ্বারা

---

৩৭। সমরে বিনষ্ট হইলে, স্বর্গপ্রাপ্ত হইবে; জয়লাভ করিলে পৃথিবী ভোগ করিবে; অতএব যুদ্ধের নিমিত্ত কৃতনিশ্চয় হইইয়া উত্থিত হও ॥

৩৮। সুখদুঃখ, লাভালাভ ও জয়পরাজয় তুল্য জ্ঞান করিয়া যুদ্ধে প্রবৃত্ত হও; তাহা হইলে পাপভাগী হইবে না ॥

৪০। নেহাভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ ॥

৪১। ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন।
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্ ॥

৪০। [ অন্বয়ঃ ] ইহ ( নিষ্কামকর্ম্মযোগে ) অভিক্রমনাশঃ (প্রারম্ভস্য নাশঃ) ন অস্তি, প্রত্যবায়ঃ চ ন বিদ্যতে, অস্য ধর্ম্মস্য স্বল্পম্ অপি মহতঃ ভয়াৎ ত্রায়তে ॥

৪১। [ অন্বয়ঃ ] হে কুরুনন্দন! ইহ ব্যবসায়াত্মিকা ( নিশ্চয়াত্মিকা ) বুদ্ধিঃ একা ( একা এব ) অব্যবসায়িনাং ( কামিনাং ) চ বুদ্ধয়ঃ বহুশাখাঃ ( বহুভেদাঃ ) ( অতএব ) অনন্তাঃ ॥

আত্মতত্ত্বাপরোক্ষার্থং কর্ম্মযোগে ত্বিমাং বুদ্ধিং শৃণু। যয়া বুদ্ধ্যা যুক্তঃ পরমেশ্বরার্পিতকর্ম্মযোগেণ শুদ্ধান্তঃকরণঃ সন্ তৎপ্রসাদ-প্রাপ্তাপরোক্ষজ্ঞানেন কর্ম্মাত্মকং বন্ধং প্রকর্ষেণ হাস্যসি ত্যক্ষ্যসি ॥

৪০। স্বামিটী।—নন্থ কৃষ্যাদিবৎ কর্ম্মণাং কদাচিদ্ বিঘ্নবাহুল্যেন ফলে ব্যভিচারান্মন্ত্রাদ্যঙ্গবৈগুণ্যেন চ প্রত্যবায়সম্ভবাৎ কুতঃ কর্ম্ম-যোগেণ কর্ম্মবন্ধপ্রহাণং, তত্রাহ—নেহেত্যাদি। ইহ নিষ্কামকর্ম্ম-যোগেঽভিক্রমস্য প্রারম্ভস্য নাশো নিষ্ফলত্বং নাস্তি প্রত্যবায়শ্চ ন বিদ্যতে ঈশ্বরোদ্দেশেনৈব বিঘ্নবৈগুণ্যাদ্যসম্ভবাৎ। কিঞ্চাস্য ধর্ম্মস্য ঈশ্বরারাধনার্থকর্ম্মযোগস্য স্বল্পমপি কৃতং মহতো ভয়াৎ সংসারলক্ষণাৎ ত্রায়তে রক্ষতি, ন তু কাম্যকর্ম্মবৎ কিঞ্চিদঙ্গবৈগুণ্যাদিনা নৈষ্ফল্য-মস্যেত্যর্থঃ ॥

৪১। স্বামিটী।—কুত ইত্যপেক্ষায়ামুভয়োর্ব্বৈষম্যমাহ- ব্যব-সায়াত্মিকেতি। ইহ ঈশ্বরারাধনলক্ষণে কর্ম্মযোগে ব্যবসায়াত্মিকা

---

৩৯। হে পার্থ! যে বুদ্ধি ( জ্ঞান ) দ্বারা সাংখ্য অর্থাৎ আত্মতত্ত্ব বা তত্ত্বজ্ঞান সম্যক্ প্রকাশিত হয়; তাহা তোমার নিকট কীর্ত্তন করিলাম, এক্ষণে কর্ম্মযোগবিষয়িণী বুদ্ধি অবগত হও; এই বুদ্ধি প্রাপ্ত হইলে তুমি কর্ম্মরূপ বন্ধন হইতে বিমুক্ত হইবে ॥

৪০। নিষ্কাম কর্ম্মযোগের অনুষ্ঠান বিফল হয় না; তাহাতে পাপও নাই; ধর্ম্মের অত্যল্প অংশও মহৎ ভয় হইতে পরিত্রাণ করে ॥

৪২। যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতিবাদিনঃ॥
৪৩। কামাত্মানঃ স্বর্গপরা জন্মকর্ম্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি॥

৪২।৪৩। [অন্বয়ঃ] অবিপশ্চিতঃ (অবিবেকিনঃ) বেদবাদরতাঃ যে অন্যৎ (স্বর্গপশ্বাদিফলসাধনেভ্যঃ কর্ম্মভ্যঃ) ন অস্তি ইতি বাদিনঃ (কথনশীলাঃ) যাম্ ইমাং (বক্ষ্যমাণাং) পুষ্পিতাং (বিষলতাবৎ আপাতরমণীয়াং) বাচং প্রবদন্তি, তে কামাত্মানঃ (কামপরাঃ) স্বর্গপরাঃ (স্বর্গপ্রধানাঃ) জন্মকর্ম্মফলপ্রদাং ভোগৈশ্বর্য্য-গতিং প্রতি ক্রিয়াবিশেষবহুলাং বাচং (প্রবদন্তি)॥

পরমেশ্বরভক্ত্যৈব ধ্রুবং তরিষ্যামীতি নিশ্চয়াত্মিকা একৈব একনিষ্ঠৈব বুদ্ধির্ভবতি। অব্যবসায়িনাস্তু ঈশ্বরারাধনবহির্মুখানাং কামিনাং কামানামানন্ত্যাদনন্তাস্তত্রাপি কর্ম্মফলগুণফলত্বাদিপ্রকারভেদাদ্বহু-শাখাশ্চ বুদ্ধয়ো ভবন্তি, ঈশ্বরারাধনার্থং হি নিত্যং নৈমিত্তিকঞ্চ কর্ম্ম কিঞ্চিদঙ্গবৈগুণ্যেঽপি ন নশ্যতি, যথা শক্নুয়াৎ তথা কুর্য্যাদিতি হি তদ্বিধীয়তে নচ বৈগুণ্যমপি ঈশ্বরোদ্দেশেনৈব বৈগুণ্যোপশমাৎ, ন তু তথা কাম্যং কর্ম্ম, অতো মহদ্বৈষম্যমিতি ভাবঃ॥

৪২।৪৩। স্বামিটী।—নন্বু কামিনোঽপি কষ্টান্ কামান্ বিহায় ব্যবসায়াত্মিকামেব বুদ্ধিং কিমিতি ন কুর্ব্বন্তি? তত্রাহ—যামিমামিত্যাদি। যামিমাং পুষ্পিতাং বিষলতাবদাপাততো রমণীয়াং প্রকৃষ্টাং পরমার্থফলপরামেব বদন্তি বাচং স্বর্গাদিফলশ্রুতিং, তেষাং তয়া বাচাপহৃতচেতসাং ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ বিধীয়ত ইতি তৃতীয়েনান্বয়ঃ। কিমিতি তথা বদন্তি, যতোঽবিপশ্চিতো মূঢ়াস্তত্র হেতুঃ—বেদবাদরতা ইতি, বেদে যে বাদা অর্থবাদাঃ 'অক্ষয্যং হ বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ সুকৃতং ভবতি" তথা "অপাম সোমমমৃতা

---

৪১। হে কুরুনন্দন! এই নিষ্কাম ঈশ্বরারাধনরূপ কর্ম্মযোগবিষয়ে সংশয়রহিত বুদ্ধি একনিষ্ঠাই হইয়া থাকে, কিন্তু অব্যবসায়ী অর্থাৎ প্রমাণজনিত বিবেকরহিত কামীদিগের বুদ্ধি বহুশাখাযুক্ত ও অনন্ত॥

৪৪। ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়াপহৃতচেতসাম্।
ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে॥
৪৫। ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।
নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্॥

৪৪। [অন্বয়ঃ] ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়া (ক্রিয়াবিশেষবহুলয়া বাচা) অপহৃতচেতসাং ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ (জ্ঞানং) সমাধৌ (অন্তঃকরণে) ন বিধীয়তে (ন স্থিতা ভবতি)।

৪৫। [অন্বয়ঃ] বেদাঃ (কর্ম্মকাণ্ডপ্রতিপাদকা বেদভাগাঃ) ত্রৈগুণ্য-বিষয়াঃ (সংসারবিষয়াঃ) হে অর্জ্জুন! ত্বং নিস্ত্রৈগুণ্যঃ (নিষ্কামঃ) ভব! [তত্র উপায়মাহ] নির্দ্বন্দ্বঃ (শীতোষ্ণাদিদ্বন্দ্বরহিতঃ) নিত্যসত্ত্বস্থঃ (নিত্যশব্দ-গুণাশ্রিতঃ) নির্যোগক্ষেমঃ (অপ্রাপ্তেঃ স্বীকারঃ যোগঃ, প্রাপ্তস্য রক্ষণং ক্ষেমঃ তদ্রহিতঃ সন্) আত্মবান্ (অপ্রমত্তশ্চ) ভব॥

অভূম” ইত্যাহুঃ, তেষ্বেব রতাঃ প্রীতাঃ, অত এব অতঃ পরমন্যদীশ্বর-তত্ত্বং প্রাপ্যং নাস্তীতি বদনশীলাঃ। অত এব কামাত্মান ইতি, কামাত্মানঃ কামাকুলিতচিত্তাঃ, অতঃ স্বর্গ এব পরঃ পুরুষার্থো যেষাং তে। জন্ম চ তত্র কর্ম্মাণি চ তৎফলানি চ প্রদদাতীতি তথা তাং, ভোগৈশ্বর্য্যয়োঃ গতিং প্রাপ্তিং প্রতি সাধনভূতা যে ক্রিয়াবিশেষাস্তে বহুলা যস্যাং তাং প্রবদন্তীত্যনুষঙ্গঃ॥

৪৪। স্বামিটী।—ততশ্চ ভোগৈশ্বর্য্যপ্রসক্তানামিত্যাদি। ভোগৈশ্বর্য্যয়োঃ প্রসক্তানামভিনিবিষ্টানাং তয়া পুষ্পিতয়া বাচা অপহৃতমাকৃষ্টং চেতো যেষাম্। সমাধিশ্চিত্তৈকাগ্র্যং পরমেশ্বরাভি-মুখত্বমিতি যাবৎ, তস্মিন্নিশ্চযাত্মিকা বুদ্ধিস্তু ন বিধীয়তে। কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ। সা নোৎপদ্যত ইতি ভাবঃ।

৪৫। স্বামিটী।- ননু চ যদি স্বর্গাদিকং পরমং ফলং ন ভবতি,

---

৪২—৪৪। হে পার্থ! যাহারা আপাততঃ মনোহর শ্রবণরমণীয় বাক্যে অনুরক্ত; বহুবিধ ফলপ্রকাশক বেদবাক্যই যাহাদের প্রীতিকর, যাহারা স্বর্গাদি ফলসাধন কর্ম্ম ভিন্ন অন্য কিছুই স্বীকার করে না; যাহারা কামনাপরায়ণ; স্বর্গই যাহাদিগের পরম পুরুষার্থ; জন্মকর্ম্ম ও ফলপ্রদ জ্ঞান এবং ঐশ্বর্য্যলাভের সাধনভূত নানাবিধ (যাগাদি) ক্রিয়া প্রকাশক বাক্যে যাহাদিগের চিত্ত অপ-

৪৬। যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে।
তাবান্ সর্ব্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ॥

৪৬। [অন্বয়ঃ] উদপানে (বাপীকূপতড়াগাদৌ স্বল্পোদকে) যাবান্ (স্নানপানাদিঃ) অর্থঃ (প্রয়োজনং), সর্ব্বতঃ সংপ্লুতোদকে (মহাহ্রদে) তাবান্ (এব অর্থঃ এবং) সর্ব্বেষু বেদেষু যাবান্ অর্থঃ, তাবান্ (অর্থঃ) বিজানতঃ ব্রাহ্মণস্য (ব্রহ্মনিষ্ঠস্য) (ভবত্যেব, ব্রহ্মানন্দে ক্ষুদ্রানন্দানামন্তর্ভাবাৎ)॥

তর্হি কিমিতি বেদৈস্তৎসাধনতয়া কর্ম্মাণি বিধীয়ন্তে? তত্রাহ—ত্রৈগুণ্যবিষয়া ইতি। ত্রিগুণাত্মকাঃ সকামা যেঽধিকারিণস্তদ্বিষয়াস্তেষাং কর্ম্মফলসম্বন্ধপ্রতিপাদকা বেদাঃ। ত্বন্তু নিস্ত্রৈগুণ্যো নিষ্কামো ভব। তত্রোপায়মাহ—নির্দ্বন্দ্বঃ সুখদুঃখশীতোষ্ণাদিযুগলানি দ্বন্দ্বানি, তদ্রহিতো ভব তানি সহস্বেত্যর্থঃ। কথমিত্যত আহ,—নিত্যসত্ত্বস্থঃ সন্ ধৈর্য্যমবলম্ব্যেত্যর্থঃ। তথা নির্যোগক্ষেমঃ অপ্রাপ্তস্বীকারো যোগঃ; প্রাপ্তপরিপালনং ক্ষেমং তদ্রহিতঃ, আত্মবানপ্রমত্তঃ, নহি দ্বন্দ্বাকুলস্য যোগক্ষেমব্যাপৃতস্য চ প্রমাদিনস্ত্রৈগুণ্যাতিক্রমঃ সম্ভবতীতি॥

৪৬। স্বামিটী।— ননু বেদোক্তনানাফলপরিত্যাগেন নিষ্কামতয়া ঈশ্বরারাধনবিষয়া ব্যবসায়াত্মিকা বুদ্ধিস্তু কুবুদ্ধিরেবেত্যাশঙ্ক্যাহ—যাবানিতি। উদকং পীয়তেঽস্মিংস্তদুদপানং বাপীকূপতড়াগাদি, তস্মিন্ স্বল্পোদকে একত্র কৃৎস্নার্থস্যাসম্ভবাত্তত্র তত্র পরিভ্রমণেন বিভাগশো যাবান্ স্নানপানাদিরর্থঃ প্রয়োজনং ভবতি, তাবান্ সর্ব্বোঽপ্যর্থঃ সর্ব্বতঃ সংপ্লুতোদকে মহাহ্রদে একত্রৈব যথা ভবতি, এবং যাবান্ সর্ব্বেষু বেদেষু তত্তৎকর্ম্মফলরূপোঽর্থঃ, তাবান্ সর্ব্বোঽপি বিজানতো ব্যবসায়াত্মিকাবুদ্ধিযুক্তস্য ব্রাহ্মণস্য ব্রহ্মনিষ্ঠস্য ভবত্যেব। ব্রহ্মানন্দে ক্ষুদ্রানন্দানামন্তর্ভূতত্বাৎ, "এতস্যৈবানন্দ-

হৃত হইয়াছে এবং যাহারা ভোগে ও ঐশ্বর্য্যে একান্ত আসক্ত; সেই বিবেকহীন মূঢ় ব্যক্তিদিগের বুদ্ধি সমাধিবিষয়ে সংশয়শূন্য হয় না॥

৪৫। হে অর্জ্জুন! বেদসকল সকাম ব্যক্তিদিগের কর্ম্ম-ফল-প্রতিপাদক; অতএব তুমি নিষ্কাম হও। তুমি শীতোষ্ণসুখদুঃখাদি দ্বন্দ্বরহিত হও; নিত্য সত্ত্বগুণাশ্রিত হও, অলব্ধ বস্তুর লাভ এবং লব্ধ বস্তুর রক্ষণে যত্নশূন্য হও এবং অনাসক্ত হও॥

৪৭। কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।
মা কর্ম্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি॥
৪৮। যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে॥

৪৭। [অন্বয়ঃ] কর্ম্মণি এব তে (তব) অধিকারঃ (অস্তু). কদাচন ফলেষু (অধিকারঃ) মা (অস্তু), [অতএব] (ত্বং) কর্ম্মফলহেতুঃ মা ভূঃ অকর্ম্মণি (কর্ম্মাকরণে) (অপি) তে সঙ্গঃ মা অস্তু॥

৪৮। [অন্বয়ঃ] হে ধনঞ্জয়! যোগস্থঃ (সন্) সঙ্গং (কর্তৃত্বাভিনিবেশং) ত্যক্ত্বা সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমঃ (তুল্যঃ) ভূত্বা কর্ম্মাণি কুরু, (কো যোগঃ, যত্র স্থিতোঽহং কর্ম্ম করিষ্যামি, ইত্যত আহ) সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমত্বং যোগ উচ্যতে॥

স্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তী"তি শ্রুতেঃ। তস্মাদিয়মেব বুদ্ধিঃ সুবুদ্ধিরিত্যর্থঃ॥

৪৭। স্বামিটী।—তর্হি সর্ব্বাণি কর্ম্মফলানি পরমেশ্বরারাধনাদেব ভবিষ্যন্তীত্যভিসন্ধায় প্রবর্ত্ততে, কিং কর্ম্মণেত্যাশঙ্ক্য তদ্বারয়ন্নাহ—কর্ম্মণ্যেবেতি। তে তব তত্ত্বজ্ঞানার্থিনঃ কর্ম্মণ্যেবাধিকারঃ, তৎফলেষু বন্ধহেতুষু অধিকারঃ কামো মা অস্তু। নন্থ কর্ম্মণি কৃতে তৎফলং স্যাদেব ভোজনে কৃতে তৃপ্তিবদিত্যাশঙ্ক্যাহ—মেতি। মা কর্ম্মফলহেতুর্ভূঃ কর্ম্মফলং প্রবৃত্তিহেতুর্যস্য স তথাভূতো মা ভূঃ, কাম্যমানস্যৈব স্বর্গাদের্নিযোজ্যবিশেষণত্বেন ফলত্বাদকামিতং ফলং ন স্যাদিতি ভাবঃ। অতএব ফলং বন্ধকং ভবিষ্যতীতি। তস্মাৎ ভয়াদকর্ম্মণি কর্ম্মাকরণেঽপি তব সঙ্গো নিষ্ঠা মাস্তু॥

---

৪৬। যেমন ক্ষুদ্র ক্ষুদ্র জলাশয়-সমূহে যে সকল প্রয়োজন সিদ্ধ হয়, একমাত্র মহাহ্রদেও সেই সকল প্রয়োজন সিদ্ধ হইয়া থাকে, সেইরূপ সমুদয় বেদে যে সকল কর্ম্মফল বর্ণিত আছে, সংশয়রহিত বুদ্ধিবিশিষ্ট ব্রহ্মনিষ্ঠ ব্রাহ্মণ একমাত্র ব্রহ্মে তৎসমুদয়ই প্রাপ্ত হইয়া থাকেন।

৪৭। কর্ম্মেই (নিষ্কাম কর্ম্মেই) তোমার অধিকার হউক, কর্ম্মফলে যেন কামনা না হয়; কর্ম্মফল যেন তোমার প্রবৃত্তির হেতু না হয় এবং কর্ম্মপরিত্যাগেও যেন তোমার আসক্তি জন্মে না॥

৪৯। দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ ধনঞ্জয়।
বুদ্ধৌ শরণমন্বিচ্ছ কৃপণাঃ ফলহেতবঃ॥
৫০। বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃত-দুষ্কৃতে।
তস্মাদ্‌যোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলম্॥

৪৯। [অন্বয়ঃ] হে ধনঞ্জয়! হি (যতঃ) বুদ্ধিযোগাৎ (সমত্ববুদ্ধিযোগাৎ) দূরেণ (অতিবিপ্রকর্ষেণ) কর্ম্ম অবরম্ (অধমং) (তস্মাৎ) বুদ্ধৌ (জ্ঞানে) শরণম্ অন্বিচ্ছ (প্রার্থয়স্ব) ফলহেতবঃ (সকামাঃ নরাঃ) কৃপণাঃ (দীনাঃ)॥

৫০। [অন্বয়ঃ] বুদ্ধিযুক্তঃ ইহ (অস্মিন্ জন্মনি) উভে সুকৃতদুষ্কৃতে জহাতি তস্মাৎ যোগায় (সমত্ববুদ্ধিস্বরূপায়) যুজ্যস্ব, কর্ম্মসু কৌশলং যোগঃ॥

৪৮ স্বামিটী।—কিং তর্হি যোগস্থ ইতি। যোগঃ পরমেশ্বরৈকপরতা তত্র স্থিতঃ কর্ম্মাণি কুরু, তত্রাপি সঙ্গং কর্ত্তৃত্বাভিনিবেশং ত্যক্ত্বা কেবলমীশ্বরাশ্রয়েণৈব কুরু, তৎফলস্য জ্ঞানস্যাপি সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা কেবলমীশ্বরার্পণেনৈব কুরু, যত এবম্ভূতং সমত্বমেব যোগ উচ্যতে সদ্ভিশ্চিত্তসমাধানরূপত্বাৎ॥

৪৯। স্বামিটী।—কাম্যন্তু কর্ম্ম অতিনিকৃষ্টমিত্যাহ—দূরেণেতি। বুদ্ধ্যা ব্যবসায়াত্মিকয়া কৃতঃ কর্ম্মযোগো বুদ্ধিযোগো বুদ্ধিসাধনভূতো বা তস্মাৎ সকাশাদন্যৎ সাধনভূতং কাম্যং কর্ম্ম দূরেণ অবরম্ অত্যন্তমপকৃষ্টং, হি যস্মাৎ এবং, তস্মাদ্ বুদ্ধৌ জ্ঞানে শরণমাশ্রয়ং কর্ম্মযোগম্ অন্বিচ্ছ অনুতিষ্ঠ, যদ্বা বুদ্ধৌ শরণং ত্রাতারমীশ্বরমাশ্রয়েত্যর্থঃ। ফলহেতবস্তু সকামা নরাঃ কৃপণা দীনাঃ "যো বা এতদক্ষরমবিদিত্বা গার্গ্যস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণঃ" ইতি শ্রুতেঃ॥

৪৮ হে ধনঞ্জয়! তুমি ফলকামনা পরিত্যাগপূর্ব্বক একান্ত ঈশ্বরপরায়ণ হইয়া সিদ্ধি ও অসিদ্ধি উভয়ই তুল্য জ্ঞান করত কর্ম্মসকল অনুষ্ঠান কর; সিদ্ধি ও অসিদ্ধি এ উভয়ের তুল্য জ্ঞানই যোগ বলিয়া কথিত হয়॥

৪৯। হে ধনঞ্জয়! সংশয়রহিত বুদ্ধিদ্বারা অনুষ্ঠিত কর্ম্মযোগই শ্রেষ্ঠ, কাম্যকর্ম্মসমুদয় অতিশয় অপকৃষ্ট, অতএব তুমি নিষ্কাম কর্ম্মযোগের অনুষ্ঠান কর, সকাম ব্যক্তিরা অতি অধম।

৫১। কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিণঃ।
জন্মবন্ধবিনির্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্ ॥
৫২। যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি।
তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ ॥

৫১। [ অন্বয়ঃ ] বুদ্ধিযুক্তাঃ (সমত্ববুদ্ধিবিশিষ্টাঃ) মনীষিণঃ কর্ম্মজং ফলং ত্যক্ত্বা জন্মবন্ধবিনির্মুক্তাঃ ( সন্তঃ ) অনাময়ং ( সর্ব্বোপদ্রবরহিতং ) পদং ( মোক্ষাখ্যং ) গচ্ছন্তি ( লভন্তে ) হি ॥

৫২। [ অন্বয়ঃ ] যদা তে বুদ্ধিঃ মোহ-কলিলং ( অবিবেকরূপকালুষ্যং ) ব্যতিতরিষ্যতি ( ব্যতিক্রমিষ্যতি ) তদা শ্রোতব্যস্য চ শ্রুতস্য চ অর্থস্য নির্ব্বেদং ( বৈরাগ্যং ) গন্তাসি ( প্রাপ্তাসি ) ॥

৫০। স্বামিটী।—বুদ্ধিযোগযুক্তস্তু শ্রেষ্ঠ ইত্যাহ—বুদ্ধিযুক্ত ইতি। সুকৃতং স্বর্গাদিপ্রাপকং দুষ্কৃতং নিরয়াদিপ্রাপকং, তে উভে ইহৈব জন্মনি পরমেশ্বরপ্রসাদেন জহাতি ত্যজতি, তস্মাদ্ যোগায় তদর্থায় কর্ম্মযোগায় যুজ্যস্ব, ঘটস্ব, যতঃ কর্ম্মসু যৎ কৌশলং বন্ধকানামপি তেষামীশ্বরারাধনেন মোক্ষপরত্বসম্পাদনচাতুর্য্যং স এব যোগঃ ॥

৫১। স্বামিটী।—কর্ম্মণাং মোক্ষসাধনত্বপ্রকারমাহ—কর্ম্মজমিতি। কর্ম্মজং ফলং ত্যক্ত্বা কেবলমীশ্বরারাধনার্থমেব কর্ম্ম কুর্ব্বাণাঃ মনীষিণো জ্ঞানিনো ভূত্বা জন্মরূপেণ বন্ধেন বিনির্মুক্তাঃ সন্তঃ অনাময়ং সর্ব্বোপদ্রবরহিতং পদং মোক্ষাখ্যং গচ্ছন্তি ॥

৫২। স্বামিটী—কদা তৎপদমহং প্রাপ্স্যামীত্যপেক্ষায়ামাহ—যদেতি দ্বাভ্যাম্। মোহো দেহাদিষ্বাত্মবুদ্ধিস্তদেব কলিলং গহনম্ 'কলিলং গহনং বিদু'রিত্যভিধানকোষস্মৃতেঃ। ততশ্চায়মর্থঃ—এবং পরমেশ্বরারাধনে ক্রিয়মাণে যদা তৎপ্রসাদেন তব বুদ্ধির্দেহাভি-

---

৫০। যাঁহার নিষ্কাম কর্ম্মযোগ-বিষয়িণী বুদ্ধি উপস্থিত হয়, তিনি এই জন্মেই পরমেশ্বরপ্রসাদে সুকৃত ও দুষ্কৃত—উভয়ই পরিত্যাগ করেন; অতএব কর্ম্মযোগের নিমিত্ত যত্ন কর, কর্ম্মে কৌশলই যোগ ॥

৫১। কর্ম্মযোগনিরত মনীষিগণ কর্ম্মজনিত ফল পরিত্যাগ করেন; সুতরাং জন্মবন্ধন হইতে বিমুক্ত হইয়া অনাময় পদ ( বিষ্ণুপদ, মোক্ষ ) প্রাপ্ত হন ॥

৫৩। শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা ।
সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্স্যসি ॥

অর্জ্জুন উবাচ—

৫৪। স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব ।
স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিম্ ॥

৫৩। [অন্বয়ঃ] যদা (যস্মিন্ কালে) শ্রুতিবিপ্রতিপন্না (শ্রুতিভির্নানা-লৌকিকবৈদিকার্থশ্রবণে বিক্ষিপ্তা সতী) অচলা (বিক্ষেপচলনবর্জ্জিতা) বুদ্ধিঃ সমাধৌ (আত্মনি) স্থাস্যতি, তদা যোগং (জীবপরমাত্মৈক্যলক্ষণম্) অবাপ্স্যসি ॥

৫৪। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ,—হে কেশব! সমাধিস্থস্য (স্বাভাবিকে সমাধৌ স্থিতস্য) স্থিতপ্রজ্ঞস্য (নিশ্চলবুদ্ধেঃ) কা ভাষা (কিং লক্ষণং) স্থিতধীঃ (স্থিতপ্রজ্ঞঃ) কিং প্রভাষেত, কিম্ আসীত, কিং ব্রজেত?

মানলক্ষণং মোহময়ং গহনং দুর্গং বিশেষেণাতিতরিষ্যতি তদা শ্রোতব্যস্য শ্রুতস্যার্থস্য চ নির্ব্বেদং বৈরাগ্যং গন্তাসি প্রাপ্স্যসি তয়োরনুপাদেয়ত্বেন জিজ্ঞাসাং করিষ্যসীত্যর্থঃ ॥

৫৩। স্বামিটী।—ততশ্চ শ্রুতীতি। শ্রুতিভির্নানালৌকিকবৈদিকার্থশ্রবণৈর্বিপ্রতিপন্না ইতঃ পূর্ব্বং বিক্ষিপ্তা সতী তে তব বুদ্ধির্যদা সমাধৌ স্থাস্যতি। সমাধীয়তে চিত্তমস্মিন্নিতি সমাধিঃ পরমেশ্বরস্তস্মিন্নিশ্চলা বিক্ষেপব্যাপ্তিবিষয়ান্তরৈরনাকৃষ্টা অত এব অচলা অভ্যাসপাটবেন তত্রৈব স্থিরা চ সতী, তদা যোগং যোগফলং তত্ত্বজ্ঞানমবাপ্স্যসি ॥

৫৪। স্বামিটী।—পূর্ব্বশ্লোকোক্তস্যাত্মতত্ত্বজ্ঞস্য লক্ষণং জিজ্ঞাসুরর্জ্জুন উবাচ—স্থিতপ্রজ্ঞস্য কা ভাষেতি। স্বাভাবিকে সমাধৌ স্থিতস্য অত এব স্থিতা নিশ্চলা প্রজ্ঞা বুদ্ধির্যস্য, তস্য ভাষা কা? ভাষ্যতে অনয়েতি ভাষা লক্ষণমিতি যাবৎ। স কেন লক্ষণেন স্থিতপ্রজ্ঞ উচ্যত

---

৫২। যখন তোমার বুদ্ধি অতি দুর্গম মোহ (দেহাদিতে আত্মবুদ্ধি) হইতে উত্তীর্ণ হইবে, তখন তুমি শ্রোতব্য ও শ্রুতবিষয়ে বৈরাগ্যলাভ করিবে ॥

৫৩। তোমার বুদ্ধি নানাবিধ বৈদিক ও লৌকিক বিষয়শ্রবণে উদ্‌ভ্রান্ত হইয়া আছে; যখন উহা বিষয়ান্তরে আকৃষ্ট না হইয়া স্থিরভাবে পরমেশ্বরে অবস্থান করিবে; তখনই তুমি যোগফল (তত্ত্বজ্ঞান) লাভ করিবে ॥

শ্রীভগবানুবাচ—

৫৫। প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্।
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে ॥

৫৬। দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ
বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচ্যতে ॥

৫৫। [ অন্বয়ঃ ] ( স্থিতপ্রজ্ঞস্য লক্ষণমাহ ) ভগবান্ উবাচ,—হে পার্থ। যদা ( যস্মিন্ ) সর্ব্বান্ মনোগতান্ কামান্ ( ইচ্ছাবিশেষান্ ) প্রজহাতি, তদা আত্মনি ( পরমাত্মরূপে ) আত্মনা (স্বয়মেব) তুষ্টঃ স্থিতপ্রজ্ঞ উচ্যতে ॥

৫৬। [ অন্বয়ঃ ] দুঃখেষু অনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ বীতরাগভয়ক্রোধঃ ( রাগভয়ক্রোধশূন্যঃ ) মুনিঃ ( সন্ন্যাসী ) স্থিতধীঃ উচ্যতে ॥

ইত্যর্থঃ তথা স্থিতধীঃ কিং কথং ভাষণমাসনং ব্রজনঞ্চ কুর্য্যাদিত্যর্থঃ ॥

৫৫। স্বামিটী। অত্র চ যানি সাধকস্য জ্ঞানসাধনানি, তান্যেব স্বাভাবিকানি সিদ্ধস্য লক্ষণানি, অতঃ সিদ্ধস্য লক্ষণানি কথয়ন্নেব অন্তরঙ্গাণি জ্ঞানসাধনান্যাহ—যাবদধ্যায়সমাপ্তিঃ। তত্র প্রথম-প্রশ্নস্যোত্তরমাহ—প্রজহাতীতি দ্বাভ্যাম্। শ্রীভগবানুবাচ - মনসি স্থিতান্ কামান্ যদা প্রকর্ষেণ জহাতি। ত্যাগে হেতুমাহ—আত্মনীতি আত্মন্যেব স্বস্মিন্নেব পরমানন্দরূপে আত্মনা স্বয়মেব তুষ্ট ইত্যাত্মারামঃ সন্ যদা ক্ষুদ্রবিষয়াভিলাষাংস্ত্যজতি, তদা তেন লক্ষণেন মুনিঃ স্থিতপ্রজ্ঞ উচ্যতে ॥

৫৬। স্বামিটী।—কিঞ্চ দুঃখেষ্বিতি। দুঃখেষু প্রাপ্তেষু অনু-দ্বিগ্নমক্ষুভিতং মনো যস্য সঃ, সুখেষু বিগতা স্পৃহা যস্য সঃ। তত্র

---

৫৪। অর্জ্জুন কহিলেন, হে কেশব! সমাধিস্থ স্থিতপ্রজ্ঞ ( নিশ্চলবুদ্ধিবিশিষ্ট ) ব্যক্তির লক্ষণ কি? তাঁহার বাক্য, অবস্থান ও গতি কি প্রকার? ॥

৫৫। ভগবান্ বলিলেন যাঁহার আত্মা আত্মাতেই সন্তুষ্ট থাকে, এবং তিনি যখন সর্ব্বপ্রকার মনোগত কামনা পরিত্যাগ করেন, তখন তিনিই স্থিতপ্রজ্ঞ বলিয়া কথিত হন।

৫৭। যঃ সর্ব্বত্রানভিস্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥
৫৮। যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥

৫৭। [অন্বয়ঃ] যঃ সর্ব্বত্র অনভিস্নেহঃ (স্নেহশূন্যঃ) তত্তৎ শুভাশুভং প্রাপ্য ন অভিনন্দতি (ন প্রশংসতি) ন দ্বেষ্টি (ন নিন্দতি) তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা (ভবতি)॥

৫৮। [অন্বয়ঃ] যদা চ অয়ং (যোগী) কূর্ম্মঃ অঙ্গানি ইব ইন্দ্রিয়ার্থেভ্যঃ (বিষয়েভ্যঃ) ইন্দ্রিয়াণি সর্ব্বশঃ সংহরতে (প্রত্যাহরতি), তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥

হেতুর্ব্বীতা অপগতা রাগভয়ক্রোধা যস্মাৎ। তত্র রাগঃ প্রীতিঃ। স মুনিঃ স্থিতধীঃ স্থিতপ্রজ্ঞ ইত্যুচ্যতে।

৫৭। স্বামিটী।—কথং প্রভাষেতেত্যস্যোত্তরমাহ—য ইতি। যঃ সর্ব্বত্র পুত্রমিত্রাদিষ্বপি অনভিস্নেহঃ স্নেহশূন্যঃ অতএব বাধিতানুবৃত্ত্যা তত্তচ্ছুভমনুকূলং প্রাপ্য নাভিনন্দতি ন প্রশংসতি, অশুভং প্রতিকূলং প্রাপ্য ন দ্বেষ্টি ন নিন্দতি, কিন্তু কেবলমুদাসীন এব ভাষতে, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতেত্যর্থঃ॥

৫৮। স্বামিটী।—কিঞ্চ যদেতি। যদা চায়ং যোগী ইন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিভ্যঃ সকাশাদিন্দ্রিয়াণি সংহরতে প্রত্যাহরতি অনায়াসেন। সংহারে দৃষ্টান্তমাহ—কূর্ম্ম ইতি। অঙ্গানি করচরণাদীনি কূর্ম্মো যথা স্বভাবেনৈবাকর্ষতি, তদ্বৎ॥

৫৬। যিনি দুঃখে অক্ষুব্ধচিত্ত, সুখে স্পৃহাশূন্য এবং অনুরাগ, ভয় ও ক্রোধ-বিবর্জ্জিত সেই মুনিই স্থিতপ্রজ্ঞ॥

৫৭। যিনি সর্ব্বত্র স্নেহশূন্য; যিনি অনুকূল বা শুভ প্রাপ্তিতে আনন্দিত না হন, প্রতিকূল বা অশুভ প্রাপ্তিতেও বিদ্বেষযুক্ত না হন, তাঁহারই বুদ্ধি প্রতিষ্ঠিতা হইয়াছে (তাঁহাকেই স্থিতপ্রজ্ঞ কহে)॥

৫৮। কচ্ছপ যেমন স্বকীয় অঙ্গ সকল সঙ্কোচ করে, সেইরূপ যিনি বিষয় হইতে স্বীয় ইন্দ্রিয়গণকে সর্ব্বতোভাবে প্রত্যাহরণ করেন (ফিরাইয়া আনেন) তাঁহারই প্রজ্ঞা প্রতিষ্ঠিত হয়॥

৫৯। বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ।
রসবর্জ্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে ॥
৬০। যততো হ্যপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ ॥

৫৯। [অন্বয়ঃ] নিরাহারস্য (ইন্দ্রিয়ৈর্ব্বিষয়ান্ অনাহরতঃ) দেহিনঃ (দেহাভিমানিনো মূঢস্যাপি) বিষয়াঃ (শব্দাদয়ঃ) বিনিবর্ত্তন্তে (কিন্তু) রসবর্জ্জং (তৃষ্ণাং বর্জ্জয়িত্বা, তৃষ্ণা তু ন নিবর্ত্তত ইতি ভাবঃ) অস্য (স্থিতপ্রজ্ঞস্য) পরং (পুরুষার্থং) দৃষ্ট্বা রসঃ অপি (ক্ষুদ্রসুখরাগঃ, অপিশব্দাৎ বিষয়শ্চ) নিবর্ত্ততে ॥

৬০। [অন্বয়ঃ] হে কৌন্তেয়! যততঃ (মোক্ষার্থং চেষ্টমানস্য) অপি বিপশ্চিতঃ (বিবেকিনঃ) পুরুষস্য প্রমাথীনি (বিবেকবিনাশকানি) ইন্দ্রিয়াণি প্রসভং (বলাৎ) মনঃ হরন্তি ॥

৫৯। স্বামিটী —ননু নেন্দ্রিয়াণাং বিষয়েষু অপ্রবৃত্তিঃ স্থিতপ্রজ্ঞস্য লক্ষণং ভবিতুমর্হতি, জড়ানামাতুরাণামুপবাসপরাণাঞ্চ বিষয়েষ্বপ্রবৃত্তেরবিশেষাত্তত্রাহ—বিষয়া ইতি। ইন্দ্রিয়ৈর্ব্বিষয়াণামাহরণং গ্রহণমাহারঃ নিরাহারস্য ইন্দ্রিয়ৈর্ব্বিষয়গ্রহণমকুর্ব্বতো দেহিনো দেহাভিমানিনোঽজ্ঞস্য বিষয়াঃ প্রায়শো বিনিবর্ত্তন্তে তদনুভবো নিবর্ত্তত ইত্যর্থঃ। কিন্তু রসো রাগোঽভিলাষস্তদ্বর্জ্জম্ অভিলাষশ্চ ন নিবর্ত্তত ইত্যর্থঃ। রসোঽপি রাগোঽপি পরং পরমাত্মানং দৃষ্ট্বা অস্য স্থিতপ্রজ্ঞস্য স্বতো নিবর্ত্ততে নশ্যতীত্যর্থঃ। যদ্বা নিরাহারস্য উপবাসপরস্য বিষয়াঃ প্রায়শো নিবর্ত্তন্তে ক্ষুধাসন্তপ্তস্য শব্দস্পর্শাদ্যপেক্ষাভাবাৎ, কিন্তু রসবর্জ্জং, রসাপেক্ষা তু ন নিবর্ত্তত ইত্যর্থঃ; শেষং সমানম্ ॥

৬০। স্বামিটী।—ইন্দ্রিয়সংযমং বিনা তু স্থিতপ্রজ্ঞা ন সম্ভবতি, অতঃ সাধনাবস্থায়াম্ অত্র মহান্ প্রযত্নঃ কর্ত্তব্য ইত্যাহ—যততো-

---

৫৯। চক্ষুরাদি ইন্দ্রিয় দ্বারা রূপাদি বিষয়সমূহ গ্রহণ না করিলে বিষয়সকল তাহার নিকট হইতে নিবৃত্ত হইতে পারে, কিন্তু বিষয়াভিলাষ বিনিবৃত্ত (সমাপ্ত) হয় না। স্থিরবুদ্ধি ব্যক্তি পরমেশ্বরকে দর্শন করিয়া বিষয়বাসনা হইতে বিমুক্ত হইয়া থাকেন ॥

৬১। তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ।
বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥

৬২। ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে॥

৬১। [অন্বয়ঃ] যুক্তঃ (সমাহিতঃ যোগী) মৎপরঃ (একান্তমদ্ভক্তঃ সন্) আসীত (তিষ্ঠেৎ), হি (যস্মাৎ) যস্য ইন্দ্রিয়াণি বশে (বশবর্ত্তীনি), তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা (ভবতি)॥

৬২। [অন্বয়ঃ] বিষয়ান্ ধ্যায়তঃ (চিন্তয়তঃ) পুংসঃ (পুরুষস্য) তেষু (বিষয়েষু) সঙ্গঃ উপজায়তে, সঙ্গাৎ কামঃ, কামাৎ ক্রোধঃ অভিজায়তে॥

ঽপীতি দ্বাভ্যাম্। যততো মোক্ষার্থং প্রযতমানস্য বিপশ্চিতো বিবেকিনোঽপি ইন্দ্রিয়াণি প্রসভং বলাৎ হরন্তি, যতঃ ইন্দ্রিয়াণি প্রমাথীনি প্রমথনশীলানি প্রক্ষোভকাণীত্যর্থঃ॥

৬১। স্বামিটী।—যস্মাদেবং, তস্মাৎ তানীতি। যুক্তো যোগী তানীন্দ্রিয়াণি সংযম্য মৎপরঃ সন্নাসীত, যস্য বশে বশবর্ত্তীনি ইন্দ্রিয়াণি। এতেন চ কথমাসীতেতি প্রশ্নস্য বশীকৃতেন্দ্রিয়ঃ সন্নাসীতেত্যুত্তরং ভবতি॥

৬২। স্বামিটী।—বাহ্যেন্দ্রিয়সংযমাভাবে দোষমুক্ত্বা মনঃসংযমাভাবে দোষমাহ—ধ্যায়ত ইতি দ্বাভ্যাম্। গুণবুদ্ধ্যা বিষয়ান্ ধ্যায়তঃ পুংসস্তেষু সঙ্গ আসক্তির্ভবতি, আসক্ত্যা চ তেষ্বধিকঃ কামো ভবতি; কামাচ্চ কেনচিৎ প্রতিহতাৎ ক্রোধো ভবতি॥

---

৬০। হে কৌন্তেয়! প্রমত্ত ইন্দ্রিয়গণ যত্নশীল বিবেকী পুরুষের চিত্তকেও বলপূর্ব্বক হরণ করে॥

৬১। এই নিমিত্ত যোগী ব্যক্তি ইন্দ্রিয়গণকে সংযমনপূর্ব্বক আত্মপরায়ণ হইয়া থাকেন। এইরূপ ইন্দ্রিয়গণ যাহার বশীভূত থাকে, তাঁহারই প্রজ্ঞা নিশ্চলা ও তিনিই স্থিতপ্রজ্ঞ॥

৬২। প্রথমে ইন্দ্রিয়ের বিষয় চিন্তা করিতে করিতে তাহাতে আসক্তি জন্মে,

৬৩। ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥
৬৪। রাগদ্বেষবিমুক্তৈস্তু বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্।
আত্মবশ্যৈর্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥

৬৩। [অন্বয়ঃ] ক্রোধাৎ সম্মোহঃ (অবিবেকঃ), সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ স্মৃতিভ্রংশাৎ বুদ্ধিনাশঃ (চ ভবতি) বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি (বিনাশং প্রাপ্নোতি) ॥

৬৪। [অন্বয়ঃ] রাগদ্বেষবিমুক্তৈঃ (রাগদ্বেষশূন্যৈঃ) আত্মবশ্যৈঃ ইন্দ্রিয়ৈঃ বিষয়ান্ (শব্দাদীন্) চরন্ (ভুঞ্জানঃ) বিধেয়াত্মা (বশীকৃতান্তঃকরণঃ) প্রসাদম্ (প্রসন্নতাম্) অধিগচ্ছতি (প্রাপ্নোতি) ॥

৬৩। স্বামিটী।—কিঞ্চ ক্রোধাদিতি। ক্রোধাৎ সম্মোহঃ কার্য্যাকার্য্যবিবেকাভাবঃ, ততঃ শাস্ত্রাচার্য্যোপদিষ্টার্থস্মৃতের্ব্বিভ্রমো বিচলনং ভ্রংশঃ, ততো বুদ্ধেশ্চেতনায়া বিনাশঃ বৃক্ষাদিষ্বিবাভিভবঃ, ততঃ প্রণশ্যতি মৃততুল্যো ভবতি ॥

৬৪। স্বামিটী।—নন্বিন্দ্রিয়াণাং বিষয়প্রবণস্বভাবানাং নিরোদ্ধুমশক্যত্বাদয়ং দোষো দুষ্পরিহর ইতি স্থিতপ্রজ্ঞত্বং কথং স্যাদিত্যাশঙ্ক্যাহ—রাগদ্বেষ ইতি দ্বাভ্যাম্। রাগদ্বেষরহিতৈর্ব্বিগতদর্পৈরিন্দ্রিয়ৈর্ব্বিষয়াংশ্চরন্ উপভুঞ্জানোঽপি প্রসাদং শান্তিং প্রাপ্নোতি। রাগদ্বেষরাহিত্যমেবাহ—আত্মেতি। আত্মনো মনসো বশ্যৈরিন্দ্রিয়ৈর্বিধেয়ো বশবর্ত্তী আত্মা মনো যস্যেতি, অনেনৈব কথং ব্রজেত ভুঞ্জীতেত্যস্য চতুর্থপ্রশ্নস্য স্বাধীনৈরিন্দ্রিয়ৈর্ব্বিষয়ান্ অধিগচ্ছতীত্যুত্তরমুক্তং ভবতি ॥

আসক্তি হইতে কামনা এবং কামনা হইতে (যদি কেহ কামনা সিদ্ধির ব্যাঘাত করে, তবে) ক্রোধ জন্মে ॥

৬৩। ক্রোধ হইতে সম্মোহ (কর্ত্তব্যাকর্ত্তব্যজ্ঞানশূন্যতা), সম্মোহ হইতে স্মৃতিভ্রম (আত্মবিস্মৃতি), স্মৃতিভ্রম হইতে বুদ্ধিনাশ হয় এবং বুদ্ধিনাশ হইতে মৃততুল্য হইতে হয় ॥

৬৪। যিনি বিধেয়াত্মা (আত্মাকে বশীভূত করিয়াছেন), তিনি রাগদ্বেষবর্জ্জিত আত্মবশীভূত ইন্দ্রিয়গণ দ্বারা বিষয় উপভোগ করিয়াও শান্তিলাভ করেন ॥

৬৫। প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিরস্যোপজায়তে।
প্রসন্নচেতসো হ্যাশু বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে॥

৬৬। নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।
ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্॥

৬৫। [ অন্বয়ঃ ] প্রসাদে (সতি) অস্য ( যতেঃ ) সর্ব্বদুঃখানাম্ (আধ্যাত্মিকাদি-দুঃখানাং ) হানিঃ ( বিনাশঃ ) উপজায়তে, ( কিঞ্চ ) প্রসন্নচেতসঃ হি আশু ( শীঘ্রং ) বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে ( আত্মস্বরূপেণৈব নিশ্চলীভবতীত্যর্থঃ )॥

৬৬। [ অন্বয়ঃ ] অযুক্তস্য ( অসমাহিতান্তঃকরণস্য ) বুদ্ধিঃ ( আত্মস্বরূপবিষয়া ) নাস্তি, অযুক্তস্য ভাবনা ( আত্মজ্ঞানাভিনিবেশঃ ) ন ( নাস্তি ) অভাবয়তঃ ( আত্মজ্ঞানাভিনিবেশমকুর্ব্বতঃ ) শান্তিঃ ন (অস্তি) অশান্তস্য সুখং কুতঃ ( কস্মাৎ ভবতীতি শেষঃ )॥

৬৫। স্বামিটী।—প্রসাদে সতি কিং স্যাদিত্যত্রাহ—প্রসাদ ইতি। প্রসাদে সতি সর্ব্বদুঃখনাশস্ততশ্চ প্রসন্নচেতসো বুদ্ধিঃ প্রতিষ্ঠিতা ভবতীত্যর্থঃ॥

৬৬। স্বামিটী।—ইন্দ্রিয়নিগ্রহস্য স্থিতপ্রজ্ঞাসাধনত্বং ব্যতিরেকমুখেণোপপাদয়তি—নাস্তীতি। অযুক্তস্যাবশীকৃতেন্দ্রিয়স্য নাস্তি বুদ্ধিঃ শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যামাত্মবিষয়া বুদ্ধিঃ প্রজ্ঞৈব নোৎপদ্যতে, কুতস্তস্যাঃ প্রতিষ্ঠাবার্ত্তা। কুতঃ ইত্যত্রাহ—নচেতি। ন চাযুক্তস্য ভাবনা ধ্যানং, ভাবনয়া হি বুদ্ধেরাত্মনি প্রতিষ্ঠা ভবতি, সা চাযুক্তস্য যতো নাস্তি। ন চাভাবয়তঃ আত্মধ্যানমকুর্ব্বতঃ শান্তিঃ আত্মনি চিত্তোপরতিঃ অশান্তস্য কুতঃ সুখং মোক্ষানন্দ ইত্যর্থঃ॥

৬৫। আত্ম-প্রসাদ থাকিলে সকল দুঃখ বিনষ্ট হয়; প্রসন্নচিত্ত ব্যক্তির বুদ্ধি শীঘ্রই প্রতিষ্ঠিতা হয়॥

৬৬। অজিতেন্দ্রিয় ব্যক্তির আত্মবিষয়িণী বুদ্ধি নাই সুতরাং সে চিন্তাও ( আত্মবিষয়িণী ) করিতে পারে না; চিন্তা করিতে না পারিলে শান্তি হয় না; শান্তিহীন ব্যক্তির সুখ কোথায়?

৬৭। ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাম্ভসি ॥

৬৮। তস্মাদ্ যস্য মহাবাহো নিগৃহীতানি সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥

৬৭। [ অন্বয়ঃ ] হি ( যস্মাৎ ) চরতাম্ ( স্ববিষয়েষু প্রবর্ত্তমানানাম্ ) ইন্দ্রিয়াণাং যৎ মনঃ অনুবিধীয়তে ( অনুপ্রবর্ত্ততে ) তৎ ( ইন্দ্রিয়বিষয়বিকল্পনেন প্রবৃত্তং মনঃ ) অস্য ( যতেঃ ) বায়ুঃ অম্ভসি ( জলে ) নাবং ( নৌকাম্ ) ইব প্রজ্ঞাম্ ( আত্মবিবেকজাং বুদ্ধিং ) হরতি ( নাশয়তি ) ॥

৬৮। [ অন্বয়ঃ ] হে মহাবাহো! তস্মাৎ যস্য ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেভ্যঃ ( বিষয়েভ্যঃ ) সর্ব্বশঃ নিগৃহীতানি, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ( স স্থিতপ্রজ্ঞ উচ্যতে ) ॥

৬৭। স্বামিটী।—নাস্তি বুদ্ধিরযুক্তস্যেত্যত্র হেতুমাহ—ইন্দ্রিয়াণামিতি। ইন্দ্রিয়াণামবশীকৃতানাং স্বৈরং বিষয়েষু চরতাং মধ্যে যদেবৈকমিন্দ্রিযং মনোঽনুবিধীয়তে অবশীকৃতং সদিন্দ্রিয়েণ সহ গচ্ছতি, তদেবৈকমিন্দ্রিয়মস্য মনসঃ পুরুষস্য বা প্রজ্ঞাং হরতি বিষয়বিক্ষিপ্তাং করোতি, কিমুত বক্তব্যং বহুনি প্রজ্ঞাং হরন্তীতি, যথা প্রমত্তস্য কর্ণধারস্য নাবং বায়ুঃ সমুদ্রে সর্ব্বতঃ পরিভ্রাময়তি, তদ্বদিতি ॥

৬৮। স্বামিটী।—ইন্দ্রিয়সংযমস্য স্থিতপ্রজ্ঞত্বে সাধনত্বং লক্ষণত্বঞ্চোক্তমুপসংহরতি—যস্মাদিতি। প্রতিষ্ঠিতা ভবতীত্যর্থঃ। লক্ষণত্বোপসংহারে তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা জ্ঞাতব্যেত্যর্থঃ। মহাবাহো ইতি সম্বোধনং বৈরিনিগ্রহে সমর্থস্য তবাত্রাপি সামর্থ্যং ভবেদিতি সূচয়তি ॥

৬৭। যে চিত্ত স্বেচ্ছাচারী ইন্দ্রিয়গণের বশীভূত হয়, সে চিত্ত বায়ুকর্ত্তৃক সমুদ্রে ইতস্ততঃ বিঘূর্ণিত নৌকার ন্যায় জীবাত্মার বুদ্ধিকে বিষয়ে বিক্ষিপ্ত করে ॥

৬৮। অতএব হে মহাবাহো! যাঁহার ইন্দ্রিয়গণ বিষয় হইতে নিগৃহীত ( বশীভূত ) হইয়াছে, তাঁহার প্রজ্ঞা ( বুদ্ধি ) প্রতিষ্ঠিতা ॥

৬৯। যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ॥
৭০। আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।
তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে
স শান্তিমাপ্নোতি ন কামকামী॥

৬৯। [ অন্বয়ঃ ] সর্ব্বভূতানাং ( অজ্ঞানান্ধকারাবৃতবুদ্ধীনাং ) যা নিশা (রাত্রে-রিব আত্মনিষ্ঠা, তস্যাং তেষাং দর্শনাদিব্যবহারাভাবাৎ ) সংযমী ( জিতেন্দ্রিয়ঃ যোগী ) তস্যাম্ ( আত্মনিষ্ঠায়াং ) জাগর্ত্তি ( প্রবুধ্যতে ) যস্যাং ( বিষয়নিষ্ঠায়াং ) ভূতানি জাগ্রতি ( প্রবুধ্যন্তে ) সা ( বিষয়নিষ্ঠা ) [ আত্মতত্ত্বং ] পশ্যতো মুনেঃ নিশা ( তস্যাং তস্য দর্শনাদিব্যাপারঃ নাস্তীত্যর্থঃ ) ॥

৭০। [ অন্বয়ঃ ] যদ্বৎ আপূর্য্যমাণম্ ( অপি ) অচলপ্রতিষ্ঠম্ (অচলতয়া প্রতিষ্ঠা অবস্থিতির্যস্য তম্। নহি সমুদ্রজলস্য হ্রাসঃ বৃদ্ধির্বা ভবতি, তেন তৎস্থিতিরেক-রূপৈব ) সমুদ্রম্ আপঃ (নদীজলানি) প্রবিশন্তি, তদ্বৎ সর্ব্বে কামাঃ যং প্রবিশন্তি, সঃ শান্তিম্ আপ্নোতি, কামকামী তু ন ( শান্তিম্ আপ্নোতীত্যর্থঃ ) ॥

৬৯। স্বামিটী।—নন্থ ন কশ্চিদপি প্রসুপ্ত ইব দর্শনাদিব্যাপার-শূন্যঃ সর্ব্বাত্মনা নিগৃহীতেন্দ্রিয়ো লোকো দৃশ্যতে, অতোঽসম্ভাবিত-মিদং লক্ষণমিত্যাশঙ্ক্যাহ—যা নিশেতি। সর্ব্বেষাং ভূতানাং যা নিশা নিশেব নিশা আত্মনিষ্ঠা অজ্ঞানধ্বান্তাবৃতমতীনাং তস্যাং দর্শনাদিব্যাপারাভাবাৎ, তস্যামাত্মনিষ্ঠায়াং সংযমী নিগৃহীতেন্দ্রিয়ো জাগর্ত্তি প্রবুধ্যতে। যস্যান্তু বিষয়নিষ্ঠায়াং ভূতানি জাগ্রতি প্রবুধ্যন্তে, সা আত্মতত্ত্বং পশ্যতো মুনের্নিশা, তস্যাং দর্শনাদিব্যাপারস্তস্য নাস্তীত্যর্থঃ। এতদুক্তং ভবতি, যথা দিবান্ধানামুলূকাদীনাং রাত্রাবেব দর্শনং ন তু দিবসে, এবং ব্রহ্মজ্ঞস্যোন্মীলিতাক্ষস্যাপি ব্রহ্মণ্যেব দৃষ্টির্ন তু বিষয়েষু, অতো নাসম্ভাবিতমিদং লক্ষণমিতি॥

---

৬৯। যাহা ( ব্রহ্মনিষ্ঠা ) অজ্ঞানতিমিরাবৃতমতি ব্যক্তিদিগের নিশাস্বরূপ, তাহাতে জিতেন্দ্রিয় যোগিগণ জাগরিত থাকেন, এবং প্রাণিগণ যাহাতে (বিষয়নিষ্ঠা-

৭১। বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিঃস্পৃহঃ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥

৭১। [অন্বয়ঃ] যঃ পুমান্ সর্ব্বান্ কামান্ বিহায় নিঃস্পৃহঃ নিরহঙ্কারঃ নির্ম্মমঃ (সন্) চরতি, স শান্তিম্ অধিগচ্ছতি ॥

৭০। স্বামিটী।—নন্থ বিষয়েষু দৃষ্ট্যভাবে কথমসৌ তান্ ভুঙ্ক্তে ইত্যপেক্ষায়ামাহ—আপূর্য্যমাণমিতি। নানানদনদীভিরাপূর্য্যমাণমপ্যচলপ্রতিষ্ঠমনতিক্রান্তমর্য্যাদমেব সমুদ্রং পুনরপ্যন্যা আপঃ যথা প্রবিশন্তি, তথা কামাঃ বিষয়াঃ যং মুনিমন্তর্দৃষ্টিং ভোগৈরবিক্রিয়মাণমেব প্রারব্ধকর্ম্মভিরাক্ষিপ্তাঃ সন্তঃ প্রবিশন্তি, স শান্তিং কৈবল্যং প্রাপ্নোতি, ন তু কামকামী ভোগকামনাশীলঃ ॥

৭১। স্বামিটী।—যস্মাদেবং তস্মাৎ বিহায়েতি! প্রাপ্তান্ কামান্ বিহায় ত্যক্ত্বা উপেক্ষ্য অপ্রাপ্তেষু চ নিঃস্পৃহঃ, যতো নিরহঙ্কারঃ অতএব তদ্ভোগসাধনেষু নির্ম্মমঃ সন্নন্তর্দৃষ্টিভূর্ত্বা যশ্চরতি প্রারব্ধবশেন ভোগান্ ভুঙ্ক্তে যত্র কুত্রাপি গচ্ছতি বা স শান্তিং প্রাপ্নোতি ॥

---

স্বরূপ দিবায়) প্রবুদ্ধ (জাগরিত) থাকে. আত্মতত্ত্বদর্শী যোগীদিগের সেই রাত্রি।

৭০। নদীসকল যেমন সর্ব্বদা জলপরিপূর্ণ ও স্থিরভাবে অবস্থিত সমুদ্রে প্রবেশ করে, সেইরূপ ভোগসকল যাঁহাকে আশ্রয় করে, (বিষয়লাভেও অক্ষুব্ধহৃদয়।) তিনিই মোক্ষলাভ করেন, ভোগার্থী (কামাসক্ত) ব্যক্তি তাহা লাভ করিতে পারে না।

৭১। যিনি কামনাসকল পরিত্যাগপূর্ব্বক নিস্পৃহ, নিরহঙ্কার ও মমতাবিহীন হইয়া ভোগ্যবস্তুসকল উপভোগ করেন, তিনি শান্তি লাভ করিয়া থাকেন ॥

৭২। এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি॥

ইতি…… শ্রীমদ্‌ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে সাংখ্যযোগো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥ ২

৭২। [অন্বয়ঃ] হে পার্থ! ব্রাহ্মী স্থিতিঃ (সর্ব্বকর্ম্মসংন্যাসপূর্ব্বিকা ব্রহ্মনিষ্ঠা) এষা, এনাং প্রাপ্য (পুরুষঃ) ন বিমুহ্যতি (পুনর্মোহং ন প্রাপ্নোতি) অন্তকালে অপি অস্যাং স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণং (মোক্ষম্) ঋচ্ছতি (প্রাপ্নোতি)॥

৭২। স্বামিটী।—উক্তাং জ্ঞাননিষ্ঠাং স্তুবন্নুপসংহরতি—এষেতি। ব্রাহ্মী স্থিতির্ব্রহ্মজ্ঞাননিষ্ঠা এষা এবংবিধা, এনাং পরমেশ্বরারাধনেন বিশুদ্ধান্তঃকরণঃ পুমান্ প্রাপ্য ন বিমুহ্যতি পুনঃ সংসারমোহং ন প্রাপ্নোতি। যতোঽন্তকালে মৃত্যুসময়েঽপি অস্যাং ক্ষণমাত্রং স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মণি লয়মৃচ্ছতি প্রাপ্নোতি কিং পুনর্ব্বক্তব্যং বাল্যমারভ্য স্থিত্বা প্রাপ্নোতীতি॥

শোকপঙ্কনিমগ্নং যং সাংখ্যযোগোপদেশতঃ।
উজ্জহারার্জ্জুনং ভক্তং স কৃষ্ণঃ শরণং মম॥

ইতি শ্রীমদ্‌ভগবদ্গীতাসু স্বামিকৃতটীকায়াং সাংখ্যযোগো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ॥২

---

৭২। হে পার্থ! ব্রহ্মজ্ঞাননিষ্ঠা এই প্রকার, ইহা প্রাপ্ত হইলে সংসারে আর মুগ্ধ হইতে হয় না, যিনি চরম সময়েও এই ব্রহ্মজ্ঞাননিষ্ঠায় অবস্থান করেন, তিনি ও পরব্রহ্মে লয় প্রাপ্ত হন॥

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত॥ ২

# তৃতীয়োঽধ্যায়ঃ।

## অর্জ্জুন উবাচ—

১। জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে মতা বুদ্ধির্জ্জনার্দ্দন।
তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিযোজয়সি কেশব॥
২। ব্যামিশ্রেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে।
তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্॥

১। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ,—হে জনার্দ্দন! হে কেশব! চেৎ (যদি) কর্ম্মণঃ বুদ্ধিঃ (জ্ঞানং) জ্যায়সী (শ্রেয়সী) তে (তব) মতা (সম্মতা) তৎ কিং ঘোরে (হিংসালক্ষণে) কর্ম্মণি মাং নিযোজয়সি (প্রবর্ত্তয়সি)॥

২। [অন্বয়ঃ] ব্যামিশ্রেণ (অবিস্পষ্টেন, সন্দেহোৎপাদকেন) ইব বাক্যেন মে বুদ্ধিং মোহয়সি ইব, তৎ (তস্মাৎ) একং জ্ঞানং কর্ম্ম বা নিশ্চিত্য বদ যেন (জ্ঞানেন কর্ম্মণা বা) অহং শ্রেয়ঃ (মঙ্গলম্) আপ্নুয়াম্ (প্রাপ্স্যামি)॥

১। স্বামিটী।—"অত্রোপায়ঃ কর্ম্মযোগঃ প্রাধান্যেনোপসংহৃতঃ। হরিণা জ্ঞানযোগশ্চ তদ্‌গুণত্বেন কীর্ত্তিতঃ॥ এবং তাব"দশোচ্যানন্বশোচস্ত্ব"মিত্যাদিনা প্রথমং মোক্ষসাধনত্বেন দেহাত্মবিবেকবুদ্ধিরুক্তা, তদনন্তরম্ "এষা তেঽভিহিতা সাঙ্খ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু" ইত্যাদিনা কর্ম্ম চোক্তং, ন চ তয়োর্গুণপ্রধানভাবঃ স্পষ্টং দর্শিতঃ। তত্র বুদ্ধিযুক্তস্য স্থিতপ্রজ্ঞস্য নিষ্ক্রিয়ত্বনিয়তেন্দ্রিয়ত্বনিরহঙ্কারত্বাদ্যভিধানাৎ "এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থে"তি সপ্রশংসমুপসংহারাচ্চ বুদ্ধিকর্ম্মণোর্ম্মধ্যে বুদ্ধেঃ শ্রেষ্ঠত্বং ভগবতোঽভিপ্রেতং মন্বানোঽর্জ্জুন উবাচ—জ্যায়সী চেদিতি। কর্ম্মণঃ সকাশান্মোক্ষান্তরঙ্গত্বেন বুদ্ধির্জ্জ্যায়সী অধিকতরা শ্রেষ্ঠা চেত্তব সম্মতা, তর্হি কিমর্থং 'তস্মাদ্ যুধ্যস্বে'তি,

১। অর্জ্জুন বলিলেন, হে জনার্দ্দন! হে কেশব! যদি তোমার মতে কর্ম্ম অপেক্ষা জ্ঞানই শ্রেষ্ঠ, তবে আমাকে এই হিংসাত্মক কর্ম্মে কি নিমিত্ত নিয়োজিত করিতেছ॥

## শ্রীভগবানুবাচ—

৩। লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ।
জ্ঞানযোগেন সাঙ্খ্যানাং কর্ম্মযোগেণ যোগিনাম্ ॥

৩। [অন্বয়ঃ] শ্রীভগবান্ উবাচ,—হে অনঘ (অপাপ!) অস্মিন্ লোকে দ্বিবিধা নিষ্ঠা ময়া পুরা (পূর্ব্বং সৃষ্ট্যাদৌ) প্রোক্তা। (কা সা দ্বিবিধা নিষ্ঠা ইত্যত আহ) জ্ঞানযোগেন সাংখ্যানাম্ (আত্মানাত্মবিষয়বিবেকজ্ঞানবতাং) কর্ম্মযোগেণ যোগিনাং (কর্ম্মিণাং) (নিষ্ঠা প্রোক্তা ইত্যর্থঃ)॥

'তস্মাদুত্তিষ্ঠে'তি চ বারংবারং বদন্ ঘোরে হিংসাত্মকে কর্ম্মণি মাং নিযোজয়সি প্রবর্ত্তয়সি॥

২। স্বামিটী—নন্বু "ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে" ইত্যাদিনা কর্ম্মণোঽপি শ্রেষ্ঠত্বমুক্তমেবেত্যাশঙ্ক্যাহ—ব্যামিশ্রেণেতি। ক্বচিৎ কর্ম্মপ্রশংসা ক্বচিৎ জ্ঞানপ্রশংসেত্যেবং ব্যামিশ্রং সন্দেহোৎপাদকমিব যদ্বাক্যং,তেন মে বুদ্ধিং মতিমুভয়ত্র দোলায়িতাং কুর্ব্বন্ মোহয়সীব পরমকারুণিকস্য তব মোহকত্বং নাস্ত্যেব, তথাপি ভ্রান্ত্যা মমৈবং ভাতি ইতীবশব্দেনোক্তম্ অত উভয়োর্ম্মধ্যে যদ্ভদ্রং তদেকং নিশ্চত্য বদেতি। যদ্বা ইদমেব শ্রেয়ঃসাধনমিতি নিশ্চিত্য যেনানুষ্ঠিতেন শ্রেয়ো মোক্ষমহমাপ্নুয়াং প্রাপ্স্যামি, তদেবৈকং নিশ্চিত্য বদেত্যর্থঃ।*

৩। স্বামিটী।—অত্রোত্তরং শ্রীভগবানুবাচ—লোকেঽস্মিন্নিতি। অয়মর্থঃ—যদি ময়া পরস্পরনিরপেক্ষং মোক্ষসাধনত্বেন কর্ম্মজ্ঞানযোগরূপং নিষ্ঠাদ্বয়মুক্তং স্যাত্তর্হি দ্বয়োর্ম্মধ্যে যদ্ভদ্রং স্যাত্তদেকং বদেতি ত্বদীয়ঃ প্রশ্নঃ সঙ্গচ্ছেত, ন তু ময়া তথোক্তং কিন্তু দ্বাভ্যামেকৈব

---

২। তুমি কখন জ্ঞানের, কখন বা কর্ম্মের প্রশংসা করিয়া আমার বুদ্ধিকে মুগ্ধপ্রায় করিতেছ, এক্ষণে যাহাতে আমার মোক্ষলাভ হয়, এমন এক পক্ষ নিশ্চয় করিয়া বল॥

---

* ভিন্নকর্ত্তৃকয়োর্জ্ঞানকর্ম্মণোরেকপুরুষানুষ্ঠানাসম্ভবাৎ তয়োরেকং মম যোগ্যং নিশ্চিত্য ব্রূহি ইতি ভাবঃ।

৪। ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।
ন চ সন্ন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি॥

৪ [অন্বয়ঃ] পুরুষঃ কর্ম্মণাম্ অনারম্ভাৎ (অননুষ্ঠানাৎ) নৈষ্কর্ম্ম্যং (জ্ঞানং) ন অশ্নুতে (প্রাপ্নোতি) সন্ন্যসনাৎ এব সিদ্ধিং ন চ সমধিগচ্ছতি॥

ব্রহ্মনিষ্ঠোক্তা গুণপ্রধানভূতয়োস্তয়োঃ স্বাতন্ত্র্যানুপপত্তেঃ, একস্যা এব তু প্রকারভেদমাত্রমধিকারিভেদেনোক্তমিতি। অস্মিন্ শুদ্ধাশুদ্ধান্তঃকরণতয়া দ্বিবিধে লোকেঽধিকারিজনে দ্বে বিধে প্রকারৌ যস্যাঃ সা দ্বিবিধা নিষ্ঠা মোক্ষপরতা পুরা পূর্ব্বাধ্যায়ে ময়া সর্ব্বজ্ঞেন প্রোক্তা স্পষ্টমেবোক্তা। প্রকারদ্বয়মেব নির্দ্দিশতি,—সাঙ্খ্যানাং শুদ্ধান্তঃকরণানাং জ্ঞানভূমিকারূঢ়ানাং জ্ঞানপরিপাকার্থং জ্ঞানযোগেন ধ্যানাদিনা নিষ্ঠা ব্রহ্মপরতোক্তা "তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপর" ইত্যাদিনা সাঙ্খ্যভূমিকামারুরুক্ষূণান্তু অন্তঃকরণশুদ্ধিদ্বারা তদারোহার্থং তদুপায়ভূতকর্ম্মযোগাধিকারিণাং যোগীনাং কর্ম্মযোগেণ নিষ্ঠোক্তা"ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যত" ইত্যাদিনা। অত এব তব চিত্তশুদ্ধ্যশুদ্ধিরূপাবস্থাভেদেনৈব দ্বিবিধাপি নিষ্ঠোক্তা "এষা তেঽভিহিতা সাঙ্খ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণ্বি"তি॥

৪। স্বামিটী।—অতঃ সম্যক্ চিত্তশুদ্ধ্যর্থং জ্ঞানোৎপত্তিপর্য্যন্তং বর্ণাশ্রমোচিতানি কর্ম্মাণি কর্ত্তব্যানি, অন্যথা চিত্তশুদ্ধ্যভাবেন জ্ঞানানুৎপত্তেরিত্যাহ—ন কর্ম্মণামিতি *। কর্ম্মণাম্ অনারম্ভাৎ অননুষ্ঠানা-

৩। ভগবান্ কহিলেন, হে পার্থ! আমি পূর্ব্বাধ্যায়ে কহিয়াছি যে, এই সংসারে জ্ঞানকর্ম্মভেদে নিষ্ঠা দুই প্রকার;—জ্ঞানযোগ দ্বারা সাংখ্যদিগের (শুদ্ধচিত্তদিগের) এবং কর্ম্মযোগদ্বারা যোগীদিগের নিষ্ঠা সাধিত হয়॥

৪। পুরুষ কর্ম্মানুষ্ঠান না করিলে জ্ঞান প্রাপ্ত হয় না এবং (জ্ঞান প্রাপ্ত না হইলে) কেবল সন্ন্যাস (কর্ম্মপরিত্যাগ) দ্বারা সিদ্ধিলাভ করিতে পারে না॥

---

* কর্ম্মণাং যজ্ঞাদীনাং ক্রিয়াণাম্। 'তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন' ইত্যাদিনা কর্ম্মযোগস্য জ্ঞানযোগোপায়ত্বং প্রতিপাদিতম্।

৫। ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥
৬। কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্।
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে ॥

৫। [অন্বয়ঃ] জাতু (কদাচিৎ) ক্ষণম্ অপি কশ্চিৎ অকর্ম্মকৃৎ (কর্ম্মাণি অকুর্ব্বাণঃ) ন হি তিষ্ঠতি। হি (যস্মাৎ) প্রকৃতিজৈঃ (প্রকৃতিজাতৈঃ) গুণৈঃ (সত্ত্বরজস্তমোভিঃ) সর্ব্বঃ (জনঃ) অবশঃ (অস্বতন্ত্রঃ সন্) কর্ম্ম কার্য্যতে ॥

৬। [অন্বয়ঃ] যঃ কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য মনসা ইন্দ্রিয়ার্থান্ (বিষয়ান্) স্মরন্ আস্তে, স বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ (কপটাচারঃ) উচ্যতে ॥

নৈষ্কর্ম্ম্যং জ্ঞানং নাশ্নুতে ন প্রাপ্নোতি। নন্বু "চৈতমেব প্রব্রাজিনো লোকমীপ্সন্তঃ প্রব্রজন্তী" তি শ্রুত্যা সন্ন্যাসস্য মোক্ষাঙ্গত্বশ্রুতেঃ সন্ন্যাসাদেব মোক্ষো ভবিষ্যতি কিং কর্ম্মভিরিত্যাশঙ্ক্যাক্তং—ন চেতি। ন চিত্তশুদ্ধিং বিনা কৃতাৎ সন্ন্যসনাদেব জ্ঞানশূন্যাৎ সিদ্ধিং মোক্ষং সমধিগচ্ছতি প্রাপ্নোতি ॥

৫। স্বামিটী।—কর্ম্মণাঞ্চ সন্ন্যাসস্তেষ্বনাসক্তিমাত্রং, ন তু স্বরূপেণাশক্যত্বাদিত্যাহ—ন হি কশ্চিদিতি। জাতু কস্যাঞ্চিদপ্যবস্থায়াং ক্ষণমাত্রমপি কশ্চিদপি জ্ঞানী অজ্ঞানী বা অকর্ম্মকৃৎ কর্ম্মণ্যকুর্ব্বাণো ন তিষ্ঠতি। তত্র হেতুঃ প্রকৃতিজৈঃ স্বভাবপ্রভবৈঃ রাগদ্বেষাদিভির্গুণৈঃ সর্ব্বোঽপি জনঃ কর্ম্ম কার্য্যতে কর্ম্মণি প্রবর্ত্ত্যতে অবশোঽস্বতন্ত্রঃ সন্ ॥

৬। স্বামিটী।—অতোঽজ্ঞং কর্ম্মত্যাগিনং নিন্দতি—কর্ম্মেন্দ্রিয়াণীতি। বাক্‌পাণ্যাদীনি কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য নিগৃহ্য যো মনসা

৫। কেহ কখন কর্ম্মত্যাগ করিয়া ক্ষণমাত্র অবস্থান করিতে সমর্থ হয় না; যেহেতু পুরুষ ইচ্ছা না করিলেও প্রাকৃতিক গুণ-সমুদয়ই তাঁহাকে কর্ম্মে প্রবর্ত্তিত করে ॥

৭। যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেঽর্জ্জুন।
কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্যতে॥

৮। নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্ম জ্যায়ো হ্যকর্ম্মণঃ।
শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণঃ॥

৭। [অন্বয়ঃ] হে অর্জ্জুন! যঃ তু ইন্দ্রিয়াণি মনসা নিয়ম্য অসক্তঃ (সন্) কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগম্ আরভতে (অনুতিষ্ঠতি), স বিশিষ্যতে (বিশিষ্টো ভবতি)॥

৮। [অন্বয়ঃ] ত্বং নিয়তং (নিত্যম্ অবশ্যকর্ত্তব্যতয়া বিহিতং) কর্ম্ম কুরু, হি (যস্মাৎ) অকর্ম্মণঃ (কর্ম্মাকরণাৎ) কর্ম্ম জ্যায়ঃ (শ্রেষ্ঠম্) অকর্ম্মণঃ (সর্ব্বকর্ম্মশূন্যস্য) তে (তব) শরীরযাত্রা (শরীরস্থিতিঃ) অপি চ ন প্রসিধ্যেৎ (ভবেৎ)॥

ভগবদ্ধ্যানচ্ছলেন ইন্দ্রিয়ার্থান্ বিষয়ান স্মরন্নাস্তে অবিশুদ্ধতয়া মনসা আত্মনি স্থৈর্য্যাভাবাৎ, স মিথ্যাচারঃ কপটাচারো দাম্ভিক উচ্যত ইত্যর্থঃ॥

৭। স্বামিটী।—এতদ্বিপরীতঃ কর্ম্মকর্ত্তা তু শ্রেষ্ঠ ইত্যাহ—যস্ত্বিন্দ্রিয়াণীতি। যস্তু জ্ঞানেন্দ্রিয়াণি মনসা নিয়ম্য ঈশ্বরপ্রবণানি কৃত্বা কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মরূপং যোগমুপায়মারভতে অনুতিষ্ঠতি, অসক্তঃ ফলাভিলাষরহিতঃ সন্ স বিশিষ্যতে বিশিষ্টো ভবতি, চিত্তশুদ্ধ্যা জ্ঞানবান্ ভবতীত্যর্থঃ॥

৮। স্বামিটী।—নিয়তমিতি। যস্মাদেবং তস্মান্নিয়তং নিত্যং কর্ম্ম সন্ধ্যোপাসনাদি কুরু, হি যস্মাদকর্ম্মণঃ সর্ব্বকর্ম্মণোঽকরণাৎ সকাশাৎ কর্ম্মকরণং জ্যায়োঽধিকতরম্। অন্যথা অকর্ম্মণ সর্ব্বকর্ম্মশূন্যস্য তব শরীরনির্ব্বাহোঽপি ন ভবেৎ॥

---

৬। যে ব্যক্তি কর্ম্মেন্দ্রিয়সকলকে সংযত করিয়া মনে মনে ইন্দ্রিয়ের বিষয়সকল স্মরণ করে; সেই মূঢ়াত্মা কপটাচারী বলিয়া কথিত হয়॥

৭। হে অর্জ্জুন! যে ব্যক্তি মন দ্বারা জ্ঞানেন্দ্রিয়গণকে বশীভূত করিয়া আসক্তি পরিত্যাগপূর্ব্বক কর্ম্মেন্দ্রিয় দ্বারা কর্ম্মানুষ্ঠান করে, সেই ব্যক্তিই শ্রেষ্ঠ॥

৯। যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচর ॥

১০। সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্টকামধুক্ ॥

৯। [অন্বয়ঃ] যজ্ঞার্থাৎ (যজ্ঞ ঈশ্বরঃ, তদারাধনার্থাৎ) কর্ম্মণঃ অন্যত্র অয়ং লোকঃ কর্ম্মবন্ধনঃ (কর্ম্মভিঃ বধ্যতে) হে কৌন্তেয়! অতঃ তদর্থং (ঈশ্বরপ্রীত্যর্থং) মুক্তসঙ্গঃ (নিষ্কামঃ সন্) কর্ম্ম সমাচর (নির্ব্বর্ত্তয়) ॥

১০। [অন্বয়ঃ] পুরা (সৃষ্ট্যাদৌ) প্রজাপতিঃ (ব্রহ্মা) সহযজ্ঞাঃ (যজ্ঞেন সহ বর্ত্তমানাঃ) প্রজাঃ সৃষ্ট্বা উবাচ (কথয়ামাস), অনেন যজ্ঞেন প্রসবিষ্যধ্বং (বৃদ্ধিং লভধ্বং), এষঃ (যজ্ঞঃ) বঃ (যুষ্মাকম্) ইষ্টকামধুক্ (অভীষ্টভোগপ্রদঃ) অস্তু ॥

৯। স্বামিটী।—সাঙ্খ্যাস্তু সর্ব্বমপি কর্ম্ম বন্ধকত্বাৎ* ন কার্য্যমিত্যাহুস্তন্নিরাকুর্ব্বন্নাহ—যজ্ঞার্থাদিতি। যজ্ঞো বিষ্ণুঃ "যজ্ঞো বৈ বিষ্ণুঃ" ইতি শ্রুতেঃ, তদারাধনার্থাৎ কর্ম্মণোঽন্যত্র তদেকং বিনা, লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ কর্ম্মভির্ব্বধ্যতে, ন ত্বীশ্বরারাধনার্থেন কর্ম্মণা, অতস্তদর্থং বিষ্ণুপ্রীত্যর্থং মুক্তসঙ্গো নিষ্কামঃ সন্ কর্ম্ম সম্যগাচর ॥

১০। স্বামিটী।—প্রজাপতিবচনাদপি কর্ম্মকর্ত্তৈব শ্রেষ্ঠ ইত্যাহ—সহযজ্ঞা ইতি চতুর্ভিঃ। যজ্ঞেন সহ বর্ত্তন্ত ইতি সহযজ্ঞা যজ্ঞাধিকৃতা ব্রাহ্মণাদ্যাঃ প্রজাঃ পুরা সর্গাদৌ সৃষ্ট্বেদমুবাচ ব্রহ্মা, অনেন যজ্ঞেন প্রসবিষ্যধ্বং প্রসূয়ধ্বং প্রসবো বৃদ্ধিঃ উত্তরোত্তরামভিবৃদ্ধিং লভধ্বমিত্যর্থঃ, তত্র হেতুঃ—এষ যজ্ঞো বো যুষ্মাকমিষ্টকামধুক্ ইষ্টান্ কামান্ দোগ্ধীতি তথা অভীষ্টভোগপ্রদোঽস্ত্বিত্যর্থঃ। অত্র চ যজ্ঞগ্রহণমাবশ্যককর্ম্মোপলক্ষণার্থম্। কাম্যকর্ম্মপ্রশংসা তু প্রকরণেঽসঙ্গতাপি সামান্যতোঽকর্ম্মণঃ কর্ম্ম শ্রেষ্ঠমিত্যেতদর্থমিত্যদোষঃ ॥

---

৮। অতএব তুমি নিয়ত কর্ম্মের অনুষ্ঠান কর; কর্ম্মের ত্যাগ অপেক্ষা কর্ম্মের অনুষ্ঠানই শ্রেষ্ঠ; তুমি সর্ব্বকর্ম্মশূন্য হইলে তোমার শরীরযাত্রা নির্ব্বাহই হইবে না ॥

* কর্ম্মণা বধ্যতে জন্তুরিতি স্মরণাৎ।

১১। দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ ॥

১২। ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।
তৈর্দ্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্ক্তে স্তেন এব সঃ ॥

১১। [অন্বয়ঃ] অনেন (যজ্ঞেন) [যূয়ং] দেবান্ (ইন্দ্রাদীন্) ভাবয়ত (অপ্যায়িতান্ কুরুত), দেবাঃ (অপি যজ্ঞভাবিতাঃ সন্তঃ) বঃ (যুষ্মান্) ভাবয়ন্তু (বৃষ্ট্যাদিনা সম্বর্দ্ধয়ন্তু), (এবং) পরস্পরং ভাবয়ন্তঃ (যয়ং) পরং শ্রেয়ঃ (মোক্ষলক্ষণম্) অবাপ্স্যথ ॥

১২। [অন্বয়ঃ] দেবাঃ যজ্ঞভাবিতাঃ (যজ্ঞতোষিতাঃ) ইষ্টান্ ভোগান্ বঃ (যুষ্মভ্যং) দাস্যন্তে হি (অতঃ) তৈঃ (দেবৈঃ) দত্তান্ (অন্নাদীন্) এভ্যঃ (দেবেভ্যঃ) অপ্রদায় (পঞ্চযজ্ঞাদিনা অদত্ত্বা) যঃ (স্বয়ং) ভুঙ্ক্তে, স স্তেনঃ (চৌরঃ) এব ॥

১১। স্বামিটী।—কথমিষ্টকামদোগ্ধা যজ্ঞো ভবেদিত্যত্রাহ—দেবানিতি। অনেন যজ্ঞেন যূয়ং দেবান্ ভাবয়ত হবির্ভাগৈঃ সম্বর্দ্ধয়ত, তে চ দেবা বো যুষ্মান্ সম্বর্দ্ধয়ন্তু বৃষ্ট্যাদিনা অন্নোৎপত্তিদ্বারেণ, এবমন্যোঽন্যং সংবর্দ্ধয়ন্তো দেবাশ্চ যূয়ঞ্চ পরস্পরং শ্রেয়োঽভীষ্টমর্থং প্রাপ্স্যথ ॥

১২। স্বামিটী।—এতদেব স্পষ্টীকুর্ব্বন্ কর্ম্মাকরণে দোষমাহ—

---

৯। বিষ্ণুর আরাধনার্থ কর্ম্ম ব্যতীত অন্য কর্ম্ম করিলেই লোক কর্ম্মে বদ্ধ হয়; অতএব হে কৌন্তেয়! নিষ্কাম হইয়া বিষ্ণুর প্রীত্যর্থ কর্ম্মের অনুষ্ঠান কর ॥

১০। পূর্ব্বে প্রজাপতি ব্রাহ্মণাদি প্রজাগণকে যজ্ঞের সহিত সৃষ্টি করিয়া কহিয়াছিলেন, হে প্রজাগণ! তোমরা যজ্ঞ দ্বারা উত্তরোত্তর বর্দ্ধিত হও। যজ্ঞ তোমাদিগের কামনা পরিপূর্ণ করুক ॥

১১। এই যজ্ঞ দ্বারা তোমরা দেবগণের সংবর্দ্ধন কর, সেই দেবগণও তোমাদিগকে বৃষ্ট্যাদি দ্বারা সংবর্দ্ধিত করুন; এইরূপ পরস্পর সংবর্দ্ধনা করিয়া পরম মঙ্গল লাভ করিবে ॥

১৩। যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।
ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ ॥
১৪। অন্নাদ্ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসম্ভবঃ।
যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যো যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ ॥

১৩। [অন্বয়ঃ] যজ্ঞশিষ্টাশিনঃ (বৈশ্বদেবাদিযজ্ঞাবশিষ্টভোজিনঃ) সন্তঃ (সাধবঃ) সর্ব্বকিল্বিষৈঃ (সর্ব্বপাপৈঃ) মুচ্যন্তে, যে তু আত্মকারণাৎ (আত্মনঃ ভোজনার্থং) পচন্তি, তে পাপাঃ (দুরাচারাঃ) অঘং (পাপম্) (এব) ভুঞ্জতে ॥

১৪। [অন্বয়ঃ] ভূতানি (প্রাণিনঃ) অন্নাৎ (শুক্রশোণিতরূপেণ পরিণতাৎ ভুক্তদ্রব্যাৎ) ভবন্তি (জায়ন্তে) পর্জ্জন্যাৎ (বৃষ্টেঃ) অন্নসম্ভবঃ (ভোক্তব্য-বস্তুৎপত্তিঃ), পর্জ্জন্যঃ যজ্ঞাৎ ভবতি (উৎপদ্যতে) যজ্ঞঃ (তু) কর্ম্মসমুদ্ভবঃ (যজমানাদিব্যাপাররূপাৎ কর্ম্মণঃ উৎপন্নঃ) ॥

১৯। স্বামিটী।—আত্মৈকাকারতয়াবস্থিতস্য চিত্তস্যোপমানমাহ—যথেতি। বাতশূন্যে দেশে স্থিতো দীপো যথা নেঙ্গতে ন চলতি, সা উপমা দৃষ্টান্তঃ। কস্য? আত্মবিষয়ং যোগং যুঞ্জতোঽভ্যস্যতো যোগিনঃ যতং নিয়তং চিত্তং যস্য। নিষ্কম্পতয়া প্রকাশকতয়া চ অচঞ্চলং যচ্চিত্তং তদ্বত্তিষ্ঠতীত্যর্থঃ ॥

---

১৬। হে অর্জ্জুন! অতি ভোজনশীল বা একান্ত অনাহারী এবং অতি নিদ্রালু বা একান্ত নিদ্রাহীন ব্যক্তির সমাধি হয না ॥

১৭। যাঁহার আহার, বিহার, কর্ম্মচেষ্টা, নিদ্রা ও জাগরণ নিয়মিত, তিনিই দুঃখবিনাশক সমাধি লাভ করিতে পারেন।

১৮। যখন বশীভূতচিত্ত আত্মাতেই অবস্থান করে এবং যোগী সর্ব্বপ্রকার কাম্য বিষয়ে নিস্পৃহ হন তখনই তাহাকে যুক্ত বলা হয় ॥

২০। যত্রোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া।
যত্র চৈবাত্মনাত্মানং পশ্যন্নাত্মনি তুষ্যতি ॥
২১। সুখমাত্যন্তিকং যত্তদ্‌বুদ্ধিগ্রাহ্যমতীন্দ্রিয়ম্।
বেত্তি যত্র ন চৈবায়ং স্থিতশ্চলতি তত্ত্বতঃ ॥

২০। [অন্বয়ঃ] যত্র (যস্মিন্ অবস্থাবিশেষে) যোগসেবয়া (যোগানুষ্ঠানেন) নিরুদ্ধং চিত্তম্ উপরমতে (উপরতং ভবতি)। যত্র চ আত্মনা (সমাধিপরিশুদ্ধেনান্তঃকরণেন) আত্মানং পশ্যন্ আত্মনি এব তুষ্যতি ॥

২১। [অন্বযঃ] যত্র যস্মিন্ কালে) যত্তৎ (কিমপি) বুদ্ধিগ্রাহ্যম্ অতীন্দ্রিয়ম্ (ইন্দ্রিয়গোচরাতীতম্) আত্যন্তিকং সুখং বেত্তি (জানাতি) যত্র চ স্থিতঃ (সন্) তত্ত্বতঃ (আত্মস্বরূপাৎ) ন চলতি ॥

২০। স্বামিটী।—"যং সন্ন্যাসমিতি প্রাহুর্যোগং তং বিদ্ধি পাণ্ডব" ত্যাদৌ কর্ম্মৈব যোগশব্দেনোক্তং, 'নাত্যশ্নতস্তু যোগোঽস্তী' ত্যাদৌ তু সমাধিযোগশব্দেনোক্তস্তত্র মুখ্যো যোগঃ ক ইত্যপেক্ষায়াং সমাধিমেব স্বরূপতঃ ফলতশ্চ লক্ষয়ন্ স এব মুখ্যো যোগ ইত্যাহ—যত্রেতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। যত্র যস্মিন্নবস্থাবিশেষে যোগাভ্যাসেন নিরুদ্ধং চিত্তমুপরতং ভবতীতি যোগস্য স্বরূপং লক্ষণমুক্তম্। তথাচ পাতঞ্জলং সূত্রং, "যোগশ্চিত্তবৃত্তিনিরোধ" ইতি। ইষ্টপ্রাপ্তিলক্ষণেন ফলেন তমেব লক্ষয়তি, যত্র চ যস্মিন্নবস্থাবিশেষে আত্মনা শুদ্ধেন মনসা আত্মানমেব পশ্যতি, ন দেহাদি, পশ্যংশ্চাত্মন্যেব তুষ্যতি ন তু বিষয়েষু। যত্রেত্যাদীনাং যচ্ছব্দানাং তং যোগসংজ্ঞিতং বিদ্যাদিতি চতুর্থেনান্বয়ঃ ॥

২১। স্বামিটী—আত্মন্যেব তোষে হেতুমাহ—সুখমিতি। যত্র

---

১৯। জিতচিত্ত যোগী ব্যক্তির চিত্ত আত্ম-যোগানুষ্ঠানকালে নির্ব্বাত নিষ্কম্প প্রদীপের ন্যায় নিশ্চল হইয়া থাকে ॥

২০। যে অবস্থায় চিত্ত যোগানুষ্ঠান দ্বারা নিরুদ্ধ হইয়া উপরত হয়, সে অবস্থায় বিশুদ্ধ অন্তঃকরণ দ্বারা আত্মাকেই অবলোকন করিয়া আত্মাতেই পরিতৃপ্ত হয়, তাহাই যোগ) ॥

২২। যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ।
যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে ॥
২৩। তং বিদ্যাদ্ দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্।
স নিশ্চয়েন যোক্তব্যো যোগোঽনির্ব্বিণ্ণচেতসা ॥
২৪। সংকল্পপ্রভবান্ কামাংস্ত্যক্ত্বা সর্ব্বানশেষতঃ।
মনসৈবেন্দ্রিয়গ্রামং বিনিয়ম্য সমন্ততঃ ॥

২২। [ অন্বয়ঃ ] যম্ ( আত্মস্বরূপং ) লব্ধ্বা ( প্রাপ্য ) ততঃ অধিকম্ অপর লাভং ন মন্যতে, যস্মিন্ স্থিতঃ গুরুণা ( শস্ত্রপাতাদিলক্ষণেন ) দুঃখেনাপি ন বিচাল্যতে ( অভিভূয়তে ) ॥

২৩—২৪। [ অন্বয়ঃ ] তং ( এবম্প্রকারম্ অবস্থাবিশেষং ) দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতং ( যোগশব্দবাচ্যং ) বিদ্যাৎ. অনির্ব্বিণ্ণচেতসা সঙ্কল্পপ্রভবান ( যোগপ্রতিকূলান্ ) সর্ব্বান্ কামান্ অশেষতঃ ত্যক্ত্বা মনসা সমন্ততঃ ইন্দ্রিয়গ্রামং বিনিয়ম্য স নিশ্চয়েন যোগঃ যোক্তব্যঃ ॥

যস্মিন্নবস্থাবিশেষে যত্তৎ কিমপি নিরতিশয়মাত্যন্তিকং * নিত্যং সুখং বেত্তি। ননু তদা বিষয়েন্দ্রিয়সম্বন্ধাভাবাৎ কুতঃ সুখং স্যাত্তত্রাহ—অতীন্দ্রিয়ং বিষয়েন্দ্রিয়সম্বন্ধাতীতং কেবলং বুদ্ধ্যৈবাত্মাকারতয়া গ্রাহ্যম্, অত এব চ যত্র স্থিতঃ সন্ তত্ত্বত আত্মস্বরূপান্নৈব চলতি ॥

২২। স্বামিটী।—অচলত্বমেবোপপাদয়তি—যমিতি। যমাত্মসুখ-স্বরূপং লাভং লব্ধ্বা ততোঽধিকম্ অপরং লাভং ন মন্যতে ন চিন্তয়তি তস্যৈব নিরতিশয়সুখত্বাৎ, যস্মিংশ্চ স্থিতো মহতাপি

---

২১। যে অবস্থায় বুদ্ধিমাত্রলভ্য, অতীন্দ্রিয়, আত্যন্তিক সুখ উপলব্ধি হয়, যে অবস্থায় অবস্থান করিলে আত্মতত্ত্ব হইতে পরিচ্যুত হইতে হয় না ॥

২২—২৪। যে অবস্থা লাভ করিলে অন্য লাভকে অধিক বোধ হয় না এবং

* অত্র আত্যন্তিকমিতি ব্রহ্মসুখস্বরূপকথনম্, অতীন্দ্রিয়মিতি বিষয়ব্যাবৃত্তিস্তস্য বিষয়েন্দ্রিয়সংযোগসাপেক্ষত্বাৎ। বুদ্ধিগ্রাহ্যমিতি সৌষুপ্তসুখব্যাবৃত্তিঃ সুষুপ্তে বুদ্ধের্লীনত্বাৎ সমাধৌ নির্ব্বৃত্তিকায়াস্তস্যাঃ সত্ত্বাৎ ইতি ম-টী।

২৫। শনৈঃ শনৈরুপরমেদ্ বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া।
আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥

২৫। [অন্বয়ঃ] ধৃতিগৃহীতয়া (ধৈর্য্যযুক্তয়া), বুদ্ধ্যা মনঃ আত্মসংস্থং (আত্মনি এব স্থিতং) কৃত্বা শনৈঃ শনৈঃ উপরমেৎ, কিঞ্চিদপি ন চিন্তয়েৎ ॥

শীতোষ্ণাদিদুঃখেন ন বিচাল্যতে নাভিভূয়তে, এতেনানিষ্টনিবৃত্তি-ফলেনাপি যোগস্য লক্ষণমুক্তং দ্রষ্টব্যম্ ॥

২৩। স্বামিটী।—য এবম্ভূতোঽবস্থাবিশেষস্তমাহ—তমিত্যর্দ্ধেন। দুঃখশব্দেন দুঃখমিশ্রিতং বৈষয়িকং সুখমপি গৃহ্যতে, দুঃখস্য সংযোগেন সংস্পর্শমাত্রেণাপি বিয়োগো যস্মিন্ তম্ অবস্থা-বিশেষং যোগসংজ্ঞিতং যোগশব্দবাচ্যং জানীয়াৎ, পরমাত্মনা ক্ষেত্রজ্ঞস্য যোজনং যোগঃ, যদ্বা দুঃখস্য সংযোগেন বিযোগ এব, শূরে কাতরশব্দবদ্বিরুদ্ধলক্ষণয়া যোগ উচ্যতে, কর্ম্মণি তু যোগশব্দস্তদুপায়ত্বাদৌপচারিক এবেতি ভাবঃ। যস্মাদেবং মহাফলো যোগস্তস্মাৎ স এব যত্নতোঽভ্যসনীয় ইত্যাহ—স ইতি সার্দ্ধেন। স যোগো নিশ্চয়েন শাস্ত্রাচার্য্যোপদেশজনিতেন যোক্তব্যোঽভ্যসনীয়ঃ, যদ্যপি শীঘ্রং ন সিধ্যতি, তথাপ্যনির্ব্বিণ্ণেন নির্ব্বেদরহিতেন চেতসা যোক্তব্যঃ ; দুঃখবুদ্ধ্যা প্রযত্নশৈথিল্যং নির্ব্বেদঃ ॥

২৪। স্বামিটী।—কিঞ্চ সংকল্পেতি। সংকল্পাৎ প্রভবো যেষাং তান্ যোগপ্রতিকূলান্ সর্ব্বান্ কামানশেষতঃ সবাসনাংস্ত্যক্ত্বা মনসৈব বিষয়দোষদর্শিনা সর্ব্বতঃ প্রসরন্তমিন্দ্রিয়সমূহং বিশেষেণ নিয়ম্য যোগো যোক্তব্যঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥

২৫। স্বামিটী।—যদি তু প্রাক্তনকর্ম্মসংস্কারেণ মনো বিচলেত্তর্হি ধারণয়া স্থিরীকুর্য্যাদিত্যাহ—শনৈরিতি। ধৃতির্ধারণা তয়া গৃহীতয়া বশীকৃতয়া বুদ্ধ্যা আত্মসংস্থম্ আত্মন্যেব সম্যক্ স্থিতং নিশ্চলং মনঃ

---

যে অবস্থায় উপস্থিত হইলে গুরুতর দুঃখও বিচলিত করিতে পারে না, সেই অবস্থার নামই যোগ, তাহাতে দুঃখের সম্পর্কও নাই ; তাহাই অবগত হইবে এবং অধ্যবসায়সহকারে ও নির্ব্বেদশূন্যচিত্তে অভ্যাস করিবে। সংকল্প-সমুৎপন্ন কামনা-

২৬। যতো যতো নিশ্চলতি মনশ্চঞ্চলমস্থিরম্।
ততস্ততো নিয়ম্যৈতদাত্মন্যেব বশং নয়েৎ॥

২৭। প্রশান্তমনসং হ্যেনং যোগিনং সুখমুত্তমম্।
উপৈতি শান্তরজসং ব্রহ্মভূতমকল্মষম্॥

২৬। [অন্বয়ঃ] (স্বভাবতঃ) চঞ্চলম্ (অতএব) অস্থিরং মনঃ যতঃ যতঃ (যস্মাৎ নিমিত্তাৎ) নিশ্চলতি ততঃ ততঃ এতৎ (মনঃ) নিয়ম্য আত্মনি এব বশং নয়েৎ।

২৭। [অন্বয়ঃ] শান্তরজসং (প্রক্ষীণমোহাদিক্লেশরজসমিত্যর্থঃ) (অতএব) প্রশান্তমনসম্ অকল্মষং ব্রহ্মভূতং (জীবন্মুক্তম্) এনং যোগিনং হি উত্তমং (নিরতিশয়ং) সুখম্ (স্বয়মেব) উপৈতি (প্রাপ্নোতি)॥

কৃত্বা উপরমেৎ তচ্চ শনৈঃ শনৈরভ্যাসক্রমেণ, ন তু সহসা; উপরমস্বরূপমাহ—"ন কিঞ্চিদপি চিন্তয়েৎ" নিশ্চলে মনসি স্বয়মেব প্রকাশমানপরমানন্দস্বরূপো ভূত্বা আত্মধ্যানাদপি ন নিবর্ত্তেত ইত্যর্থঃ॥

২৬। স্বামিটী।—এবমপি রজোগুণবশাদ্ যদি মনঃ প্রচলেত্তর্হি পুনঃ প্রত্যাহারেণ বশীকুর্য্যাদিত্যাহ—যত ইত্যাদি। স্বভাবতশ্চঞ্চলং ধার্য্যমাণমপ্যস্থিরং মনো যং যং বিষয়ং প্রতি নির্গচ্ছতি ততস্ততঃ প্রত্যাহৃত্য আত্মন্যেব স্থিরং কুর্য্যাৎ॥

২৭। স্বামিটী—এবং প্রত্যাহারাদিভিঃ পুনঃপুনর্ম্মনো বশীকুর্ব্বন্তং রজোগুণক্ষয়ে সতি যোগসুখং প্রাপ্নোতীত্যাহ—প্রশান্তেতি। এবমুক্তপ্রকারেণ শান্তং রজো যস্য তম্, অত এব প্রশান্তং মনো যস্য

---

সকল নিঃশেষিত ও অন্তঃকরণ দ্বারা ইন্দ্রিয়গণকে সমুদয় বিষয় হইতে নিগৃহীত করিয়া যোগ অভ্যাস করিবে॥

২৫। মনকে আত্মাতে নিহিত করিয়া স্থিরবুদ্ধি দ্বারা অল্পে অল্পে বিরতি অভ্যাস করিবে, অন্য কিছুই চিন্তা করিবে না॥

২৬। চঞ্চলস্বভাব মন যে যে বিষয়ে বিচরণ করিবে, সেই সেই বিষয় হইতে তাহাকে প্রত্যাহৃত করিয়া আত্মার বশীভূত করিবে॥

২৭। প্রশান্তচিত্ত, রজোগুণবিহীন, নিষ্পাপ, জীবন্মুক্ত যোগী নিরতিশয় সুখলাভ করেন॥

২৮। যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী বিগতকল্মষঃ।
সুখেন ব্রহ্মসংস্পর্শমত্যন্তং সুখমশ্নুতে॥
২৯। সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ॥
৩০। যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়ি পশ্যতি।
তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি॥

২৮। [অন্বয়ঃ] এবং সদা আত্মানং যুঞ্জন্ (বশীকুর্ব্বন্) বিগতকল্মষঃ যোগী সুখেন ব্রহ্মসংস্পর্শম্ অত্যন্তং সুখম্ অশ্নুতে (প্রাপ্নোতি)॥

২৯। [অন্বয়ঃ] যোগযুক্তাত্মা (যোগেন সমাহিতচিত্তঃ) সর্ব্বত্র সমদর্শনঃ (যোগী) আত্মানং সর্ব্বভূতস্থং সর্ব্বভূতানি চ আত্মনি (অভেদেন) ঈক্ষতে (পশ্যতি)।

৩০। [অন্বয়ঃ] যঃ মাং সর্ব্বত্র পশ্যতি ময়ি চ সর্ব্বং পশ্যতি, তস্য অহং ন প্রণশ্যামি (অদৃশ্যো ভবামি,) স চ মে ন প্রণশ্যতি (অদৃশ্যো ভবতি)॥

তম্ এনং নিষ্কল্মষং ব্রহ্মত্বং প্রাপ্তং যোগিনম্, উত্তমং সুখং সমাধিসুখং স্বয়মেবোপৈতি প্রাপ্নোতি॥

২৮। স্বামিটী।—ততশ্চ কৃতার্থো ভবতীত্যাহ—যুঞ্জন্নিতি। এবমনেন প্রকারেণ সর্ব্বদা আত্মানং মনো যুঞ্জন্ বশীকুর্ব্বন্ বিশেষেণ সর্ব্বাত্মনা বিগতং কল্মষং যস্য স যোগী সুখেন অনায়াসেন ব্রহ্মণঃ সংস্পর্শোঽবিদ্যানিবর্ত্তকঃ সাক্ষাৎকারস্তদেবাত্যন্তং সর্ব্বোত্তমং সুখমশ্নুতে জীবন্মুক্তো ভবতীত্যর্থঃ॥

২৯। স্বামিটী।—ব্রহ্মসাক্ষাৎকারমেব দর্শয়তি—সর্ব্বভূতস্থমিতি। যোগেনাভ্যস্যমানেন যুক্তাত্মা সমাহিতচিত্তঃ সর্ব্বত্র সমং ব্রহ্মৈব পশ্যতীতি, সমদর্শনঃ স্বমাত্মানমবিদ্যাকৃতদেহাদিপরিচ্ছেদশূন্যং সর্ব্বভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষবস্থিতং পশ্যতি, তানি চ আত্মন্যভেদেন পশ্যতি।

---

২৮। নিষ্পাপ যোগী এই প্রকারে মনকে সর্ব্বদা বশীভূত করিয়া অনায়াসে ব্রহ্মসাক্ষাৎকার-জনিত সর্ব্বোৎকৃষ্ট সুখ প্রাপ্ত হন॥

২৯। সর্ব্বত্র ব্রহ্মদর্শী সমাহিতচিত্ত ব্যক্তি সকল পদার্থে আত্মাকে ও আত্মাতে সকল পদার্থকে অবলোকন করে॥

৩১। সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে॥

৩২। আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি যোঽর্জ্জুন।
সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মতঃ॥

৩১। [অন্বয়ঃ] যঃ সর্ব্বভূতস্থিতং মাম্ একত্বম্ আস্থিতঃ (অভেদমাশ্রিতঃ) ভজতি, সর্ব্বথা অপি (কায়ত্যাগেনাপি) বর্ত্তমানঃ স যোগী ময়ি বর্ত্ততে॥

৩২। [অন্বয়ঃ] হে অর্জ্জুন! যঃ সর্ব্বত্র সুখং বা যদি বা দুঃখম্ আত্মৌপম্যেন সমং পশ্যতি স যোগী পরমঃ (উৎকৃষ্টঃ) মতঃ॥

৩০। স্বামিটী।—এবম্ভূতাত্মজ্ঞানে চ সর্ব্বভূতাত্মতযা মদুপাসনং মুখ্যং কারণমিত্যাহ—যো মামিতি। মাং পরমেশ্বরং সর্ব্বত্র ভূতমাত্রে যঃ পশ্যতি, সর্ব্বং চ প্রাণিমাত্রং ময়ি যঃ পশ্যতি, তস্যাহং ন প্রণশ্যামি অদৃশ্যো ন ভবামি, স চ মে ন প্রণশ্যতি, স চ মমাদৃশ্যো ন ভবতি, প্রত্যক্ষো ভূত্বা কৃপাদৃষ্ট্যা তং বিলোক্যানুগৃহ্লামীত্যর্থঃ॥

৩১। স্বামিটী।—ন চৈবম্ভূতো বিধিকিঙ্করঃ স্যাদিত্যাহ—সর্ব্বভূতস্থিতমিতি। সর্ব্বভূতেষু স্থিতং মামভেদেন আস্থিত আশ্রিতো যো ভজতি, স যোগী জ্ঞানী, সন্ সর্ব্বথা কর্ম্মপরিত্যাগেনাপি বর্ত্তমানো ময্যেব বর্ত্ততে মুচ্যতে ন তু ভ্রশ্যতীত্যর্থঃ॥

৩২। স্বামিটী।—এবঞ্চ মাং ভজতাং যোগিনাং মধ্যে সর্ব্বভূতানুকম্পী শ্রেষ্ঠ ইত্যাহ—আত্মৌপম্যেতি। আত্মৌপম্যেন স্বসাদৃশ্যেন যথা মম সুখং প্রিয়ং দুঃখঞ্চাপ্রিয়ং তথা অন্যেষামপীতি সর্ব্বত্র সমং পশ্যন্ সুখমেব সর্ব্বেষাং যো বাঞ্ছতি ন তু কস্যাপি দুঃখং, স যোগী শ্রেষ্ঠো মমাভিমত ইত্যর্থঃ॥

---

৩০। যে ব্যক্তি আমাতে সকল বস্তু ও সকল বস্তুতে আমাকে দর্শন করে, আমি তাহার অদৃশ্য হই না, সে ব্যক্তিও আমার অদৃশ্য হয় না॥

৩১। যে ব্যক্তি আমার একীভূত হইয়া আমাকে সর্ব্বভূতস্থ মনে করিয়া ভজন করে, সে যে কোন বৃত্তি অবলম্বন করুক, আমাতেই অবস্থান করে॥

অর্জ্জুন উবাচ—

৩৩। যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন মধুসূদন।
এতস্যাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাম্॥

৩৪। চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলবদ্দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্॥

৩৩। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ,—হে মধুসূদন! ত্বয়া সাম্যেন যঃ অয়ং যোগঃ প্রোক্তঃ, এতস্য (যোগস্য) স্থিরাং (দীর্ঘকালীনাং) স্থিতিং (মনসঃ) চঞ্চলত্বাৎ অহং ন পশ্যামি।

৩৪। [অন্বয়ঃ] হে কৃষ্ণ! হি (নিশ্চিতং) মনঃ (চিত্তং) চঞ্চলং (স্বভাবেন চপলং) প্রমাথি (দেহেন্দ্রিয়ক্ষোভকরং) বলবৎ (কেনচিন্নিয়ন্তুমশক্যং) দৃঢম্ (অচ্ছেদ্যং) অহং তস্য (মনসঃ) নিগ্রহং (নিরোধং) বায়োঃ ইব সুদুষ্করং মন্যে।

৩৩। স্বামিটী—উক্তলক্ষণস্য যোগস্যাসম্ভবং মন্বানোঽর্জ্জুন উবাচ—যোঽয়মিতি। সাম্যেন মনসো লয়বিক্ষেপশূন্যতয়া কেবলাত্মাকারাবস্থানেন যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ, এতস্য যোগস্য স্থিরাং দীর্ঘকালীনাং স্থিতিং ন পশ্যামি মনসশ্চঞ্চলত্বাৎ॥

৩৪। স্বামিটী।—এতৎ স্ফুটয়তি—চঞ্চলমিতি। চঞ্চলং স্বভাবেনৈব চপলং, কিঞ্চ প্রমাথি প্রমথনশীলং দেহেন্দ্রিয়ক্ষোভকরমিত্যর্থঃ; কিঞ্চ বলবদ্বিচারেণাপি জেতুমশক্যং, কিঞ্চ দৃঢ়ং বিষয়বাসনানুবদ্ধতয়া দুর্ভেদ্যম্, অতো যথা আকাশে দোধূয়মানস্য বায়োঃ কুম্ভাদিষু নিরোধনমশক্যং, তথাহং তস্য মনসোঽপি নিগ্রহং নিরোধং সুদুষ্করং সর্ব্বথা কর্ত্তুমশক্যং মন্যে॥

---

৩২। হে অর্জ্জুন! যে ব্যক্তি আপনার সুখ দুঃখের ন্যায় সকলের সুখ দুঃখ দর্শন করেন, তিনিই শ্রেষ্ঠ যোগী॥

৩৩। অর্জ্জুন কহিলেন,—হে মধুসূদন! তুমি আত্মার সমতারূপ যে যোগের কথা উল্লেখ করিলে, মনের চঞ্চলতা নিবন্ধন আমি ইহার দীর্ঘকালস্থায়িত্ব দেখিতেছি না।

৩৪। হে কৃষ্ণ! মন স্বভাবতই চঞ্চল, ইন্দ্রিয়গণের ক্ষোভকারক, অজেয় ও দুর্ভেদ্য;

শ্রীভগবানুবাচ—

৩৫। অসংশয়ং মহাবাহো মনো দুর্নিগ্রহং চলম্।
অভ্যাসেন তু কৌন্তেয় বৈরাগ্যেণ চ গৃহ্যতে॥

৩৬। অসংযতাত্মনা যোগো দুষ্প্রাপ ইতি মে মতিঃ।
বশ্যাত্মনা তু যততা শক্যোঽবাপ্তুমুপায়তঃ॥

৩৫। [অন্বয়ঃ] শ্রীভগবান্ উবাচ,—হে মহাবাহো! মনঃ দুর্নিগ্রহং চলং (চঞ্চলম্) অসংশয়ং তু (কিন্তু) হে কৌন্তেয়! অভ্যাসেন বৈরাগ্যেণ চ (তৎ) গৃহ্যতে

৩৬। [অন্বয়ঃ] অসংযতাত্মনা (অবশীকৃতচিত্তেন) যোগঃ দুষ্প্রাপঃ ইতি মে মতিঃ বশ্যাত্মনা (জিতেন্দ্রিয়েণ) তু উপায়তঃ যততা যোগঃ অবাপ্তুং শক্যঃ॥

৩৫। স্বামিটী।—তদুক্তং চঞ্চলত্বাদিকমঙ্গীকৃত্যৈব মনোনিগ্রহোপায়ং শ্রীভগবানুবাচ—অসংশয়মিতি। চঞ্চলত্বাদিনা মনো নিরোদ্ধুং ন শক্যমিতি যদ্বদসি, এতন্নিঃসংশয়মেব। তথাপি তু বিষয়াচিন্তনপূর্ব্বকম্ অভ্যাসেন পরমাত্মাকারপ্রত্যয়য়া বৃত্ত্যা বিষয়বৈতৃষ্ণ্যেন চ গৃহ্যতে নিগৃহ্যতে, অভ্যাসেন লয়প্রতিবন্ধাদ্বৈরাগ্যেণ চ বিক্ষেপপ্রতিবন্ধাদুপরতবৃত্তিকং সৎ পরমাত্মাকারেণ পরিণতং তিষ্ঠতীত্যর্থঃ। তদুক্তং যোগশাস্ত্রে,—"মনসো বৃত্তিশূন্যস্য ব্রহ্মাকারতয়া স্থিতিঃ। যা সম্প্রজ্ঞাতনামাসৌ সমাধিরভিধীয়তে॥" ইতি॥

৩৬। স্বামিটী।—এতাবাংস্ত্বিহ নিশ্চয় ইত্যাহ—অসংযতেতি। উক্তপ্রকারেণাভ্যাসবৈরাগ্যাভ্যামসংযত আত্মা চিত্তং যস্য তেন পুরুষেণ অয়ং যোগো দুষ্প্রাপঃ প্রাপ্তুমশক্যঃ, অভ্যাসবৈরাগ্যাভ্যাং বশ্যো বশবর্ত্তী আত্মা চিত্তং যস্য তেন পুরুষেণ পুনশ্চানেনৈবোপায়েন প্রযত্নং কুর্ব্বতা যোগঃ প্রাপ্তুং শক্যঃ॥

যেমন বায়ুকে নিরুদ্ধ করা অতি কঠিন, মনকে নিগৃহীত করাও সেইরূপ দুষ্কর বোধ হইতেছে॥

৩৫। কৃষ্ণ কহিলেন, হে অর্জ্জুন! চঞ্চলস্বভাব মন যে নিতান্ত অবাধ্য তাহাতে সংশয় নাই; কিন্তু অভ্যাস ও বৈরাগ্য দ্বারা তাহাকে বশীভূত করিতে হয়॥

অর্জ্জুন উবাচ—

৩৭। অযতিঃ শ্রদ্ধয়োপেতো যোগাচ্চলিতমানসঃ।
অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ গচ্ছতি
৩৮। কচ্চিন্নোভয়বিভ্রষ্টশ্ছিন্নাভ্রমিব নশ্যতি।
অপ্রতিষ্ঠো মহাবাহো বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি॥

৩৭। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ,—হে কৃষ্ণ! (প্রথমং) শ্রদ্ধয়া (আস্তিক্যবুদ্ধ্যা) উপেতঃ (যোগে প্রবৃত্তঃ) (ততঃ পরম্) অযতিঃ (অপ্রযত্নবান্ জনঃ) যোগাৎ চলিতমানসঃ যোগসংসিদ্ধিম্ অপ্রাপ্য কাং গতিং গচ্ছতি?

৩৮। [অন্বয়ঃ] হে মহাবাহো! ব্রহ্মণঃ পথি (ব্রহ্মপ্রাপ্তিমার্গে) বিমূঢ়ঃ (সন্) অপ্রতিষ্ঠঃ (নিরাশ্রয়ঃ) উভয়বিভ্রষ্টঃ (কর্ম্মমার্গাৎ জ্ঞানমার্গাচ্চ ভ্রষ্টঃ) (সঃ) ছিন্নাভ্রমিব (ছিন্নমেঘ ইব) ন নশ্যতি কচ্চিৎ?

৩৭। স্বামিটী।—অভ্যাসবৈরাগ্যাভাবে কথঞ্চিদপ্রাপ্তসম্যগ্‌-জ্ঞানঃ কিং ফলং প্রাপ্নোতীত্যর্জ্জুন উবাচ—অযতিরিতি। প্রথমং শ্রদ্ধয়োপেত এব যোগে প্রবৃত্তঃ; ন তু মিথ্যাচারতয়া, ততঃ পরন্তু অযতিঃ সম্যক্ ন যততে শিথিলাভ্যাস ইত্যর্থঃ, তথা যোগাচ্চলিতং মানসং বিষয়প্রবণং চিত্তং যস্য মন্দবৈরাগ্য ইত্যর্থঃ, এবমভ্যাসবৈরাগ্য-শৈথিল্যাদ্ যোগস্য সংসিদ্ধিং ফলং জ্ঞানমপ্রাপ্য কাং গতিং প্রাপ্নোতি॥

৩৮। স্বামিটী।—প্রশ্নাভিপ্রায়ং বিবৃণোতি—কচ্চিদিতি। কর্ম্মণা-মীশ্বরেঽর্পিতত্বাদননুষ্ঠানাচ্চ তাবৎ ন কর্ম্মফলং স্বর্গাদিকং প্রাপ্নোতি, যোগানিষ্পত্তেশ্চ মোক্ষং ন প্রাপ্নোতি এবমুভয়স্মাদ্ ভ্রষ্টঃ অপ্রতিষ্ঠো নিরাশ্রয়ঃ অত এব ব্রহ্মণঃ প্রাপ্ত্যুপায়ে পথি মার্গে বিমূঢ়ঃ সন্ কচ্চিৎ

---

৩৬। যাহার চিত্ত অবশীভূত, যোগ লাভ করা তাহার পক্ষে দুর্ঘট, যে যত্নশীল ব্যক্তি অন্তঃকরণকে বশীভূত করিয়াছে, সে ব্যক্তি যথোক্ত উপায় দ্বারা যোগলাভ করিতে সমর্থ হয়॥

৩৭। অর্জ্জুন কহিলেন,—হে কৃষ্ণ! যে ব্যক্তি (প্রথমে) শ্রদ্ধাবান্, কিন্তু পরে যত্নহীন হইয়া যোগভ্রষ্ট হয়, সে যোগসিদ্ধি প্রাপ্ত না হইয়া কি অবস্থা প্রাপ্ত হয়?

৩৯। এতন্মে সংশয়ং কৃষ্ণ ছেত্তুমর্হস্যশেষতঃ।
ত্বদন্যঃ সংশয়স্যাস্য ছেত্তা ন হ্যুপপদ্যতে।

শ্রীভগবানুবাচ—

৪০। পার্থ নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে।
নহি কল্যাণকৃৎ কশ্চিদ্দুর্গতিং তাত গচ্ছতি॥

৩৯। [অন্বয়ঃ] হে কৃষ্ণ! মে (মম) এতং সংশয়ং (সন্দেহম্) অশেষতঃ ছেত্তুং (দূরীকর্ত্তুং) (ত্বম্) অর্হসি, ত্বদন্যঃ অস্য সংশয়স্য ছেত্তা ন হি উপপদ্যতে॥

৪০। [অন্বয়ঃ] শ্রীভগবান্ উবাচ,—হে পার্থ! ইহ (লোকে) তস্য (যোগভ্রষ্টস্য) বিনাশঃ ন এব, অমুত্র [পরস্মিন্ বা লোকে] বিনাশঃ ন বিদ্যতে, হে তাত! হি [যস্মাৎ] কল্যাণকৃৎ (শুভকারী) কশ্চিৎ দুর্গতিং ন গচ্ছতি॥

কিং ন নশ্যতি নশ্যতি বা? নাশে দৃষ্টান্তঃ যথা—ছিন্নমভ্রং পূর্ব্বস্মাদভ্রাদ্বিশ্লিষ্টমভ্রান্তরমপ্রাপ্তং সৎ মধ্য এব বিলীয়তে তদ্বদিত্যর্থঃ॥

৩৯। স্বামিটী।—ত্বয়ৈব সর্ব্বজ্ঞেনায়ং মম সন্দেহো নিরসনীয়ঃ, ত্বত্তোঽন্যস্তু এতৎসন্দেহনিবর্ত্তকো নাস্তীত্যাহ—এতমিতি। এতং এনং, ছেত্তা নিবর্ত্তকঃ। স্পষ্টমন্যৎ॥

৪০। স্বামিটী।—অত্রোত্তরং শ্রীভগবানুবাচ—পার্থেতি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। ইহ লোকে বিনাশ উভয়ভ্রংশাৎ পাতিত্যম্ অমুত্র পরলোকে বিনাশো নরকপ্রাপ্তিস্তদুভয়ং তস্য নাস্ত্যেব, যতঃ কল্যাণকৃৎ শুভকারী কশ্চিদপি দুর্গতিং ন গচ্ছতি। অয়ঞ্চ শুভকারী শ্রদ্ধয়া যোগে প্রবৃত্তত্বাৎ। তাতেতি লোকরীত্যা উপলালয়ন সম্বোধয়তি॥

৩৮। হে মহাবাহো! সে ব্যক্তি কি যোগপথ কি কর্ম্মপথ—উভয় হইতে ভ্রষ্ট, নিরাশ্রয় ও ব্রহ্মলাভের উপায়ে অনভিজ্ঞ হইয়া কি ছিন্ন মেঘের ন্যায় বিনাশ প্রাপ্ত হয় না?

৩৯। হে কৃষ্ণ! তুমিই আমার এই সন্দেহ উচ্ছেদ সম্পূর্ণরূপে করিতে পার, তোমা ভিন্ন আর কেহ এই সংশয় বিদূরিত করিতে পারে, এরূপ ব্যক্তি দেখি না।

৪১। প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে ॥
৪২। অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্।
এতদ্ধি দুর্লভতরং লোকে জন্ম যদীদৃশম্ ॥

৪১। [ অন্বয়ঃ ] যোগভ্রষ্টঃ পুণ্যকৃতাং লোকান্ প্রাপ্য [তত্র] শাশ্বতীঃ সমাঃ (বহূন্ সংবৎসরান্) উষিত্বা (বাসসুখমনুভূয়) শুচীনাং শ্রীমতাং (বিভূতিমতাং) গেহে অভিজায়তে ॥

৪২। [ অন্বয়ঃ ] অথবা ধীমতাং (বুদ্ধিমতাং) যোগিনাম্ এব কুলে ভবতি (উৎপদ্যতে) ঈদৃশং যৎ জন্ম এতৎ হি লোকে দুর্লভতরম্ ॥

৪১। স্বামিটী।—তর্হি কিমসৌ প্রাপ্নোতীত্যপেক্ষায়ামাহ—প্রাপ্যেতি। পুণ্যকৃতাং পুণ্যকারিণামশ্বমেধাদিযাজিনাং লোকান্ প্রাপ্য তত্র শাশ্বতীঃ সমাঃ বহূন্ সংবৎসরান্ উষিত্বা বাসসুখমনুভূয় শুচীনাং সদাচারাণাং শ্রীমতাং ধনিনাং গেহে স যোগভ্রষ্টো জন্ম প্রাপ্নোতি ॥

৪২। স্বামিটী।—অল্পকালাভ্যস্তযোগভ্রংশে গতিবিশেষমুক্ত্বা চিরাভ্যস্তযোগভ্রংশে পক্ষান্তরমাহ—অথবেতি। যোগনিষ্ঠানাং ধীমতাং জ্ঞানিনামেব কুলে জায়তে,নতু পূর্ব্বোক্তানামনারূঢ়যোগানাং কুলে, এতজ্জন্ম স্তৌতি ঈদৃশমিতি ঈদৃশং যৎ জন্ম এতদ্ধি লোকে দুর্লভতরং মোক্ষহেতুত্বাৎ ॥

---

৪০। শ্রীকৃষ্ণ কহিলেন,—হে পার্থ! যোগভ্রষ্ট ব্যক্তির ইহলোকে পাতিত্য কি পরলোকে নরকবাসাদি—ইহার কিছুই হয় না; (কারণ) কোন হিতকারী ব্যক্তিই দুর্গতি প্রাপ্ত হয় না ॥

৪১। যোগভ্রষ্ট ব্যক্তি পুণ্যকারীদিগের প্রাপ্য লোকে বহু বৎসর অবস্থান করিয়া সদাচার ও ধনসম্পন্নদিগের গৃহে জন্মগ্রহণ করে ॥

৪২। অথবা বুদ্ধিমান্ যোগীদিগের বংশে জন্মগ্রহণ করে; সংসারে যোগীদিগের কুলে এরূপ জন্ম অতি দুর্লভ ॥

৪৩। তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদেহিকম্।
যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন ॥
৪৪। পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ।
জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্ততে ॥

৪৩। [ অন্বয়ঃ ] তত্র ( যোগিনাং কুলে ) পৌর্ব্বদেহিকং ( পূর্ব্বদেহভবং ) তং বুদ্ধিসংযোগং ( ব্রহ্মবিষয়যা বুদ্ধ্যা সংযোগং ) লভতে, ততশ্চ হে কুরুনন্দন ভূয়ঃ ( বহুতরং ) সংসিদ্ধৌ ( মোক্ষনিমিত্তং ) যততে ॥

৪৪। [ অন্বয়ঃ ] তেন এব পূর্ব্বাভ্যাসেন ( পূর্ব্বজন্মকৃতসংস্কারবশাৎ ) অবশঃ ( কুতশ্চিৎ অন্তরায়াৎ অনিচ্ছন্ ) অপি সঃ ( যোগভ্রষ্টঃ ) হ্রিয়তে ( ব্রহ্মনিষ্ঠঃ ক্রিয়তে) যোগস্য ( স্বরূপং ) জিজ্ঞাসুঃ এব শব্দব্রহ্ম অতিবর্ত্ততে।

৪৩। স্বামিটী।—ততঃ কিমত আহ—তত্রেতি সার্দ্ধেন। স তত্র দ্বিপ্রকারেঽপি জন্মনি পূর্ব্বদেহে ভবং পৌর্ব্বদেহিকং তমেব ব্রহ্মবিষয়যা বুদ্ধ্যা সংযোগং লভতে, ততশ্চ ভূয়োঽধিকং সংসিদ্ধৌ মোক্ষে প্রযত্নং করোতি ॥

৪৪ স্বামিটী।—অত্র হেতুঃ—পূর্ব্বেতি। তেনৈব পূর্ব্বদেহকৃতাভ্যাসেনাবশোঽপি কুতশ্চিদন্তরায়াদনিচ্ছন্নপি স হ্রিয়তে বিষয়েভ্যঃ পরাবৃত্য ব্রহ্মনিষ্ঠঃ ক্রিয়তে। তদেবং পূর্ব্বাভ্যাসবশেন প্রযত্নং কুর্ব্বন্ শনৈর্মুচ্যতে। ইতীমমর্থং কৈমুত্যন্যায়েন স্পষ্টয়তি—জিজ্ঞাসুরিতি সার্দ্ধেন। যোগস্য স্বরূপং জিজ্ঞাসুরেব কেবলং ; ন তু প্রাপ্তযোগঃ এবম্ভূতযোগে প্রবিষ্টমাত্রোঽপি পাপবশাদ্ যোগভ্রষ্টোঽপি শব্দব্রহ্ম বেদমতিবর্ত্ততে বেদোক্তকর্ম্মফলান্যতিক্রামতি তেভ্যোঽধিকং ফলং প্রাপ্য মচ্যত ইত্যর্থঃ ॥

৪৩। যোগভ্রষ্ট ব্যক্তি সেই জন্মে পূর্ব্বদেহের সেই জ্ঞান-সংযোগ করে এবং মুক্তিলাভবিষয়ে পূর্ব্বজন্ম অপেক্ষা অধিকতর যত্ন করিয়া থাকে।

৪৪। যোগভ্রষ্ট ব্যক্তি কোন অন্তরায়বশতঃ ইচ্ছা না করিলেও পূর্ব্বজন্মের অভ্যাসই তাহাকে ব্রহ্মনিষ্ঠ করে ; তখন তিনি যোগজিজ্ঞাসু হইয়াই বেদোক্ত কর্ম্মফল অপেক্ষা সমধিক ফল লাভ করেন ॥

৪৫। প্রযত্নাদ্‌যতমানস্তু যোগী সংশুদ্ধকিল্বিষঃ।
অনেকজন্মসংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্ ॥
৪৬। তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ।
কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্‌যোগী ভবার্জ্জুন ॥
৪৭। যোগিনামপি সর্ব্বেষাং মদ্‌গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ ॥

৪৫। [ অন্বয়ঃ ] তু ( কিন্তু ) প্রযত্নাৎ যতমানঃ যোগী সংশুদ্ধকিল্বিষঃ ( বিধূত-পাপঃ ) অনেকজন্মসংসিদ্ধঃ ততঃ পরাং ( শ্রেষ্ঠাং ) গতিং যাতি ( প্রাপ্নোতি ) ॥

৪৫। [অন্বয়ঃ ] যোগী তপস্বিভ্যঃ অধিকঃ জ্ঞানিভ্যঃ অপি অধিকঃ কর্ম্মিভ্যশ্চ অধিকঃ ( মম ) মতঃ (অভিমতঃ ) তস্মাৎ হে অর্জ্জুন ! ( ত্বং ) যোগী ভব ॥

৪৬। [ অন্বয়ঃ ] শ্রদ্ধাবান্ যঃ মদ্গতেন অন্তরাত্মনা ( মনসা ) মাং ভজতে স সর্ব্বেষাং যোগিনাম্ অপি যুক্ততমঃ (অতিশয়েন শ্রেষ্ঠঃ) মে (মম) মতঃ ( সম্মতঃ ) ॥

৪৫। স্বামিটী।—যদৈবং মন্দপ্রযত্নোঽপি যোগী পরাং গতিং যাতি তদা যস্তু যোগী প্রযত্নাদুত্তরোত্তরমধিকং যোগে যতমানো যত্নং কর্ব্বন্ যোগেনৈব সংশুদ্ধকিল্বিষো বিধূতপাপঃ সোঽনেকেষু জন্মসু উপচিতেন যোগেন সংসিদ্ধঃ সম্যগ্‌জ্ঞানী ভূত্বা ততঃ শ্রেষ্ঠাং গতিং যাতীতি কিং বক্তব্যমিত্যর্থঃ ॥

৪৬। স্বামিটী।—যস্মাদেবং, তস্মাত্তপস্বিভ্য ইতি। কৃচ্ছ্র-চান্দ্রায়ণাদিতপোনিষ্ঠেভ্যোঽপি জ্ঞানিভ্যঃ শাস্ত্রবিজ্ঞানবিদ্ভ্যোঽপি, কর্ম্মিভ্য ইষ্টাপূর্ত্তাদিকর্ম্মকারিভ্যোঽপি যোগী শ্রেষ্ঠো মমাভিমতঃ; তস্মাত্ত্বং যোগী ভব ॥

---

৪৫। প্রযত্নপূর্ব্বক অভ্যাস করিতে করিতে ক্ষীণপাপ যোগী বহু জন্মে সম্যক্ সিদ্ধি লাভ করিয়া পরম গতি লাভ করেন ॥

৪৭। স্বামিটী।—যোগিনামপি যমনিয়মাদিপরাণাং মধ্যে মদ্ভক্তঃ শ্রেষ্ঠ ইত্যাহ—যোগিনামপাতি। মদ্গতেন ময্যাসক্তেনান্তরাত্মনা মনসা যো মাং পরমেশ্বরং বাসুদেবং শ্রদ্ধাযুক্তঃ সন্ ভজতে স যোগযুক্তেভ্যঃ শ্রেষ্ঠো মম সম্মতঃ অতো মদ্ভক্তো ভবেতি ভাবঃ।

আত্মযোগমবোচদ্ যো ভক্তিযোগশিরোমণিঃ।
তং বন্দে পরমানন্দং মাধবং ভক্তশেবধিম্॥
ইতি ষষ্ঠোঽধ্যায়ঃ॥ ৬ *

---

৪৬। হে অর্জ্জুন। আমার মতে যোগী তপস্বী অপেক্ষা শ্রেষ্ঠ, জ্ঞানী অপেক্ষা শ্রেষ্ঠ এবং কর্ম্মী অপেক্ষাও শ্রেষ্ঠ, অতএব তুমি যোগী হও॥

৪৭। যে ব্যক্তি আমাতে চিত্ত সমর্পণ করিয়া শ্রদ্ধাপূর্ব্বক আমাকে ভজনা করেন, তিনি আমার মতে সকল যোগী অপেক্ষা শ্রেষ্ঠতম॥

* তদনেনাধ্যায়েন কর্ম্মযোগস্য সন্ন্যাসহেতোর্ম্মর্যাদাং দর্শয়তা সাঙ্গং চ যোগং বিবৃণ্বতা মনোনিগ্রহোপায়োপদেশেন যোগভ্রষ্টস্যাত্যন্তিকনাশশঙ্কাবকাশং শিথিলয়তা ত্বং-পদার্থাভিজ্ঞস্য জ্ঞাননিষ্ঠত্বোক্ত্যা বাক্যার্থজ্ঞানান্মুক্তিরিতি সাধিতম্ ইতি আ-টী।

ষষ্ঠ অধ্যায় সমাপ্ত॥ ৬

# সপ্তমোঽধ্যায়ঃ।

## শ্রীভগবানুবাচ—

১। ময্যাসক্তমনাঃ পার্থ যোগং যুঞ্জন্মদাশ্রয়ঃ।
অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছৃণু॥

২। জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ।
যজ্জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্জ্ঞাতব্যমবশিষ্যতে॥

১। [অন্বয়ঃ] ভগবান্ উবাচ—হে পার্থ! ময়ি আসক্তমনাঃ মদাশ্রয়ঃ (সন্) যোগং যুঞ্জন্ (মনঃসমাধানং কুর্ব্বন্) সমগ্রং (সমস্তং বিভূতিবলশক্ত্যৈশ্বর্য্যাদিগুণসম্পন্নং) মাম্ অসংশয়ং যথা জ্ঞাস্যসি তৎ শৃণু॥

২। [অন্বয়ঃ] অহং তে (তুভ্যং) সবিজ্ঞানম্ (বিজ্ঞানসহিতং) ইদং জ্ঞানম্ অশেষতঃ (নিরবশেষং) বক্ষ্যামি যৎ (জ্ঞানং) জ্ঞাত্বা ইহ (শ্রেয়োমার্গে) (বর্ত্তমানস্য) তব ভূয়ঃ অন্যৎ জ্ঞাতব্যং ন অবশিষ্যতে॥

১। স্বামিটী।—"বিজ্ঞেয়মাত্মনস্তত্ত্বং সংযোগং সমুদাহৃতম্। ভজনীয়মথেদানীমৈশ্বরং রূপমীর্য্যতে॥" পূর্ব্বাধ্যায়ান্তে মদ্গতেনান্তরাত্মনা যো মাং ভজতে, স মে যুক্ততমো মত ইত্যুক্তং, তত্র তাদৃশস্ত্বং যস্য ভক্তিঃ কর্ত্তব্যেত্যপেক্ষায়াং স্বরূপং নিরূপয়িষ্যন্ শ্রীভগবানুবাচ—ময়ীতি। ময়ি পরমেশ্বরে আসক্তমভিনিবিষ্টং মনো যস্য সঃ মদাশ্রয়োঽহমেবাশ্রয়ো যস্য অনন্যশরণঃ সন্ যোগং যুঞ্জন্নভ্যস্যন্নসংশয়ং যথা ভবত্যেবং মাং সমগ্রং বিভূতিবলৈশ্বর্য্যাদিসহিতং যথা জ্ঞাস্যসি তদিদং ময়া বক্ষ্যমাণং শৃণু॥

২। স্বামিটী।—বক্ষ্যমাণং স্তৌতি,—জ্ঞানমিতি। জ্ঞানং শাস্ত্রীয়ং, বিজ্ঞানমনুভবস্তৎসহিতমিদং মদ্বিষয়মশেষতঃ সাকল্যেন

---

১। শ্রীভগবান্ কহিলেন—হে পার্থ! তুমি আমার প্রতি অনুরক্ত ও আমার আশ্রিত হইয়া যোগাভ্যাস পূর্ব্বক যে প্রকারে আমাকে সম্পূর্ণরূপে অবগত হইতে পারিবে, তাহা শ্রবণ কর।

৩। মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্ যততি সিদ্ধয়ে।
যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ॥
৪। ভূমিরাপোঽনলো বায়ুঃ খং মনো বুদ্ধিরেব চ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা॥

৩। [অন্বয়ঃ] মনুষ্যাণাং সহস্রেষু (মধ্যে) কশ্চিৎ (পুণ্যবশাৎ) সিদ্ধয়ে (আত্মজ্ঞানায়) যততি তেষাং যততাং (প্রযতমানানাং) সিদ্ধানাম্ অপি (মধ্যে) কশ্চিৎ মাং তত্ত্বতঃ (যথাবৎ) বেত্তি (জানাতি)॥

৪। [অন্বয়ঃ] ভূমিঃ (পৃথিবীতন্মাত্রং) আপঃ (রসতন্মাত্রং) অনলঃ (রূপতন্মাত্রং) বায়ুঃ (স্পর্শতন্মাত্রং) খং (আকাশতন্মাত্রং) মনঃ (মনঃকারণম্ অহঙ্কারঃ) বুদ্ধিঃ (অহঙ্কারকারণং মহত্তত্ত্বং) অহঙ্কারঃ (অবিদ্যাসংযুক্তমব্যক্তং) ইতি ইয়ং মে (মম) অষ্টধা ভিন্না (বিভক্তা) প্রকৃতিঃ (ঐশ্বরী মায়া)॥

বক্ষ্যামি, যজ্জ্ঞাত্বা ইহ শ্রেয়োমার্গে বর্ত্তমানস্য পুনরন্যজ্জ্ঞাতব্যম্ অবশিষ্টং ন ভবতি, তেনৈব কৃতার্থো ভবতীত্যর্থঃ॥

৩। স্বামিটী।—মদ্ভক্তিং বিনা তু মজ্জ্ঞানং দুর্লভমিত্যাহ—মনুষ্যাণামিতি। অসংখ্যাতানাং জীবানাং মধ্যে মনুষ্যব্যতিরিক্তানাং শ্রেয়সি প্রবৃত্তিরেবেহ নাস্তি, মনুষ্যাণান্তু সহস্রেষু মধ্যে কশ্চিদেব প্রকৃষ্টপুণ্যবশাৎ সিদ্ধয়ে আত্মজ্ঞানায় প্রযততে, প্রযত্নং কুর্ব্বতামপি সহস্রেষু কশ্চিদেব প্রাক্তনপুণ্যবশাদাত্মানং বেত্তি, তাদৃশানাঞ্চাত্মজ্ঞানসিদ্ধানাং সহস্রেষু কশ্চিদেব মাং পরমাত্মানং মৎপ্রসাদেন তত্ত্বতো বেত্তি, তদেবমতিদুর্লভমপ্যাত্মতত্ত্বং মজ্জ্ঞানং তুভ্যমহং বক্ষ্যামীত্যর্থঃ॥

৪। স্বামিটী।—এবং শ্রোতারমভিমুখীকৃত্যেদানীং প্রকৃতিদ্বারা

২। আমি যে মদ্বিষয়ক বিজ্ঞান ও তত্ত্বজ্ঞান সম্যক্‌রূপে কীর্ত্তন করিতে প্রবৃত্ত হইতেছি, ইহা অবগত হইলে জ্ঞাতব্য বিষয় আর কিছুই অবগত হইতে অবশিষ্ট থাকে না॥

৩। সহস্র সহস্র মনুষ্যমধ্যে কোন কোন ব্যক্তি আত্মজ্ঞানের নিমিত্ত যত্নবান

৫। অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ ॥

৫। [অন্বয়ঃ] ইয়ম্ অপরা (নিকৃষ্টা) ইতঃ পরাম্ (প্রকৃষ্টাং) অন্যাং জীবভূতাং মে (মম) প্রকৃতিং বিদ্ধি (জানীহি) হে মহাবাহো! যয়া ইদং জগৎ ধার্য্যতে ॥

সৃষ্ট্যাদিকর্ত্তৃত্বেনেশ্বরতত্ত্বং প্রতিজ্ঞাতং নিরূপয়িষ্যন্ পরাপরভেদেন প্রকৃতিদ্বয়মাহ—ভূমিরিতি দ্বাভ্যাম্। ভূম্যাদীনি পঞ্চভূতসূক্ষ্মাণি, (ভূম্যাদিশব্দৈঃ পঞ্চ গন্ধাদিতন্মাত্রাণি উচ্যন্তে) মনঃশব্দেন তৎকারণভূতোঽহঙ্কারঃ; বুদ্ধিশব্দেন তৎকারণং মহত্তত্ত্বম্ অহঙ্কারশব্দেন তৎকারণমবিদ্যা ইত্যেবমষ্টধা ভিন্না। যদ্বা ভূম্যাদিশব্দৈঃ পঞ্চমহাভূতানি সূক্ষ্মৈঃ সহৈকীকৃত্য গৃহ্যন্তে অহঙ্কারশব্দেনৈবাহঙ্কারস্তেনৈব তৎকার্য্যাণীন্দ্রিয়াণ্যপি গৃহ্যন্তে, বুদ্ধিরিতি মহত্তত্ত্বং, মনঃশব্দেন তু মনসৈবোপেযমব্যক্তস্বরূপং প্রধানমত্যনেন প্রকারেণ মে প্রকৃতির্মায়াখ্যা শক্তিরষ্টধা ভিন্না বিভাগং প্রাপ্তা চতুর্ব্বিংশতিভেদভিন্নাপ্যষ্টস্বেবান্তর্ভাববিবক্ষয়াষ্টধা ভিন্নেত্যুক্তম্। তথাচ বক্ষ্যমাণক্ষেত্রাধ্যায়ে ইমামেব প্রকৃতিং চতুর্ব্বিংশতিতত্ত্বাত্মনা প্রপঞ্চয়িষ্যতি—"মহাভূতান্যহঙ্কারো বুদ্ধিরব্যক্তমেব চ। ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ পঞ্চ চেন্দ্রিয়গোচরাঃ ॥" ইতি।

৫। স্বামিটী।—অপরামিমাং প্রকৃতিমুপসংহরন পরাং প্রকৃতিমাহ—অপরেয়মিতি। অষ্টধা যা প্রকৃতিরুক্তা ইয়মপরা নিকৃষ্টা জড়ত্বাৎ পরার্থত্বাচ্চ, ইতঃ সকাশাৎ পরাং প্রকৃষ্টামন্যাং জীবভূতাং জীবস্বরূপাং মে প্রকৃতিং বিদ্ধি জানীহি, পরত্বে হেতুঃ—যয়া চেতনয়া ক্ষেত্রজ্ঞস্বরূপয়া স্বকর্ম্মদ্বারেণেদং জগদ্ধার্য্যতে ॥

---

হয়, আর যত্নশীল সিদ্ধ ব্যক্তিগণের মধ্যে কোন কোন ব্যক্তি প্রকৃতরূপে আমাকে জ্ঞাত হইতে সমর্থ হয় ॥

৪। আমার মায়ারূপ প্রকৃতি—ভূমি, জল, অনল, বায়ু, আকাশ, মন, বুদ্ধি অহঙ্কার, এই আট প্রকারে বিভক্ত ॥

৬। এতদ্‌যোনীনি ভূতানি সর্ব্বাণীত্যুপধারয়।
অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা॥

৭। মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয়।
ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব॥

৬। [অন্বয়ঃ] সর্ব্বাণি ভূতানি এতদ্‌যোনীনি ইতি উপধারয় (জানীহি) যতঃ মম প্রকৃতিঃ সমস্তস্য জগতঃ (কারণং) অতঃ অহং কৃৎস্নস্য (সমস্তস্য) জগতঃ প্রভবঃ (পরমকারণং) তথা অহং প্রলয়ঃ (সংহর্ত্তা)॥

৭। [অন্বয়ঃ] হে ধনঞ্জয়! মত্তঃ পরতরং (অন্যৎ কারণান্তরং) কিঞ্চিৎ ন অস্তি, সূত্রে মণিগণা ইব ইদং সর্ব্বং (জগৎ) ময়ি প্রোতং (গ্রথিতম্)॥

৬। স্বামিটী।—অনয়োঃ প্রকৃতিত্বং দর্শয়ন্ স্বস্য তদ্দ্বারা সৃষ্ট্যাদিকারণত্বমাহ—এতদিতি। এতে ক্ষেত্রক্ষেত্রজ্ঞস্বরূপে প্রকৃতী যোনী কারণভূতে যেষাং তানি এতদ্‌যোনীনি স্থাবরজঙ্গমাত্মকানি সর্ব্বাণি ভূতানীতি উপধারয় বুধ্যস্ব, তত্র জড়া প্রকৃতির্দ্দেহরূপেণ পরিণমতে, চেতনা তু মদংশভূতা ভোক্তৃত্বেন দেহেষু প্রবিশ্য স্ব কর্ম্মণা তানি ধারয়তি, তে চ মদীয়ে প্রকৃতী মত্তঃ সম্ভূতে, অতোঽহমেব কৃৎস্নস্য সপ্রকৃতিকস্য জগতঃ প্রকর্ষেণ ভবত্যস্মাদিতি প্রভবঃ পরমকারণমহমিত্যর্থঃ, তথা প্রলীয়তেঽনেনেতি প্রলয়ঃ সংহর্ত্তাপ্যহমেবেত্যর্থঃ॥

৭। স্বামিটী—যস্মাদেবং তস্মান্মত্ত ইতি। মত্তঃ সকাশাৎ পরতরং শ্রেষ্ঠং জগতঃ সৃষ্টিসংহারয়োঃ স্বতন্ত্রং কারণং কিঞ্চিদপি

৫। হে মহাবাহো! এই প্রকৃতি অপরা (নিকৃষ্টা), এতদ্ভিন্ন আমার আর একটী জীবস্বরূপা পরা (উৎকৃষ্টা অর্থাৎ চেতনময়ী) প্রকৃতি আছে, উহা এই জগৎ ধারণ করিয়া রহিয়াছে॥

৬। স্থাবরজঙ্গমাত্মক ভূতসমুদয় এই ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞস্বরূপ প্রকৃতিদ্বয় হইতে সমুৎপন্ন হইতেছে, অতএব আমিই এই সমস্ত বিশ্বের পরম কারণ ও প্রলয়কর্ত্তা॥

৮। রসোঽহমপ্সু কৌন্তেয় প্রভাস্মি শশিসূর্য্যয়োঃ।
প্রণবঃ সর্ব্ববেদেষু শব্দঃ খে পৌরুষং নৃষু॥
৯। পুণ্যো গন্ধঃ পৃথিব্যাঞ্চ তেজশ্চাস্মি বিভাবসৌ।
জীবনং সর্ব্বভূতেষু তপশ্চাস্মি তপস্বিষু।

৮। [অন্বয়ঃ] হে কৌন্তেয়! অহম্ অপ্সু রসঃ, শশিসূর্য্যয়োঃ প্রভা, সর্ব্ববেদেষু প্রণবঃ, খে (আকাশে) শব্দঃ নৃষু পৌরুষম্ (অস্মি)॥

৯। [অন্বয়ঃ] (কিঞ্চ) (অহং) পৃথিব্যাং পুণ্যঃ গন্ধঃ বিভাবসৌ (অগ্নৌ) চ তেজঃ সর্ব্বভূতেষু তপঃ চ অস্মি॥

নাস্তি, স্থিতিহেতুরপ্যহমেবেত্যাহ—ময়ীতি। ময়ি সর্ব্বমিদং জগৎ প্রোতং গ্রথিতমাশ্রিতমিত্যর্থঃ।' দৃষ্টান্তঃ * স্পষ্টঃ॥

৮। স্বামিটী।—জগৎস্থিতিহেতুত্বমেব প্রপঞ্চয়তি—রসোঽহমিতি পঞ্চভিঃ। অপ্সু রসোঽহং রসতন্মাত্রস্বরূপতয়া বিভূত্যা আশ্রয়ত্বেনাপ্সু স্থিতোঽহমিত্যর্থঃ, তথা শশিসূর্য্যয়োঃ প্রভাস্মি চন্দ্রে সূর্য্যে চ প্রকাশরূপয়া বিভূত্যা তদাশ্রয়ত্বেন স্থিতোঽহমিত্যর্থঃ, অন্যত্রাপ্যেবং দ্রষ্টব্যং,সর্ব্বেষু বেদেষু বৈখরীরূপেষু তন্মূলভূতঃ প্রণবঃ ওঙ্কারোঽস্মি, খে আকাশে শব্দঃ শব্দতন্মাত্ররূপোঽস্মি নৃষু পুরুষেষু পৌরুষমুদ্যমোঽস্মি। উদ্যমে হি পুরুষাস্তিষ্ঠন্তি॥

৯। স্বামিটী।—কিঞ্চ পুণ্য ইতি। পুণ্যোঽবিকৃতো গন্ধো গন্ধতন্মাত্রং পৃথিব্যাশ্রয়ভূতোঽহমিত্যর্থঃ, যদ্বা বিভূতিরূপেণাশ্রয়ত্বস্থ

৭। হে ধনঞ্জয়! আমা হইতে শ্রেষ্ঠ আর কিছুই নাই; যেমন সূত্রে মণিসকল গ্রথিত থাকে, তদ্রূপ আমাতেই এই বিশ্ব গ্রথিত রহিয়াছে॥

৮। হে কৌন্তেয়! আমি সলিলে রসরূপে, চন্দ্র সূর্য্যে প্রভারূপে, সমুদয় বেদে ওঁকাররূপে, আকাশে শব্দরূপে, মনুষ্যসকলে পৌরুষরূপে অবস্থান করিতেছি॥

* যথাচ মণয়ঃ সূত্রেঽনুস্যূতাস্তেনৈব ধ্রিয়ন্তে তদভাবে বিপ্রকীর্য্যন্তে, তথা ময়ৈবাত্মভূতেন সর্ব্বং ব্যাপ্তং ততো নিকৃষ্টং বিনষ্টমেব স্যাদিতি দৃষ্টান্তঃ।

১০। বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্।
বুদ্ধির্বুদ্ধিমতামস্মি তেজস্তেজস্বিনামহম্॥
১১। বলং বলবতামস্মি কামরাগবিবর্জ্জিতম্।
ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি ভরতর্ষভ॥

১০। [অন্বয়ঃ] হে পার্থ! মাং সর্ব্বভূতানাং সনাতনম্ (নিত্যং) বীজং (প্ররোহকারণং) বিদ্ধি (জানীহি) অহং বুদ্ধিমতাং (বিবেকশক্তিমতাং) বুদ্ধিঃ তেজস্বিনাং তেজশ্চ অস্মি॥

১১। [অন্বয়ঃ] হে ভরতর্ষভ। অহং বলবতাং কামরাগবিবর্জ্জিতং বলং, ভূতেষু ধর্ম্মাবিরুদ্ধঃ (শাস্ত্রার্থানুগতঃ) কামঃ চ অস্মি॥

বিবক্ষিতত্বাৎ সুরভিগন্ধস্যৈবোৎকৃষ্টতয়া বিভূতিত্বাৎ পুণ্যো গন্ধ ইত্যুক্তং, তথা বিভাবসৌ অগ্নৌ সত্তেজঃ সহজা দীপ্তিস্তদহম্ সর্ব্বভূতেষু জীবনং প্রাণধারণবায়ুরহমিত্যর্থঃ তপস্বিষু, বানপ্রস্থাদিষু দ্বন্দ্বসহন-রূপং তপোঽস্মি॥

১০। স্বামিটী।—কিঞ্চ বীজমিতি। সর্ব্বেষাং চরাচরাণাং ভূতানাং বীজং সজাতীয়কার্য্যোৎপাদনসামর্থ্যং সনাতনং নিত্যম্ উত্তরোত্তরসর্ব্বকার্য্যেষ্বনুস্যূতং তদেব বীজং মদ্বিভূতিং বিদ্ধি নতু প্রকৃতিব্যক্তিরিব (প্রতিব্যক্তি) নশ্যৎ, তথা বুদ্ধিমতাং বুদ্ধিঃ প্রজ্ঞাহমস্মি, তেজস্বিনাং প্রগল্‌ভানাং তেজঃ প্রাগল্‌ভ্যমহম্॥

১১। স্বামিটী। কিঞ্চ বলমিতি। কামোঽপ্রাপ্তেষু বস্তুষ্বভিলাষো রাজসঃ, রাগঃ পুনরভিলষিতেঽর্থে প্রাপ্তেঽপি পুনরধিকেঽর্থে চিত্তরঞ্জনাত্মকস্তৃষ্ণাপরপর্য্যায়স্তামসস্তাভ্যাং বিবর্জ্জিতং বল-

---

৯। আমিই পৃথিবীতে পবিত্র গন্ধরূপে, অনলে তেজোরূপে, সর্ব্বভূতে জীবনরূপে ও তপস্বিগণে তপস্যারূপে অবস্থান করিতেছি॥

১০। হে পার্থ! তুমি আমাকে সর্ব্বভূতের সনাতন বীজ বলিয়া অবগত হও, আমি বুদ্ধিমানদিগের বুদ্ধি এবং তেজস্বীদিগের তেজঃস্বরূপ॥

১২। যে চৈব সাত্ত্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে।
মত্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি॥
১৩। ত্রিভির্গুণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্॥

১২। [অন্বয়ঃ] যে চ এব সাত্ত্বিকাঃ রাজসাঃ তামসাঃ চ ভাবাঃ (জায়ন্তে) তান্ মত্ত এব (জাতান্) ইতি বিদ্ধি (জানীহি) তেষু (ভাবেষু) অহং ন তু (বর্ত্তে) তে তু (ভাবাঃ) ময়ি (বর্ত্তন্তে)॥

১৩। [অন্বয়ঃ] এভিঃ গুণময়ৈঃ ত্রিভিঃ (সত্ত্বরজস্তমোগুণবিকারৈঃ) ভাবৈঃ (স্বভাবৈঃ) মোহিতম্ ইদং সর্ব্বং জগৎ এভ্যঃ (ভাবেভ্যঃ) পরম্ অব্যয়ং (সর্ব্ব-বিকারবর্জ্জিতম্) মাং ন অভিজানাতি॥

বতাং বলমস্মি, সাত্ত্বিকং স্বধর্ম্মানুষ্ঠানসামর্থ্যমহমিত্যর্থঃ, ধর্ম্মেণা-বিরুদ্ধঃ স্বদারেষু পুত্রোৎপাদনমাত্রোপযোগী কামোঽহমিতি॥

১২। স্বামিটী।—কিঞ্চ যে চৈবেতি। যে চান্যেঽপি সাত্ত্বিকা ভাবাঃ শমদমাদয়ঃ রাজসাশ্চ দ্বেষদর্পাদয়ঃ তামসাশ্চ শোকমোহাদয়ঃ প্রাণিনাং স্বকর্ম্মবশাজ্জায়ন্তে তান্ সর্ব্বান্ মত্ত এব জাতানিতি বিদ্ধি, মদীয়প্রকৃতিগুণত্রয়কার্য্যত্বাৎ, এবমপি তেম্বহং ন বর্ত্তে জীব-বত্তদধীনোঽহং ন ভবামীত্যর্থঃ, তে তু মদধীনাঃ সন্তো ময়ি বর্ত্তন্তে॥

১৩। স্বামিটী।—এবম্ভূতং ত্বাং পরমেশ্বরময়ং জনঃ কিমিতি ন জানাতীত্যত আহ—ত্রিভিরিতি। ত্রিভিস্ত্রিবিধৈরেভিঃ পূর্ব্বোক্তৈর্গুণময়ৈঃ কামলোভাদিভির্গুণবিকারৈর্ভাবৈঃ স্বভাবৈর্ম্মোহিতমিদং

১১। হে ভরতর্ষভ! আমি বলবানের কামনা ও অনুরাগরহিত অথবা দুরাকাঙ্ক্ষাশূন্য বল এবং সর্ব্বভূতের ধর্ম্মানুগত কাম॥

১২। যে সমস্ত সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ভাব আছে, তাহা আমা হইতেই উৎপন্ন জানিবে, ঐ সকল ভাবে আমি থাকি না, কিন্তু তাহারা আমাতে থাকে অর্থাৎ সাত্ত্বিকাদিভাব আমারই অধীন; কিন্তু আমি কদাচ ঐ সকলের বশীভূত নহি॥

১৪। দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে॥
১৫। ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ॥

১৪। [অন্বয়ঃ] এষা গুণময়ী দৈবী (মম ঈশ্বরস্য) মায়া (শক্তিঃ) দুরত্যয়া (দুস্তরা) যে মাম্ এব প্রপদ্যন্তে (শরণং গচ্ছন্তি) তে এতাং মায়াং (বৈষ্ণবীং শক্তিং) তরন্তি (অতিক্রামন্তি)॥

১৫। [অন্বয়ঃ] দুষ্কৃতিনঃ মূঢ়াঃ মায়য়া অপহৃতজ্ঞানাঃ নরাধমাঃ আসুরং ভাবম্ (হিংসানৃতাদিলক্ষণং) আশ্রিতাঃ (সন্তঃ) মাং ন প্রপদ্যন্তে॥

জগৎ অতো মাং নাভিজানাতি। কথম্ভূতম্? এভ্যো ভাবেভ্যঃ পরম্ এভিরসংস্পৃষ্টম্ এতেষাং নিয়ন্তারম্ অত এবাব্যয়ং নির্ব্বিকার-মিত্যর্থঃ॥

১৪। স্বামিটী।—কে তর্হি ত্বাং জানন্তীত্যত আহ—দৈবীতি। দৈবী অলৌকিকী অত্যদ্ভুতেত্যর্থঃ, গুণময়ী সত্ত্বাদিগুণবিকারাত্মিকা মম পরমেশ্বরস্য শক্তির্মায়া দুরত্যয়া দুস্তরা হি প্রসিদ্ধমেতত্তথাপি যে মামেবেত্যেবকারেণাব্যভিচারিণ্যা ভক্ত্যা প্রপদ্যন্তে ভজন্তি, তে মায়ামেতাং সুদুস্তরামপি তরন্তি ততো মাং জানন্তীতি ভাবঃ॥

১৫। স্বামিটী।—যদ্যেবং (কিমিতি) তর্হি সর্ব্বে ত্বামেব ন ভজন্তীত্যত আহ—ন মামিতি। নরেষু যেঽধমাস্তে মাং ন প্রপদ্যন্তে ন ভজন্তি। অধমত্বে হেতুঃ—মূঢ়া বিবেকশূন্যাঃ, তৎ কুতঃ? দুষ্কৃতিনঃ পাপশীলাঃ, অতো মায়য়াপহৃতং নিরস্তং শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং

১৩। জগতীস্থ সমুদয় লোক এই ত্রিগুণাত্মক ভাবে বিমোহিত হইয়া আমাকে ত্রিগুণাতীত নির্ব্বিকার বলিয়া অবগত হইতে সমর্থ হয় না॥

১৪। অলৌকিক গুণময়ী নিতান্ত দুস্তরা আমার এক মায়া আছে; যাহারা আমাকে আশ্রয় করে, তাহারাই ঐ মায়া অতিক্রম করিতে সমর্থ হয়॥

১৬। চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন।
আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ॥
১৭। তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে।
প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ॥

১৬।[ অন্বয়ঃ ] হে ভরতর্ষভ! অর্জ্জুন! আর্ত্তঃ ( তস্করব্যাঘ্ররোগাদিনা অভিভূতঃ), জিজ্ঞাসুঃ (ভগবত্তত্ত্বং জ্ঞাতুমিচ্ছুঃ) অর্থার্থী ( ধনকামী ), জ্ঞানী ( মুমুক্ষুঃ ) চ এতে চতুর্ব্বিধাঃ সুকৃতিনঃ ( পূর্ব্বজন্মকৃতপুণ্যসঞ্চয়াঃ) মাং ভজন্তে॥

১৭। [ অন্বয়ঃ ] তেষাং ( মধ্যে ) নিত্যযুক্তঃ ( সদা মচ্চিত্তঃ ) একভক্তিঃ ( একস্মিন্ ময্যেব ভক্তিঃ স্নেহবিশেষো যস্য তাদৃশঃ জ্ঞানী বিশিষ্যতে ( বিশিষ্টো ভবতি ) অহং জ্ঞানিনঃ অত্যর্থং প্রিয়ঃ, সঃ চ মম ( প্রিয়ঃ ) ॥

জ্ঞাতমপি জ্ঞানং যেষাং তে তথা অত এব "দম্ভো দর্পোঽভিমানশ্চ ক্রোধঃ পারুষ্যমেব চ" ইত্যাদিনা বক্ষ্যমাণমাসুরং ভাবং স্বভাবং প্রাপ্তাঃ সন্তো ন মাং ভজন্তি॥

১৬। স্বামিটী।—সুকৃতিনস্তু মাং ভজন্ত্যেব, তে চ সুকৃততারতম্যান চতুর্ব্বিধা ইত্যাহ—চতুর্ব্বিধা ইতি। পূর্ব্বজন্মসু যে কৃতপুণ্যাঃ জনাস্তে মাং ভজন্তি, তে তু চতুর্ব্বিধাঃ,—আর্ত্তো রোগাদ্যভিভূতঃ, স যদি পূর্ব্বং কৃতপুণ্যস্তর্হি মাং ভজতি, অন্যথা ক্ষুদ্রদেবতাভজনেন সংসরতি এবমুত্তরত্রাপি দ্রষ্টব্যম্। জিজ্ঞাসুরাত্মজ্ঞানেচ্ছুঃ, অর্থার্থী অত্র পরত্র বা ভোগসাধনভূতার্থলিপ্সুঃ, জ্ঞানী চাত্মবিৎ॥

১৭। স্বামিটী।—এতেষাং মধ্যে জ্ঞানী শ্রেষ্ঠ ইত্যাহ—তেষামিতি। তেষাং মধ্যে জ্ঞানী বিশিষ্টঃ, তত্র হেতবঃ—নিত্যযুক্তঃ সদা

---

১৫। ঐ মায়া দ্বারা যাহাদিগের জ্ঞান অপহৃত হইয়াছে এবং যাহারা আসুর ভাব ( হিংসামিথ্যাদি ) অবলম্বন করিয়াছে, সেই সমস্ত দুষ্কর্ম্মকারী নরাধম মূর্খ কদাচ আমাকে প্রাপ্ত হয় না॥

১৬। হে ভরতকুলগৌরব অর্জ্জুন! আর্ত্ত, আত্মজ্ঞানাভিলাষী অর্থকামী ও জ্ঞানী এই চারি প্রকার পুণ্যবান্ লোক আমার আরাধনা করে॥

১৮। উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মতম্।
আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবানুত্তমাং গতিম্॥
১৯। বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্ মাং প্রপদ্যতে।
বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্ল্লভঃ॥

১৮। [অন্বয়ঃ] এতে সর্ব্বে এব উদারাঃ (শ্রেষ্ঠাঃ), জ্ঞানী তু আত্মা এব (ইতি) মে (মম) মতং, হি (যতঃ) যুক্তাত্মা (মদেকচিত্তঃ) সঃ (জ্ঞানী) অনুত্তমাং (সর্ব্বোৎকৃষ্টাং) গতিং মাম্ এব আস্থিতঃ (আশ্রিতবান্)॥

১৯। [অন্বয়ঃ] বহূনাং জন্মনাম্ অন্তে (শেষে) জ্ঞানবান্ (সন্) সর্ব্বং (ইদং চরাচরং) বাসুদেবঃ ইতি (সর্ব্বাত্মদৃষ্ট্যা) মাং প্রপদ্যতে, স মহাত্মা সুদুর্ল্লভঃ॥

মন্নিষ্ঠঃ, একস্মিন্ ময্যেব ভক্তির্যস্য সঃ। জ্ঞানিনো দেহাদ্যভিমানাভাবেন চিত্তবিক্ষেপাভাবান্নিত্যযুক্তত্বমেকান্তভক্তিত্বঞ্চ সম্ভবতি নান্যস্য, অত এব তস্যাহমত্যন্তং প্রিয়ঃ, স চ মম, তস্মাদেতৈর্নিত্যযুক্তত্বাদিভিশ্চতুর্ভির্হেতুভিঃ স উত্তম ইত্যর্থঃ *॥

১৮। স্বামিটী।—তর্হি কিম্ ইতরে ত্রয়স্ত্বদ্ভক্তাঃ সংসরন্তি? ন হি নহীত্যাহ—উদারা ইতি। সর্ব্বেঽপ্যেতে উদারা মহান্তঃ মোক্ষভাজ এবেত্যর্থঃ, জ্ঞানী তু পুনরাত্মৈবেতি মে মতং নিশ্চয়ঃ, হি যস্মাৎ স জ্ঞানী যুক্তাত্মা মদেকচিত্তঃ সন্ ন বিদ্যতে উত্তমা যস্যাস্তামনুত্তমাং সর্ব্বোত্তমাং গতিং মামেবাস্থিতঃ আশ্রিতবান্ মদ্ব্যতিরিক্তমন্যৎ ফলং ন মন্যত ইত্যর্থঃ॥

---

১৭। তন্মধ্যে একনিষ্ঠ ভক্তিযুক্ত ও যোগযুক্ত জ্ঞানিই শ্রেষ্ঠ; আমি জ্ঞানবানের অত্যন্ত প্রিয় এবং জ্ঞানবানও আমার একান্ত প্রীতিভাজন॥

১৮। পূর্ব্বোক্ত চারি প্রকার উপাসকই মোক্ষ প্রাপ্ত হইয়া থাকে; কিন্তু আমার মতে জ্ঞানীই আমার স্বরূপ, তিনি মদেকচিত্ত হইয়া আমাকেই একমাত্র শ্রেষ্ঠ অবলম্বন অবধারণ করত আশ্রয় করিয়া থাকেন॥

---

* নহি কশ্চিৎ ভক্তো বাসুদেবস্য অপ্রিয়ো ভবতি, জ্ঞানী তু অত্যর্থং প্রিয়ো ভবতীতি বিশেষঃ। ইতি শা ভা।

২০। কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।
তং তং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া ॥

২০। [ অন্বয়ঃ ] তৈঃ তৈঃ ( পুত্রপশুস্বর্গাদিবিষয়ৈঃ ) কামৈঃ হৃতজ্ঞানাঃ তং তং নিয়মম্ আস্থায় ( আশ্রিত্য ) স্বয়া ·( স্বকীয়য়া ) প্রকৃত্যা ( স্বভাবেন ) নিয়তাঃ ( নিয়মিতাঃ সন্তঃ ) অন্যদেবতাঃ প্রপদ্যন্তে ( ভজন্তি ) ॥

১৯। স্বামিটী।—এবম্ভূতো মদ্ভক্তোঽতিদুর্ল্লভ ইত্যাহ—বহূনামিতি। বহূনাং জন্মনাং কিঞ্চিৎ কিঞ্চিৎ পুণ্যোপচয়েন অন্তে চরমে জন্মনি জ্ঞানবান্ সন্ সর্ব্বমিদং চরাচরং বাসুদেব এবেতি সর্ব্বাত্মদৃষ্ট্যা মাং প্রপদ্যতে ভজতি, অতঃ স মহাত্মা অপরিচ্ছিন্নদৃষ্টিঃ সুদুর্ল্লভঃ ॥

২০। স্বামিটী।—তদেবং কামিনোঽপি সন্তঃ কামপ্রাপ্তয়ে পরমেশ্বরং মামেব যে ভজন্তি, তে কামান্ প্রাপ্য শনৈর্মুচ্যন্তে ইত্যুক্তং, যে ত্বত্যন্তং রাজসাস্তামসাশ্চ কামাভিভূতাঃ ক্ষুদ্রদেবতাঃ সেবন্তে, তে সংসরন্তীত্যাহ—কামৈরিতি চতুর্ভিঃ। যে তু তৈস্তৈঃ পুত্রকীর্ত্তিশত্রুজয়াদিবিষয়ৈঃ কামৈরপহৃতবিবেকাঃ সন্তোঽন্যাঃ ক্ষুদ্রা ভূতপ্রেতযক্ষাদিদেবতা ভজন্তি, কিং কৃত্বা? তত্তদ্দেবতারাধনে যো যো নিয়ম উপবাসাদিলক্ষণস্তং তং নিয়মং স্বীকৃত্য তত্রাপি চ স্বীয়য়া প্রকৃত্যা পূর্ব্বাভ্যাসবাসনয়া নিয়তা বশীকৃতাঃ সন্তো দেবতাবিশেষং ভজন্তি ॥

১৯। বহু জন্ম অতিক্রান্ত হইলে জ্ঞানবান্ ব্যক্তি "বাসুদেবই এই চরাচর বিশ্ব" এইরূপ বিবেচনা করিয়া আমাকে প্রাপ্ত হন, কিন্তু তাদৃশ মহাত্মা নিতান্ত দুর্লভ ॥

২০। অন্য উপাসকেরা স্বীয় প্রকৃতির বশীভূত ও শত্রুজয়াদি কামনা দ্বারা হতজ্ঞান হইয়া উপবাসাদি নিয়ম অবলম্বনপূর্ব্বক ভূত প্রেত প্রভৃতি ক্ষুদ্র দেবতাদিগের আরাধনা করিয়া থাকেন ॥

২১। যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতু-
মিচ্ছতি।
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্॥
২২। স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে।
লভতে চ ততঃ কামান্ময়ৈব বিহিতান্ হি তান্॥

২১। [ অন্বয়ঃ ] যঃ যঃ ভক্তঃ যাং যাং তনুং ( দেবতারূপাং মদীয়ামেব মূর্ত্তিং ) শ্রদ্ধয়া অর্চ্চিতুম্ ( পূজয়িতুম্ ) ইচ্ছতি তস্য তস্য (ভক্তস্য) তাম্ ( তত্তন্মূর্ত্তিবিষয়াং ) এব শ্রদ্ধাং ( ভক্তিং ) দৃঢ়াম্ ( অচলাং ) অহং বিদধামি ( স্থিরীকরোমি ) ॥.

২২। [ অন্বয়ঃ ] স তয়া শ্রদ্ধয়া যুক্তঃ (সন্) তস্যাঃ ( দেবতায়াঃ ) আরাধনম্ ঈহতে (চেষ্টতে) ততঃ ( তস্যারাধিতদেবতায়াঃ সকাশাৎ ) ময়া ( পরমেশ্বরেণ ) এব বিহিতান্ তান্ কামান্ হি লভতে॥

২১। স্বামিটী।—যো যো যামিতি। দেবতাবিশেষং যে ভজন্তি, তেষাং মধ্যে যো যো ভক্তো যাং যাং তনুং দেবতারূপাং মদীযামেব মূর্ত্তিং শ্রদ্ধয়া অর্চ্চিতুম্ ইচ্ছতি প্রবর্ত্ততে, তস্য তস্য ভক্তস্য তত্তন্মূর্ত্তি-বিষয়াং তামেব শ্রদ্ধামচলাং দৃঢ়ামহমন্তর্যামী বিদধামি করোমি॥

২২। স্বামিটী।—ততশ্চ স তযেতি। স ভক্তস্তয়া দৃঢ়য়া শ্রদ্ধয়া তস্যাস্তনোরারাধনমীহতে করোতি, ততশ্চ যে সঙ্কল্পিতাঃ কামাস্তান্ কামাংস্ততো দেবতাবিশেষাৎ লভন্তে, কিন্তু ময়ৈব তত্তদ্দেবতান্তর্যা-মিণা বিহিতান্ নির্ম্মিতান্, হি * স্ফুটমেব [তৎ], তত্তদ্দেবতানামপি মদধীনত্বান্মন্মূর্ত্তিত্বাচ্চেত্যর্থঃ॥

২১। যে যে ভক্ত শ্রদ্ধাসহকারে যে কোন দেবতারূপ মদীয় মূর্ত্তি অর্চ্চনা করিতে অভিলাষ করেন, আমি তাঁহাদিগকে সেই দেবতাবিষয়িণী অচলা ভক্তি প্রদান করিয়া থাকি॥

* হিতান্ ইত্যেকপদং বা অহিতত্বেঽপি হিতত্বয়া প্রতীয়মানামিত্যর্থঃ। হি তানিতি পদচ্ছেদে হিতত্বং কামানামুপচরিতং কল্প্যং, নহি কামাঃ হিতাঃ কস্যচিৎ ইতি কেচিৎ।

২৩। অন্তবৎ তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসাম্।
দেবান্ দেবযজো যান্তি মদ্ভক্তা যান্তি মামপি॥
২৪। অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ।
পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্॥

২৩। [অন্বয়ঃ] তু (কিন্তু) অল্পমেধসাং (অল্পবুদ্ধীনাং) তেষাং তৎফলম্ অন্তবৎ (বিনশ্বরং) দেবযজঃ (দেবোপাসকাঃ) দেবান্ (বিনশ্বরদেবতাঃ) যান্তি (লভন্তে), মদ্ভক্তাঃ মাং (অনাদ্যনন্তং) যান্তি (প্রাপ্নুবন্তি)॥

২৪। [অন্বয়ঃ] অবুদ্ধয়ঃ (বিবেকশূন্যাঃ) মম অব্যয়ম্ (নিত্যং) অনুত্তমং (উৎকৃষ্টং) পরং ভাবম্ (স্বরূপং) অজানন্তঃ অব্যক্তং (অপ্রকাশিতম্) মাং ব্যক্তিম্ (মনুষ্যকূর্ম্মাদিভাবং) আপন্নং (প্রাপ্তং) মন্যন্তে॥

২৩। স্বামিটী। তদেবং যদ্যপি সর্ব্বা অপি দেবতা মমৈব তনবোঽতস্তদারাধনমপি বস্তুতো মদারাধনমেব তত্তৎফলদাতাপি চাহমেব। তথাপি সাক্ষান্মদ্ভক্তানাঞ্চ তেষাঞ্চ ফলবৈষম্যং ভবতীত্যাহ—অন্তবদিতি। অল্পমেধসাং পরিচ্ছিন্নদৃষ্টীনাং ময়া দত্তমপি তৎ ফলমন্তবৎ বিনাশি ভবতি. তদেবাহ—দেবান্ যজন্তীতি দেবযজস্তে দেবান্ অন্তবতো যান্তি, মদ্ভক্তাস্তু মামনাদ্যনন্তং পরমানন্দং প্রাপ্নুবন্তি॥

২৪। স্বামিটী।—নন্থ চ সমানে প্রয়াসে মহতি চ ফলবিশেষে সতি সর্ব্বেঽপি কিমিতি দেবতান্তরং হিত্বা ত্বামেব ন ভজন্তি? তত্রাহ—অব্যক্তমিতি। অব্যক্তং প্রপঞ্চাতীতং মাং ব্যক্তং মনুষ্যমৎস্যকূর্ম্মাদিভাবং প্রাপ্তমল্পবুদ্ধয়ো মন্যন্তে, তত্র হেতুঃ—মম পরং ভাবং স্বরূপ-

২২। তাঁহারা সুদৃঢ় শ্রদ্ধা সহকারে সেই সকল দেবতার আরাধনা করেন, তৎপরে আমা হইতেই সেই সেই অভিলষিত বিষয় সকল প্রাপ্ত হইয়া থাকেন॥

২৩। কিন্তু সেই সকল অল্পবুদ্ধি ব্যক্তিদিগের মৎ-প্রদত্ত ফলসমুদয় ক্ষয় হইয়া যায়, দেবযাজীব্যক্তিরা নশ্বর দেবতা প্রাপ্ত হয়, আর আমার ভক্তগণ অনাদিস্বরূপ আমাকেই প্রাপ্ত হইয়া থাকেন॥

২৫। নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃতঃ।
মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্ ॥
২৬। বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন।
ভবিষ্যাণি চ ভূতানি মান্তু বেদ ন কশ্চন ॥

২৫। [ অন্বয়ঃ ] অহং যোগমায়াসমাবৃতঃ ( সন্ ) সর্ব্বস্য ( দৃষ্টিবিষয়ে ) প্রকাশঃ ন (ভবামি), (অতঃ) মূঢ়ঃ অযং লোকঃ অজম্ অব্যয়ং মাং ন অভিজানাতি ॥

২৬। [ অন্বয়ঃ ] হে অর্জ্জুন! সমতীতানি বর্ত্তমানানি ভবিষ্যাণি চ ভূতানি অহং বেদ (জানামি) তু (কিন্তু) কশ্চন (একঃ অপি) মাং ন বেদ (জানাতি) ॥

মজানন্তঃ, কথম্ভূতম্? অব্যয়ং নিত্যং, ন বিদ্যতে উত্তমো ভাবো যস্মাৎ তং ( মম ) ভাবম, অতো জগদ্রক্ষণার্থং লীলয়াবিস্কৃতনানা-বিশুদ্ধোর্জ্জিতসত্ত্বমূর্ত্তিং মাং পরমেশ্বরং স্বকর্ম্মনির্ম্মিতভৌতিকদেহং দেবতান্তরসমং পশ্যন্তো মন্দমতয়ো মাং নাতীবাদ্রিয়ন্তে, প্রত্যুত ক্ষিপ্রফলদং দেবতান্তরমেব ভজন্তি, তে চোক্তপ্রকারেণান্তবৎ ফলং প্রাপ্নুবন্তীত্যর্থঃ ॥

২৫। স্বামিটী।—তেষাং স্বাজ্ঞানে হেতুমাহ—নাহমিতি। সর্ব্বস্য লোকস্য নাহং প্রকাশঃ প্রকটো ন ভবামি, কিন্তু মদ্ভক্তানামেব; যতো যোগমায়য়া সমাবৃতঃ যোগো যুক্তির্মদীযঃ কোঽপ্যচিন্ত্যপ্রজ্ঞাবিলাসঃ, স এব মায়া অঘটনঘটনা-পটীয়স্ত্বাৎ, তয়া সঙ্গন্নঃ অত এব মৎস্বরূপজ্ঞানে মূঢ়ঃ সন্নযং লোকোঽজমব্যয়ঞ্চ মাং ন জানাতীতি ॥

২৬। স্বামিটী।—সর্ব্বোত্তমং মৎস্বরূপমজানন্ত ইত্যুক্তং, তদেব

---

২৪। আমি অব্যক্ত, কিন্তু নির্ব্বোধ মনুষ্যেরা আমার নিত্য, সর্ব্বোত্তম, অব্যয় ও অতি উৎকৃষ্ট রূপ অবগত না হইয়া আমাকে মনুষ্য, মীন ও কূর্ম্মাদি ভাবাপন্ন মনে করে ॥

২৫। আমি যোগমায়ায় প্রচ্ছন্ন হইয়া আছি, সকলের সমক্ষে কদাচ প্রকাশমান হই না, এই নিমিত্ত মূঢ়েরা আমাকে জন্মহীন ও মৃত্যুহীনরূপে অবগত নয় ॥

২৭। ইচ্ছাদ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন ভারত।
সর্ব্বভূতানি সম্মোহং সর্গে যান্তি পরন্তপ॥

২৭। [অন্বয়ঃ] হে পরন্তপ! ভারত! সর্গে (স্থূলদেহোৎপত্তৌ সত্যাং) ইচ্ছাদ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন (শীতোষ্ণসুখদুঃখনিমিত্তেন মোহেন) সর্ব্বভূতানি সম্মোহং যান্তি॥

স্বস্য সর্ব্বোত্তমত্বমনাবৃতজ্ঞানশক্তিত্বেন দর্শয়ন্নন্যেষামজ্ঞানমেবাহ—বেদাহমিতি। সমতীতানি বিনষ্টানি বর্ত্তমানানি ভাবীনি চ ত্রিকালবর্ত্তীনি ভূতানি স্থাবরজঙ্গমানি সর্ব্বাণ্যহং বেদ জানামি, মায়াশ্রয়ত্বান্মম, তস্যাঃ স্বাশ্রয়ব্যামোহকত্বাভাবাদিতি প্রসিদ্ধম্, মান্তু কোঽপি ন বেত্তি মন্মায়ামোহিতত্বাৎ, প্রসিদ্ধং হি লোকে মায়ায়াঃ স্বাশ্রয়াধীনত্বমন্যমোহকত্বঞ্চেতি॥

২৭। স্বামিটী—তদেবং মায়াবিষয়ত্বেন জীবানাং পরমেশ্বরাজ্ঞানমুক্তং, তস্যৈবাজ্ঞানস্য দৃঢত্বে কারণমাহ—ইচ্ছেতি। সৃজ্যত ইতি সর্গঃ, সর্গে স্থূলদেহোৎপত্তৌ সত্যাং তদনুকূলে ইচ্ছা তৎপ্রতিকূলে চ দ্বেষস্তাভ্যাং সমুত্থঃ সমুদ্ভূতো যঃ শীতোষ্ণসুখদুঃখাদিদ্বন্দ্বনিমিত্তো মোহো বিবেকভ্রংশস্তেন সর্ব্বাণি ভূতানি সম্মোহং যান্তি, অহমেব সুখী দুঃখী চেতি গাঢ়তরমভিনিবেশং প্রাপ্নুবন্তি, অতস্তানি মজ্জ্ঞানাভাবান্মাং ন জান[ভন্ত]ন্তীতি ভাবঃ॥

২৬। হে অর্জ্জুন! আমি ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই তিন বিষয়ই বিদিত আছি, কিন্তু আমাকে কেহই জ্ঞাত নয়॥

২৭। হে শত্রুতাপন, ভারত! জন্মগ্রহণ করিলেই ভূতসকল ইচ্ছাদ্বেষসমুত্থিত শীতোষ্ণাদিদ্বন্দ্বনিমিত্ত মোহে বিমোহিত হইয়া থাকে॥

২৮। যেষাং ত্বন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাম্ ।
তে দ্বন্দ্বমোহনির্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ ॥

২৯। জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে।
তে ব্রহ্ম তদ্বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্ম চাখিলম্ ॥

২৮। [অন্বয়ঃ] পুণ্যকর্ম্মণাং যেষাং তু জনানাং পাপম্ অন্তগতং (ক্ষীণং) দ্বন্দ্বমোহনির্ম্মুক্তাঃ তে দৃঢ়ব্রতাঃ [সন্তঃ] মাং ভজন্তে ॥

২৯। [অন্বয়ঃ] যে জরামরণমোক্ষায় মাম্ আশ্রিত্য যতন্তি (প্রযত্নং কুর্ব্বন্তি) তে (তৎপরং) ব্রহ্ম কৃৎস্নম্ (সমস্তং) অধ্যাত্মং (প্রত্যগাত্মবিষয়ং বস্তু) অখিলং (সকলং) কর্ম্ম চ বিদুঃ (জানন্তি) ॥

২৮। স্বামিটী।—কুতস্তর্হি কেচন ত্বাং ভজন্তো দৃশ্যন্তে, তত্রাহ —যেষামিতি। যেষান্তু পুণ্যাচরণশীলানাং সর্ব্বং প্রতিবন্ধকং পাপমন্তগতং নষ্টং, তে দ্বন্দ্বনিমিত্তেন মোহেন বিনির্ম্মুক্তাঃ দৃঢ়ব্রতাঃ একান্তিনঃ সন্তো মাং ভজন্তে ॥

২৯। স্বামিটী।—এবঞ্চ মাং ভজন্তস্তে সর্ব্বং বিজ্ঞেয়ং বিজ্ঞায় কৃতার্থা ভবন্তীত্যাহ—জরেতি। জরামরণযোর্নিরসনার্থং মামাশ্রিত্য যে প্রযতন্তে, তে তৎ পরং ব্রহ্ম বিদুঃ, কৃৎস্নমধ্যাত্মঞ্চ বিদুঃ, যেন তৎ প্রাপ্তব্যং, তং দেহাদিব্যতিরিক্তং শুদ্ধমাত্মানঞ্চ জানন্তীত্যর্থঃ, তৎ-সাধনভূতমখিলং সরহস্যং কর্ম্ম চ জানন্তি ॥

২৮। কিন্তু যে সমস্ত পুণ্যাত্মাদিগের পাপ বিনষ্ট ও শীতোষ্ণাদিদ্বন্দ্বনিমিত্ত মোহ অপগত হইয়াছে, সেই সমস্ত কঠোরব্রতপরায়ণ মহাত্মারাই আমাকে আরাধনা করেন ॥

২৯। যাঁহারা আমাকে আশ্রয় করিয়া জরা মৃত্যু হইতে নির্ম্মুক্ত হইবার জন্য যত্ন করেন, তাঁহারাই সমগ্র অধ্যাত্ম বিষয়, নিখিল কর্ম্ম ও সনাতন ব্রহ্ম অবগত হইতে সমর্থ হন ॥

৩০। সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞঞ্চ যে বিদুঃ।
প্রয়াণকালেঽপি চ মাং তে বিদুর্যুক্তচেতসঃ ॥

ইতি...বিজ্ঞানযোগো নাম সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭ ॥

৩০। [**অন্বয়ঃ**] যে চ মাং সাধিভূতাধিদৈবং সাধিযজ্ঞং চ বিদুঃ, তে যুক্তচেতসঃ প্রয়াণকালে ( মৃত্যুসময়ে ) অপি চ * মাং বিদুঃ ॥

৩০। **স্বামিটী**।—নচৈবম্ভূতানাং যোগভ্রংশশঙ্কাপীত্যাহ—সাধিভূতেতি। অধিভূতাদিশব্দানামর্থং শ্রীভগবানেব উত্তরাধ্যায়ে ব্যাখ্যাস্যতি। অধিভূতেনাধিদৈবেন চ সহ অধিযজ্ঞেন চ সহ মাং যে ভজন্তি, তে যুক্তচেতসো ময্যাসক্তমনসঃ প্রয়াণকালেঽপি মরণসময়েঽপি মাং বিদুর্জানন্তি, ন তু তদাপি ব্যাকুলীভূয় মাং বিস্মরন্তি, অতো মদ্ভক্তানাং ন যোগভ্রংশশঙ্কেতি ভাবঃ।

কৃষ্ণভক্তৈর[ক্ত্যৈব] যত্নেন ব্রহ্মজ্ঞানমবাপ্যতে।
ইতি বিজ্ঞানযোগাখ্যে সপ্তমে সম্প্রকাশিতম্ ॥
ইতি সপ্তমোঽধ্যায়ঃ ॥ ৭ ॥

৩০। যাঁহারা অধিভূত, অধিদৈব ও অধিযজ্ঞের সহিত আমাকে সম্যক্ বিদিত হইয়াছেন, সেই সমস্ত সমাহিতচিত্ত ব্যক্তি মৃত্যুকালেও আমাকে বিস্মৃত হন না ॥

* অপি চেতি নিপাতাভ্যাং তস্যামপ্যবস্থায়াং করণগ্রামস্য ব্যগ্রতয়া জ্ঞানাসম্ভবেঽপি সমাহিতচিত্তানাং জ্ঞানবতাং ভগবত্তত্ত্বজ্ঞানমযত্নলভ্যমিতি দ্যোত্যতে ইতি শ্রী টী।

সপ্তম অধ্যায় সমাপ্ত ॥ ৭ ॥

# অষ্টমঃ অধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ —

১। কিন্তদ্ ব্রহ্ম কিমধ্যাত্মং কিং কর্ম্ম পুরুষোত্তম।
অধিভূতঞ্চ কিং প্রোক্তমধিদৈবং কিমুচ্যতে॥

২। অধিযজ্ঞঃ কথং কোঽত্র দেহেঽস্মিন্মধুসূদন।
প্রয়াণকালে চ কথং জ্ঞেয়োঽসি নিয়তাত্মভিঃ॥

১। [**অন্বয়ঃ**] অর্জ্জুন উবাচ *—হে পুরুষোত্তম। তৎ (পূর্ব্বাধ্যায়প্রস্তুতং) ব্রহ্ম কিম্? অধ্যাত্মং কিং? কর্ম্ম কিম্? অধিভূতং চ কিং প্রোক্তং (কথিতং) কিং চ অধিদৈবম্ উচ্যতে?

[**অন্বয়ঃ**] হে মধুসূদন! অত্র দেহে কঃ অধিযজ্ঞঃ কথম্ অস্মিন্ দেহে (স্থিতঃ)? প্রয়াণকালে (মরণকালে) চ নিয়তাত্মভিঃ (নিয়তচিত্তৈঃ) কথং ত্বং জ্ঞেয়ঃ অসি?

১। স্বামিটী।—"ব্রহ্ম কর্ম্মাধিভূতাদি বিদুঃ কৃষ্ণৈকচেতসঃ। ইত্যুক্তং ব্রহ্ম-কর্ম্মাদি স্পষ্টমষ্টম উচ্যতে॥" পূর্ব্বাধ্যায়ান্তে ভগবতোপক্ষিপ্তানাং ব্রহ্মাধ্যাত্মাদিসপ্তানাং পদার্থানাং তত্ত্বং জিজ্ঞাসুরর্জ্জুন উবাচ—কিং তদ্ ব্রহ্মেতি দ্বাভ্যাম্। স্পষ্টোঽর্থঃ॥

২। স্বামিটী।—কিঞ্চ অধিযজ্ঞ ইতি। অত্র দেহে যো যজ্ঞো বর্ত্ততে, তস্মিন্ কোঽধিযজ্ঞোঽধিষ্ঠাতা প্রয়োজকঃ ফলদাতা চ ক ইত্যর্থঃ। স্বরূপং পৃষ্ট্বাধিষ্ঠানপ্রকারং পৃচ্ছতি—কথং কেন প্রকারেণ অসাবস্মিন দেহে স্থিতঃ যজ্ঞমধিতিষ্ঠতীত্যর্থঃ। যজ্ঞগ্রহণং সর্ব্বকর্ম্মণামুপলক্ষণার্থম্। অন্তকালে চ নিয়তচিত্তৈঃ পুরুষৈঃ কথং কেনোপায়েন জ্ঞেয়োঽসি॥

---

১।২। **অর্জ্জুন কহিলেন**, হে পুরুষোত্তম। ব্রহ্ম, অধ্যাত্ম ও কর্ম্ম কাহাকে কহে? অধিভূত ও অধিদৈবই বা কি? মনুষ্যদেহে অধিযজ্ঞ কি এবং সেই অধি-

---

* 'তে ব্রহ্ম তদ্ বিদুঃ কৃৎস্ন'মিত্যাদিনা ভগবতা অর্জ্জুনস্য প্রশ্নবীজানি উপদিষ্টানি, অতস্তৎপ্রশ্নার্থমর্জ্জুন উবাচ—কিন্তদিতি।

শ্রীভগবানুবাচ—

৩। অক্ষরং পরমং ব্রহ্ম স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে।
ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ কর্ম্মসংজ্ঞিতঃ॥

৩। [অন্বয়ঃ] শ্রীভগবান্ উবাচ—পরমম্ (যৎ) অক্ষরং জগতাং (মূলকারণং) (তৎ) ব্রহ্ম, স্বভাবঃ (স্বস্যৈব ব্রহ্মণঃ এব অংশতো জীবরূপেণ ভবনং) অধ্যাত্মম্ উচ্যতে ভূতভাবোদ্ভবকরঃ বিসর্গঃ কর্ম্মসংজ্ঞিতঃ (কর্ম্মশব্দবাচ্যঃ)॥

৩। স্বামিটী—প্রশ্নক্রমেণৈবোত্তরং শ্রীভগবানুবাচ—অক্ষরমিতি ত্রিভিঃ। ন ক্ষরতি ন চলতীত্যক্ষরং। ননু জীবোঽপ্যক্ষরস্তত্রাহ—পরমমিতি। পরমং যদক্ষরং জগতাং মূলকারণং তদ্ ব্রহ্ম, "এতদ্বৈ তদক্ষরং গার্গি ব্রাহ্মণা অভিবদন্তী"তি শ্রুতেঃ, স্বস্যৈব ব্রহ্মণ এবাংশতয়া জীবরূপেণ ভবনং স্বভাবঃ, স এবাত্মানং দেহমধিকৃত্য ভোক্তৃত্বেন বর্ত্তমানোঽধ্যাত্মশব্দেনোচ্যতে ইত্যর্থঃ। ভূতানাং জরায়ুজাদীনাং ভাবঃ সত্তা উৎপত্তিঃ উদ্ভবশ্চ, উৎকৃষ্টত্বেন ভবনমুদ্ভবঃ "অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমুপতিষ্ঠতে। আদিত্যাজ্জায়তে বৃষ্টির্বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ॥" ইতি ক্রমেণ বৃদ্ধিঃ তৌ ভূতভাবোদ্ভবৌ করোতি যো বিসর্গো দেবতোদ্দেশেন দ্রব্যত্যাগরূপো যজ্ঞঃ সর্ব্বকর্ম্মণামুপলক্ষণমেতৎ, স চ কর্ম্মশব্দবাচ্যঃ॥

যজ্ঞ কিরূপে অবস্থান করিতেছে? সংযতচিত্ত ব্যক্তিরা মৃত্যুকালে কি প্রকারে তোমাকে বিদিত হন?

৩। শ্রীভগবান কহিলেন,—হে অর্জ্জুন! যিনি পরম অক্ষর (জগতের মূল কারণ) তিনিই ব্রহ্ম, সেই ব্রহ্মের অংশস্বরূপ জীব দেহ অধিকার করিয়া অবস্থান করিলে তাঁহাকে অধ্যাত্ম বলা যায়; ভূতগণের উৎপত্তি ও বৃদ্ধিকারক দেবোদ্দেশে দ্রব্যত্যাগরূপ যজ্ঞকেই কর্ম্ম বলে॥

৪। অধিভূতং ক্ষরো ভাবঃ পুরুষশ্চাধিদৈবতম্‌।
অধিযজ্ঞোঽহমেবাত্র দেহে দেহভৃতাংবর ॥

৫। অন্তকালে চ মামেব স্মরন্‌ মুক্ত্বা কলেবরম্‌।
যঃ প্রয়াতি স মদ্ভাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ ॥

৪। [অন্বয়ঃ] হে দেহভৃতাংবর! ক্ষরঃ [বিনশ্বরঃ] ভাবঃ (দেহাদিপদার্থঃ) অধিভূতং, পুরুষঃ [আদিত্যান্তর্গতঃ হিরণ্যগর্ভঃ] অধিদৈবতম্‌, অত্র দেহে (অবস্থিতঃ) অহম্‌ এব অধিযজ্ঞঃ চ [উচ্যতে] ॥

৫। [অন্বয়ঃ] অন্তকালে চ মাম্‌ এব স্মরন্‌ কলেবরং মুক্ত্বা (ত্যক্ত্বা) যঃ প্রয়াতি, স মদ্‌ভাবং (বৈষ্ণবং তত্ত্বং) যাতি (প্রাপ্নোতি), অত্র সংশয়ঃ ন অস্তি ॥

৪। স্বামিটী।—কিঞ্চ অধিভূতমিতি। ক্ষরো বিনশ্বরো ভাবঃ দেহাদিপদার্থঃ,ভূতং প্রাণিমাত্রমধিকৃত্য ভবতীত্যধিভূতমুচ্যতে,পুরুষো বৈরাজঃ সূর্য্যমণ্ডলবর্ত্তী স্বাংশভূতসর্ব্বদেবতানামাধিপতিরধিদৈবতমুচ্যতে, অধিদৈবতমধিষ্ঠাত্রী দেবতা, '[স বৈ শরীরী প্রথমঃ] স বৈ পুরুষ উচ্যতে। আদিকর্ত্তা স ভূতানাং ব্রহ্মাগ্রে সমবর্ত্তত ॥" ইতি শ্রুতেঃ। অত্রাস্মিন্‌ দেহে অন্তর্যামিত্বেন স্থিতোঽহমেবাধিযজ্ঞো যজ্ঞস্যাধিষ্ঠাত্রী দেবতা যজ্ঞাদিকর্ম্ম-প্রবর্ত্তকস্তৎফলদাতা চ কথমিত্যস্যাপ্যুত্তরমনেনৈবোক্তং দ্রষ্টব্যম্‌। অন্তর্যামিণোঽসঙ্গত্বাদিভিগুণৈর্জীববৈলক্ষণ্যেন দেহান্তর্ব্বর্ত্তিত্বস্য প্রসিদ্ধত্বাৎ। তথাচ শ্রুতিঃ,—"দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে ॥ তয়োরেকঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্নন্যোঽভিচাকশী"তি দেহভৃতাং মধ্যে শ্রেষ্ঠ ইতি সম্বোধয়ন্‌ ত্বমপ্যেবংভূতমন্তর্যামিণং পরাধীনস্বপ্রবৃত্তিনিবৃত্ত্যন্বয়ব্যতিরেকাভ্যাং বোদ্ধুমর্হসীতি সূচয়তি ॥

৫। স্বামিটী।—প্রয়াণকালে চ কথং জ্ঞেয়োঽসীত্যনেন পৃষ্ট-

৪। নশ্বর দেহাদি পদার্থ ভূতসকলকে অধিকার করিয়া থাকে, এই নিমিত্ত উহাকে অধিভূত বলা যায়। সূর্য্যমণ্ডলবর্ত্তী বৈরাজ পুরুষ দেবতাদিগের অধিপতি

৬। যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ॥
৭। তস্মাৎ সর্ব্বেষু কালেষু মামনুস্মর যুধ্য চ।
ময্যর্পিতমনোবুদ্ধির্মামেবৈষ্যস্যসংশয়ঃ॥

৬। [অন্বয়ঃ] হে কৌন্তেয়! অন্তে (মরণকালে) যং যম্ অপি ভাবং বা স্মরন্ কলেবরং ত্যজতি, সদা তদ্ভাবভাবিতঃ তং তম্ (ভাবং) এব এতি [প্রাপ্নোতি]॥

৭। [অন্বয়ঃ] তস্মাৎ সর্ব্বেষু কালেষু মাম্ অনুস্মর, যুধ্য (যুধ্যস্ব) চ (ত্বম্) ময়ি অর্পিতমনোবুদ্ধিঃ (সন্) মাম্ এব এষ্যসি (প্রাপ্স্যসি) অসংশয়ঃ।

মন্তকালে জ্ঞানোপায়ং তৎফলঞ্চ দর্শয়তি—অন্তকাল ইতি। মামেবোক্তলক্ষণমন্তর্যামিরূপং পরমেশ্বরং স্মরন্ দেহং ত্যক্ত্বা যঃ প্রকর্ষেণ অর্চ্চিরাদিমার্গেণ [উত্তরায়ণপথা] যাতি, স মদ্ভাবং মদ্রূপতাং যাতি, অত্র সংশয়ো নাস্তি, স্মরণং জ্ঞানোপায়ো মদ্ভাবাপত্তিশ্চ ফলমিত্যর্থঃ॥

৬। স্বামিটী।—ন কেবলং মাং স্মরন্ মদ্ভাবং প্রাপ্নোতীতি নিয়মং, কিং তর্হি—যং যমিতি। যং যং ভাবং দেবতান্তরং বা অন্যমপি বা অন্তকালে স্মরন্ দেহং ত্যজতি, তং তমেব স্মর্য্যমাণং ভাবং প্রাপ্নোতি, অন্তকালে ভাববিশেষস্মরণে হেতুঃ—সদা তদ্ভাবভাবিত ইতি। সর্ব্বদা তস্য ভাবো ভাবানুচিন্তনং তেন ভাবিতো বাসিতচিত্তঃ।

৭। স্বামিটী।—তস্মাদিতি। যস্মাৎ পূর্ব্ববাসনৈবান্তকালে

বলিয়া তাঁহাকে অধিদৈবত বলা যায়; আর আমিই এই দেহে যজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতারূপে অবস্থান করিতেছি, এই নিমিত্ত আমি অধিযজ্ঞ বলিয়া অভিহিত হইয়া থাকি॥

৫। যিনি অন্তকালে আমাকেই স্মরণ করিয়া কলেবর পরিত্যাগ পূর্ব্বক প্রস্থান করেন, তিনি নিঃসন্দেহ আমার স্বরূপ প্রাপ্ত হন॥

৬। যে ব্যক্তি একান্ত মনে অন্তকালে যে যে বস্তু স্মরণ করিয়া দেহত্যাগ করে, সর্ব্বদা তদ্ভাবভাবিত হওয়ায় সে, সেই সেই বস্তুর স্বরূপ প্রাপ্ত হইয়া থাকে॥

৮। অভ্যাসযোগযুক্তেন চেতসা নান্যগামিনা।
পরমং পুরুষং দিব্যং যাতি পার্থানুচিন্তয়ন্ ॥
৯। কবিং পুরাণমনুশাসিতার-
মণোরণীয়াংসমনুস্মরেদ্ যঃ ॥
সর্ব্বস্য ধাতারমচিন্ত্যরূপ-
মাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ ॥

৮। [অন্বয়ঃ] হে পার্থ। অভ্যাসযোগযুক্তেন নান্যগামিনা চেতসা দিব্যং পরমং পুরুষম্ অনুচিন্তয়ন্ (তমেব) যাতি ॥

৯।১০। [অন্বয়ঃ] যঃ কবিং (সর্ব্বজ্ঞং) পুরাণম্ অনুশাসিতারম্ অণোঃ (সূক্ষ্মাৎ) (অপি) অণীয়াংসং (সূক্ষ্মতরং) সর্ব্বস্য ধাতারম্ অচিন্ত্যরূপম্ আদিত্যবর্ণং তমসঃ (প্রকৃতেঃ) পরস্তাৎ (বর্ত্তমানং পুরুষং) প্রয়াণকালে

স্মৃতিহেতুর্ন হি তদা বিবশস্য স্মরণোদ্যমঃ সম্ভবতি—তস্মাদি ত। তস্মাৎ সর্ব্বদা মামনুস্মর অনুচিন্তয়, সন্ততং স্মরণং হি চিত্তশুদ্ধিং বিনা ন ভবতি, অতো যুধ্যস্ব চিত্তশুদ্ধ্যর্থং যুদ্ধাদিকং স্বধর্ম্মমনুতিষ্ঠেত্যর্থঃ, ময্যর্পিতং মনঃ সঙ্কল্পাত্মকং বুদ্ধিশ্চ ব্যবসায়াত্মিকা যেন ত্বয়া স ত্বমনায়াসেন মামেব প্রাপ্স্যসি অসংশয়ঃ সংশয়োঽত্র নাস্তি ॥

৮। স্বামিটী।—সন্ততস্মরণস্য চাভ্যাসোঽন্তরঙ্গসাধনমিতি দর্শয়ন্নাহ—অভ্যাসযোগেতি। অভ্যাসঃ সজাতীয়প্রত্যয়প্রবাহঃ, স এব যোগ উপায়স্তেন যুক্তেনৈকাগ্রেণ অতএব নান্যং বিষয়ং গন্তুং শীলং যস্য তেন চেতসা দিব্যং দ্যোতনাত্মকং পরমং পুরুষং পরমেশ্বরমনুচিন্তয়ন্ হে পার্থ! তমেব যাতীতি ॥

৭। অতএব সর্ব্বদা আমাকে স্মরণ কর এবং যুদ্ধ কর; আমাতে মন এবং বুদ্ধি অর্পণ করিলে আমাকেই পাইবে, ইহাতে সন্দেহ নাই ॥

৮। হে পার্থ। অভ্যাসরূপ উপায় অবলম্বন করিয়া অনন্যমনে সেই দিব্য পরম পুরুষকে চিন্তা করিলে তাঁহাকে প্রাপ্ত হওয়া যায় ॥

১০। প্রয়াণকালে মনসাঽচলেন
ভক্ত্যা যুক্তো যোগবলেন চৈব।
ভ্রুবোর্ম্মধ্যে প্রাণমাবেশ্য সম্যক্
স তং পরং পুরুষমুপৈতি দিব্যম্॥

**(মরণকালে) ভক্ত্যা যুক্তঃ (সন্) অচলেন মনসা যোগবলেন চ এব ভ্রুবোঃ মধ্যে সম্যক্ প্রাণম্ আবেশ্য (স্থাপয়িত্বা) অনুস্মরেৎ (অনুচিন্তয়েৎ) সঃ তং দিব্যং পুরুষম্ (পরমাত্মস্বরূপং) উপৈতি (লভতে)॥**

৯—১০। স্বামিটী।—পুনরপ্যনুচিন্তনীয়ং পুরুষং বিশিনষ্টি—কবিমিতি দ্বাভ্যাম্। কবিং সর্ব্বজ্ঞং সর্ব্ববিদ্যানির্ম্মাতারং পুরাণমনাদিসিদ্ধম্ অনুশাসিতারং নিয়ন্তারম্ অণোঃ সূক্ষ্মাদপ্যণীয়াংসমতিসূক্ষ্মম্ আকাশকালদিগ্ভ্যোঽপ্যতিসূক্ষ্মতরং সর্ব্বস্য ধাতারং পোষকম্ অপরিমিতমহিমত্বাদচিন্ত্যরূপং মলীমসয়োর্ম্মনোবুদ্ধ্যোরগোচরম্ আদিত্যবৎ স্বরূপ-[স্বপর-] প্রকাশাত্মকং বর্ণং স্বরূপং যস্য তং তমসঃ প্রকৃতেঃ পরস্তাদ্বর্ত্তমানং 'বেদাহমেতং পুরুষং মহান্তমাদিত্যবর্ণং তমসঃ পরস্তা'দিতি শ্রুতেঃ। [সপ্রপঞ্চপ্রকৃতিং ভিত্ত্বা যস্তিষ্ঠতি] এতদ্ভূতং পুরুষম্ অন্তকালে ভক্তিযুক্তো নিশ্চলেন বিক্ষেপরহিতেন মনসা যোঽনুস্মরেৎ; মনোনৈশ্চল্যে হেতুঃ—যোগবলেন সম্যক্ সুষুম্নামার্গেণ ভ্রুবোর্ম্মধ্যে প্রাণমাবেশ্যেতি। স তং পরং পুরুষং পরমাত্মস্বরূপং দিব্যং দ্যোতনাত্মকং প্রাপ্নোতি॥

**৯।১০। সর্ব্বজ্ঞ, অনাদিসিদ্ধ, বিশ্বনিয়ন্তা, সূক্ষ্ম হইতে সূক্ষ্ম, সকলের বিধাতা, অচিন্ত্যরূপ, আদিত্যের ন্যায় স্বপ্রকাশ, অজ্ঞানান্ধকারের উপরি বর্ত্তমান, দিব্য, পরম পুরুষকে মৃত্যুকালে অবিচলিতচিত্তে ভক্তিসহকারে ও যোগবলে ভ্রুযুগলমধ্যে প্রাণ-বায়ু সমাবেশিত করিয়া যিনি স্মরণ করেন, তিনিই সেই দিব্য পরম পুরুষকে প্রাপ্ত হন॥**

১১। যদক্ষরং বেদবিদো বদন্তি
বিশন্তি যদ্ যতয়ো বীতরাগাঃ।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি
তত্তে পদং সংগ্রহেণ প্রবক্ষ্যে॥

১২। সর্ব্বদ্বারাণি সংযম্য মনো হৃদি নিরুধ্য চ।
মূর্দ্ধ্ন্যাধায়াত্মনঃ প্রাণমাস্থিতো যোগধারণাম্॥

১৩। ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্মামনুস্মরন্।
যঃ প্রয়াতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্॥

১১। [**অন্বয়ঃ**] বেদবিদঃ যৎ অক্ষরং (বিনাশরহিতং) বদন্তি, **বীতরাগাঃ যতয়ঃ** যৎ বিশন্তি যৎ (জ্ঞাতুং) ইচ্ছন্তঃ ব্রহ্মচর্য্যং চরন্তি, তে (তুভ্যং) তৎ পদং (ব্রহ্মাখ্যং) সংগ্রহেণ (সংক্ষেপেণ) প্রবক্ষ্যে॥

১২—১৩। [**অন্বয়ঃ**] সর্ব্বদ্বারাণি সংযম্য মনঃ হৃদি নিরুধ্য, চ মূর্দ্ধ্নি প্রাণম্ আধায় যোগধারণাম্ আস্থিতঃ ওঁ ইতি একাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ (উচ্চারয়ন্) মাম্ অনুস্মরন্ দেহং ত্যজন যঃ প্রযাতি, সঃ পরমাং গতিং যাতি॥

১১। স্বামিটী।—কেবলাদভ্যাসযোগাদপি প্রণবাভ্যাসমন্তরঙ্গং বিধিৎসুঃ প্রতিজানীতে—যদক্ষরমিতি। যদক্ষরং বেদার্থজ্ঞা বদন্তি, "এতস্য বা অক্ষরস্য প্রশাসনে গার্গি সূর্য্যাচন্দ্রমসৌ বিধৃতৌ তিষ্ঠতঃ" ইতি শ্রুতেঃ। বীতো রাগো যেভ্যস্তে বীতরাগা যতয়ঃ প্রযত্নবন্তো যদ্বিশন্তি, যচ্চ জ্ঞাতুমিচ্ছন্তো গুরুকুলে ব্রহ্মচর্য্যং চরন্তি, তত্তে তুভ্যং পদং পদ্যতে গম্যত ইতি পদং প্রাপ্যং সংগ্রহেণ সংক্ষেপেণ প্রবক্ষ্যে তৎপ্রাপ্ত্যুপায়ং কথয়িষ্যামীত্যর্থঃ।

---

১১. বেদবেত্তারা যাঁহাকে অক্ষয় বলিয়া থাকেন এবং বিষয়াসক্তিশূন্য যতিগণ যাঁহাতে প্রবেশ করেন ও যাঁহাকে অবগত হইবার নিমিত্ত ব্রহ্মচর্য্যানুষ্ঠানে প্রবৃত্ত হন, আমি সেই প্রাপ্য (ব্রহ্ম) বস্তু লাভের উপায় সংক্ষেপে কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর॥

১৪। অনন্যচেতাঃ সততং যো মাং স্মরতি নিত্যশঃ।
তস্যাহং সুলভঃ পার্থ নিত্যযুক্তস্য যোগিনঃ॥

১৫। মামুপেত্য পুনর্জ্জন্ম দুঃখালয়মশাশ্বতম্।
নাপ্নুবন্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ॥

১৪। [অন্বয়ঃ] হে পার্থ! অনন্যচেতাঃ (সন্) যঃ মাং নিত্যশঃ সততং স্মরতি, অহং নিত্যযুক্তস্য তস্য যোগিনঃ সুলভঃ॥

১৫। [অন্বয়ঃ] পরমাং সংসিদ্ধিং গতাঃ (প্রাপ্তাঃ) মহাত্মানঃ মাম্ উপেত্য (প্রাপ্য) পুনঃ দুঃখালয়ম্ (দুঃখাশ্রয়) অশাশ্বতং (অনিত্যং) চ জন্ম ন আপ্নুবন্তি॥

১২—১৩। স্বামিটী।—প্রতিজ্ঞাতমুপায়ং সাঙ্গমাহ—সর্ব্বেতি দ্বাভ্যাম্। সর্ব্বাণীন্দ্রিয়দ্বারাণি সংযম্য প্রত্যাহৃত্য চক্ষুরাদিভির্ব্বাহ্যবিষয়গ্রহণমকুর্ব্বন্নিত্যর্থঃ; মনশ্চ হৃদি নিরুধ্য বাহ্যবিষয়স্মরণমপ্যকুর্ব্বন্নিত্যর্থঃ, মূর্দ্ধ্নি ভ্রুবোর্ম্মধ্যে প্রাণমাধায় যোগস্য ধারণাং স্থৈর্য্যমাস্থিত আশ্রিতবান্ সন্ ওমিতি ওমিত্যেকং যদক্ষরং তদেব ব্রহ্মবাচকত্বাদ্ ব্রহ্ম, প্রতিমাদিবদ্ ব্রহ্মপ্রতীকত্বাদ্বা ব্রহ্ম, তদ্ব্যাহরন্নুচ্চারয়ন্ তদ্বাচ্যঞ্চ মামনুস্মরন্নেবং দেহং ত্যজন্ যঃ প্রকর্ষেণ যাতি অর্চ্চিরাদিমার্গেণ, স পরমাং শ্রেষ্ঠাং মদ্গতিং যাতি প্রাপ্নোতি॥

১৪। স্বামিটী।—এবঞ্চান্তকালে ধারণয়া মৎপ্রাপ্তির্নিত্যাভ্যাসবত এব ভবতি, নান্যস্যেতি পূর্ব্বোক্তমেবানুস্মারয়তি—অনন্যেতি। নাস্ত্যন্যস্মিন্ চেতো যস্য তথাভূতঃ সন্ যো মাং সততং নিরন্তরং নিত্যশঃ প্রতিদিনং স্মরতি, তস্য নিত্যযুক্তস্য সমাহিতস্যাহং সুখেন লভ্যোঽস্মি নান্যস্যেতি॥

১২।১৩। যে ব্যক্তি ইন্দ্রিয়দ্বারসমুদয় সংযত, হৃদয়কমলে মনকে নিরুদ্ধ ও ভ্রূযুগলমধ্যে প্রাণবায়ু সন্নিবেশিত করিয়া যোগজনিত ধৈর্য্য অবলম্বনপূর্ব্বক ব্রহ্মের বাচক ওঁ এই একাক্ষর উচ্চারণ ও আমাকে স্মরণ করিতে করিতে কলেবর পরিত্যাগপূর্ব্বক প্রয়াণ করেন, তিনি পরমগতি লাভ করিয়া থাকেন॥

১৬ আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন।
মামুপেত্য তু কৌন্তেয় পুনর্জ্জন্ম ন বিদ্যতে ॥

১৬। [অন্বয়ঃ] হে অর্জ্জুন! আব্রহ্মভুবনাৎ (ব্রহ্মভুবনেন সহ) লোকাঃ পুনরাবর্ত্তিনঃ, তু হে কৌন্তেয়! মাম্ উপেত্য পুনঃ জন্ম ন বিদ্যতে॥

১৫। স্বামিটী।—যদ্যপ্যেবং ত্বং সুলভোঽসি, ততঃ কিমত আহ—মামিতি। উক্তলক্ষণা মহাত্মানো মদ্ভক্তা মাং প্রাপ্য পুনর্দুঃখালয়মনিত্যঞ্চ জন্ম ন প্রাপ্নুবন্তি, যতস্তে পরমাং সম্যক্ সংসিদ্ধিং মোক্ষমেব প্রাপ্তাঃ পুনর্জ্জন্মনো দুঃখানাঞ্চালয়ং স্থানং মামুপেত্য ন প্রাপ্নুবন্তীতি বা॥

১৬। স্বামিটী।—তদেবং সর্ব্বেষপি লোকেষু পুনরাবৃত্তিং দর্শয়ন্ নির্দ্ধারয়তি—আব্রহ্মভুবনাদিতি। ব্রহ্মণো ভুবনং বাসস্থানং ব্রহ্মলোকস্তমভিব্যাপ্য সর্ব্বে লোকাঃ পুনরাবর্ত্তনশীলাঃ ব্রহ্মলোকস্যাপি বিনাশিত্বাৎ, তৎপ্রাপ্তানামনুৎপন্নজ্ঞানানামবশ্যম্ভাবি পুনর্জ্জন্ম, যে এবং ক্রমমুক্তিফলাভিরুপাসনাভিঃ ব্রহ্মলোকং প্রাপ্তাস্তেষামেব তত্রোৎপন্নজ্ঞানানাং ব্রহ্মণা সহ মোক্ষো নান্যেষাম্। [তথাচ,—"ব্রহ্মণা সহ তে সর্ব্বে সম্প্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদম্।" পরস্যান্তে ব্রহ্মণঃ পরমায়ুষোঽন্তে কৃতাত্মানো ব্রহ্মভাবাপাদিতমনোবৃত্তয়ঃ কর্ম্মদ্বারেণ যেষাং ব্রহ্মলোকপ্রাপ্তিস্তেষাং ন মোক্ষ ইতি পরিনিষ্ঠিতিঃ]। মামুপেত্য বর্ত্তমানানান্তু পুনর্জ্জন্ম নাস্ত্যেবেতি *॥

---

১৪। যিনি নিত্য অনন্যমনে সতত আমাকে স্মরণ করেন, সেই সমাহিত-যোগী আমাকে অনায়াসে লাভ করিতে সমর্থ হন॥

১৫। মহাত্মারা আমাকে প্রাপ্ত হইয়া ও মোক্ষরূপ পরম সিদ্ধি লাভ করিয়া দুঃখের আলয়, অনিত্য, পুনর্জ্জন্ম প্রাপ্ত হন না।

* এতেন ভূরাদিলোকচতুষ্টয়ং প্রবিষ্টানাং পুনরাবৃত্তাবপি জনাদিলোকত্রয়ং প্রাপ্তানামপুনরাবৃত্তিরিতি বিভাগোক্তিরপ্রামাণিকত্বাদবহেয়া ইতি।

১৭। সহস্রযুগপর্য্যন্তমহর্যদ্ ব্রহ্মণো বিদুঃ।
রাত্রিং যুগসহস্রান্তাং তেঽহোরাত্রবিদো জনাঃ॥

১৭। [অন্বয়ঃ] সহস্রযুগপর্য্যন্তং ব্রহ্মণঃ যৎ অহঃ (দিনং) যুগসহস্রান্তাং (সহস্রযুগপর্য্যন্তাং) রাত্রিং (চ) (যে) বিদুঃ (জানন্তি) তে জনাঃ অহোরাত্রবিদঃ॥

১৭। স্বামিটীকা।—ননু চ "তপস্বিনো দানশীলা বীতরাগা-স্তিতিক্ষবঃ। ত্রৈলোক্যস্যোপরি স্থানং লভন্তে শোকবর্জ্জিতম্॥" ইত্যাদি—পুরাণ-বাক্যৈস্ত্রিলোক্যাঃ সকাশান্মহর্লোকাদীনামুৎকৃষ্টত্বং গম্যতে, বিনাশিত্বে চ সর্ব্বেষামবৈশিষ্ট্যে কথমসৌ বিশেষঃ স্যাদিত্যাশঙ্ক্য বহুকল্প-[বহ্বল্প] কালাবস্থায়িত্বনিমিত্তোঽসৌ বিশেষ ইত্যাশয়েন স্বমানেন শতবর্ষায়ুষো ব্রহ্মণোঽহন্যহনি ত্রিলোক্যা উৎপত্তিঃ নিশি নিশি চ প্রলয়ো ভবতীতি দর্শয়িষ্যন্ ব্রহ্মণোঽহোরাত্রয়োঃ প্রমাণ-মাহ সহস্রেতি। সহস্রং যুগানি পর্য্যন্তোঽবসানং যস্য তদ্ ব্রহ্মণো যদহস্তদ্ যে বিদুঃ, যুগসহস্রমন্তো যস্যাস্তাং রাত্রিঞ্চ যোগবলেন যে বিদুস্ত এব সর্ব্বজ্ঞা জনা অহোরাত্রবিদঃ, যেষান্তু কেবলং চন্দ্রাদিত্য-গত্যৈব জ্ঞানং, তে তথাহোরাত্রবিদো ন ভবন্তি অল্পদর্শিত্বাৎ। যুগশব্দেনাত্র চতুর্যুগমভিপ্রেতং "চতুর্যুগসহস্রন্তু ব্রহ্মণো দিনমুচ্যতে" ইতি বিষ্ণুপুরাণোক্তেঃ। ব্রহ্মণ ইতি চ মহর্লোকাদিবাসিনা-মুপলক্ষণার্থম্। তত্রায়ং কালগণনাপ্রকারঃ,—মনুষ্যাণাং যদ্বর্ষং তদ্দেবানামহোরাত্রং, তাদৃশৈরহোরাত্রৈঃ পক্ষমাসাদিকল্পনয়া দ্বাদশভির্ব্বর্ষসহস্রৈশ্চতুর্যুগং ভবতি চতুর্যুগসহস্রন্তু ব্রহ্মণো দিনং,

১৬। হে অর্জ্জুন! প্রাণিগণ ব্রহ্মলোক অবধি সমুদায় লোক হইতেই পুনরায় প্রতিনিবৃত্ত হয়; কিন্তু আমাকে প্রাপ্ত হইয়া আর জন্মগ্রহণ করিতে হয় না॥

১৭। দৈব সহস্রযুগে ব্রহ্মার একদিন এবং ঐরূপ সহস্র যুগে একরাত্রি হয়, যাঁহারা ইহা অবগত হইয়াছেন, সেই ব্যক্তিরাই অহোরাত্রবেত্তা॥

১৮। অব্যক্তাদ্ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রভবন্ত্যহরাগমে।
রাত্র্যাগমে প্রলীয়ন্তে তত্রৈবাব্যক্তসংজ্ঞকে ॥

১৯। ভূতগ্রামঃ স এবায়ং ভূত্বা ভূত্বা প্রলীয়তে।
রাত্র্যাগমেঽবশঃ পার্থ প্রভবত্যহরাগমে ॥

১৮। [ অন্বয়ঃ ] অহরাগমে ( ব্রহ্মণো দিনস্য আরম্ভে ) অব্যক্তাৎ ( কারণরূপাৎ ) সর্ব্বাঃ ব্যক্তয়ঃ ( ভূতানি ) প্রভবন্তি ( আবির্ভবন্তি ) রাত্র্যাগমে তত্র এব অব্যক্তসংজ্ঞকে ( কারণরূপে ) প্রলীয়ন্তে ( প্রলয়ং যান্তি ) ॥

১৯। [ অন্বয়ঃ ] হে পার্থ! ( যঃ পূর্ব্বস্মিন্ কল্পে আসীৎ ) স এব অয়ং ভূতগ্রামঃ ( স্থাবরজঙ্গমসমুদায়ঃ ) ভূত্বা ভূত্বা রাত্র্যাগমে প্রলীয়তে, ( পুনঃ ) অহরাগমে অবশঃ ( কর্ম্মাদিপরতন্ত্রঃ সন্ ) প্রভবতি ( উৎপদ্যতে ) ॥

তাবৎপরিমাণৈব রাত্রিস্তাদৃশৈশ্চাহোরাত্রৈঃ পক্ষমাসাদিক্রমেণ বর্ষশতং ব্রহ্মণঃ পরমায়ুরিতি ॥

১৮। স্বামিটী।—ততঃ কিমত আহ—অব্যক্তাদিত্যাদি। কার্য্যস্যাব্যক্তরূপং কারণাত্মকং তস্মাদব্যক্তাৎ কারণরূপাৎ ব্যজ্যন্ত অভিব্যজ্যন্ত ইতি ব্যক্তয়শ্চরাচরাণি তানি ভূতানি প্রাদুর্ভবন্তি, কদা? অহরাগমে ব্রহ্মণো দিবসস্যোপক্রমে, তথা রাত্রেরাগমে ব্রহ্মশয়নে তস্মিন্নেবাব্যক্তসংজ্ঞকে কারণরূপে প্রলয়ং যান্তি যদ্বা তেঽহোরাত্রবিদ ইত্যেতন্ন বিধীয়তে, কিন্তু তে প্রসিদ্ধা অহোরাত্রবিদো জনা ব্রহ্মণো যদহর্বিদুস্তস্যাহ্ন আগমে অব্যক্তাদ্ ব্যক্তয়ঃ প্রভবন্তি, যাঞ্চ রাত্রিং বিদুস্তস্যা রাত্রেরাগমে প্রলীয়ন্ত ইতি দ্বয়োরন্বয়ঃ ॥

১৯। স্বামিটী।—তত্র চ কৃতনাশাকৃতাভ্যাগমশঙ্কাং বারয়ন্ বৈরাগ্যার্থং সৃষ্টিপ্রলয়প্রবাহস্যাবিচ্ছেদং দর্শয়তি—ভূতগ্রাম ইতি। ভূতানাং চরাচরপ্রাণিনাং গ্রামঃ সমূহঃ যঃ প্রাগাসীৎ স এবায়ং

১৮। ব্রহ্মার দিবস আগত হইলে অব্যক্ত কারণ হইতে ব্যক্ত চরাচর ভূতসকল প্রাদুর্ভূত হইয়া থাকে; আর রাত্রি উপস্থিত হইলে সেই কারণরূপ পদার্থে সমস্ত বস্তু বিলীন হইয়া যায় ॥

২০। পরস্তস্মাত্তু ভাবোঽন্যোঽব্যক্তোঽব্যক্তাৎ
সনাতনঃ।
যঃ স সর্ব্বেষু ভূতেষু নশ্যৎসু ন বিনশ্যতি ॥
২১। অব্যক্তোঽক্ষর ইত্যুক্তস্তমাহুঃ পরমাং গতিম্।
যং প্রাপ্য ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম ॥

২০।২১। [ অন্বয়ঃ ] তু (কিন্তু) তস্মাৎ (পূর্ব্বোক্তাৎ) অব্যক্তাৎ পরঃ (বিলক্ষণঃ) অন্যঃ অব্যক্তঃ (ইন্দ্রিযাগোচরঃ) সনাতনঃ যঃ ভাবঃ (অক্ষরাখ্যং পরং ব্রহ্ম), সর্ব্বেষু ভূতেষু নশ্যৎসু (অপি) ন বিনশ্যতি। (যঃ) অব্যক্তঃ (অতিন্দ্রিয়ঃ) অক্ষর ইতি উক্তঃ, তাং পরমাং (শ্রেষ্ঠাং) গতিম্ আহুঃ, যং (ভাবং) প্রাপ্য ন নিবর্ত্তন্তে, তৎ মম পরমং ধাম (স্বরূপম্) ॥

অহারাগমে ভূত্বা ভূত্বা রাত্রেরাগমে প্রলীয়তে প্রলায প্রলীয় পুনরপ্যহরাগমেঽবশঃ কর্ম্মাদিপরতন্ত্রঃ সন্ প্রভবতি নান্য ইত্যর্থঃ ॥

২০।২১। স্বামিটী। লোকানামনিত্যত্বং প্রপঞ্চ্য পরমেশ্বরস্বরূপস্য নিত্যত্বং প্রপঞ্চযতি—পর ইতি দ্বাভ্যাম্। তস্মাচ্চরাচরকারণভূতাদব্যক্তাৎ পরস্তস্যাপি কারণভূতো যোঽন্যস্তদ্বিলক্ষণোঽব্যক্তশ্চক্ষুরাদ্যগোচরো ভাবঃ সনাতনোঽনাদিঃ, স তু সর্ব্বেষু কার্য্যকারণলক্ষণেষু ভূতেষু নশ্যৎস্বপি ন বিনশ্যতি। অবিনাশে প্রমাণং দর্শযন্নাহ—অব্যক্ত ইতি। যো ভাবোঽব্যক্তোঽতীন্দ্রিয়ঃ

---

১৯। সেই ভূতসমূহ ব্রহ্মার দিবসাগমে বারংবার জন্মগ্রহণ করিয়া রাত্রিসমাগমে বিলীন হয়, এবং পুনরায় দিবসসমাগমে কর্ম্মাদিপরতন্ত্র হইয়া সমুৎপন্ন হইয়া থাকে ॥

২০। সেই চরাচরের কারণরূপ অব্যক্ত অপেক্ষাও পরতর, (তাহারও কারণ) অতিশয় অব্যক্ত, সনাতন আর একটী ভাব আছে, সমস্ত ভূত বিনষ্ট হইলেও উহা কদাচ বিনষ্ট হয় না ॥

২১। যে অব্যক্ত ভাব অক্ষর বলিয়া বেদে উক্ত আছে, তাহাকে পরমা গতি কহে ; যাহাকে পাইলে পুনরায় প্রত্যাবৃত্ত হইতে হয় না, তাহাই আমার পরম ধাম (মদীয় স্বরূপ) ॥

২২। পুরুষঃ স পরঃ পার্থ ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া।
যস্যান্তঃস্থানি ভূতানি যেন সর্ব্বমিদং ততম্ ॥

২৩। যত্র কালে ত্বনাবৃত্তিমাবৃত্তিঞ্চৈব যোগিনঃ।
প্রয়াতা যান্তি তং কালং বক্ষ্যামি ভরতর্ষভ ॥

২২। [অন্বয়ঃ] হে পার্থ! ভূতানি যস্য অন্তঃস্থানি (মধ্যে স্থিতানি) যেন ইদং সর্ব্বং ততং (ব্যাপ্তং) সঃ পরঃ পুরুষঃ অনন্যয়া ভক্ত্যা লভ্যঃ ॥

২৩। [অন্বয়ঃ] হে ভরতর্ষভ। যত্র কালে প্রয়াতাঃ (মৃতাঃ) যোগিনঃ অনাবৃত্তিম্, আবৃত্তিং চ যান্তি তং কালং বক্ষ্যামি ॥

অক্ষরঃ প্রবেশনাশশূন্য ইতি তথা "অক্ষরাৎ সম্ভবতীহ বিশ্ব" মিত্যাদিশ্রুতিম্বক্ষর ইত্যুক্তং, তাং পরমাং গতিং গম্যং পুরুষার্থমাহুঃ—"পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরা গতি"রিত্যাদি শ্রুতয়ঃ। পরমগতিত্বমেবাহ—যং প্রাপ্য ন পুনর্নিবর্ত্তন্ত ইতি। তচ্চ মমৈব ধাম স্বরূপম্। মমেত্যুপচারে ষষ্ঠী, 'রাহোঃ শির' ইতিবৎ। অতোঽহমেব পরমা গতিরিত্যর্থঃ।

২২। স্বামিটী।—তৎপ্রাপ্তৌ চ ভক্তিরন্তরঙ্গোপায় ইত্যুক্তমেবেত্যাহ—পুরুষ ইতি। স চাহং পরঃ পুরুষোঽনন্যয়া ন বিদ্যতেঽন্যঃ শরণত্বেন যস্যাস্তয়া একান্তভক্ত্যৈব লভ্যো নান্যথা, পরত্বমেবাহ—যস্য কারণভূতস্যান্তর্ম্মধ্যে ভূতানি স্থিতানি, যেন চ কারণভূতেন ইদং সর্ব্বং জগৎ ততং ব্যাপ্তম্ ॥

২৩। স্বামিটী।—তদেবং পরমেশ্বরোপাসকাস্তৎপদং প্রাপ্য ন নিবর্ত্তন্তে, অন্যে তু নিবর্ত্তন্তে ইত্যুক্তং, তত্র কেন মার্গেণ গতা

---

২২। হে পার্থ! সেই পরমপুরুষকে একান্ত ভক্তিদ্বারা প্রাপ্ত হওয়া যায়, ভূতসকল তাঁহার অভ্যন্তরে অবস্থান করিতেছে এবং তিনিই এই বিশ্বে ব্যাপ্ত হইয়া রহিয়াছেন ॥

২৩। হে ভরতর্ষভ! যে কালে গমন করিলে যোগিগণ অনাবৃত্তি বা আবৃত্তি প্রাপ্ত হন, আমি সেই কালের বিষয় কীর্ত্তন করিতেছি।

২৪। অগ্নির্জ্যোতিরহঃ শুক্লঃ ষণ্মাসা উত্তরায়ণম্।
তত্র প্রযাতা গচ্ছন্তি ব্রহ্ম ব্রহ্মবিদো জনাঃ॥

২৪। [অন্বয়ঃ] অগ্নির্জ্যোতিঃ (শ্রুত্যুক্তা অর্চ্চিরভিমানিনী দেবতা) অহঃ (দিবসাভিমানিনী দেবতা) শুক্লঃ (শুক্লপক্ষাধিষ্ঠাত্রী দেবতা) উত্তরায়ণং (উত্তরায়ণরূপাঃ) ষণ্মাসাঃ (উত্তরায়ণাভিমানিনী দেবতা), তত্র (মার্গে) প্রয়াতাঃ ব্রহ্মবিদঃ জনাঃ ব্রহ্ম গচ্ছন্তি (লভন্তে)॥

নাবর্ত্তন্তে কেন বা গতাশ্চাবর্ত্তন্ত ইত্যপেক্ষায়ামাহ—যত্রেতি। যত্র যস্মিন্ কালে প্রযাতা যোগিনোঽনাবৃত্তিং যান্তি, যস্মিংশ্চ কালে প্রয়াতা আবৃত্তিং যান্তি, তং কালং বক্ষ্যামীত্যন্বয়ঃ। অত্র চ 'রশ্ম্যনুসারী' 'অতশ্চায়নেঽপি দক্ষিণে' ইতি সূচিতন্যায়েনোত্তরায়ণাদিকালবিশেষমরণস্য ত্ববিবক্ষিতত্বাৎ কালশব্দেন কালাভিমানিনীভিরাতিবাহিকীভির্দ্দেবতাভিঃ প্রাপ্যো মার্গ উপলক্ষ্যতে, অতোঽয়মর্থঃ—যস্মিন কালাভিমানিদেবতোপলক্ষতে মার্গে প্রয়াতা যোগিন উপাসকাঃ কর্ম্মিণশ্চ যথাক্রমমনাবৃত্তিমাবৃত্তিঞ্চ যান্তি, তং কালাভিমানিদেবতোপলক্ষিতং মার্গং কথয়িষ্যামীতি। অগ্নিজ্যোতিষোঃ কালাভিমানিত্বাভাবেঽপি ভূয়সামহরাদিশব্দোক্তানাং কালাভিমানিত্বাৎ 'তৎসাহচর্য্যাদাম্রবন'মিত্যাদিবৎ কালশব্দেনোপলক্ষণমবিরুদ্ধম্॥

২৪। স্বামিটী।—তত্রানাবৃত্তিমার্গমাহ—অগ্নিরিতি। অগ্নিজ্যোতিঃশব্দাভ্যাং "তেঽর্চ্চিষমভিসম্ভবন্তীতি" শ্রুত্যুক্তার্চ্চিরভিমানিনী দেবতোপলক্ষ্যতে, অহরিতি দিবসাভিমানিনী, শুক্ল ইতি শুক্লপক্ষাভিমানিনী, উত্তরায়ণরূপাঃ ষণ্মাসা ইত্যুত্তরায়ণাভিমানিনী, এতচ্চান্যাসামপি শ্রুত্যুক্তানাং সংবৎসরদেবলোকাদিদেবতানা-

২৪। যে স্থানে দিবস শুক্লবর্ণ, অগ্নির ন্যায় প্রভাসম্পন্ন এবং ছয় মাস উত্তরায়ণ, সগুণব্রহ্মোপাসকেরা মরণান্তে তথায় গমন করিয়া ব্রহ্মলোক প্রাপ্ত হইয়া থাকেন॥

২৫। ধূমো রাত্রিস্তথা কৃষ্ণঃ ষণ্মাসা দক্ষিণায়নম্।
তত্র চান্দ্রমসং জ্যোতির্যোগী প্রাপ্য নিবর্ত্ততে॥
২৬। শুক্লকৃষ্ণে গতী হ্যেতে জগতঃ শাশ্বতে মতে।
একয়া যাত্যনাবৃত্তিমন্যয়াবর্ত্ততে পুনঃ॥

২৫। [অন্বয়ঃ] ধূমঃ (ধূমাভিমানিনী দেবতা) রাত্রিঃ (রাত্র্যভিমানিনী দেবতা) কৃষ্ণঃ (কৃষ্ণপক্ষাভিমানিনী দেবতা), দক্ষিণাযনং ষণ্মাসাঃ (দক্ষিণাযনরূপাঃ ষণ্মাসাঃ দক্ষিণায়নাভিমানিনী দেবতা) তত্র (মার্গে) (মৃতঃ) যোগী চান্দ্রমসং জ্যোতিঃ (চন্দ্রোপলক্ষিতং স্বর্গং লোকং) প্রাপ্য নিবর্ত্ততে॥

২৬। [অন্বয়ঃ] জগতঃ শুক্লকৃষ্ণে (শুক্লা অর্চ্চিরাদিগতিঃ প্রকাশময়ত্বাৎ কৃষ্ণা ধূমাদিগতিঃ তমোময়ত্বাৎ) এতে গতী (মার্গৌ) শাশ্বতে (নিত্যে) মতে (অভিপ্রেতে) একযা অনাবৃত্তিং যাতি (প্রয়াতি), অন্যযা পুনঃ আবর্ত্ততে॥

মুপলক্ষণার্থম্, এবম্ভূতো যো মার্গস্তত্র প্রযাতা গতা ভগবদুপাসকা জনা ব্রহ্ম প্রাপ্নুবন্তি যতস্তে ব্রহ্মবিদঃ। তথাচ শ্রুতিঃ,—'তেঽর্চ্চিষমভিসম্ভবন্তি অর্চ্চিষোঽহরহ্ন আপূর্য্যমাণপক্ষমাপূর্য্যমাণপক্ষাদ্ যান্ ষণ্মাসানুদঙ্ঙাদিত্য এতি মাসেভ্যো দেবলোক" মিতি। ['ন হি সদ্যোমুক্তিভাজাং সম্যগ্দর্শননিষ্ঠানাং গতির্ব্বা ক্বচিদস্তি ন তস্য প্রাণা উৎক্রামন্তি' ইতি শ্রুতেঃ]॥

২৫। স্বামিটী।—আবৃত্তিমার্গমাহ—ধূম ইতি, ধূমাভিমানিনী দেবতা,রাত্র্যাদিশব্দৈশ্চ পূর্ব্ববদেব রাত্রিকৃষ্ণপক্ষদক্ষিণায়নরূপষণ্মাসাভিমানিন্যস্তিস্রো দেবতা উপলক্ষ্যন্তে, এতাভির্দেবতাভিরুপলক্ষিতো যো মার্গস্তত্র প্রয়াতঃ কর্ম্মযোগী চান্দ্রমসং জ্যোতিস্তদুপলক্ষিতং

২৫। যে স্থানে রাত্রি, ধূম, কৃষ্ণপক্ষ, ছয় মাস, দক্ষিণায়ন আছে, (অর্থাৎ ধূমাভিমানিনী দেবতা, রাত্রিদেবতা, কৃষ্ণপক্ষ-দেবতা, ছয়মাসের দেবতা, ও দক্ষিণায়ন-দেবতা এই প্রকার যে মার্গক্রম আছে, সেই পথে গমন পূর্ব্বক) কর্ম্মযোগীরা তথায় চন্দ্রলোকের ভোগ অনুভব করিয়া পুনরায় সংসারে আগমন করেন॥

২৭। নৈতে সৃতী পার্থ জানন্ যোগী মুহ্যতি কশ্চন।
তস্মাৎ সর্ব্বেষু কালেষু যোগযুক্তো ভবার্জ্জুন॥

২৭। [অন্বয়ঃ] হে পার্থ এতে সৃতী (মোক্ষসংসারপ্রাপকৌ মার্গৌ) জানন্ কশ্চন যোগী ন মুহ্যতি, তস্মাৎ হে অর্জ্জুন। (ত্বং) সর্ব্বেষু কালেষু যোগযুক্তো ভব॥

স্বর্গলোকং প্রাপ্য তত্রেষ্টাপূর্ত্তকর্ম্মফলং ভুক্ত্বা পুনরাবর্ত্ততে, অত্রাপি শ্রুতিঃ,—'তে ধূমমভিসম্ভবন্তি, ধূমাদ্রাত্রিঃ রাত্রেরপক্ষীয়মাণপক্ষমপক্ষীয়মাণপক্ষাদ্যান্ ষণ্মাসান্ দক্ষিণাদিত্য এতি মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাৎ চন্দ্রং তে চন্দ্রং প্রাপ্য অন্নং ভবন্তী" ত্যাদি। তদেবং নিবৃত্তিকর্ম্মসহিতোপাসনয়া ক্রমমুক্তিঃ, কাম্যকর্ম্মভিশ্চ স্বর্গভোগানন্তরমাবৃত্তিঃ নিষিদ্ধকর্ম্মভিস্তু নরকভোগানন্তরমাবৃত্তিঃ ক্ষুদ্রকর্ম্মণাস্তু জন্তূনাম্ অত্রৈব পুনঃ পুনর্জন্মেতি দ্রষ্টব্যম্॥

২৬। স্বামিটী।—উক্তৌ মার্গাবুপসংহরতি—শুক্লেতি। শুক্লার্চ্চিরাদিগতিঃ প্রকাশময়ত্বাৎ কৃষ্ণা ধূমাদিগতিস্তমোময়ত্বাৎ এতে গতী মার্গৌ জ্ঞানকর্ম্মাধিকারিণো জগতঃ শাশ্বতে অনাদী সম্মতে সংসারস্যানাদিত্বাৎ, তযোরেকয়া শুক্লযা অনাবৃত্তিং মোক্ষং যাতি, অন্যয়া কৃষ্ণয়া তু পুনরাবর্ত্ততে॥

২৭। স্বামিটী—মার্গজ্ঞানফলং দর্শয়ন্ ভক্তিযোগমুপসংহরতি—নৈতে ইতি। এতে সৃতী মার্গৌ, হে পার্থ! মোক্ষসংসারপ্রাপকৌ জানন্ কশ্চিদপি যোগী ন মুহ্যতি সুখবুদ্ধ্যা স্বর্গাদিফলং ন কাময়তে কিন্তু পরমেশ্বরনিষ্ঠ এব ভবতীত্যর্থঃ। স্পষ্টমন্যৎ॥

---

২৬। জগতের শুক্ল ও কৃষ্ণ (জ্ঞান ও কর্ম্ম) এই দুইটী চিরন্তন গতি আছে, তন্মধ্যে শুক্লা গতি দ্বারা অনাবৃত্তি ও কৃষ্ণা গতি দ্বারা আবৃত্তি হইয়া থাকে॥

২৭। হে পার্থ! যোগী ব্যক্তি এই দুইটী গতি অবগত হইলে, কদাচ বিমোহিত হন না; অতএব তুমি সর্ব্বদা যোগানুষ্ঠানপরায়ণ হও॥

২৮। বেদেষু যজ্ঞেষু তপঃসু চৈব
দানেষু যৎ পুণ্যফলং প্রদিষ্টম্।
অত্যেতি তৎ সর্ব্বমিদং বিদিত্বা
যোগী পরং স্থানমুপৈতি চাদ্যম্ ॥

ইতি......ব্রহ্মযোগো নাম অষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮ ॥

২৮। [ অন্বয়ঃ ] বেদেষু যজ্ঞেষু তপঃসু দানেষু চ এব যৎ পুণ্যফলং প্রদিষ্টম্ ইদং ( ময়া কথিতং তত্ত্বং ) বিদিত্বা যোগী তৎ সর্ব্বম্ অত্যেতি, আদ্যং পরং ( উৎকৃষ্টম্ ) স্থানম্ ( ব্রহ্ম ) উপৈতি চ ॥

২৮। স্বামিটী।—অধ্যায়ার্থমষ্টপ্রশ্নার্থনির্ণয়ং সফলমুপসংহরতি—বেদেম্বিতি। বেদেষু অধ্যয়নাদিভিঃ যজ্ঞেষু অনুষ্ঠানাদিভিঃ, তপঃসু কায়শোষণাদিভিঃ, দানেষু সৎপাত্রেঽর্পণাদিভিঃ, যৎ পুণ্যফলমুপদিষ্টং শাস্ত্রেষু তৎ সর্ব্বমত্যেতি, ততোঽপি শ্রেষ্ঠং যোগৈশ্বর্য্যং প্রাপ্নোতি, কিং কৃত্বা? ইদমষ্টপ্রশ্নার্থনির্ণয়েনোক্তং তত্ত্বং বিদিত্বা, ততশ্চ যোগী জ্ঞানী ভূত্বা পরমুৎকৃষ্টম্ আদ্যং জগন্মূলভূতং স্থানং বিষ্ণোঃ পরং পদং প্রাপ্নোতি ॥

অষ্টমেঽষ্টবিশিষ্টৈষ্টসংস্পৃষ্টার্থবিনির্ণয়ৈঃ।
অক্লিষ্টমিষ্টধামাপ্তিঃ স্পষ্টিতাষ্টমবত্ম না ॥*

ইত্যষ্টমোঽধ্যায়ঃ ॥ ৮

---

২৮। শাস্ত্রে বেদপাঠ, যজ্ঞ, তপস্যা ও দানে যে ফল নির্দ্দিষ্ট আছে, জ্ঞানীরা এই নির্ণীত তত্ত্ব অবগত হইয়া তদপেক্ষা শ্রেষ্ঠ ফল লাভ করেন এবং জগতের মূল কারণ বিষ্ণুপদ প্রাপ্ত হইয়া থাকেন ॥

অষ্টম অধ্যায় সমাপ্ত ॥ ৮

---

* ..............সংপৃষ্টার্থার্থনির্ণয়ে।
অক্লিষ্টমষ্টধাপ্রাপ্তিঃ স্পষ্টিতোৎকৃষ্টবর্ত্ম না ॥
ইতি কচিৎ পাঠঃ।

# নবমঃ অধ্যায়ঃ ।

## শ্রীভগবানুবাচ—

১। ইদন্তু তে গুহ্যতমং প্রবক্ষ্যাম্যনসূয়বে।
জ্ঞানং বিজ্ঞানসহিতং যজ্‌জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ ॥

১। [ অন্বয়ঃ ] শ্রীভগবান্ উবাচ,—ইদং গুহ্যতমং বিজ্ঞানসহিতং ( অনুভবযুক্তং ) জ্ঞানং তু * অনসূয়বে ( অসূয়ারহিতায় ) তে ( তুভ্যং ) প্রবক্ষ্যামি, যৎ জ্ঞাত্বা অশুভাৎ ( সংসারবন্ধনাৎ ) মোক্ষ্যসে ॥

স্বামিটী।—"পবেশঃ প্রাপ্যতে শুদ্ধভক্ত্যেতি স্থিতমষ্টমে। নবমে তু তদৈশ্বর্য্যমত্যাশ্চর্য্যং প্রপঞ্চ্যতে ॥" এবং তাবৎ সপ্তমাষ্টময়োঃ স্বকীয়পরমেশ্বরতত্ত্বং ভক্ত্যৈব সুলভং, নান্যথেত্যুক্তমিদানীমচিন্ত্যং স্বকীয়মৈশ্বর্য্যং ভক্তেশ্চাসাধারণং প্রভাবং পপঞ্চয়িষান্ শ্রীভগবানুবাচ—ইদন্ত্বিতি। বিশেষেণ জ্ঞায়তে অনেনেতি বিজ্ঞানমুপাসনং তৎসহিতং জ্ঞানমীশ্বরবিষয়কমিদং তু অনসূয়বে পুনঃ পুনঃ স্বমাহাত্ম্যমেবোপদিশতীত্যেবং পরমকারুণিকে ময়ি দোষদৃষ্টিরহিতায় তে তুভ্যং বক্ষ্যামি। তুশব্দো বৈশিষ্ট্যে, তদেবাহ—গুহ্যতমমিত্যাদিনা। গুহ্যং ধর্ম্মজ্ঞানং ততো দেহাদিব্যতিরিক্তাত্মজ্ঞানং গুহ্যতরং, ততোঽপি পরমাত্মজ্ঞানমতিরহস্যত্বাদ্ গুহ্যতমং, যজ্‌জ্ঞাত্বাঽশুভাৎ সংসারবন্ধান্মোক্ষ্যসে সদ্য এব মুক্তো ভবিষ্যসি ॥

১। শ্রীভগবান্ কহিলেন। হে অর্জ্জুন! যাহা অবগত হইলে তুমি সংসার বন্ধন হইতে মুক্ত হইবে, তুমি অসূয়াশূন্য বলিয়া আমি তোমার নিকট সেই গোপনীয় উপাসনাসহকৃত ঈশ্বরজ্ঞান কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ॥

---

* অত্র তুশব্দো বিশেষনির্দ্ধারণার্থঃ।

২। রাজবিদ্যা রাজগুহ্যং পবিত্রমিদমুত্তমম্।
প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যং সুসুখং কর্ত্তুমব্যয়ম্ ॥
৩। অশ্রদ্দধানাঃ পুরুষা ধর্ম্মস্যাস্য পরন্তপ।
অপ্রাপ্য মাং নিবর্ত্তন্তে মৃত্যুসংসারবর্ত্মনি।

২। [ অন্বয়ঃ ] ইদং ( জ্ঞানং ) রাজগুহ্যং রাজবিদ্যা উত্তমং পবিত্রং ( অত্যন্তং পাবনম্ ) প্রত্যক্ষাবগমং (দৃষ্টফলং) ধর্ম্ম্যং (ধর্ম্মাদনপেতং) কর্ত্তুং সুসুখম্ অব্যয়ং চ ॥

৩। [ অন্বয়ঃ ] হে পরন্তপ! অস্য ধর্ম্মস্য অশ্রদ্দধানাঃ পুরুষাঃ মাম্ অপ্রাপ্য মৃত্যুসংসারবর্ত্মনি নিবর্ত্তন্তে ( পরিভ্রমন্তি ) ॥

২। স্বামিটী।—কিঞ্চ রাজবিদ্যেতি। ইদং জ্ঞানং রাজবিদ্যা বিদ্যানাং রাজা, রাজগুহ্যং চ গুহ্যানাঞ্চ রাজা বিদ্যাসু গোপ্যেষু চাতিরহস্যং শ্রেষ্ঠমিত্যর্থঃ। রাজদন্তাদিত্বাদুপসর্জ্জনস্যাপি পরত্বম্। রাজ্ঞাং বিদ্যা রাজ্ঞাং গুহ্যমিতি বা, উত্তমং পবিত্রমিদমত্যন্তপাবনং, জ্ঞানিনাং প্রত্যক্ষাবগমঞ্চ প্রত্যক্ষঃ স্পষ্টোঽবগমো বোধো যস্য তৎ প্রত্যক্ষাবগমং দৃষ্টফলম্ ইত্যর্থঃ, ধর্ম্ম্যং ধর্ম্মাদনপেতং বেদোক্তসর্ব্বধর্ম্মফলত্বাৎ, কর্ত্তুঞ্চ সুসুখং সুখেন কর্ত্তুং শক্যমিত্যর্থঃ, অব্যয়ঞ্চাক্ষয়ফলত্বাৎ ॥

৩। স্বামিটী।—নন্বেবমপ্যতিসুকরত্বেন কে নাম সংসারিণঃ স্যুস্তত্রাহ—অশ্রদ্দধানা ইতি। অস্য ভক্তিসহিতজ্ঞানলক্ষণস্য ধর্ম্মস্যেতি কর্ম্মণি ষষ্ঠী। ইমং ধর্ম্মমশ্রদ্দধানাঃ আস্তিক্যেনাস্বীকুর্ব্বন্তঃ উপায়ান্তরৈঃ মৎপ্রাপ্তয়ে কৃতপ্রযত্না অপি মামপ্রাপ্য মৃত্যুযুক্তে সংসারবর্ত্মনি নিবর্ত্তন্তে মৃত্যুব্যাপ্তে সংসারমার্গে পরিভ্রমন্তীত্যর্থঃ ॥

---

২। এই উৎকৃষ্ট জ্ঞান বিদ্যাশ্রেষ্ঠ, সর্ব্বতোভাবে গোপনীয়, অতি পবিত্র, প্রত্যক্ষফলপ্রদ, ধর্ম্মানুগত ও অব্যক্ত, ইহা অনায়াসেই অনুষ্ঠান করা যাইতে পারে।

৩। হে পরন্তপ! যাহারা এই ধর্ম্মে বিশ্বাস না করে, তাহারা আমাকে প্রাপ্ত না হইয়া মৃত্যুব্যাপ্ত সংসারপথে নিয়ত পরিভ্রমণ করিয়া থাকে ॥

৪। ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা।
মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষ্ববস্থিতঃ॥

৫। ন চ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্।
ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ॥

৪। [অন্বয়ঃ] অব্যক্তমূর্ত্তিনা ময়া ইদং সর্ব্বং জগৎ ততং (ব্যাপ্তং), সর্ব্বভূতানি মৎস্থানি (ময়ি অবস্থিতানি), অহং (বাসুদেবঃ) চ তেষু ন অবস্থিতঃ॥

৫। [অন্বয়ঃ] ভূতানি (ব্রহ্মাদীনি) ন মৎস্থানি (মম অসঙ্গত্বাৎ), মে ঐশ্বরং যোগং পশ্য, মম আত্মা ভূতভৃৎ ভূতভাবনঃ (অহং) ন ভূতস্থঃ॥

৪। স্বামিটী।—তদেবং বক্তব্যতয়া প্রস্তুতস্য জ্ঞানস্য স্তুত্যা শ্রোতারমভিমুখীকৃত্য তদেব জ্ঞানং কথয়তি—ময়েতি দ্বাভ্যাম্। অব্যক্তা অতীন্দ্রিয়া মূর্ত্তিঃ স্বরূপং যস্য তাদৃশেন ময়া কারণভূতেন সর্ব্বমিদং জগৎ ততং ব্যাপ্তং "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদি"ত্যাদি শ্রুতেঃ, অতএব কারণভূতে ময়ি তিষ্ঠন্তীতি মৎস্থানি সর্ব্বাণি ভূতানি চরাচরাণি, এবমপি ঘটাদিষু স্বকার্য্যেষু মৃত্তিকেব তেষু ভূতেষু নাহমবস্থিত আকাশবদসঙ্গত্বাৎ॥

৫। স্বামিটী।—কিঞ্চ ন চেতি নচ ময়ি স্থিতানি ভূতানি অসঙ্গত্বাদেব মম, ননু তর্হি ব্যাপকত্বমাশ্রয়ত্বঞ্চ পূর্ব্বোক্তং বিরুদ্ধমিত্যাশঙ্ক্যাহ—পশ্যেতি। মে ঐশ্বরমসাধারণং যোগং যুক্তিম্ অঘটনঘটনাচাতুর্য্যমিদং পশ্য মদীয়যোগমায়াবৈভবস্যাবিতর্ক্যত্বান্ন কিঞ্চিৎ বিরুদ্ধমিত্যর্থঃ। অন্যদপ্যাশ্চর্য্যং পশ্যেত্যাহ—ভূতেতি। ভূতানি বিভর্ত্তি ধারয়তীতি ভূতভৃৎ, ভূতানি ভাবয়তি পালয়তীতি ভূত-

---

৪। হে অর্জ্জুন! আমি অব্যক্তরূপে সমস্ত বিশ্বে ব্যাপ্ত রহিয়াছি, আমাতে ভূত সকল অবস্থান করিতেছে, কিন্তু আমি কিছুতেই অবস্থিত নহি॥

৫। আর আমাতেও কোন ভূত অবস্থান করিতেছে না; আমার এই ঐশী অঘটন-ঘটনা-চাতুরী নিরীক্ষণ কর; আমার আত্মা ভূতসকল ধারণ ও পালন করিতেছে, কিন্তু কোন ভূতেই অবস্থান করিতেছে না॥

৬। যথাকাশস্থিতো নিত্যং বায়ুঃ সর্ব্বত্রগো মহান্।
তথা সর্ব্বাণি ভূতানি মৎস্থানীত্যুপধারয়॥
৭। সর্ব্বভূতানি কৌন্তেয় প্রকৃতিং যান্তি মামিকাম্।
কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদৌ বিসৃজাম্যহম্॥

৬। [অন্বয়ঃ] বায়ুঃ সর্ব্বত্রগঃ (অপি) মহান্ (অপি) যথা আকাশস্থিতঃ (ন আকাশেন সংশ্লিষ্যতে) তথা সর্ব্বাণি ভূতানি মৎস্থানি ইতি উপধারয (জানীহি) (অকাশবৎ সর্ব্বগতে ময়ি অসংশ্লেষেণৈব সর্ব্বাণি ভূতানি স্থিতানীত্যর্থঃ)॥

৭। [অন্বযঃ] হে কৌন্তেয! সর্ব্বাণি ভূতানি কল্পক্ষযে (প্রলযে) মামিকাং (মদীযাং) প্রকৃতিং যান্তি. পুনঃ কল্পাদৌ তানি বিসৃজামি (উৎপাদযামি)॥

ভাবনঃ এবম্ভূতোঽপি মমাত্মা পরং স্বরূপং ভূতস্থো ন ভবতীতি। অয়ং ভাবঃ,—যথা জীবো দেহং বিভ্রৎ পালয়ংশ্চাহঙ্কারেণ তৎসংশ্লিষ্টস্তিষ্ঠতি, এবমহং ভূতানি ধারয়ন্ পালয়ন্নপি ন তেষু তিষ্ঠামি নিরহঙ্কারত্বাদিতি॥

৬। স্বামিটী।—অসংশ্লিষ্টযোরপ্যাধারাধেযভাবং দৃষ্টান্তেনাহ—যথেতি। অবকাশং বিনা অবস্থানানুপপত্তের্নিত্যমাকাশস্থিতো বায়ুঃ সর্ব্বত্রগোঽপি মহানপি নাকাশেন সংশ্লিষ্যতে নিরবযবত্বেন সংশ্লেষাযোগাৎ, তথা সর্ব্বাণি ভূতানি ময়ি স্থিতানি জানীহি॥

৭। স্বামিটী।—তদেবমসঙ্গস্যৈব যোগমায়য়া স্থিতিহেতুত্বমুক্তং, তয়ৈব সৃষ্টিপ্রলয়হেতুত্বঞ্চাহ - সর্ব্বেতি। কল্পক্ষযে প্রলয়কালে সর্ব্বাণি ভূতানি মদীয়াং প্রকৃতিং যান্তি, ত্রিগুণাত্মিকায়াং মায়ায়াং লীয়ন্তে পুনঃ কল্পাদৌ সৃষ্টিকালে তানি বিসৃজামি বিশেষেণ সৃজামি॥

---

৬। যেমন সমীরণ সর্ব্বত্রগামী এবং মহান্ হইলেও প্রতিনিয়ত অসংশ্লিষ্টভাবে আকাশে অবস্থান করে, তদ্রূপ সকল ভূতই আমাতে অবস্থান করিয়া রহিয়াছে॥

৭। হে কৌন্তেয়! কল্পক্ষয়কালে ভূতগণ আমার ত্রিগুণাত্মিকা মায়ায় লীন হয় এবং কল্পপ্রারম্ভে আমি পুনরায় উহাদিগকে সৃষ্টি করিয়া থাকি।

৮। প্রকৃতিং স্বামবষ্টভ্য বিসৃজামি পুনঃ পুনঃ।
ভূতগ্রামমিমং কৃৎস্নমবশং প্রকৃতের্ব্বশাৎ ॥

৯। ন চ মাং তানি কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয়।
উদাসীনবদাসীনমসক্তং তেষু কর্ম্মসু ॥

৮। [ অন্বয়ঃ ] স্বাং ( স্বীয়াং ) প্রকৃতিম্ অবষ্টভ্য ( বশীকৃত্য ) প্রকৃতেঃ বশাৎ (স্বভাববশাৎ) ইমং কৃৎস্নম্ ( সমস্তং ) অবশং ( অস্বতন্ত্রং ) ভূতগ্রামং ( ভূতসমুদায়ং) পুনঃ পুনঃ বিসৃজামি ॥

৯। [ অন্বয়ঃ ] হে ধনঞ্জয়! তানি কর্ম্মাণি ( জগৎসৃষ্ট্যাদীনি ) তেষু কর্ম্মসু অসক্তম্ ( আসক্তিরহিতং ) উদাসীনবৎ আসীনং ( বর্ত্তমানং ) চ মাং ন নিবধ্নন্তি।

৮। স্বামিটী।—নন্বসঙ্গো নির্ব্বিকারশ্চ ত্বং কথং সৃজসীত্যপেক্ষায়ামাহ—প্রকৃতিমিত্যাদি দ্বাভ্যাম্। স্বাং স্বাধীনাং প্রকৃতিমবষ্টভ্য অধিষ্ঠায় প্রলয়ে লীনং সন্তং চতুর্বিধমিমং সর্ব্বং ভূতগ্রামং কর্ম্মাদিপরবশং পুনঃ পুনর্বিবিধং সৃজামি বিশেষেণ সৃজামীতি বা। কথং? প্রকৃতের্ব্বশাৎ প্রাচীনকর্ম্মনিমিত্ততত্তৎস্বভাববশাৎ ॥

৯। স্বামিটী।—নন্বেবং নানাবিধানি কর্ম্মাণি কুর্ব্বতস্তব জীববদ্বন্ধঃ কথং ন স্যাদিত্যত আহ—ন চ মামিতি। তানি বিশ্বসৃষ্ট্যাদীনি কর্ম্মাণি মাং ন নিবধ্নন্তি। কর্ম্মাসক্তির্হি বন্ধহেতুঃ, সা চাপ্তকামত্বান্মম নাস্তি, অতস্তানি উদাসীনবদ্বর্ত্তমানস্য মে বন্ধনং নাপাদয়ন্তি। উদাসীনত্বে কর্ত্তৃত্বানুপপত্তেঃ কর্ত্তৃত্বে চোদাসীনত্বানুপপত্তেরুদাসীনবৎ স্থিতমিত্যুক্তম্ ॥

---

৮। আমি স্বীয় মায়ায় অধিষ্ঠিত হইয়া জন্মান্তরীণ কর্ম্মানুসারে প্রলয়কাল-বিলীন কর্ম্মাদিপরবশ ভূত-সমুদয় বারংবার সৃষ্টি করিতেছি ॥

৯। হে ধনঞ্জয়! আমি সেই সকল সৃষ্টি প্রভৃতি কর্ম্মের আয়ত্ত নহি, আমি সকল কর্ম্মেই অনাসক্ত হইয়া উদাসীনের ন্যায় নিরন্তর অবস্থান করিয়া থাকি ॥

১০। ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্।
হেতুনানেন কৌন্তেয় জগদ্বিপরিবর্ত্ততে ॥
১১। অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্ ॥
১২। মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ।
রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ ॥

১০। [ অন্বয়ঃ ] অধ্যক্ষেণ ময়া প্রকৃতিঃ সচরাচরং সূয়তে। হে কৌন্তেয়। অনেন হেতুনা ইদং জগৎ বিপরিবর্ত্ততে ( পুনঃ পুনঃ জায়তে ) ॥

১১। [ অন্বয়ঃ ] ভূতমহেশ্বরং মম পরং ভাবম্ অজানন্তঃ মূঢ়াঃ মানুষীং তনুম্ আশ্রিতং মাম্ অবজানন্তি ( অবজ্ঞাং কুর্ব্বন্তি ) ॥

১২। [ অন্বয়ঃ ] ( কিঞ্চ ) মোঘাশাঃ মোঘকর্ম্মাণঃ মোঘজ্ঞানাঃ বিচেতসঃ ( তে ) মোহিনীং রাক্ষসীম্ আসুরীং চ প্রকৃতিং শ্রিতাঃ ( আশ্রিতা ভবন্তি ) ॥

১০। স্বামিটী।—তদেবোপপাদয়তি—ময়েতি। ময়া অধ্যক্ষেণ অধিষ্ঠাত্রা নিমিত্তভূতেন প্রকৃতিঃ সচরাচরং সূয়তে জনয়তি. অনেন মদধিষ্ঠানেন হেতুনা ইদং জগদ্বিপরিবর্ত্ততে পুনঃ পুনর্জ্জায়তে সন্নিধিমাত্রেণাধিষ্ঠাতৃত্বাৎ কর্ত্তৃত্বমুদাসীনত্বঞ্চাবিরুদ্ধমিতি ভাবঃ ॥

১১। স্বামিটী।—নন্বেবম্ভূতং পরমেশ্বরং ত্বাং কিমিতি কেচিন্নাদ্রিয়ন্তে, তত্রাহ—অবজানন্তীতি দ্বাভ্যাম্। সর্ব্বভূতমহেশ্বররূপং মদীয়ং পরং ভাবং তত্ত্বমজানন্তো মূঢ়া মূর্খা মামবজানন্তি মামবমন্যন্তে, অবজ্ঞানে হেতুঃ শুদ্ধসত্ত্বময়ীমপি তনুং ভক্তেচ্ছাবশান্মনুষ্যাকারমাশ্রিতবন্তমিতি ॥

১২। স্বামিটী।—কিঞ্চ মোঘাশা ইতি। মত্তোঽন্যদ্দেবতান্তরং

---

১০। মায়া আমার অধিষ্ঠানমাত্র লাভ করিয়া এই সচরাচর বিশ্বসৃষ্টি করিতেছে এবং আমার অধিষ্ঠাননিমিত্তই এই জগৎ পুনঃ পুনঃ উৎপন্ন হইতেছে।

১১।১২। আমি সকল ভূতের ঈশ্বর, আমি মানুষ-বিগ্রহ পরিগ্রহ করিয়াছি বলিয়া মূঢ় ব্যক্তিরা আমার পরম তত্ত্ব অবগত না হইয়া আমাকে অবজ্ঞা করিয়া

১৩। মহাত্মানস্তু মাং পার্থ দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ।
ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ম্ ॥
১৪। সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ।
নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে ॥

১৩। [ অন্বয়ঃ ] হে পার্থ! মহাত্মানঃ দৈবীং প্রকৃতিম্ আশ্রিতাঃ অনন্যমনসঃ (সন্তঃ) ভূতাদিম্ অব্যয়ং মাং জ্ঞাত্বা ভজন্তি ( সেবন্তে ) ॥

১৪। [ অন্বয়ঃ ] সততং ( স্তোত্রমন্ত্রাদিভিঃ ) কীর্ত্তয়ন্তঃ ( কেচিৎ ) দৃঢ়ব্রতাঃ ( সন্তঃ ) যতন্তঃ ( প্রযত্নং কুর্ব্বন্তঃ ) চ, ( কেচিৎ ) ভক্ত্যা নমস্যন্তঃ চ, ( কেচিৎ ) নিত্যযুক্তাঃ ( সমাহিতাঃ ) (চ) মাম্ উপাসতে ॥

ক্ষিপ্রং ফলং দাস্যতীত্যেবম্ভূতা মোঘা নিষ্ফলৈবাশা যেষাং তে, অতএব মদ্বিমুখত্বান্মোঘানি নিষ্ফলানি কর্ম্মাণি যেষাং তে, মোঘমেব নানাকুতর্কাশ্রিতং শাস্ত্রজ্ঞানং যেষাং তে, অতএব বিচেতসো বিক্ষিপ্তচিত্তাঃ, সর্ব্বত্র হেতুঃ—রাক্ষসীং তামসীং হিংসাদিপ্রচুরাম্ আসুরীঞ্চ রাজসীং কামদর্পাদিবহুলাঃ মোহিনীং বুদ্ধিভ্রংশকরীং প্রকৃতিং স্বভাবং শ্রিতাঃ আশ্রিতাঃ সন্তো মামবজানন্তীতি পূর্ব্বেণান্বয়ঃ ॥

১৩। স্বামিটী।—কে তর্হি ত্বামারাধয়ন্তীত্যত আহ—মহাত্মান ইতি। মহাত্মানঃ কামস্থনভিভূতচিত্তাঃ, অতএব "অভয়ং সত্ত্বসংশুদ্ধি"রিত্যাদিনা বক্ষ্যমাণাং দৈবীং প্রকৃতিং স্বভাবমাশ্রিতাঃ, অতএব মদ্ব্যতিরেকেণ নাস্ত্যন্যস্মিন্মনো যেষাং তে তু ভূতাদিং জগৎকারণম্ অব্যয়ং নিত্যঞ্চ মাং জ্ঞাত্বা ভজন্তি ॥

১৪। স্বামিটী।—তেষাং ভজনপ্রকারমাহ—সততমিতি

---

থাকে ; বিফল আশাসম্পন্ন বিফল কর্ম্মপরায়ণ, বিফল জ্ঞানযুক্ত বিচেতন ব্যক্তিরা রাক্ষসী, আসুরী ও মোহিনী প্রকৃতি আশ্রয় করিয়া আছে ॥

১৩। হে পার্থ! মহাত্মগণ দৈবীপ্রকৃতি আশ্রয়পূর্ব্বক আমাকে সকল ভূতের কারণ ও অব্যয়রূপে অবগত হইয়া অনন্যমনে আরাধনা করেন ॥

১৪। তাহাদের মধ্যে কেহ সতত ভক্তিযুক্ত ও অবহিত হইয়া আমার নামকীর্ত্তন করেন, এবং কেহ বা যত্নবান্, নিয়মী ও দৃঢ়ব্রত হইয়া আমাকে নমস্কার

১৫। জ্ঞানযজ্ঞেন চাপ্যন্যে যজন্তো মামুপাসতে।
একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখম্‌ ॥

১৬। অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহমহমৌষধম্‌।
মন্ত্রোঽহমহমেবাজ্যমহমগ্নিরহং হুতম্‌ ॥

১৫। [অন্বয়ঃ] অন্যে অপি চ জ্ঞানযজ্ঞেন যজন্তঃ মাম্‌ উপাসতে। (তথাপি) (কেচিৎ) একত্বেন (কেচিৎ) পৃথক্ত্বেন (ভেদদৃষ্ট্যা) (কেচিৎ) বিশ্বতোমুখং (সর্ব্বাত্মকং মাং) বহুধা (ব্রহ্মরুদ্রাদিরূপেণ) (উপাসতে) ॥

১৬। [অন্বয়ঃ] অহং ক্রতুঃ (বেদবিহিতক্রিয়াবিশেষঃ) অহং যজ্ঞঃ (স্মৃত্যুক্ত-পঞ্চযজ্ঞাদিঃ) অহং স্বধা (পিতৃণাম্‌ অন্নং) অহম্‌ ঔষধম্‌, অহম্‌ আজ্যম্‌ (হোমাদি-সাধনং), অহম্‌ অগ্নিঃ অহং হুতং (হোমঃ) ॥

দ্বাভ্যাম্‌। সততং সর্ব্বদা স্তোত্রমন্ত্রাদিভিঃ কীর্ত্তয়ন্তঃ কেচিন্মামুপাসতে সেবন্তে, দৃঢ়ানি ব্রতানি নিয়মা যেষাং তাদৃশাঃ সন্তো যতন্তশ্চেশ্বর-জ্ঞানাদিষু ইন্দ্রিয়োপসংহারাদিষু চ প্রযত্নং কুর্ব্বন্তঃ কেচিদ্ভক্ত্যা নমস্যন্তশ্চ প্রণমন্তঃ, অন্যে নিত্যযুক্তা অনবরতম্‌ অবহিতাঃ সর্ব্বে সেবন্তে ভক্ত্যেতি নিত্যযুক্তা ইতি চ কাক্কনাদিষ্বপি দ্রষ্টব্যম্‌ ॥

১৫। স্বামিটী।—কিঞ্চ জ্ঞানেতি। বাসুদেবঃ সর্ব্বমিত্যেবং সর্ব্বাত্মদর্শনং জ্ঞানং, তদেব যজ্ঞস্তেন জ্ঞানযজ্ঞেন মাং যজন্তঃ পূজয়ন্তোঽন্যেপ্যুপাসতে, তত্রাপি কেচিদেকত্বেন একমেব পরং ব্রহ্মেতি পরমার্থদর্শনরূপাভেদভাবনয়া, কেচিৎ পৃথক্ত্বেন দাসোঽহ-মিতি পৃথগ্‌ভাবনয়া কেচিত্তু বিশ্বতোমুখং সর্ব্বাত্মকং মাং বহুধা ব্রহ্মরুদ্রাদিরূপেণোপাসতে ॥

১৬। স্বামিটী।—সর্ব্বাত্মতাং প্রপঞ্চয়তি অহং ক্রতুরিতি চতুর্ভিঃ। ক্রতুঃ শ্রৌতোঽগ্নিষ্টোমাদিঃ যজ্ঞঃ, স্মার্ত্তঃ পঞ্চযজ্ঞাদিঃ,

---

করিয়া থাকেন, আবার কোনও সাধু প্রতিনিয়ত সাবধান হইয়া ভক্তিসহকারে আমার উপাসনা করেন?

১৫। আর কেহ তত্ত্বজ্ঞানরূপ যজ্ঞ, কেহ অভেদ ভাবনা, কেহ পৃথক্‌ ভাবনা দ্বারা এবং কেহ বা সর্ব্বাত্মক আমাকে ব্রহ্মরুদ্রাদিরূপে আরাধনা করিয়া থাকেন ॥

১৭। পিতাহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ।
বেদ্যং পবিত্রমোঙ্কার ঋক্ সাম যজুরেব চ ॥

১৮। গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্ ॥

১৭। [অন্বয়ঃ] অহম্ অস্য জগতঃ পিতা, মাতা, ধাতা, পিতামহঃ, বেদ্যং পবিত্রম্, ওঙ্কারঃ, ঋক্ সাম্, যজুঃ, এব চ (এতৎ সর্ব্বমেব অহমিত্যর্থঃ) ॥

১৮। [অন্বয়ঃ] (কিঞ্চ অহং) গতিঃ, ভর্ত্তা, প্রভুঃ, সাক্ষী, নিবাসঃ (ভোগস্থানং) শরণং, সুহৃৎ, প্রভবঃ, প্রলয়ঃ, স্থানং, নিধানং, অব্যয়ং বীজম্ (অবিনাশি) ॥

স্বধা পিত্র্যর্থং শ্রাদ্ধাদিঃ, ঔষধম্ ওষধিপ্রভবমন্নং ভেষজং বা, মন্ত্রো যাজ্যপুরোধোবাক্যাদিঃ, আজ্যং হোমাদিসাধনম্, অগ্নিরাহবনীয়াদিঃ হুতং হোমঃ, এতৎ সর্ব্বমহমেব ॥

১৭। স্বামিটী।—কিঞ্চ পিতাহমস্যেতি। ধাতা কর্ম্মফল-বিধাতা, বেদ্যং জ্ঞেয়ং বস্তু, পবিত্রং শোধকং প্রায়শ্চিত্তাত্মকং বা, ওঙ্কারঃ প্রণবঃ, ঋগ্‌বেদাদয়ো বেদাশ্চাহমেব। স্পষ্টমন্যৎ ॥

১৮। স্বামিটী।—কিঞ্চ গতিরিতি। গম্যত ইতি গতিঃ ফলং, ভর্ত্তা পোষণকর্ত্তা, প্রভুঃ নিয়ন্তা, সাক্ষী শুভাশুভদ্রষ্টা, নিবাসো ভোগস্থানং, শরণং রক্ষকঃ, সুহৃৎ হিতকর্ত্তা, প্রকর্ষেণ ভবত্যনেনেতি প্রভবঃ স্রষ্টা, প্রলীয়তেঽনেনেতি প্রলয়ঃ সংহর্ত্তা, তিষ্ঠত্যস্মিন্নিতি স্থানমাধারঃ, নিধীয়তেঽস্মিন্নিতি নিধানং লয়স্থানং, বীজং কারণং, তথাপ্যব্যয়মবিনাশি ন তু ব্রীহ্যাদিবীজবদ্বিনশ্বরমিত্যর্থঃ ॥

১৬। আমি ক্রতু, যজ্ঞ, স্বধা, ঔষধ, মন্ত্র, আজ্য (ঘৃত) অগ্নি ও হোম ॥

১৭। আমি এই জগতের পিতা, পিতামহ, মাতা ও বিধাতা; আমি জ্ঞেয় বস্তু, পবিত্র, ওঁকার, ঋক্ ও যজুঃ ॥

১৮। আমি কর্ম্মফল, ভর্ত্তা, প্রভু, সাক্ষী, নিবাস, শরণ, সুহৃৎ প্রভব, উৎপত্তি, প্রলয়, আধার, লয়ের স্থান ও অব্যয় বীজ ॥

১৯। তপাম্যহমহং বর্ষং নিগৃহ্ণাম্যুৎসৃজামি চ।
অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ সদসচ্চাহমর্জ্জুন ॥
২০। ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পূতপাপা
যজ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে।
তে পুণ্যমাসাদ্য সুরেন্দ্রলোক-
মশ্নন্তি দিব্যান্ দিবি দেবভোগান্ ॥

১৯। [অন্বয়ঃ] হে অর্জ্জুন! অহং (আদিত্যরূপেণ) তপামি, অহং বর্ষম্ উৎসৃজামি নিগৃহ্ণামি (আকর্ষামি) চ, অমৃতং (জীবনং) মৃত্যুঃ চ, সৎ (স্থূলং দৃশ্যং) অসৎ (সূক্ষ্মম্ অদৃশ্যং) চ অহম্ ॥

২০। [অন্বয়ঃ] ত্রৈবিদ্যাঃ (ঋক্‌যজুঃসামবিদঃ যাজ্ঞিকাঃ) যজ্ঞৈঃ মাং ইষ্ট্বা (সম্পূজ্য) সোমপাঃ (সোমপায়িনঃ) পূতপাপাঃ (শোধিতপাপাঃ) (সন্তঃ) স্বর্গতিং প্রার্থয়ন্তে, তে পুণ্যং সুরেন্দ্রলোকম্ আসাদ্য দিবি (স্বর্গে) দিব্যান্ দেবভোগান্ অশ্নন্তি ॥

১৯। স্বামিটী।—কিঞ্চ তপাম্যহমিতি। আদিত্যাত্মনা স্থিতত্বাৎ নিদাঘকালে তপামি জগতস্তাপং করোমি, বৃষ্টিসময়ে চ বর্ষমুৎসৃজামি বিমুঞ্চামি কদাচিত্তু বর্ষং নিগৃহ্ণামি আকর্ষামি, অমৃতং জীবনং মৃত্যুশ্চ নাশঃ সৎ স্থূলম্ দৃশ্যং অসচ্চ সূক্ষ্মমদৃশ্যম্ এতৎ সর্ব্বমহমেবেতি এবং মত্বা মামেব বহুধোপাসতে ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥

২০। স্বামিটী।—তদেবম্ "অবজানন্তি মাং মূঢা" ইত্যাদি-শ্লোকদ্বয়েন, ক্ষিপ্রফলাশয়া দেবতান্তরং ভজন্তো মাং নাদ্রিয়ন্ত ইত্যভক্তা দর্শিতাঃ, "মহাত্মানস্তু মাং পার্থে"ত্যাদিনা চ ভক্তাঃ উক্তাস্তত্রৈকত্বেন পৃথক্ত্বেন বা যে পরমেশ্বরং ন ভজন্তি, তেষাং জন্মমৃত্যুপ্রবাহো দুর্ব্বার ইত্যাহ—ত্রৈবিদ্যা ইতি দ্বাভ্যাম্। ঋগ্-

---

১৯। আমি উত্তাপ প্রদান, বারিবর্ষণ ও আকর্ষণ করিতেছি, আমিই অমৃত, মৃত্যু, সৎ, অসৎ; এইরূপ স্থির করিয়া লোকে আমাকে নানারূপে উপাসনা করিয়া থাকে ॥

**২১। তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং**
**ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।**
**এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না**
**গতাগতং কামকামা লভন্তে ॥**

২১। [অন্বয়ঃ] তে তং বিশালং স্বর্গলোকং ভুক্ত্বা পুণ্যে ক্ষীণে (সতি) মর্ত্ত্যলোকং বিশন্তি। এবং ত্রয়ীধর্ম্মম্ (বেদত্রয়বিহিতং ধর্ম্মং) অনুপ্রপন্নাঃ (প্রাপ্তাঃ) কামকামাঃ (সন্তঃ) গতাগতং লভন্তে ॥

যজুঃসামলক্ষণাস্তিস্রো বিদ্যা যেষাং তে ত্রিবিদ্যাঃ, ত্রিবিদ্য এব ত্রৈবিদ্যাঃ স্বার্থেঽণ্। তিস্রো বিদ্যা অধীয়তে জানন্তীতি বা ত্রৈবিদ্যাঃ বেদত্রয়োক্তকর্ম্মতৎপরা ইত্যর্থঃ। বেদত্রয়বিহিতৈর্যজ্ঞৈর্ম্মামিষ্ট্বা মমৈব রূপং দেবতান্তরমিত্যজানন্তোঽপি ইন্দ্রাদিরূপেণ মাম্ এবেষ্ট্বা সম্পূজ্য যজ্ঞশেষং সোমং পিবন্তীতি। সোমপাস্তেনৈব পূতপাপাঃ শোধিতকল্মষাঃ সন্তঃ স্বর্গতিং স্বর্গং প্রতি গতিং যে প্রার্থয়ন্তে, তে পুণ্যফলরূপং সুরেন্দ্রলোকং স্বর্গমাসাদ্য প্রাপ্য দিবি স্বর্গে দিব্যানুত্তমান্ দেবানাং ভোগানশ্নন্তি ভুঞ্জতে ॥

২১। স্বামিটী।—ততশ্চ তে তমিতি। তে স্বর্গকামাস্তং প্রার্থিতং বিপুলং স্বর্গলোকং তৎ সুখং ভুক্ত্বা ভোগপ্রাপকে পুণ্যে ক্ষীণে সতি মর্ত্ত্যলোকং বিশন্তি, পুনরপ্যেবমেব বেদত্রয়বিহিতং ধর্ম্মমনুগতাঃ কামকামা ভোগান্ কাময়মানা গতাগতং যাতায়াতং লভন্তে ॥

---

২০। হে অর্জ্জুন! ত্রিবেদবিহিত কর্ম্মানুষ্ঠানপর সোমপায়ী বিগতপাপ মহাত্মগণ যজ্ঞদ্বারা আমার সৎকার করিয়া সুরলোক লাভের অভিলাষ করেন; পরিশেষে অতি পবিত্র সুরলোক প্রাপ্ত হইয়া উৎকৃষ্ট দেবভোগসকল উপভোগ করিয়া থাকেন ॥

২১। অনন্তর সেই স্বর্গকামিগণ পুণ্যক্ষয় হইলে পুনরায় মর্ত্ত্যলোকে প্রবেশ করেন, এইরূপে তাঁহারা বেদত্রয়বিহিত কর্ম্মানুষ্ঠানপর ও ভোগাভিলাষী হইয়া সংসারে গমনাগমন করিয়া থাকে।

২২। অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥
২৩। যেঽপ্যন্যদেবতা ভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্ ॥
২৪। অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তা চ প্রভুরেব চ।
ন তু মামভিজানন্তি তত্ত্বেনাতশ্চ্যবন্তি তে ॥

২২। [অন্বয়ঃ] অনন্যাঃ (অন্যকামনারহিতাঃ) মাং চিন্তয়ন্তঃ যে জনাঃ পর্য্যুপাসতে (সেবন্তে) নিত্যাভিযুক্তানাং তেষাম্ অহং যোগক্ষেমং বহামি ॥

২৩। [অন্বয়ঃ] হে কৌন্তেয়! শ্রদ্ধয়া অন্বিতাঃ ভক্তাঃ (সন্তঃ) যে অন্য-দেবতাঃ অপি যজন্তে তে অপি অবিধিপূর্ব্বকং (অজ্ঞানপূর্ব্বকং) মাম্ এব যজন্তি।

২৪। [অন্বয়ঃ] হি (যস্মাৎ) সর্ব্বযজ্ঞানাম্ অহম্ এব ভোক্তা প্রভুঃ চ তে তু মাং তত্ত্বেন ন অভিজানন্তি, অতঃ চ্যবন্তি (পুনরাবর্ত্তন্তে)।

২২। স্বামিটী।—মদ্ভক্তাস্তু মৎপ্রসাদেন কৃতার্থা ভবন্তীত্যাহ—অনন্যা ইতি। অনন্যা নাস্তি মদ্ব্যতিরেকেণান্যং কাম্যং ভজনীয়ং দেবতান্তরং যেষাং তে তথাভূতা যে জনা মাং চিন্তয়ন্তঃ সেবন্তে, তেষান্তু নিত্যাভিযুক্তানাং সর্ব্বথা মদেকনিষ্ঠানাং যোগং ধনাদিলাভং ক্ষেমঞ্চ তৎপালনং, মোক্ষং বা, তৈরপ্রার্থিতমপি অহমেব বহামি প্রাপয়ামি ॥

২৩। স্বামিটী।—নন্বু চ ত্বদ্ব্যতিরেকেণ বস্তুতো দেবতান্তরস্যা-ভাবাদিন্দ্রাদিসেবিনোঽপি ত্বদ্ভক্তা এবেতি কথং তে গতাগতং লভেরন্ তত্রাহ—যেঽপীতি। শ্রদ্ধয়োপেতাঃ সন্তো যে জনা যজ্ঞে অন্যদেবতা ইন্দ্রাদিরূপা যজন্তে, তেঽপি মামেব যজন্তীতি সত্যম্। কিন্তু অবিধি-পূর্ব্বকং মোক্ষজ্ঞাপকং বিধিং বিনা যজন্তি, অতস্তে পুনরাবর্ত্তন্তে ॥

---

২২। যাহারা অনন্যমনে আমাকে চিন্তা ও আরাধনা করে, আমি সেই সকল মদেকনিষ্ঠ ব্যক্তিদিগকে ধন সম্পত্তি বা মোক্ষ প্রদান করিয়া থাকি ॥

২৫। যান্তি দেবব্রতা দেবান্ পিতৄন্ যান্তি পিতৃব্রতাঃ।
ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি
মদ্‌যাজিনোঽপি মাম্॥

২৫। [অন্বয়ঃ] দেবব্রতাঃ (যজ্ঞকারিণঃ) দেবান্ যান্তি, পিতৃব্রতাঃ (শ্রাদ্ধতর্পণাদিক্রিয়ারতাঃ) পিতৄন্ যান্তি, ভূতেজ্যাঃ (বিনয়াকাদীনাং সেবকাঃ) ভূতানি যান্তি, মদ্‌যাজিনঃ অপি মাং যান্তি (প্রাপ্নুবন্তি)॥

২৪। স্বামিটী।—এতদেব বিবৃণোতি—অহমিতি। সর্ব্বেষাং যজ্ঞানাং তত্তদ্দেবতারূপেণাহমেব ভোক্তা প্রভুশ্চ স্বামী ফলদাতাপ্যহমেবেত্যর্থঃ, এবম্ভূতং মাং তে তত্ত্বেন যথা নাভিজানন্তি, অতশ্চ্যবন্তি প্রচ্যবন্তে পুনরাবর্ত্তন্তে,যে তু সর্ব্বদেবতাসু মামেবান্তর্যামিণং পশ্যন্তো যজন্তি তে তু নাবর্ত্তন্তে।

২৫। স্বামিটী।—তদেবোপপাদয়তি—যান্তীতি। দেবেষিন্দ্রাদিষু ব্রতং নিয়মো যেষাং তে দেবব্রতা দেবান্ যান্তি অতঃ পুনরাবর্ত্তন্তে, পিতৃষু ব্রতং যেষাং শ্রাদ্ধাদিক্রিয়াপরাণাং তে পিতৄন্ যান্তি, ভূতেষু বিনায়কমাতৃগণাদিষু ইজ্যা পূজা যেষাং তে ভূতেজ্যা ভূতানি যান্তি, মাং যষ্টুং শীলং যেষাং তে মদ্‌যাজিনস্তে তু মামক্ষয়ং পরমানন্দস্বরূপং যান্তি॥

---

২৩। হে কৌন্তেয়! যাহারা শ্রদ্ধা ও ভক্তিসহকারে অন্য দেবতারও আরাধনা করে, তাহারা অজ্ঞানপূর্ব্বক আমাকেই পূজা করিয়া থাকে॥

২৪। আমি সকলযজ্ঞের ভোক্তা ও প্রভু; কিন্তু তাহারা আমাকে যথার্থরূপে বিদিত হইতে পারে না, এই নিমিত্ত স্বর্গভ্রষ্ট হইয়া পুনরায় জন্মগ্রহণ করে॥

২৫। দেবব্রতপরায়ণ ব্যক্তিরা দেবগণ, পিতৃব্রতনিষ্ঠ ব্যক্তিরা পিতৃগণ ও ভূতসেবকেরা ভূতসকলকে এবং আমার উপাসকেরা চিদানন্দ স্বরূপ আমাকে প্রাপ্ত হয়।

২৬। পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে
ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ।
২৭। যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ।
যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণম্ ॥

২৬। [অন্বয়ঃ] যঃ মে (মহ্যং) ভক্ত্যা পত্রং পুষ্পং ফলং তোয়ং (জলং) প্রযচ্ছতি (প্রদদাতি) অহং প্রযতাত্মনঃ (শুদ্ধবুদ্ধেঃ) ভক্ত্যুপহৃতং (ভক্ত্যা সমর্পিতং) তৎ (পত্রাদি) অশ্নামি (গৃহ্লামি) ॥

২৭।২৮। [অন্বয়ঃ] হে কৌন্তেয়! যৎ করোষি, যৎ অশ্নাসি (খাদসি) যৎ জুহোষি, যৎ দদাসি, যৎ তপস্যসি তৎ (সর্ব্বং) মদর্পণং (ময়ি সমর্পণং,)

২৬। স্বামিটী। তদেবং স্বভক্তানামক্ষয়ফলমুক্ত্বা অনায়াসত্বঞ্চ স্বভক্তের্দর্শয়তি—পত্রমিতি। পত্রপুষ্পাদিমাত্রমপি মহ্যং ভক্ত্যা যঃ প্রযচ্ছতি তস্য প্রযতাত্মনঃ শুদ্ধচিত্তস্য নিষ্কামভক্তস্য তৎ পত্রপুষ্পাদিকং ভক্ত্যা তেনোপহৃতং সমর্পিতমহমশ্নামি প্রাপ্নোমি প্রীত্যা গৃহ্লামি। ন হি মহাবিভূতিপতেঃ পরমেশ্বরস্য মম ক্ষুদ্রদেবতানামিব বহুবিত্তসাধ্যযাগাদিভিঃ পরিতোষঃ স্যাৎ কিন্তু ভক্তিমাত্রেণ, অতো ভক্তেন সমর্পিতং যৎকিঞ্চিৎ পত্রাদিমাত্রমপি তদনুগ্রহার্থমেবাশ্নামীতি ভাবঃ ॥

২৭।২৮। স্বামিটী—ন চ ফলপুষ্পাদিকমপি যজ্ঞার্থপশুসোমাদিদ্রব্যবন্মদর্থমেবোত্থমৈরাপাদ্য সমর্পণীয়ং, কিন্তুর্হি যৎ করোষীতি। স্বভাবতঃ শাস্ত্রতো বা যৎকিঞ্চিৎ কর্ম্ম করোষি, তথা যদশ্নাসি

২৬। যিনি ভক্তিসহকারে আমাকে ফল, পত্র পুষ্প ও জল প্রদান করেন, আমি সেই বিশুদ্ধ চিত্ত ব্যক্তির তত্তৎ সমুদয় দ্রব্য ভক্ষণ (গ্রহণ) করিয়া থাকি ॥

২৭। হে অর্জ্জুন! তুমি যে কর্ম্মানুষ্ঠান, যাহা ভক্ষণ, যে হোম, যে বস্তু দান ও যেরূপ তপঃ সাধন করিয়া থাক; তৎসমুদয় আমাকে সমর্পণ করিও ॥

২৮। শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ।
সন্ন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তো মামুপৈষ্যসি ॥

২৯। সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।
যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্ ॥

কুরুষ্ব। এবং (কুর্ব্বন্) শুভাশুভফলৈঃ কর্ম্মবন্ধনৈঃ মোক্ষ্যসে, বিমুক্তঃ (সন সন্ন্যাস-যোগযুক্তাত্মা (ত্বং) মাম্ উপৈষ্যসি (প্রাপ্স্যসি) ॥

২৯। [ অন্বয়ঃ ] অহং সর্ব্বভূতেষু সমঃ, (অতঃ) মে দ্বেষ্যঃ প্রিয়ঃ চ ন অস্তি, যে তু মাং ভক্ত্যা ভজন্তি, তে ময়ি ( বর্ত্তন্তে ) অহম্ অপি তেষু ( বর্ত্তে ) ॥

যজ্জুহোসি, যদ্দদাসি যচ্চ তপস্যসি তপঃ করোষি, তৎ সর্ব্বং মদর্পিতং যথা ভবতি এবং কুরুষ্ব ; এবঞ্চ যৎ ফলং প্রাপ্স্যসি তচ্ছৃণু ইত্যাহ—শুভাশুভেতি। এবং কুর্ব্বন্ কর্ম্মবন্ধনৈঃ কর্ম্মনিমিত্তৈরিষ্টানিষ্টফলৈর্ম্মুক্তো ভবিষ্যসি কর্ম্মণাং ময়ি সমর্পিতত্বেন তব তৎফলসম্বন্ধানুপপত্তেঃ তৈশ্চ বিমুক্তঃ সন্ সন্ন্যাসযোগযুক্তাত্মা সন্ন্যাসঃ কর্ম্মণাং মদর্পণং স এব যোগস্তেন যুক্ত আত্মা চিত্তং যস্য তথাভূতস্ত্বং মাং প্রাপ্স্যসীত্যর্থঃ ॥

২৯। স্বামিটী।—যদি তু ভক্তেভ্য এব মোক্ষং দদাসি নাভক্তেভ্যস্তর্হি তবাপি কিং রাগদ্বেষাদিকৃতং বৈষম্যমস্তি ? নেত্যাহ—সমোঽহমিতি। সর্ব্বেষ্বপি ভূতেষ্বহং সমঃ, অতো মম প্রিয়শ্চ দ্বেষ্যশ্চ নাস্ত্যেব, এবং সত্যপি যে মাং ভজন্তি তে ভক্ত্যা ময়ি বর্ত্তন্তে, অহমপি তেষ্বনুগ্রাহকতয়া বর্ত্তে। অয়ং ভাবঃ—যথাগ্নেঃ স্বসেবকেষ্বেব তমঃশীতাদিদুঃখমপাকুর্ব্বতোঽপি ন বৈষম্যং, যথা বা কল্পবৃক্ষস্য,

২৮। তাহা হইলে কর্ম্মজনিত শুভাশুভফল হইতে বিমুক্ত হইবে এবং কর্ম্মার্পণরূপ সন্ন্যাসযোগযুক্ত হইয়া আমাকে লাভ করিবে ॥

৩০। অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ব্যবসিতো হি সঃ ॥
৩১। ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি।
কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ॥

৩০। [ **অন্বয়ঃ** ] **সুদুরাচারঃ** অপি চেৎ ( যদি ) অপি **অনন্যভাক্** ( সন্ ) মাং ভজতে, ( তর্হি ) স সাধুঃ এব চ মন্তব্যঃ, হি ( যতঃ ) সঃ সম্যক্ ব্যবসিতঃ ॥

৩১। [ **অন্বয়ঃ** ] **ক্ষিপ্রং** ধর্ম্মাত্মা ভবতি, ( ততশ্চ ) **শশ্বৎ শান্তিং** নিগচ্ছতি ( প্রাপ্নোতি ), হে **কৌন্তেয়**! মে ( মম পরমেশ্বরস্য ) ভক্তঃ ন প্রণশ্যতি ( ইতি ) **প্রতিজানীহি** ॥

তস্মৈব ভক্তপক্ষপাতিনোঽপি মম বৈষম্যং নাস্ত্যেব, কিন্তু মদ্ভক্তেরেবায়ং মহিমেতি ॥

৩০। স্বামিটী।—অপিচ মদ্ভক্তেরেবানন্যবিতর্ক্যঃ প্রভাব ইতি দর্শয়ন্নাহ—অপি চেদিতি। অত্যন্তদুরাচারোঽপি যস্থপ্যপৃথক্ত্বেন পৃথগ্দেবতাপি বাসুদেব এবেতি বুদ্ধ্যা নরো দেবতান্তরভক্তিমকুর্ব্বন্ মামেব পরমেশ্বরং ভজতে, তর্হি সাধুঃ শ্রেষ্ঠ এব স মন্তব্যঃ যতোঽসৌ সম্যগ্ব্যবসিতঃ পরমেশ্বরভজনেনৈব কৃতার্থো ভবিষ্যামীতি শোভনমধ্যবসায়ং কৃতবান্ ॥

৩১। স্বামিটী।—নন্বু কথং সমীচীনাধ্যবসায়মাত্রেণ সাধুর্ম্মন্তব্যস্তত্রাহ—ক্ষিপ্রমিতি। সুদুরাচারোঽপি মাং ভজন্ শীঘ্রং ধর্ম্মচিত্তো ভবতি, ততশ্চ শশ্বচ্ছান্তিং শাশ্বতীমুপশান্তিং চিত্তোপপ্লবোপরমরূপাং

---

২৯। আমি সকল ভূতেই একরূপ; কেহ আমার শত্রু বা মিত্র নাই; যাহারা ভক্তিপূর্ব্বক আমার আরাধনা করে, তাহারা আমাতে অবস্থান করিয়া থাকে এবং আমিও সেই সকল ভক্তগণে অবস্থান করিয়া থাকি ॥

৩০। যদি অত্যন্ত দুরাচার ব্যক্তিও অনন্যমনে আমার উপাসনা করে, তবে সেই সাধু; কারণ তাহার অধ্যবসায় অতি প্রশংসনীয়

৩২। মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ
পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং
গতিম্॥

৩২। [অন্বয়ঃ] হে পার্থ! যে অপি পাপযোনয়ঃ স্যুঃ (ভবেয়ুঃ) স্ত্রিয়ঃ বৈশ্যাঃ তথা শূদ্রাঃ তে অপি মাং ব্যপাশ্রিত্য পরাং গতিং হি যান্তি॥

পরমেশ্বরনিষ্ঠাং নিতরাং গচ্ছতি প্রাপ্নোতি, কুতর্ককর্কশবাদিনো নৈতন্মন্যেরন্নিতি শঙ্কাকুলমর্জ্জুনং প্রোৎসাহয়তি—হে কৌন্তেয়! পটহকাহলাদিমহাঘোষপূর্ব্বকং বিবদমানানাং সভাং গত্বা বাহুমুৎক্ষিপ্য নিঃশঙ্কং প্রতিজানীহি। প্রতিজ্ঞাং কুরু! কথং? মে পরমেশ্বরস্য ভক্তঃ সুদুরাচারোঽপি ন প্রণশ্যতি, অপি তু কৃতার্থ এব ভবতীতি, ততশ্চ তে ত্বৎপ্রৌঢ়িবিজৃম্ভবিধ্বংসিতকুতর্কাঃ সন্তো নিঃসংশয়ং ত্বামেব গুরুত্বেনাশ্রয়েরন্।

৩২। স্বামিটী।—স্বাচারভ্রষ্টং মদ্ভক্তিঃ পবিত্রীকরোতীতি কিমত্র চিত্রং যতো মদ্ভক্তিঃ দুষ্কুলানপ্যনধিকারিণোঽপি সংসারান্মোচয়তীত্যাহ—মাং হীতি। যেঽপি পাপযোনয়ঃ স্যুর্নিকৃষ্টজন্মানোঽন্ত্যজাদয়ো ভবেয়ুঃ যেঽপি বৈশ্যাঃ কেবলং কৃষ্যাদিনিরতাঃ, তথা স্ত্রিয়ঃ শূদ্রাশ্চাপ্যধ্যয়নাদিরহিতাস্তেঽপি মাং ব্যপাশ্রিত্য সংসেব্য পরাং গতিং যান্তি হি নিশ্চিতম॥

৩১। সে অবিলম্বে ধর্ম্মপরায়ণ হইয়া নিরন্তর শান্তি লাভ করে; কৌ তুমি নিশ্চয় জানিও, আমার ভক্ত কখনও বিনষ্ট হয় না॥

৩২। হে পার্থ। যাহারা নিকৃষ্ট-কুলজাত বা নিতান্ত পাপাত্মা; যাহারা কৃষ্যাদিনিরত বৈশ্য ও যাহারা অধ্যয়নবিরহিত শূদ্র এবং স্ত্রীলোক—ইহারাও আমাকে আশ্রয় করিলে অত্যুৎকৃষ্ট গতি লাভ করিতে পারে॥

৩৩। কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্ষয়স্তথা।
অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্‌ ॥

৩৪। মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং মৎপরায়ণঃ ॥

ইতি·· ·· রাজবিদ্যারাজগুহ্যযোগো নাম নবমোঽধ্যায়ঃ ॥৯॥

৩৩। [অন্বয়ঃ] পুণ্যাঃ ব্রাহ্মণাঃ, তথা ভক্তাঃ রাজর্ষয়ঃ (পরাং গতিং যান্তি ইতি) কিং পুনঃ (যান্ত্যেবেত্যর্থঃ) (অতঃ ত্বং) অনিত্যম্‌ অসুখম্‌ ইমং লোকং প্রাপ্য (দুর্লভং মনুষ্যত্বং লব্ধ্বা) মাং ভজস্ব॥

৩৪। [অন্বয়ঃ] মন্মনাঃ মদ্ভক্তঃ মদ্‌যাজী চ ভব, মাং নমস্কুরু, এবং মৎপরায়ণঃ (সন্) আত্মানং (মনঃ) যুক্ত্বা (ময়ি সমাধায়) মাম্‌ এব এষ্যসি॥

৩৩। স্বামিটী।—যদ্যেবং তদা সৎকুলাঃ সদাচারাশ্চ মদ্ভক্তাঃ পরাং গতিং যান্তীতি কিং বক্তব্যমিত্যাহ—কিং পুনরিতি। পুণ্যাঃ সুকৃতিনো ব্রাহ্মণাঃ, তথা রাজানশ্চ তে ঋষয়শ্চেতি এবম্ভূতাশ্চ পরাং গতিং যান্তীতি কিং বক্তব্যমিত্যর্থঃ। অতস্ত্বম্‌ ইমং রাজর্ষিরূপং প্রাপ্য লব্ধ্বা মাং ভজস্ব, কিঞ্চ অনিত্যমধ্রুবম্‌ অসুখং সুখরহিতঞ্চেমং মর্ত্ত্যলোকং প্রাপ্য অনিত্যত্বাদ্বিলম্বমকুর্ব্বন্‌ অসুখত্বাচ্চ সুখার্থমুদ্যমং হিত্বা মামেব ভজস্বেত্যর্থঃ॥

৩৪। স্বামিটী।—ভজনপ্রকারং দর্শয়ন্‌ উপসংহরতি—মন্মনা ইতি। ময্যেব মনো যস্য স মন্মনাস্ত্বং ভব, তথা মমৈব ভক্তঃ

৩৩। অতি পবিত্র ব্রাহ্মণ ও ভক্তিপরায়ণ রাজর্ষিগণ যে পরমগতি লাভ করিবেন, তাহাতে আর সন্দেহ কি? তুমি এই অনিত্য অসুখকর (মর্ত্ত্য) লোক প্রাপ্ত হইয়া আমার আরাধনা কর॥

সেবকো ভব, মদ্‌যাজী মৎপূজনশীলো ভব, মামেব চ নমস্কুরু, এব-মেভিঃ প্রকারৈর্ম্মৎপরায়ণঃ সন্নাত্মানং মনো ময়ি যুক্ত্বা সমাধায় মামেব পরমানন্দরূপমেষ্যসি প্রাপ্স্যসি ।

নিজমৈশ্বর্য্যমাশ্চর্য্যং ভক্তেশ্চাদ্ভুতবৈভবম্ ।
নবমে রাজগুহ্যাখ্যে কৃপয়াবোচদচ্যুতঃ ॥

ইতি নবমোঽধ্যায়ঃ ॥৯॥

৩৪ । আমাতেই মন সমর্পণ কর, আমার প্রতি ভক্তিপরায়ণ হও, সর্ব্বদা আমাকে পূজা কর, আমাকে নমস্কার কর, তুমি এইরূপে আমাতে আত্মা সমাহিত করিলে আমাকেই লাভ করিবে ॥

নবম অধ্যায় সমাপ্ত ॥৯

# দশমঃ অধ্যায়ঃ।

## শ্রীভগবানুবাচ—

১। ভূয় এব মহাবাহো শৃণু মে পরমং বচঃ।
যত্তেঽহং প্রীয়মাণায় বক্ষ্যামি হিতকাম্যয়া ॥

২। ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ।
অহমাদির্হি দেবানাং মহর্ষীণাঞ্চ সর্ব্বশঃ ॥

১। [ অন্বয়ঃ ] শ্রীভগবান্ উবাচ—হে মহাবাহো ! ভূয় এব মে ( মম ) পরমং বচঃ শৃণু যৎ প্রীযমাণায় ( মদ্বচনাৎ প্রীতায় ) তে ( তুভ্যং ) অহং হিতকাম্যযা বক্ষ্যামি ॥

২। [ অন্বয়ঃ ] সুরগণাঃ মহর্ষযঃ, চ মে ( মম ) প্রভবং (আবির্ভাবং) ন বিদুঃ ( জানন্তি ) হি ( যস্মাৎ ) অহং দেবানাং মহর্ষীণাং চ সর্ব্বশঃ আদিঃ ॥

১। স্বামিটী।—উক্তাঃ সংক্ষেপতঃ পূর্ব্বং সপ্তমাদৌ বিভূতয়ঃ। দশমে তা বিতন্যন্তে সর্ব্বত্রেশ্বরদৃষ্টয়ে। এবং তাবৎ সপ্তমাদিভিস্ত্রিভিবধ্যায়ৈর্ভজনীয়ং পরমেশ্বরতত্ত্বং নিরূপিতং তদ্বিভূতয়শ্চ সপ্তমে "রসোঽহমপ্সু কৌন্তেয়" ইত্যাদিনা সংক্ষেপতো দর্শিতাঃ, অষ্টমে চ "অধিযজ্ঞোঽহমেবাত্রে" ত্যাদিনা, নবমে চ "অহং ক্রতুরহং যজ্ঞ" ইত্যাদিনা। অথেদানীং তা এব বিভূতীঃ প্রপঞ্চয়িষ্যন্ স্বভক্তেশ্চাবশ্যকরণীয়ত্বং বর্ণয়ন্ শ্রীভগবানুবাচ—ভূয় এবেতি। মহান্তৌ যুদ্ধাদিস্বধর্ম্মানুষ্ঠানে মহৎপরিচর্য্যায়াং বা কুশলৌ বাহূ যস্য তথা হে মহাবাহো ! ভূয় এব পুনরপি মে বচঃ শৃণু। কথম্ভূতং ? পরমং পরমাত্মনিষ্ঠং মদ্বচনামৃতেনৈব প্রীতিং প্রাপ্নুবতে তুভ্যং হিতকাম্যয়া হিতেচ্ছয়া যদহং বক্ষ্যামি ॥

---

১। শ্রীভগবান্ কহিলেন,—হে মহাবাহো ! তুমি আমার বাক্য শ্রবণে নিতান্ত প্রীত হইতেছ, এক্ষণে আমি তোমার হিতবাসনায় পুনরায় যে সমস্ত উৎকৃষ্ট বাক্য কীর্ত্তন করিতেছি, তাহা শ্রবণ কর ॥

৩। যো মামজমনাদিঞ্চ বেত্তি লোকমহেশ্বরম্।
অসম্মূঢ়ঃ স মর্ত্তেষু সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥

৪। বুদ্ধির্জ্ঞানমসম্মোহঃ ক্ষমা সত্যং দমঃ শমঃ।
সুখং দুঃখং ভবোঽভাবো ভয়ঞ্চাভয়মেব চ॥

৫। অহিংসা সমতা তুষ্টিস্তপো দানং যশোঽযশঃ।
ভবন্তি ভাবা ভূতানাং মত্ত এব পৃথগ্বিধাঃ॥

৩। [অন্বয়ঃ] যঃ মাম্ অনাদিম্ অজং লোকমহেশ্বরং চ বেত্তি (জানাতি) স মর্ত্ত্যেষু (মানুষেষু) অসম্মূঢ়ঃ (সন্) সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥

৪।৫। [অন্বয়ঃ] বুদ্ধিঃ, জ্ঞানম্, অসম্মোহঃ, ক্ষমা, সত্যং, দমঃ, শমঃ, সুখং, দুঃখং ভবঃ, অভাবঃ, ভয়ম্, অভয়ং চ, অহিংসা, সমতা, তুষ্টিঃ, তপঃ, দানং, যশঃ, অযশঃ (এতে) ভূতানাং (প্রাণিনাং) পৃথগ্বিধাঃ ভাবাঃ মত্তঃ (ঈশ্বরাৎ) এব ভবন্তি॥

২। স্বামিটী।—উক্তস্যাপি পুনর্ব্বচনে দুর্জ্ঞেয়ত্বং হেতুমাহ—ন মে বিদুরিতি। যে মম প্রকৃষ্টং ভবং জন্মরহিতস্যাপি নানাবিভূতিভিরাবির্ভাবং সুরগণা অপি মহর্ষয়োঽপি ভৃগ্বাদয়ো ন জানন্তি। তত্র হেতুঃ,—অহং হি দেবানাং মহর্ষীণাঞ্চাদিঃ কারণং, সর্ব্বশঃ সর্ব্বৈঃ প্রকারৈরুৎপাদকত্বেন বুদ্ধ্যাদিপ্রবর্ত্তকত্বেন চ, অতো মদনুগ্রহং বিনা মাং কেঽপি ন জানন্তীত্যর্থঃ॥

৩। স্বামিটী।—এবম্ভূতাত্মজ্ঞানে ফলমাহ—যো মামিতি। সর্ব্বকারণত্বাদেব ন বিদ্যতে আদিঃ কারণং যস্য তমনাদিম্ অত এবাজং জন্মশূন্যং লোকানাং মহেশ্বরঞ্চ মাং যো বেত্তি, স মনুষ্যেষু সম্মোহরহিতঃ সন্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে॥

---

২। মহর্ষি ও সুরগণও আমার প্রভাব অবগত নহেন, যেহেতু আমি সকল বিষয়েই তাঁহাদিগের আদি॥

৬। মহর্ষয়ঃ সপ্ত পূর্ব্বে চত্বারো মনবস্তথা।
মদ্ভাবা মানসা জাতা যেষাং লোক ইমাঃ প্রজাঃ॥

৬। [অন্বয়ঃ] সপ্ত মহর্ষয়ঃ, পূর্ব্বে চত্বারঃ, তথা মনবঃ (চতুর্দ্দশ) (এতে) মদ্ভাবাঃ (মদ্গতভাবনাঃ) মানসা জাতাঃ, (মনসৈব ময়া এতে উৎপাদিতাঃ) লোকে ইমাঃ (ব্রাহ্মণাদ্যাঃ) যেষাং প্রজাঃ (সন্তানাঃ)॥

৪—৫। স্বামিটী।—লোকমহেশ্বরতাং স্ফুটয়তি—বুদ্ধিরিতি ত্রিভিঃ। বুদ্ধিঃ সারাসারবিবেকনৈপুণ্যং. জ্ঞানমাত্মবিষয়ম্, অসম্মোহো ব্যাকুলত্বাভাবঃ, ক্ষমা সহিষ্ণুত্বং, সত্যং যথার্থভাষণং, দমো বাহ্যেন্দ্রিয়সংযমঃ, শমোঽন্তঃকরণসংযমঃ, সুখমনুকূলসংবেদনীয়ং, দুঃখঞ্চ তদ্বিপরীতম্, ভব উদ্ভবঃ, অভাবস্তদ্বিপরীতঃ, ভয়ং, ত্রাসঃ অভয়ং তদ্বিপরীতম্। অস্য শ্লোকস্য মত্ত এব ভবন্তীত্যুত্তরেণান্বয়ঃ। কিঞ্চ অহিংসেতি। অহিংসা পরপীড়ানিবৃত্তিঃ, সমতা রাগদ্বেষাদিরাহিত্যং, মিত্রামিত্রতুল্যতা চ; তুষ্টির্দ্দৈবলব্ধেন সন্তোষঃ, তপঃ শারীরাদি বক্ষ্যমাণং, দানং ন্যায়ার্জ্জিতস্য ধনাদেঃ সৎপাত্রেঽর্পণং, যশঃ সৎকীর্ত্তিঃ, অযশো দুষ্কীর্ত্তিঃ এতে বুদ্ধিজ্ঞানাদয়স্তদ্বিপরীতাশ্চাবুদ্ধ্যাদয়ো নানাবিধা ভাবাঃ প্রাণিনাং মত্তঃ সকাশাদেব ভবন্তি॥

৬। স্বামিটী।—কিঞ্চ মহর্ষয় ইতি। সপ্ত মহর্ষয়ো ভৃগ্বাদয়ঃ "সপ্ত ব্রাহ্মণা ইত্যেতে পুরাণে নিশ্চয়ং গতা" ইত্যাদিপুরাণপ্রসিদ্ধাস্তেভ্যোঽপি পূর্ব্বেঽন্যে চত্বারো মহর্ষয়ঃ সনকাদয়স্তথা মনবঃ

---

৩। যিনি আমাকে অনাদি, জন্মবিহীন ও সর্ব্বলোকের ঈশ্বর বলিয়া জানেন; তিনি জীবলোকে মোহবিরহিত ও পাপ হইতে বিমুক্ত হইয়া থাকেন॥

৪।৫। বুদ্ধি, জ্ঞান, অসংমোহ, ক্ষমা, সত্য, দম, শম, সুখ, দুঃখ. ভব, (স্থিতি,) অভাব, ভয়, অভয়, অহিংসা, সমতা, তুষ্টি, তপঃ, দান, যশঃ, অযশঃ: প্রাণীদিগের এই সকল নানাবিধ ভাব আমা হইতেই জন্মে॥

৭। এতাং বিভূতিং যোগঞ্চ মম যো বেত্তি তত্ত্বতঃ।
সোঽবিকম্পেন যোগেন যুজ্যতে নাত্র সংশয়ঃ॥
৮। অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে।
ইতি মত্বা ভজন্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ॥

৭। [ অন্বয়ঃ ] যঃ মম এতাং বিভূতিং যোগং চ তত্ত্বতঃ বেত্তি, স অবিকম্পেন ( নিঃসংশয়েন ) যোগেন যুজ্যতে অত্র ন সংশয়ঃ॥

৮। [ অন্বয়ঃ ] অহং সর্ব্বস্য প্রভবঃ ( উৎপত্তিস্থানং ) মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে, ইতি মত্বা বুধাঃ ভাবসমন্বিতাঃ ( প্রীতিযুক্তাঃ ) ( সন্তঃ ) মাং ভজন্তে॥

স্বায়ম্ভুবাদয়ো মদ্ভাবা মদীয়ো ভাবঃ প্রভাবো যেষু তে হিরণ্যগর্ভাত্মনো মমৈব মনসঃ সঙ্কল্পমাত্রাজ্জাতাঃ। প্রভাবমেবাহ—যেষামিতি। যেষাং ভৃগ্বাদীনাং সনকাদীনাঞ্চ ইমা ব্রাহ্মণাদ্যা লোকে বর্দ্ধমানা যথাযথং পুত্রপৌত্রাদিরূপাঃ শিষ্যপ্রশিষ্যাদিরূপাশ্চ প্রজাঃ জাতা বর্ত্তন্তে॥

৭। স্বামিটী।—যথোক্তবিভূত্যাদিতত্ত্বজ্ঞানস্য ফলমাহ—এতামিতি। এতাং ভৃগ্বাদিলক্ষণাং মম বিভূতিং যোগমৈশ্বর্য্যলক্ষণং তত্ত্বতো যো বেত্তি স অবিকম্পেন নিঃসংশয়েন যোগেন সম্যগ্দর্শনেন যুক্তো ভবতি নাস্ত্যত্র সংশয়ঃ॥

৮। স্বামিটী।—যথাচ বিভূতিযোগয়োর্জ্ঞানে সম্যগ্‌জ্ঞানাবাপ্তিস্তদ্দর্শয়তি—অহমিত্যাদি চতুর্ভিঃ। অহং সর্ব্বস্য জগতঃ প্রভবো ভৃগ্বাদিমন্বাদিরূপবিভূতিদ্বারেণোৎপত্তিহেতুঃ, মত্ত এব চ

৬। পূর্ব্বতন সনক সনন্দাদি চারিজন ও ভৃগুপ্রভৃতি সাতজন মহর্ষি এবং স্বায়ম্ভুবাদি চতুর্দ্দশ মনু আমারই প্রভাবসম্পন্ন ও আমারই মন হইতে সমুৎপন্ন হইয়াছেন, তাঁহারা এই লোক ও প্রজা সৃষ্টি করিয়াছেন॥

৭। যিনি আমার এই বিভূতি ও ঐশ্বর্য্য সম্যক্ বিদিত হইয়াছেন; তিনি সংশয়রহিত জ্ঞান প্রাপ্ত হন, সন্দেহ নাই॥

৯। মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্।
কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ॥

১০। তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্।
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে॥

৯। [অন্বয়ঃ] মচ্চিত্তাঃ মদ্গতপ্রাণাঃ (বুধাঃ) মাং পরস্পরং বোধয়ন্তঃ নিত্যং কথয়ন্তঃ চ তুষ্যন্তি রমন্তি চ॥

১০। [অন্বয়ঃ] সততযুক্তানাং প্রীতিপূর্ব্বকং (মাং) ভজতাং তেষাং তং বুদ্ধিযোগং (সম্যগ্দর্শনরূপং যোগং) দদামি, যেন (বুদ্ধিযোগেন) তে মাম্ উপযান্তি (প্রাপ্নুবন্তি)॥

অস্য সর্ব্বস্য "বুদ্ধিজ্ঞানমসম্মোহ" ইত্যাদি সর্ব্বং প্রবর্ত্ততে, ইত্যেবং মত্বা অববুধ্য বুধা বিবেকিনো ভাবসমন্বিতাঃ প্রীতিযুক্তা মাং ভজন্তে॥

৯। স্বামিটী—প্রীতিপূর্ব্বকং ভজনমেবাহ—মচ্চিত্তা ইতি। ময্যেব চিত্তং যেষাং তে মচ্চিত্তাঃ, মামেব গতা প্রাপ্তাঃ প্রাণা ইন্দ্রিয়াণি যেষাং তে মদ্গতপ্রাণাঃ ময্যর্পিতজীবনা ইতি বা, এবম্ভূতাস্তে বুধা অন্যোন্যং মাং ন্যায়োপেতৈঃ শ্রুত্যাদিপ্রমাণৈর্ব্বোধয়ন্তো বুদ্ধ্যা চ মাং কথয়ন্তঃ সংকীর্ত্তয়ন্তঃ সন্তঃ নিত্যং তুষ্যন্তি অনুমোদনেন তুষ্টিং যান্তি রমন্তি চ নির্বৃতিং যান্তি॥

১০। স্বামিটী।—এবম্ভূতানাঞ্চ সম্যগ্জ্ঞানমহং দদামীত্যাহ—তেষামিতি। এবং সততযুক্তানাং ময্যাসক্তচিত্তানাং প্রীতিপূর্ব্বকং

৮। পণ্ডিতেরা আমাকে সকলের কারণ ও আমা হইতে সমস্ত প্রবর্ত্তিত জানিয়া প্রীতমনে আমার অর্চ্চনা করেন॥

৯। তাহারা আমাতে মন ও প্রাণ সমর্পণ করিয়া আমাকে বিদিত হন এবং আমার নাম কীর্ত্তন করিয়া একান্ত সন্তোষ ও পরম শান্তি লাভ করিয়া থাকেন॥

১১। তেষামেবানুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ।
নাশয়াম্যাত্মভাবস্থো জ্ঞানদীপেন ভাস্বতা ॥

অর্জ্জুন উবাচ—

১২। পরং ব্রহ্ম পরং ধাম পবিত্রং পরমং ভবান্।
পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভুম্ ॥

১৩। আহুস্ত্বামৃষয়ঃ সর্ব্বে দেবর্ষির্নারদস্তথা।
অসিতো দেবলো ব্যাসঃ স্বয়ঞ্চৈব ব্রবীষি মে ॥

১১। [অন্বয়ঃ] তেষাম্ অনুকম্পার্থম্ এব অহম্ আত্মভাবস্থঃ (অন্তঃকরণাশয়স্থঃ) (সন্) ভাস্বতা জ্ঞানদীপেন অজ্ঞানজং তমঃ নাশয়ামি ॥

১২।১৩। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ,—ভবান্ পরং ব্রহ্ম, পরং ধাম (তেজঃ) পরমং পবিত্রং চ। সর্ব্বে ঋষয়ঃ দেবর্ষিঃ নারদঃ, তথা অসিতঃ, দেবলঃ, ব্যাসঃ চ ত্বাং শাশ্বতং পুরুষং দিব্যম্ (স্বপ্রকাশং) আদিদেবম্ অজং বিভুং চ আহুঃ (ত্বং) স্বয়ং চ মে (মহ্যং) ব্রবীষি চ ॥

তাং তং বুদ্ধিরূপং যোগমুপায়ং দদামি, তমিতি কম্? যেনোপায়েন তে মদ্ভক্তা মাং প্রাপ্নুবন্তি ॥

১১। স্বামিটী।—বুদ্ধিযোগং দত্ত্বা চ তস্যানুভবপর্য্যন্তং তমাবিস্তৃত্য অবিদ্যাকৃতং সংসারং নাশয়ামীত্যাহ—তেষামিতি। তেষামনুকম্পার্থমনুগ্রহার্থমেবাজ্ঞানাজ্জাতং তমঃ সংসারাখ্যং নাশয়ামি, কুত্র স্থিতঃ সন্ কেন বা সাধনেন তমো নাশয়ামীত্যত আহ—আত্মভাবস্থো বুদ্ধিবৃত্তৌ স্থিতঃ সন্ ভাস্বতা বিস্ফুরতা জ্ঞানলক্ষণেন দীপেন নাশয়ামি ॥

১০। আমি সেই সমস্ত প্রীতচিত্ত উপাসকদিগকে বুদ্ধি প্রদান করি, তাহারা তদ্দ্বারা আমাকে প্রাপ্ত হইয়া থাকেন।

১১। আমি অনুকম্পা প্রদর্শন করিবার নিমিত্ত তাঁহাদিগের বুদ্ধিবৃত্তিতে অবস্থিত হইয়া দীপ্তিশীল জ্ঞানপ্রদীপ দ্বারা অজ্ঞানান্ধকার দূরীভূত করিয়া থাকি ॥

১৪। সর্ব্বমেতদৃতং মন্যে যন্মাং বদসি কেশব।
নহি তে ভগবন্ ব্যক্তিং বিদুর্দ্দেবা ন দানবাঃ ॥

১৪। [ অন্বয়ঃ ] হে কেশব! মাং যৎ বদসি, এতৎ সর্ব্বম্ ঋতং ( সত্যং ) মন্যে হি ( যস্মাৎ ) হে ভগবন্! তে ( তব ) ব্যক্তিং ( আবির্ভাবং ) দেবাঃ দানবাঃ চ ন বিদুঃ ( জানন্তি ) ॥

১২—১৩। স্বামিটী।—সংক্ষেপেণোক্তাং বিভূতিং বিস্তরেণ জিজ্ঞাসুর্ভগবন্তং স্তুবন্ অর্জ্জুন উবাচ—পরং ব্রহ্মেতি সপ্তভিঃ। পরং ব্রহ্ম পরং ধাম চ আশ্রয়ঃ পরমং পবিত্রং ভবানেব, কুত ইত্যত আহ—যতঃ শাশ্বতং নিত্যং পুরুষং, তথা দিব্যং দ্যোতনাত্মকং স্বয়স্প্রকাশম্, আদিশ্চাসৌ দেবশ্চেতি তং দেবানামাদিভূতমিত্যর্থঃ তথা অজম্ অজন্মানং বিভুঞ্চ ব্যাপকং ত্বামেবাহুঃ। কে ত ইত্যাহ—আহুরিতি। ঋষয়ো ভৃগ্বাদয়ঃ সর্ব্বে, দেবর্ষিশ্চ নারদঃ, অসিতশ্চ দেবলশ্চ ব্যাসশ্চ, স্বয়ং ত্বমেব সাক্ষান্মে মহ্যং ব্রবীষি ॥

১৪। স্বামিটী।—অতো মমেদানীং ত্বদীয়ৈশ্বর্য্যেঽসম্ভাবনা নিবৃত্তেত্যাহ—সর্ব্বমেতদিতি। এতদ্ভবানেব পরং ব্রহ্মেত্যাদি সর্ব্বমপি ঋতং সত্যং মন্যে, যন্মাং প্রতি ত্বং কথয়সি "ন মে বিদুঃ সুরগণাঃ" ইত্যাদি, তদপি সত্যমেব মন্যে ইত্যাহ—নহীতি। হে ভগবংস্তব ব্যক্তিং দেবা ন বিদুঃ অস্মদনুগ্রহার্থমিযমভিব্যক্তিরিতি ন জানন্তি, দানবাশ্চ অস্মন্নিগ্রহার্থমিতি ন বিদুরেবেতি ॥

---

১২।১৩। অর্জ্জুন কহিলেন—হে বাসুদেব! তুমি পরম ব্রহ্ম পরম ধাম, পরম পবিত্র, শাশ্বত পুরুষ, দিব্য, আদিদেব, জন্মহীন ও সর্ব্বব্যাপক; ঋষিগণ, দেবর্ষি নারদ, অসিত, দেবল ও ব্যাসদেব—ইঁহারা সকলেই তোমাকে উক্তরূপ কহিয়া থাকেন এবং তুমিও আপনাকে ঐরূপ নির্দ্দেশ করিলে ॥

১৪। হে কেশব! এক্ষণে তুমি যেরূপ কহিতেছ, আমি তদ্বিষয়ে অণুমাত্রও সন্দেহ করি না; হে ভগবন্! দেব ও দানবগণ কেহই তোমাকে সম্যক্ অবগত নন ॥

১৫। স্বয়মেবাত্মনাত্মানং বেত্থ ত্বং পুরুষোত্তম।
ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপতে ॥
১৬। বক্তুমর্হস্যশেষেণ দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
যাভির্ব্বিভূতিভির্লোকানিমাংস্ত্বং ব্যাপ্য তিষ্ঠসি।

১৫। [অন্বয়ঃ] হে পুরুষোত্তম! ভূতভাবন! ভূতেশ! দেবদেব! জগৎপতে! ত্বং স্বয়ম্ এব আত্মনা আত্মানং বেত্থ (জানীষে)॥

১৬। [অন্বয়ঃ] যাভিঃ বিভূতিভিঃ (আত্মনো মাহাত্ম্যবিস্তরৈঃ) ত্বম্ ইমান্ লোকান্ ব্যাপ্য তিষ্ঠসি, (তাঃ) দিব্যাঃ আত্মবিভূতয়ঃ অশেষেণ বক্তুম্ অর্হসি॥

১৫। স্বামিটী।—কিং তর্হি স্বয়মিতি। স্বয়মেব ত্বমাত্মানং বেত্থ জানাসি নান্যঃ তদপ্যাত্মনা স্বেনৈব বেত্থ ন সাধনান্তরেণ। অত্যাদরেণ বহুধা সম্বোধয়তি—হে পুরুষোত্তম। পুরুষোত্তমত্বে হেতুগর্ভসম্বোধনানি হে ভূতভাবন। ভূতোৎপাদক। ভূতানামীশ। নিয়ন্তঃ। দেবানামাদিত্যাদীনাং দেব। প্রকাশক! জগৎপতে বিশ্বপালক।॥

১৬। স্বামিটী।—যস্মাত্তবাভিব্যক্তিং ত্বমেব বেৎসি ন দেবাদয়স্তস্মাদ্বক্তুমর্হসীতি। যা আত্মনস্তব দিব্যা অত্যদ্ভুতা বিভূতয়স্তাঃ সর্ব্বাঃ বক্তুং ত্বমেবার্হসি যোগ্যোঽসি, যাভিরিতি বিভূতীনাং বিশেষণং স্পষ্টার্থম্॥

---

১৫। হে পুরুষোত্তম! হে ভূতেশ! হে জগৎপতে! হে দেবদেব! হে ভূতভাবন। তুমি আপনিই আপনাকে অবগত হইতেছ॥

১৬। তুমি যে সমস্ত বিভূতি দ্বারা এই লোক সমুদয় ব্যাপ্ত করিয়া রহিয়াছ, এক্ষণে সেই সকল দিব্য বিভূতি সম্যক্‌রূপে কীর্ত্তন কর॥

১৭। কথং বিদ্যামহং যোগিংস্ত্বাং সদা পরিচিন্তয়ন্।
কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোঽসি ভগবন্ময়া ॥
১৮। বিস্তরেণাত্মনো যোগং বিভূতিঞ্চ জনার্দ্দন।
ভূয়ঃ কথয় তৃপ্তির্হি শৃণ্বতো নাস্তি মেঽমৃতম্ ॥

শ্রীভগবানুবাচ—

১৯। হন্ত তে কথয়িষ্যামি দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
প্রাধান্যতঃ কুরুশ্রেষ্ঠ নাস্ত্যন্তো বিস্তরস্য মে ॥

১৭। [অন্বয়ঃ] হে যোগিন্! সদা (ত্বাং) পরিচিন্তয়ন্ অহং কথং ত্বা বিদ্যাং (জানীয়াং) ভগবন্! ময়া কেষু কেষু ভাবেষু চ (ত্বং) চিন্ত্যঃ অসি ॥

১৮। [অন্বয়ঃ] হে জনার্দ্দন! আত্মনঃ যোগং বিভূতিং চ বিস্তরেণ ভূয়ঃ কথয় হি, (যতঃ) অমৃতং শৃণ্বতঃ মে (মম) তৃপ্তিঃ ন অস্তি ॥

১৯। [অন্বয়ঃ] শ্রীভগবান্ উবাচ,—হন্ত কুরুশ্রেষ্ঠ! দিব্যাঃ আত্মবিভূতয়ঃ প্রাধান্যতঃ তে কথয়িষ্যামি (যস্মাৎ) মে (মম) বিস্তরস্য (বিভূতিবিস্তরস্য) অন্তঃ ন অস্তি ॥

১৭। স্বামিটী।—কথনপ্রয়োজনং দর্শয়ন্ প্রার্থয়তে—কথমিতি দ্বাভ্যাম্। হে যোগিন্! কথং কৈর্ব্বিভূতিভেদৈঃ সদা পরিচিন্তয়ন্নহং ত্বাং বিদ্যাং জানীযাং, বিভূতিভেদেন চিন্ত্যোঽপি ত্বং কেষু কেষু পদার্থেষু ময়া চিন্তনীয়োঽসি ॥

১৮। স্বামিটী।—তদেবং বহির্মুখেঽপি চিত্তে তত্র তত্র বিভূতিভেদেন ত্বচ্চিন্তৈব যথা ভবেত্তথা বিস্তরেণ কথয়েত্যাহ—বিস্তরেণেতি। আত্মনস্তব যোগং সর্ব্বজ্ঞত্বসর্ব্বশক্তিত্বাদিলক্ষণং যোগৈশ্বর্য্যং বিভূতিঞ্চ বিস্তরেণ পুনঃ কথয়. যতস্তব বাক্যমমৃতরূপং শৃণ্বতো মম তৃপ্তিরলং বুদ্ধির্নাস্তি ॥

১৭। হে যোগিন্! আমি কিরূপে তোমাকে সতত চিন্তা করিয়া অবগত হইতে সমর্থ হইব এবং কোন্ কোন্ পদার্থেই বা তোমাকে চিন্তা করিব ॥

২০। অহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়স্থিতঃ।
অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এব চ॥

২১। আদিত্যানামহং বিষ্ণুর্জ্যোতিষাং রবিরংশুমান্।
মরীচির্ম্মরুতামস্মি নক্ষত্রাণামহং শশী॥

২০। [অন্বয়ঃ] হে গুড়াকেশ! সর্ব্বভূতাশয়স্থিতঃ আত্মা অহং ভূতানাম্ আদিঃ (জন্ম) মধ্যম্ (স্থিতিঃ) অন্তঃ (প্রলয়ঃ) চ অহম্ এব॥

২১। [অন্বয়ঃ] অহম্ আদিত্যানাং (মধ্যে) বিষ্ণুঃ, জ্যোতিষাম্ অংশুমান্ রবিঃ, মরুতাং (বায়ূনাং) মরীচিঃ, অহং নক্ষত্রাণাং শশী অস্মি॥

১৯। স্বামিটী।—এবং প্রার্থিতঃ সন্ শ্রীভগবানুবাচ—হন্তেতি। হন্তেত্যনুকম্পাসম্বোধনে, দিব্যা যা মদ্বিভূতয়স্তাঃ প্রাধান্যেন তুভ্যং কথযিষ্যামি, যতোঽবান্তরস্য বিভূতিবিস্তরস্য মদীয়স্যান্তো নাস্তি, অতঃ প্রধানভূতাঃ কতিচিদ্বর্ণয়িষ্যামি॥

২০। স্বামিটী।—তত্র প্রথমমৈশ্বরং রূপং কথয়তি—অহমিতি। হে গুড়াকেশ! সর্ব্বেষাং ভূতানামাশয়েষ্বন্তঃকরণেষু সর্ব্বজ্ঞত্বাদি-গুণৈর্নিয়ন্তৃত্বেনাবস্থিতঃ পরমাত্মাহম্, আদির্জন্ম, মধ্যং স্থিতিঃ, অন্তঃ সংহারঃ, সর্ব্বভূতানাং জন্মাদিহেতুশ্চাহমেবেত্যর্থঃ।

২১। স্বামিটী।—ইদানীং বিভূতীঃ কথয়তি—আদিত্যানামিতি যাবদধ্যায়সমাপ্তি। আদিত্যানাং দ্বাদশাদিত্যানাং মধ্যে বিষ্ণু-

১৮। এক্ষণে তুমি পুনরায় সবিস্তরে আপনার ঐশ্বর্য্য ও বিভূতি কীর্ত্তন কর, তোমার অমৃতোপম বাক্য শ্রবণ করিয়া কিছুতেই আমার তৃপ্তিলাভ হইতেছে না॥

১৯। শ্রীভগবান্ কহিলেন—হে কুরুশ্রেষ্ঠ! আমার বিভূতির ইয়ত্তা নাই: অতএব এক্ষণে প্রধান প্রধান বিভূতি সকল কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর॥

২০। হে জিতনিদ্র, আমি আত্মা ও সকল প্রাণীর অন্তঃকরণে অবস্থান করিতেছি, আমিই সকলের আদি, মধ্য ও অন্ত॥

২২। বেদানাং সামবেদোঽস্মি দেবানামস্মি বাসবঃ।
ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মি ভূতানামস্মি চেতনা ॥

২৩। রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি বিত্তেশো যক্ষরক্ষসাম্।
বসূনাং পাবকশ্চাস্মি মেরুঃ শিখরিণামহম্ ॥

২২। [অন্বয়ঃ] (অহং) বেদানাং সামবেদঃ অস্মি, দেবানাং বাসবঃ (ইন্দ্রঃ), অস্মি, ইন্দ্রিয়াণাং মনঃ চ অস্মি, ভূতানাং চেতনা (জ্ঞানশক্তিঃ) অস্মি ॥

২৩। [অন্বয়ঃ] অহং রুদ্রাণাং শঙ্করঃ অস্মি, যক্ষরক্ষসাং বিত্তেশঃ (কুবেরঃ) অস্মি, বসূনাং পাবকঃ অস্মি, শিখরিণাং (পর্ব্বতানাং মধ্যে) মেরুঃ অস্মি ॥

র্ব্বামনোঽহং, জ্যোতিষাং প্রকাশকানাং মধ্যে অংশুমান্ বিশ্বব্যাপি-রশ্মিযুক্তো রবিঃ সূর্য্যোঽহং, মরুতাং দেববিশেষাণাং [বায়ূনাং] মধ্যে মরীচির্নামাহমস্মি, যদ্বা সপ্ত মরুদ্গণা বায়বস্তেষাং মধ্যে, তে চ আবহঃ, প্রবহঃ, বিবহঃ, পরাবহঃ উদ্বহঃ, সংবহঃ, পরিবহঃ ইতি মরুদ্গণাঃ। নক্ষত্রাণাং মধ্যে চন্দ্রোঽহম্। অত্র 'চাদিত্যানামহং বিষ্ণু'রিত্যাদিষু প্রায়শো নির্দ্ধারণে ষষ্ঠী, [ কচিচ্চ 'ভূতানামস্মি চেতনে'ত্যাদিষু সম্বন্ধে ষষ্ঠী ] তচ্চ তত্রৈব দর্শয়িষ্যামঃ। বিষ্ণুরিত্যা-দিষ্বতারেষ্বপি প্রভাবাতিশয়মাত্রবিবক্ষয়া বিভূতিত্বং নির্দ্দিশ্যতে। অতঃ পরঞ্চাধ্যায়স্য স্পষ্টার্থত্বেঽপি কচিৎ কিঞ্চিদ্ব্যাখ্যাস্যামঃ ॥

২২। স্বামিটী।—বেদানামিতি। বাসব ইন্দ্রঃ, ভূতানাং সম্ব-ন্ধিনী চেতনা জ্ঞানশক্তিরহমস্মি ॥

২৩। স্বামিটী।—রুদ্রাণামিতি। রক্ষসামপি ক্রূরত্বাদি-সাম্যাৎ যক্ষৈঃ সহৈকীকৃত্য নির্দ্দেশঃ, তেষাং মধ্যে বিত্তেশঃ

২১। আমি আদিত্যগণের মধ্যে বিষ্ণু, জ্যোতির্ম্মগুলীর মধ্যে সমুজ্জ্বল সূর্য্য, মরুদ্গণের মধ্যে মরীচি ও নক্ষত্রগণের মধ্যে চন্দ্র ॥

২২। আমি চারিবেদের মধ্যে সামবেদ, দেবগণের মধ্যে ইন্দ্র, ইন্দ্রিয়সমুদয়ের মধ্যে মন ও ভূতগণের সম্বন্ধে চৈতন্য ॥

২৪। পুরোধসাঞ্চ মুখ্যং মাং বিদ্ধি পার্থ বৃহস্পতিম্।
সেনানীনামহং স্কন্দঃ সরসামস্মি সাগরঃ॥

২৫। মহর্ষীণাং ভৃগুরহং গিরামস্ম্যেকমক্ষরম্।
যজ্ঞানাং জপযজ্ঞোঽস্মি স্থাবরাণাং হিমালয়ঃ॥

২৪। [অন্বয়ঃ] হে পার্থ! মাং পুরোধসাং মুখ্যং বৃহস্পতিং বিদ্ধি, অহং সেনানীনাং স্কন্দঃ, সরসাং (জলাশয়ানাং) সাগরঃ অস্মি॥

২৫। [অন্বয়ঃ] অহং মহর্ষীণাং ভৃগুঃ, গিরাম্ (বাক্যানাং) একম্ অক্ষরম্ (ওঙ্কারঃ) অস্মি, যজ্ঞানাং জপযজ্ঞঃ (তথা) স্থাবরাণাং হিমালয়ঃ অস্মি॥

কুবেরোঽস্মি, পাবকোঽগ্নিঃ, শিখরিণাং শিখরবতামুচ্ছ্রিতানাং মধ্যে মেরুঃ॥

২৪। স্বামিটী।—পুরোধসামিতি। পুরোধসাং মধ্যে দেব-পুরোহিতত্বান্মুখ্যং বৃহস্পতিং মাং বিদ্ধি, সেনানীনাং সেনাপতীনাং মধ্যে দেবসেনাপতিঃ স্কন্দোঽহমস্মি, সরসাং স্থিরজলাশয়ানাং মধ্যে সমুদ্রোঽস্মি॥

২৫। স্বামিটী।—মহর্ষীণামিতি। গিরাং বাচাং পদাত্মিকানাং মধ্যে একমক্ষরমোঙ্কারাখ্যং পদম্। যজ্ঞানাং শ্রৌতস্মার্ত্তানাং মধ্যে জপরূপো যজ্ঞোঽহমস্মি॥

২৩। আমি একাদশ রুদ্রের মধ্যে শঙ্কর, যক্ষরাক্ষসের মধ্যে কুবের, বসুগণের মধ্যে পাবক ও পর্ব্বতমধ্যে সুমেরু॥

২৪। হে পার্থ! আমাকে পুরোহিতগণের মধ্যে প্রধান বৃহস্পতি বলিয়া জানিও। আমি সেনানীগণের মধ্যে কার্ত্তিকেয় ও জলাশয়সকলের মধ্যে সাগর॥

২৫। আমি মহর্ষিগণের মধ্যে ভৃগু, বাক্যসকলের মধ্যে ওঁকার, যজ্ঞগণের মধ্যে জপযজ্ঞ, স্থাবরগণের মধ্যে হিমালয়॥

২৬। অশ্বত্থঃ সর্ব্ববৃক্ষাণাং দেবর্ষীণাঞ্চ নারদঃ।
গন্ধর্ব্বাণাং চিত্ররথঃ সিদ্ধানাং কপিলো মুনিঃ॥
২৭। উচ্চৈঃশ্রবসমশ্বানাং বিদ্ধি মামমৃতোদ্ভবম্।
ঐরাবতং গজেন্দ্রাণাং নরাণাঞ্চ নরাধিপম্॥
২৮। আয়ুধানামহং বজ্রং ধেনূনামস্মি কামধুক্।
প্রজনশ্চাস্মি কন্দর্পঃ সর্পাণামস্মি বাসুকিঃ॥

২৬। [ অন্বয়ঃ ] ( অহং ) সর্ব্ববৃক্ষাণাম্ অশ্বত্থঃ, দেবর্ষীণাং নারদঃ, গন্ধর্ব্বাণাং চিত্ররথঃ, সিদ্ধানাং কপিলঃ মুনিঃ চ ( অস্মি )॥

২৭। [ অন্বয়ঃ ] অশ্বানাম্ ( মধ্যে ) অমৃতোদ্ভবম্ উচ্চৈঃশ্রবসং, গজেন্দ্রাণাম্ ঐরাবতং, নরাণাং নরাধিপং চ মাং বিদ্ধি॥

২৮। [ অন্বয়ঃ ] আয়ুধানাম্ ( মধ্যে ) অহং বজ্রং, ধেনূনাং কামধুক্ অস্মি, অহং প্রজনঃ ( উৎপত্তিহেতুঃ ) কন্দর্পঃ অস্মি, সর্পাণাং বাসুকিঃ অস্মি॥

২৬। স্বামিটী।—অশ্বত্থ ইতি। দেবা এব সন্তো যে মন্ত্রদর্শনেন ঋষিত্বং প্রাপ্তাস্তেষাং মধ্যে নারদোঽস্মি, সিদ্ধানামুৎপত্তিত এবাধিগতপরমার্থতত্ত্বানাং মধ্যে কপিলাখ্যো মুনিরস্মি॥

২৭। স্বামিটী।—উচ্চৈঃশ্রবসমিতি। অমৃতার্থং ক্ষীরোদধিমথনাদুদ্ভূতম্ উচ্চৈঃশ্রবসং নামাশ্বং মদ্বিভূতিং বিদ্ধি, অমৃতোদ্ভবমিত্যেতদৈরাবতেঽপি সম্বধ্যতে, নরাধিপং রাজানং মাং বিদ্ধি॥

২৮। স্বামিটী—আয়ুধানামিতি। আয়ুধানাং মধ্যে বজ্রং, কামান্ দোগ্ধীতি কামধুক্। প্রজনঃ প্রজোৎপত্তিহেতুঃ কন্দর্পঃ কামোঽস্মি, ন কেবলসম্ভোগমাত্রপ্রধানঃ কামো মদ্বিভূতিরশাস্ত্রীয়ত্বাৎ। সর্পাণাং সবিষাণাং রাজা বাসুকিরস্মি॥

---

২৬। আমি বৃক্ষসমূহের মধ্যে অশ্বত্থ, দেবর্ষিগণের মধ্যে নারদ, গন্ধর্ব্বগণের মধ্যে চিত্ররথ ও সিদ্ধসমুদয়ের মধ্যে মহামুনি কপিল॥

২৭। আমি অশ্বগণমধ্যে অমৃতমন্থনোদ্ভূত উচ্চৈঃশ্রবা, মাতঙ্গমধ্যে ঐরাবত, মনুষ্যমধ্যে রাজা।

২৯। অনন্তশ্চাস্মি নাগানাং বরুণো যাদসামহম্।
পিতৃণামর্য্যমা চাস্মি যমঃ সংযমতামহম্॥

৩০। প্রহ্লাদশ্চাস্মি দৈত্যানাং কালঃ কলয়তামহম্।
মৃগাণাঞ্চ মৃগেন্দ্রোঽহং বৈনতেয়শ্চ পক্ষিণাম্॥

২৯। [অন্বয়ঃ] নাগানাম্ (সর্পাণাং) অনন্তঃ অস্মি, (তথা) যাদসাং (জলজন্তূনাং মধ্যে) বরুণঃ (অস্মি), পিতৃণাম্ অর্য্যমা চ অস্মি, সংযমতাং (নিয়মং কুর্ব্বতাং) যমঃ (অস্মি)॥

৩০। [অন্বয়ঃ] দৈত্যানাং চ (মধ্যে) প্রহ্লাদঃ অস্মি, কলয়তাম্ (বশী-কুর্ব্বতাং মধ্যে) অহং কালঃ অস্মি, মৃগাণাম্ অহং মৃগেন্দ্রঃ পক্ষিণাং বৈনতেয়ঃ (গরুড়ঃ) চ (অহম্)॥

২৯। স্বামিটী।—অনন্ত ইতি। নাগানাং নির্ব্বিষাণাং রাজা অনন্তঃ শেষোঽস্মি, যাদসাং জলচরাণাং মধ্যে রাজা বরুণোঽস্মি, পিতৃণাং রাজা অর্য্যমাস্মি, সংযমতাং নিয়মং কুর্ব্বতাং মধ্যে যমোঽস্মি॥

৩০। স্বামিটী।—প্রহ্লাদ ইতি। কলয়তাং বশীকুর্ব্বতাং গণয়তাং বা মধ্যে কালোঽহমস্মি, মৃগেন্দ্রঃ সিংহঃ, পক্ষিণাং মধ্যে গরুড়োঽস্মি॥

---

২৮। আমি আয়ুধমধ্যে বজ্র ও ধেনুগণমধ্যে কামধেনু, আমি পুত্রোৎপত্তিহেতু কন্দর্প, আমিই সবিষ ভুজঙ্গমধ্যে বাসুকি॥

২৯। আমি নির্বিষ ভুজঙ্গগণের মধ্যে অনন্ত, জলচর সকলের মধ্যে বরুণ, পিতৃগণের মধ্যে অর্য্যমা ও নিয়মিগণের মধ্যে সংযম॥

৩০। আমি দৈত্যগণের মধ্যে প্রহ্লাদ, গণনাকারীদিগের মধ্যে কাল, পশু-গণের মধ্যে সিংহ, পক্ষিগণের মধ্যে গরুড়॥

৩১। পবনঃ পবতামস্মি রামঃ শস্ত্রভৃতামহম্‌।
ঝষাণাং মকরশ্চাস্মি স্রোতসামস্মি জাহ্নবী॥
৩২। সর্গাণামাদিরন্তশ্চ মধ্যং চৈবাহমর্জ্জুন।
অধ্যাত্মবিদ্যা বিদ্যানাং বাদঃ প্রবদতামহম্‌॥

৩১। [অন্বয়ঃ] অহং পবতাং (বেগবতাং মধ্যে) পবনঃ, (তথা) শস্ত্রভৃতাং রামঃ অস্মি, ঝষাণাং (মৎস্যানাং) মকরঃ অস্মি, স্রোতসাং জাহ্নবী অস্মি॥

৩২। [অন্বয়ঃ] হে অর্জ্জুন। সর্গাণাম্‌ (সৃষ্টবস্তূনাং) আদিঃ, অন্তঃ, মধ্যং চ অহম্‌ এব, বিদ্যানাম্‌ অধ্যাত্মবিদ্যা, প্রবদতাং (বাদিনাং) চ অহং বাদঃ॥

৩১। স্বামিটী।—পবন ইতি। পবতাং পাবয়িতৄণাং বেগবতাং বা মধ্যে বায়ুরহমস্মি, শস্ত্রভৃতাং বীরাণাং রামো দাশরথিঃ যদ্বা পরশুরামঃ, ঝষাণাং মৎস্যানাং মধ্যে মকরনামা মৎস্যজাতিবিশেষঃ [তিমিঙ্গিলঃ], অহং স্রোতসাং প্রবাহোদকানাং মধ্যে ভাগীরথী॥

৩২। স্বামিটী।—সর্গাণামিতি। সৃজ্যন্ত ইতি সর্গা আকাশাদয়স্তেষামাদিরন্তশ্চ মধ্যঞ্চৈবাহম্‌, 'অহমাদিশ্চ মধ্যঞ্চে'ত্যত্র সৃষ্ট্যাদিকর্ত্তৃত্বং পারমৈশ্বর্য্যমুক্তম্‌, অত্র তে সৃষ্টিস্থিতিপ্রলয়া মদ্বিভূতিত্বেন ধ্যেয়া ইত্যুচ্যত ইতি বিশেষঃ। অধ্যাত্মবিদ্যা, আত্মবিদ্যা। প্রবদতাং বাদিনাং সম্বন্ধিন্যো বাদজল্পবিতণ্ডাখ্যাস্তিস্রঃ কথাঃ প্রসিদ্ধাস্তাসাং মধ্যে বাদোঽহং, যত্র দ্বাভ্যামপি প্রমাণতস্তর্কতশ্চ স্বপক্ষঃ স্থাপ্যতে, পরপক্ষশ্ছলজাতিনিগ্রহস্থানৈর্দূষ্যতে স জল্পো নাম; যত্র ত্বেকঃ স্বপক্ষং স্থাপয়তি, [অন্যস্তু ছলজাতিনিগ্রহস্থানৈস্তৎপক্ষং দূষয়তি ন তু স্বপক্ষং স্থাপয়তি] সা বিতণ্ডা নাম কথা, তত্র জল্পবিতণ্ডে বিজিগীষমাণয়োর্ব্বাদিনোঃ শক্তিপরীক্ষামাত্রফলে, বাদস্তু বীতরাগয়োঃ শিষ্যাচার্য্যয়োরন্যয়োর্ব্বা তত্ত্বনিরূপণফলঃ, অতোঽসৌ শ্রেষ্ঠত্বান্মদ্বিভূতিরিত্যর্থঃ॥

৩১। আমি বেগশালীদিগের মধ্যে পবন, শস্ত্রধারীদিগের মধ্যে রাম, মৎস্যগণের মধ্যে মকর ও স্রোতস্বতীসমূহের মধ্যে জাহ্নবী॥

৩৩। অক্ষরাণামকারোঽস্মি দ্বন্দ্বঃ সামাসিকস্য চ।
অহমেবাক্ষয়ঃ কালো ধাতাঽহং বিশ্বতোমুখঃ ॥
৩৪। মৃত্যুঃ সর্ব্বহরশ্চাহমুদ্ভবশ্চ ভবিষ্যতাম্।
কীর্ত্তিঃ শ্রীর্ব্বাক্ চ নারীণাং স্মৃতির্ম্মেধা ধৃতিঃ ক্ষমা ॥

৩৩। [ অন্বয়ঃ ] অক্ষরাণাম্ ( অহং ) অকারঃ অস্মি, সামাসিকস্য ( সমাস-সমূহস্য ) চ দ্বন্দ্বঃ ( অস্মি ), অহম্ এব অক্ষয়ঃ কালঃ, অহং বিশ্বতোমুখঃ ধাতা ॥

৩৪। [ অন্বয়ঃ ] অহং সর্ব্বহরঃ মৃত্যুঃ, ভবিষ্যতাম্ উদ্ভবঃ, নারীণাং কীর্ত্তিঃ, শ্রীঃ, বাক্, স্মৃতিঃ, মেধা, ক্ষমা চ ( সপ্ত দেবতারূপাঃ স্ত্রিয়ঃ অহম্ এব ) ॥

৩৩। স্বামিটী।—অক্ষরাণামিতি। অক্ষরাণাং বর্ণানাং মধ্যে অকারোঽস্মি তস্য সর্ব্ববাঙ্ময়ত্বেন শ্রেষ্ঠত্বাৎ, তথাচ শ্রুতিঃ,—"অকারো বৈ সর্ব্বা বাক্ সৈষা স্পর্শোষ্মভির্ব্ব্যজ্যমানা বহ্বী নানারূপা ভবতী"তি স্তূয়ত ইতি শ্রৈষ্ঠ্যম্। সামাসিকস্য সমাসসমূহস্য মধ্যে দ্বন্দ্বঃ রামকৃষ্ণাবিত্যাদিসমাসোঽস্মি, উভয়পদপ্রধানত্বেন শ্রেষ্ঠত্বাৎ; অক্ষয়ঃ প্রবাহরূপঃ কালোঽহমস্মি 'কালঃ কলয়তামহ'মিত্যত্রায়ুর্গণনাত্মকঃ সংবৎসরশতাদ্যায়ুঃস্বরূপঃ কাল উক্তঃ, স চ তস্মিন্নায়ুষি ক্ষীণে সতি ক্ষীয়তে, অত্র তু প্রবাহাত্মকোঽক্ষয়ঃ কাল উচ্যতে ইতি বিশেষঃ। কর্ম্মফলবিধাতৃণাং মধ্যে বিশ্বতোমুখো ধাতা সর্ব্বকর্ম্ম-ফলবিধাতাহমিত্যর্থঃ ॥

৩৪। স্বামিটী।—মৃত্যুরিতি। সংহারকাণাং মধ্যে সর্ব্বহরো মৃত্যুরহং ভবিষ্যতাং ভাবিকল্যাণানাং [ কল্পানাং ] প্রাণিনামুদ্ভবোঽভ্যুদয়োঽহং, নারীণাং মধ্যে কীর্ত্ত্যাদ্যাঃ সপ্ত দেবতারূপাঃ

---

৩২। হে অর্জ্জুন! আমি সৃষ্ট পদার্থসকলের মধ্যে আদি, অন্ত ও মধ্য, বিদ্যাসকলের মধ্যে অধ্যাত্মবিদ্যা, আমি বাদিগণের বাদ ॥

৩৩। আমি অক্ষরসকলের মধ্যে অকার ও সমাসমধ্যে দ্বন্দ্ব, আমি অনন্ত কাল এবং সর্ব্বতোমুখ বিধাতা ॥

৩৫। বৃহৎসাম তথা সাম্নাং গায়ত্রী চ্ছন্দসামহম্।
মাসানাং মার্গশীর্ষোঽহমৃতূনাং কুসুমাকরঃ॥
৩৬। দ্যূতং ছলয়তামস্মি তেজস্তেজস্বিনামহম্।
জয়োঽস্মি ব্যবসায়োঽস্মি সত্ত্বং সত্ত্ববতামহম্॥

৩৫। [ অন্বয়ঃ ] অহং সাম্নাং বৃহৎসাম তথা ছন্দসাম্ অহং গায়ত্রী, মাসানাং মার্গশীর্ষঃ, ঋতূনাং কুসুমাকরঃ ( বসন্তঃ ) চ ( অহম্ অস্মি )॥

৩৬। [ অন্বয়ঃ ] অহং ছলয়তাং ( বঞ্চকানাং ) দ্যূতং, ( তথা ) তেজস্বিনাং তেজঃ অস্মি, অহং ( জেতৄণাং ) জয়ঃ অস্মি, ( ব্যবসায়িনাং ) ব্যবসায়ঃ ( উদ্যমঃ ) অস্মি, সত্ত্ববতাং সত্ত্বম্ অস্মি॥

স্ত্রিয়োঽহং, যাসামাভাসমাত্রযোগেণ প্রাণিনঃ শ্লাঘ্যা ভবন্তীতি তাঃ কীর্ত্যাদ্যাঃ স্ত্রিয়ো মদ্বিভূতয়ঃ॥

৩৫। স্বামিটী।—বৃহদিতি। "ত্বাং ইন্দ্র [ ত্বামিদ্ধি ] হবামহে" ইত্যস্যাং ঋচি গীয়মানং বৃহৎসামাহং, তেন চেন্দ্রঃ সর্ব্বেশ্বরত্বেন স্তূয়ত ইতি শ্রৈষ্ঠ্যং দর্শিতং, ছন্দোবিশিষ্টানাং মন্ত্রাণাং মধ্যে গায়ত্রী-মন্ত্রোঽহং দ্বিজত্বাপাদকত্বেন সোমাহরণেন চ শ্রেষ্ঠত্বাৎ। কুসুমাকরো বসন্তঃ॥

৩৬। স্বামিটী।—দ্যূতমিতি। ছলয়তামন্যোন্যবঞ্চনপরাণাং সম্বন্ধি দ্যূতমস্মি, তেজস্বিনাং প্রভাববতাং তেজঃ প্রভাবোঽস্মি, জেতৄণাং জয়োঽস্মি, ব্যবসায়িনামুদ্যমবতাং ব্যবসায় উদ্যমোঽস্মি, সত্ত্ববতাং সাত্ত্বিকানাং সত্ত্বমহম্॥

---

৩৪। আমি সর্ব্বসংহারক মৃত্যু, অভ্যুদয়লাভের যোগ্য প্রাণীদিগের অভ্যুদয়, আমি নারীগণের মধ্যে কীর্ত্তি, শ্রী, বাক্য, স্মৃতি, মেধা, ধৃতি ও ক্ষমা॥

৩৫। আমি সামবেদের মধ্যে বৃহৎসাম, ছন্দোবিশিষ্ট মন্ত্রমধ্যে গায়ত্রী, মাসের মধ্যে অগ্রহায়ণ, ঋতুর মধ্যে বসন্ত॥

৩৬। আমি প্রতারকদিগের দ্যূত, তেজস্বীদিগের তেজ, আমি জয়শীলদিগের জয়, ব্যবসায়ীদিগের অধ্যবসায় এবং সত্ত্ববান্‌দিগের সত্ত্ব॥

৩৭। বৃষ্ণীনাং বাসুদেবোঽস্মি পাণ্ডবানাং ধনঞ্জয়ঃ।
মুনীনামপ্যহং ব্যাসঃ কবীনামুশন [নাঃ] কবিঃ॥
৩৮। দণ্ডো দময়তামস্মি নীতিরস্মি জিগীষতাম্।
মৌনং চৈবাস্মি গুহ্যানাং জ্ঞানং জ্ঞানবতামহম্॥
৩৯। যচ্চাপি সর্ব্বভূতানাং বীজং তদহমর্জ্জুন।
ন তদস্তি বিনা যৎ স্যান্ময়া ভূতং চরাচরম্॥

৩৭। [অন্বয়ঃ] অহং বৃষ্ণীনাং বাসুদেবঃ। পাণ্ডবানাং ধনঞ্জয়ঃ, মুনীনাং ব্যাসঃ, কবীনাম্ উশনা কবিঃ (শুক্রঃ) অস্মি॥

৩৮। [অন্বয়ঃ] অহং দময়তাং দণ্ডঃ অস্মি, জিগীষতাং (জেতুমিচ্ছতাং) নীতিঃ অস্মি, গুহ্যানাং (গোপ্যানাং) মৌনম্ এব চ অস্মি, জ্ঞানবতাং জ্ঞানম্ (অস্মি)॥

৩৯। [অন্বয়ঃ] হে অর্জ্জুন। যৎ চ সর্ব্বভূতানাং বীজং তৎ অহম্ এব, ময়া বিনা যৎ স্যাৎ তৎ চরাচরং ভূতং ন অস্তি॥

৩৭। স্বামিটী।—বৃষ্ণীনামিতি। বাসুদেবো যোঽহং ত্বামুপদিশামি ধনঞ্জয়স্ত্বমেব মদ্বিভূতিঃ, মুনীনাং বেদার্থমননশীলানাং বেদব্যাসোঽস্মি, কবীনাং কাব্যদর্শিনামুশনা নাম কবিঃ শুক্রঃ॥

৩৮। স্বামিটী।—দণ্ড ইতি। দময়তাং দমনকর্ত্তৃণাং সম্বন্ধী দণ্ডোঽস্মি, যেনাসংযতা অপি সংযতা ভবন্তি স দণ্ডো মদ্বিভূতিঃ। জেতুমিচ্ছতাং সম্বন্ধিনী সামাদ্যুপায়রূপা নীতিরস্মি, গুহ্যানাং গোপ্যানাং গোপনহেতুর্মৌনমবচনমহমস্মি, নহি তূষ্ণীংস্থিতস্যাভিপ্রায়ো জ্ঞায়তে, জ্ঞানবতাং তত্ত্বজ্ঞানিনাং যদ্ জ্ঞানং তদহমস্মি॥

৩৯। স্বামিটী।—যচ্চাপীতি। যদপি সর্ব্বভূতানাং বীজং

৩৭। আমি বৃষ্ণিবংশীয়দিগের মধ্যে বাসুদেব, পাণ্ডবগণের মধ্যে ধনঞ্জয়, মুনিগণের মধ্যে ব্যাস, কবিগণের মধ্যে উশনা॥

৩৮। আমি শাসনকর্ত্তাদিগের দণ্ড, জয়াভিলাষীদিগের নীতি, গোপ্যবিষয়ের মধ্যে মৌনভাব, জ্ঞানীদিগের জ্ঞান॥

৪০। নান্তোঽস্তি মম দিব্যানাং বিভূতীনাং পরন্তপ।
এষ তূদ্দেশতঃ প্রোক্তো বিভূতের্বিস্তরো ময়া॥
৪১। যদ্ যদ্বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা।
তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবম্॥

৪০। [ অন্বয়ঃ ] হে পরন্তপ! মম দিব্যানাং বিভূতিনাম্ অন্তঃ ন অস্তি, এষ তু বিভূতেঃ বিস্তরঃ ময়া উদ্দেশতঃ ( সংক্ষেপতঃ ) প্রোক্তঃ॥

৪১। [ অন্বয়ঃ ] বিভূতিমৎ শ্রীমৎ উর্জ্জিতং যৎ যৎ সত্ত্বং, তৎ তৎ এব মম তেজোঽংশসম্ভবম্ অবগচ্ছ ( জানীহি )॥

প্ররোহকারণং তদহং, তত্র হেতুঃ—ময়া বিনা যৎ স্যাদ্ভবেৎ তচ্চরাচরং ভূতং নাস্ত্যেবেতি॥

৪০। স্বামিটী।—প্রকরণার্থমুপসংহরতি—নান্তোঽস্তীতি। অনন্তত্বাদ্বিভূতীনাং তাঃ সাকল্যেন বক্তুং ন শক্যন্তে, এষ তু বিভূতের্বিস্তরঃ উদ্দেশতঃ সংক্ষেপতঃ প্রোক্তঃ॥

৪১। স্বামিটী।—পুনশ্চ সাকাঙ্ক্ষং প্রতি কথঞ্চিৎ সাকল্যেন কথয়তি—যদ্ যদিতি। বিভূতিমদৈশ্বর্য্যযুক্তং শ্রীমৎ সম্পত্তিযুক্তম্, উর্জ্জিতং কেনাপি প্রভাববলাদিনা গুণেনাতিশয়িতং যদ্ যৎ সত্ত্বং বস্তুমাত্রং ভবেত্তত্তদেব মম তেজসঃ প্রভাবস্যাংশেন সম্ভূতম্ অবগচ্ছ জানীহি॥

---

৩৯। হে অর্জ্জুন! আমিই সকল ভূতের বীজ, চরাচরগণের মধ্যে এমন বস্তু নাই যাহা আমার দ্বারা হয় নাই অর্থাৎ এই চরাচর ভূত আমা হইতে স্বতন্ত্র নয়॥

৪০। হে পরন্তপ। আমার দিব্য বিভূতির ইয়ত্তা নাই, আমি এই বিভূতির বিস্তার সংক্ষেপে কীর্ত্তন করিলাম॥

৪১। বস্তুতঃ যে যে বস্তু ঐশ্বর্য্যযুক্ত শ্রীমৎ ও প্রভাববলসম্পন্ন, সেই সমস্তই আমার প্রভাবের অংশ দ্বারা সম্ভূত হইয়াছে॥

৪২। অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন।
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ।

ইতি শ্রী·· বিভূতিযোগো নাম দশমোঽধ্যাযঃ॥ ১০॥

৪২। [ অন্বযঃ ] অথবা হে অর্জ্জুন। এতেন বহুনা জ্ঞাতেন কিম্, অহম্ ইদম্ কৃৎস্নং জগৎ একাংশেন বিষ্টভ্য ( ধৃত্বা ) স্থিতঃ॥

৪২। স্বামিটী।—অথবা কিমেতেন পরিচ্ছিন্নবিভূতিদর্শনেন সর্ব্বত্র সম [ মদ্ ] দৃষ্টিমেব কুর্ব্বিত্যাহ—অথবেতি। বহুনা পৃথগ্-জ্ঞাতেন কিং তব কার্য্যং, যস্মাদিদং সর্ব্বং জগদেকাংশেনৈকদেশ-মাত্রেণ বিষ্টভ্য ধৃত্বা ব্যাপ্যেতি বা অহমেবাবস্থিতঃ ন মদ্ব্যতিরিক্তং কিঞ্চিদস্তি "পাদোঽস্য বিশ্বাভূতানী"তি শ্রুতেঃ॥

ইন্দ্রিয়দ্বারতশ্চিত্তে বহির্ধাবতি সত্যপি।
ঈশদৃষ্টিবিধানায় বিভূতীর্দ্দশমেঽব্রবীৎ॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতায়াং স্বামিকৃতটীকায়াং দশমোঽধ্যায়ঃ॥১০

---

৪২। হে ধনঞ্জয়! এক্ষণে আমার বিভূতির বিষয় পৃথক্‌রূপে তোমার জানিবার প্রয়োজন নাই, যেহেতু আমি একাংশ দ্বারা এই বিশ্বসংসারে ব্যাপ্ত হইয়া অবস্থান করিতেছি॥ ১০

দশম অধ্যায় সমাপ্ত॥ ১০

# একাদশঃ অধ্যায়ঃ।

অর্জ্জুন উবাচ—

১। মদনুগ্রহায় পরমং গুহ্যমধ্যাত্মসংজ্ঞিতম্।
যত্ত্বয়োক্তং বচস্তেন মোহোঽয়ং বিগতো মম ॥

২। ভবাপ্যয়ৌ হি ভূতানাং শ্রুতৌ বিস্তরশো ময়া।
ত্বত্তঃ কমলপত্রাক্ষ মাহাত্ম্যমপি চাব্যয়ম্ ॥

১। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ,—মদনুগ্রহায় পরমং গুহ্যম্ অধ্যাত্মসংজ্ঞিতং যৎ বচঃ ত্বয়া উক্তং তেন মম অয়ং মোহঃ বিগতঃ ॥

২। [অন্বয়ঃ] হে কমলপত্রাক্ষ! ত্বত্তঃ (ভবৎসকাশাৎ) ভূতানাং ভবাপ্যয়ৌ (সৃষ্টিপ্রলয়ৌ) ময়া বিস্তরশঃ শ্রুতৌ, অব্যয়ং মাহাত্ম্যম্ অপি চ (শ্রুতং) ॥

১। স্বামিটী।—"বিভূতের্ব্বৈভবং প্রোচ্য কৃপয়া পরয়া হরিঃ। দিদৃক্ষোরর্জ্জুনস্যাথ বিশ্বরূপমদর্শয়ৎ ॥" পূর্ব্বাধ্যায়ান্তে "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগ"দিতি বিশ্বাত্মকং পরমেশ্বররূপমুপক্ষিপ্তং, তদ্দিদৃক্ষুঃ পূর্ব্বোক্তমভিনন্দন্নর্জ্জুন উবাচ—মদনুগ্রহায়েতি চতুর্ভিঃ। মদনুগ্রহায় শোকনিবৃত্তয়ে পরমং পরমাত্মনিষ্ঠং গুহ্যং গোপ্যমপি অধ্যাত্মসংজ্ঞিতমাত্মানাত্মবিবেকবিষয়ং যত্ত্বয়োক্তং বচঃ "অশোচ্যানন্বশোচস্ত্ব" মিত্যাদি ষষ্ঠাধ্যায়পর্য্যন্তং যদ্বাক্যং, তেন মমায়ং মোহঃ—অহং হন্তা, এতে হন্যন্ত ইত্যাদিলক্ষণভ্রমো বিগতো বিনষ্টঃ আত্মনঃ কর্ত্তৃত্বাদ্যভাবোক্তেঃ ॥

২। স্বামিটী।—কিঞ্চ ভবেতি। ভূতানাং ভবাপ্যয়ৌ সৃষ্টিপ্রলয়ৌ ত্বত্তঃ সকাশাদেব ভবত ইতি শ্রুতৌ ময়া, "অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথে"ত্যাদৌ বিস্তরশঃ পুনঃ পুনঃ। কমলস্য পত্রে ইব সুপ্রসন্নে বিশালে অক্ষিণী যস্য তব হে কমলপত্রাক্ষ!

---

১। অর্জ্জুন কহিলেন—তুমি আমার প্রতি অনুগ্রহ প্রদর্শনপূর্ব্বক যে পরম গুহ্য আত্মা ও দেহপ্রভৃতির বিষয় কীর্ত্তন করিলে, তদ্দারা আমার (আমি হন্তা, ইহারা মৎকর্ত্তৃক হত হইতেছে এইরূপ) মোহ দূর হইল ॥

৩। এবমেতদ্ যথাত্থ ত্বমাত্মানং পরমেশ্বর।
দ্রষ্টুমিচ্ছামি তে রূপমৈশ্বরং পুরুষোত্তম ॥
৪। মন্যসে যদি তচ্ছক্যং ময়া দ্রষ্টুমিতি প্রভো।
যোগেশ্বর ততো মে ত্বং দর্শয়াত্মানমব্যয়ম্ ॥

৪। [অন্বয়ঃ] হে প্রভো! যদি তৎ (রূপং) ময়া দ্রষ্টুং শক্যম্ ইতি মন্যসে, ততঃ হে যোগেশ্বর! ত্বং মে (মহ্যং) অব্যয়ম্ (নিত্যং) আত্মানং দর্শয় ॥

৩। [অন্বয়ঃ] হে পরমেশ্বর! যথা ত্বম্ আত্মানম্ আত্থ (ব্রবীষি) এতৎ এবং (তথাপি) হে পুরুষোত্তম! তব ঐশ্বরং রূপং দ্রষ্টুম্ ইচ্ছামি ॥

মাহাত্ম্যমপি চাব্যযম্ অক্ষয়ং শ্রুতং বিশ্বসৃষ্ট্যাদিকর্তৃত্বেঽপি সর্ব্বনিয়ন্তৃত্বেঽপি শুভাশুভকর্ম্মকারয়িতৃত্বেঽপি বন্ধমোক্ষাদিবিচিত্রফলদাতৃত্বেঽপি অবিকারাবৈষম্যাসঙ্গৌদাসীন্যাদিলক্ষণমপরিমিতং মহত্ত্বঞ্চ শ্রুতম্ "অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়" ইতি, "ময়া ততমিদং সর্ব্ব"মিতি, "নচ মাং তানি কর্ম্মাণী"তি, "সমোঽহং সর্ব্বভূতেষ্বি" ত্যাদিনা চ, অতস্ত্বৎপরতন্ত্রত্বাদপি জীবানামহং কর্ত্তেত্যাদিঃ মদীয়ো মোহো বিগত ইতি ভাবঃ ॥

৩। স্বামিটী। কিঞ্চ এবমেতদিতি। "ভবাপ্যয়ৌ হি ভূতানা"মিত্যাদি ময়া শ্রুতং যথা চেদানীমাত্মানং ত্বমাত্থ "বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগ"দিত্যেবং কথয়সি। হে পরমেশ্বর! এতদেবমেব অত্রাপ্যবিশ্বাসো মম নাস্তি, তথাপি হে পুরুষোত্তম! তবৈশ্বরং জ্ঞানৈশ্বর্য্যশক্তিবীর্য্যাদিভিঃ সম্পন্নং তদ্রূপং কৌতূহলাদহং দ্রষ্টুমিচ্ছামি ॥

৪। স্বামিটী। নচাহং দ্রষ্টুমিচ্ছামীত্যেতাবতৈব ত্বয়া তদ্রূপং

২। হে কমলপত্রাক্ষ! আমি তোমার মুখে ভূতগণের উৎপত্তি, প্রলয় এবং তোমার অক্ষয় মাহাত্ম্য সবিস্তারে শ্রবণ করিলাম ॥

৩। হে পরমেশ্বর! তুমি তোমার ঐশিক রূপের বিষয় যেরূপ কীর্ত্তন করিলে, তাহা ঐ প্রকারই বটে; আমি তাহা সন্দর্শন করিতে অভিলাষ করি ॥

শ্রীভগবানুবাচ—

৫। পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ।
নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ ॥

৬। পশ্যাদিত্যান্ বসূন্ রুদ্রানশ্বিনৌ মরুতস্তথা।
বহূন্যদৃষ্টপূর্ব্বাণি পশ্যাশ্চর্য্যাণি ভারত ॥

৫। [অন্বয়ঃ] শ্রীভগবান্ উবাচ—হে পার্থ! মে দিব্যানি নানাবিধানি নানাবর্ণাকৃতীনি চ শতশঃ অথ সহস্রশঃ রূপাণি পশ্য ॥

৬। [অন্বয়ঃ] হে ভারত! আদিত্যান্, বসূন্, রুদ্রান্, অশ্বিনৌ তথা মরুতঃ পশ্য (এবং) বহূনি অদৃষ্টপূর্ব্বাণি আশ্চর্য্যাণি পশ্য ॥

দর্শয়িতব্যং কিং তর্হি—মন্যস ইতি। যোগিন এব যোগাস্তেষামীশ্বর! ময়ার্জ্জুনেন তদ্রূপং দ্রষ্টুং শক্যমিতি যদি মন্যসে, ততস্তর্হি তদ্রূপং পরমাত্মানমব্যয়ং নিত্যং মম দর্শয় ॥

৫। স্বামিটী।—এবং প্রার্থিতঃ সন্নত্যদ্ভুতং রূপং দর্শয়িষ্যন্ সাবধানো ভব ইত্যেবমর্জ্জুনমভিমুখীকরোতি—শ্রীভগবানুবাচ—পশ্যেতি চতুর্ভিঃ। রূপস্যৈকত্বেঽপি নানাবিধত্বাদ্রূপাণীতি বহুবচনম্। নানাবিধানি অপরিমিতানি অনেকপ্রকারাণি দিব্যান্যলৌকিকানি মম রূপাণি পশ্য, বর্ণাঃ শুক্লকৃষ্ণাদয়ঃ আকৃতয়ঃ অবয়বসন্নিবেশ-বিশেষাঃ, নানা অনেকে বর্ণা আকৃতয়শ্চ যেষাং তানি নানাবর্ণা-কৃতীনি চ ॥

৬। স্বামিটী। তানেবাহ—পশ্যেতি। আদিত্যাদীন্ মম দেহে

---

৪। হে প্রভো! এক্ষণে তুমি যদি আমাকে তাহা দর্শন করিবার সম্যক্ উপযুক্ত বিবেচনা করিয়া থাক, তাহা হইলে হে যোগেশ্বর! সেই অব্যয় রূপ আমাকে প্রদর্শন করাও ॥

৫। শ্রীভগবান্ কহিলেন,—হে পার্থ! তুমি আমার নানা বর্ণ ও নানা প্রকার আকারবিশিষ্ট দিব্য শত শত সহস্র সহস্র রূপ প্রত্যক্ষ কর ॥

৭। ইহৈকস্থং জগৎ কৃৎস্নং পশ্যাদ্য সচরাচরম্।
মম দেহে গুড়াকেশ যচ্চান্যদ্দ্রষ্টুমিচ্ছসি॥
৮। ন তু মাং শক্যসে দ্রষ্টুমনেনৈব স্বচক্ষুষা।
দিব্যং দদামি তে চক্ষুঃ পশ্য মে যোগমৈশ্বরম্॥

৭। [অন্বয়ঃ] হে গুড়াকেশ! ইহ (অস্মিন্) মম (দেহে) একস্থং (একত্র স্থিতং) কৃৎস্নং সচরাচরং জগৎ অন্যৎ চ যৎ দ্রষ্টুম্ ইচ্ছসি (তৎ) অদ্য পশ্য॥

৮। [অন্বয়ঃ] অনেন স্বচক্ষুষা (প্রাকৃতনয়নেন) এব তু মাং দ্রষ্টুং ন শক্যসে, (অতঃ) তে (তুভ্যং) দিব্যং (জ্ঞানাত্মকং) চক্ষুঃ দদামি, মে ঐশ্বর যোগং (অঘটনঘটনসামর্থ্যং) পশ্য॥

পশ্য, মরুত একোনপঞ্চাশদ্দেবতাবিশেষান্, অদৃষ্টপূর্ব্বাণি ত্বযা চান্যেন বা পূর্ব্বমদৃষ্টানি রূপাণি, আশ্চর্য্যাণ্যত্যদ্ভুতানি॥

৭। স্বামিটী। কিঞ্চ ইহৈকস্থমিতি। তত্র তত্র পরিভ্রমতা বর্ষকোটিভিরপি দ্রষ্টুমশক্যং কৃৎস্নমপি চরাচরসহিতং জগদিদানীমস্মিন্ মম দেহেঽবয়বরূপেণৈকত্র স্থিতমদ্যাধুনৈব পশ্য. যচ্চান্যজ্জগদাশ্রয়ভূতং কারণস্বরূপং জগতশ্চাবস্থাবিশেষাদিকং জয়পরাজয়াদিকঞ্চ যচ্চ যদপ্যন্যদ্ দ্রষ্টুমিচ্ছসি তৎ সর্ব্বং পশ্য॥

৮ স্বামিটী।—যদুক্তমর্জ্জুনেন "মন্যসে যদি তচ্ছক্য" মিতি তত্রাহ—ন তু মামিতি। অনেনৈব তু স্বীয়েন চর্ম্মচক্ষুষা মাং দ্রষ্টুং ন শক্যসে শক্তো ন ভবিষ্যসি। অতোঽহং দিব্যমলৌকিকং জ্ঞানাত্মকং চক্ষুস্তুভ্যং দদামি, মমৈশ্বরমসাধারণং যোগং যুক্তিমঘটনঘটনসামর্থ্যং পশ্য॥

---

৬। হে ভারত! আমার কলেবরে আদিত্য, বসু, রুদ্র ও মরুদ্গণ, অশ্বিনীতনয়দ্বয় এবং অদৃষ্টপূর্ব্ব অত্যাশ্চর্য্য বহুতর বস্তুসকল দেখ॥

৭। হে গুড়াকেশ! যদি আমার দেহে সচরাচর বিশ্ব এবং অন্য কিছু অবলোকন করিবার অভিলাষ থাকে, তাহাও নিরীক্ষণ কর॥

৮। কিন্তু তুমি স্বীয় চক্ষু দ্বারা আমার রূপ প্রত্যক্ষ করিতে সমর্থ হইবে না,

## সঞ্জয় উবাচ—

৯। এবমুক্ত্বা ততো রাজন্ মহাযোগেশ্বরো হরিঃ।
দর্শয়ামাস পার্থায় পরমং রূপমৈশ্বরম্ ॥
১০। অনেকবক্ত্রনয়নমনেকাদ্ভুতদর্শনম্।
অনেকদিব্যাভরণং দিব্যানেকোদ্যতায়ুধম্ ॥
১১। দিব্যমাল্যাম্বরধরং দিব্যগন্ধানুলেপনম্।
সর্ব্বাশ্চর্য্যময়ং দেবমনন্তং বিশ্বতোমুখম্ ॥

৯। [অন্বয়ঃ] সঞ্জয় উবাচ,—হে রাজন্! (হে ধৃতরাষ্ট্র!) মহাযোগেশ্বরঃ হরিঃ এবম্ উক্ত্বা ততঃ পার্থায় পরমম্ ঐশ্বরং রূপং দর্শয়ামাস ॥

১০।১১। [অন্বয়ঃ] অনেকবক্ত্রনয়নম্ অনেকাদ্ভুতদর্শনম্ অনেকদিব্যাভরণ দিব্যানেকোদ্যতায়ুধং দিব্যমাল্যাম্বরধরং দিব্যগন্ধানুলেপনং সর্ব্বাশ্চর্য্যময়ং দেবম্ অনন্তং বিশ্বতোমুখম্ (সর্ব্বতোমুখং সর্ব্বভূতাত্মত্বাৎ) (রূপং দর্শয়ামাস) ॥

৯। স্বামিটী।—এবমুক্ত্বা ভগবানর্জ্জুনায় স্বরূপং দর্শিতবাংস্তচ্চ রূপং দৃষ্ট্বার্জ্জুনঃ শ্রীকৃষ্ণং বিজ্ঞাপিতবানিতীমমর্থং ষড়্‌ভিঃ শ্লোকৈ-র্ধৃতরাষ্ট্রং প্রতি সঞ্জয় উবাচ—এবমুক্ত্বেতি। হে রাজন্ ধৃতরাষ্ট্র! মহাংশ্চাসৌ যোগেশ্বরশ্চ হরিঃ পরমৈশ্বরং রূপং দর্শিতবান্ ॥

১০।১১। স্বামিটী—কথম্ভূতং তদিত্যত্রাহ—অনেকবক্ত্রনয়ন-মিতি। অনেকানি বক্ত্রাণি নয়নানি চ যস্মিংস্তৎ অনেকেষামদ্ভুতানাং দর্শনং যস্মিংস্তৎ, অনেকানি দিব্যাভরণানি যস্মিংস্তৎ, দিব্যান্যনে-কানি উদ্যতানি আয়ুধানি যস্মিংস্তৎ। কিঞ্চ দিব্যেতি। দিব্যানি

অতএব আমি তোমাকে দিব্য চক্ষুঃ প্রদান করিতেছি, তুমি তদ্দ্বারা আমার অসাধারণ অঘটনঘটনসামর্থ্য অবলোকন কর ॥

৯। সঞ্জয় কহিলেন—হে রাজন্! মহাযোগেশ্বর (নারায়ণ মহান্ এবং যোগেশ্বর অর্থাৎ যোগীদিগের প্রভু) হরি এইরূপ বলিয়া তৎপর পার্থকে পরম ঐশিক রূপ প্রদর্শন করাইলেন ॥

১২। দিবি সূর্য্যসহস্রস্য ভবেদ্ যুগপদুত্থিতা।
যদি ভাঃ সদৃশী সা স্যাদ্ভাসস্তস্য মহাত্মনঃ॥
১৩। তত্রৈকস্থং জগৎ কৃৎস্নং প্রবিভক্তমনেকধা।
অপশ্যদ্দেবদেবস্য শরীরে পাণ্ডবস্তদা॥

১২। [ অন্বয়ঃ ] যদি দিবি সূর্য্যসহস্রস্য ভাঃ (প্রভা) যুগপৎ ( একদা ) উত্থিতা ভবেৎ, (তদা) সা তস্য মহাত্মনঃ (ভগবতঃ) ভাসঃ ( প্রভায়াঃ ) সদৃশী স্যাৎ * ॥

১৩। [ অন্বয়ঃ ] তদা পাণ্ডবঃ তত্র দেবদেবস্য শরীরে অনেকধা প্রবিভক্তং কৃৎস্নং জগৎ একস্থম্ অপশ্যৎ ॥

মাল্যাম্বরাণি চ ধারয়তীতি তৎ, তথা দিব্যো গন্ধো যস্য তাদৃশমনুলেপনং যস্য তৎ, সর্ব্বাশ্চর্য্যময়মনেকাশ্চর্য্যপ্রায়ং, দেবং দ্যোতনাত্মকম্, অনন্তমপরিচ্ছিন্নং, বিশ্বতঃ সর্ব্বতো মুখানি যস্মিংস্তৎ ॥

১২। স্বামিটী।—বিশ্বরূপদীপ্তের্নিরূপমত্বমাহ—দিবি সূর্য্যেতি। দিবি আকাশে সূর্য্যসহস্রস্য যুগপদুত্থিতস্য যদি যুগপদুত্থিতা ভাঃ প্রভা ভবেত্তর্হি সা তদা মহাত্মনো বিশ্বরূপস্য ভাসঃ প্রভায়াঃ কথঞ্চিৎ সদৃশী স্যাৎ অন্যোপমা নাস্ত্যেবেত্যর্থঃ তথাভূতং রূপং দর্শয়ামাসেতি পূর্ব্বেণৈবান্বয়ঃ॥

১৩। স্বামিটী।—ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়ামাহ—তত্রেতি। অনেকধা প্রবিভক্তং নানাবিভাগেনাবস্থিতং কৃৎস্নং জগৎ দেবদেবস্য শরীরে তদবয়বত্বেন একত্র ব্যবস্থিতং তদা পাণ্ডবঃ অর্জ্জুনঃ অপশ্যৎ॥

---

১০। ( তাহা ) বহু মুখ ও বহু নয়নসম্পন্ন, নানা অদ্ভুতদর্শন, দিব্যালঙ্কারে অলঙ্কৃত, দিব্যাযুধধারী ॥

১১। তাহা দিব্য মাল্য ও বসনে পরিশোভিত, দিব্যগন্ধচর্চ্চিত, সর্ব্বাশ্চর্য্যময়, প্রভাশালী, অনন্ত এবং সর্ব্বত্র মুখবিশিষ্ট ॥

১২। যদি নভোমণ্ডলে এককালে সহস্র সূর্য্য সমুদিত হয়, তাহা হইলে তাঁহার তৎকালীন তেজঃপুঞ্জের উপমা হইতে পারে ॥

---

* অসম্ভাবিতাভ্যুপগমার্থো যদি-শব্দঃ, স্যাচ্ছব্দো নিশ্চয়ার্থঃ।

১৪। ততঃ স বিস্ময়াবিষ্টো হৃষ্টরোমা ধনঞ্জয়ঃ।
প্রণম্য শিরসা দেবং কৃতাঞ্জলিরভাষত ॥

অর্জ্জুন উবাচ—

১৫। পশ্যামি দেবাংস্তব দেব দেহে
সর্ব্বাংস্তথা ভূতবিশেষসঙ্ঘান্।
ব্রহ্মাণমীশং কমলাসনস্থ-
মৃষীংশ্চ সর্ব্বানুরগাংশ্চ দিব্যান্ ॥

১৪। [ অন্বয়ঃ ] ততঃ সঃ ধনঞ্জয়ঃ বিস্ময়াবিষ্টঃ হৃষ্টরোমা (রোমাঞ্চিতঃ। (সন্) দেবং শিরসা প্রণম্য কৃতাঞ্জলিঃ [ সন্ ] অভাষত ॥

১৫। [ অন্বয়ঃ ] অর্জ্জুন উবাচ,...হে দেব। তব দেহে সর্ব্বান্ দেবান্, তথা ভূতবিশেষসঙ্ঘান্ দিব্যান্ ঋষীন্ সর্ব্বান্ উরগান্ ( সর্পান্ ) চ, ঈশং কমলাসনস্থং ব্রহ্মাণং চ পশ্যামি ॥

১৪। স্বামিটী।—এবং দৃষ্ট্বা কিং কৃতবানিত্যত্রাহ—তত ইতি। ততো দর্শনানন্তরং বিস্ময়েনাবিষ্টো ব্যাপ্তঃ সন্ হৃষ্টরোমা হৃষ্টানি উৎপুলকিতানি রোমাণি যস্য স ধনঞ্জয়ঃ দেবং তমেব শিরসা প্রণম্য কৃতাঞ্জলিঃ সম্পুটীকৃতহস্তো ভূত্বা অভাষত উক্তবান্ ॥

১৫। স্বামিটী।—ভাষণমেবাহ—পশ্যামীতি সপ্তদশভিঃ। হে দেব! তব দেহে দেবান্ আদিত্যাদীন্ পশ্যামি তথা সর্ব্বান্ ভূত-বিশেষাণাং জরায়ুজাণ্ডজাদীনাং সঙ্ঘাংশ্চ তথা দিব্যান্ ঋষীন্ বশিষ্ঠাদীন্ উরগাংশ্চ তক্ষকাদীন্ তথা তেষাং দেবাদীনামীশং

---

১৩॥ ধনঞ্জয় তাঁহার দেহে বহুপ্রকারে বিভক্ত সমগ্র বিশ্ব একস্থানস্থিত নিরীক্ষণ করিলেন ॥

১৪। অনন্তর অর্জ্জুন অতিশয় বিস্মিত ও পুলকিত হইয়া কৃতাঞ্জলিপুটে তাঁহাকে নমস্কার করিয়া কহিলেন ॥

১৬। অনেকবাহূদরবক্ত্রনেত্রং
পশ্যামি ত্বাং সর্ব্বতোঽনন্তরূপম্।
নান্তং ন মধ্যং ন পুনস্তবাদিং
পশ্যামি বিশ্বেশ্বর বিশ্বরূপ ॥

১৭। কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ
তেজোরাশিং সর্ব্বতো দীপ্তিমন্তম্।

১৬। [ অন্বয়ঃ ] হে বিশ্বেশ্বর। বিশ্বরূপ। অনেকবাহূদরবক্ত্রনেত্রম্ অনন্তরূপং ত্বাং সর্ব্বতঃ পশ্যামি, তব পুনঃ ন অন্তম্ ( অবসানং ) ন মধ্যং ( মধ্যং নাম দ্বয়োঃ কোট্যোরন্তরম্ ) ন আদিং ( মূলং ) পশ্যামি ॥

স্বামিনং ব্রহ্মাণঞ্চ, কথম্ভূতং ? কমলাসনস্থং পৃথিবীপদ্মকর্ণিকায়াং মেরৌ স্থিতমিত্যর্থঃ, যদ্বা ত্বন্নাভিপদ্মাসনস্থমিতি * ॥

১৬। স্বামিটী। কিঞ্চ অনেকানি বাহ্বাদীনি যস্য তাদৃশং ত্বাং পশ্যামি, অনন্তানি রূপাণি যস্য তং, ত্বাং সর্ব্বতঃ পশ্যামি, তব তু অন্তং মধ্যমাদিঞ্চ ন পশ্যামি সর্ব্বগতত্বাৎ।

১৫। অর্জ্জুন কহিলেন—হে দেব। আমি তোমার দেহে সমস্ত দেবতা জরায়ুজ ও অণ্ডজ প্রভৃতি সমস্ত ভূত, পদ্মাসনস্থিত ভগবান্ ব্রহ্মা এবং দিব্য ঋষি ও সর্পগণ অবলোকন করিতেছি ॥

১৬। হে বিশ্বেশ্বর। হে বিশ্বরূপ! আমি তোমার বহুতর বাহু, উদর, বক্ত্র ও নেত্রসম্পন্ন অনন্ত রূপ নিরীক্ষণ করিলাম ; কিন্তু ইহার আদি, অন্ত ও মধ্য কিছুই দেখিতে পাইলাম না ॥

* ভূতবিশেষসঙ্ঘাতেষু দেবানামন্তর্ভাবেঽপি পৃথক্করণমুৎকৃষ্টত্বাৎ, ব্রহ্মণঃ সর্ব্বদেবাত্মত্বেঽপি তেভ্যো ভেদকথনং তদুৎপাদকত্বাদিতি।

পশ্যামি ত্বাং দুর্নিরীক্ষ্যং সমন্তা-
দ্দীপ্তানলার্কদ্যুতিমপ্রমেয়ম্ ॥

১৮। ত্বমক্ষরং পরমং বেদিতব্যং
ত্বমস্য বিশ্বস্য পরং নিধানম্।
ত্বমব্যয়ঃ শাশ্বতধর্ম্মগোপ্তা
সনাতনস্ত্বং পুরুষো মতো মে ॥

১৭। [অন্বয়ঃ] কিরীটিনং গদিনং চক্রিণং চ সর্ব্বতঃ দীপ্তিমন্তং তেজোরাশিং দুর্নিরীক্ষ্যং দীপ্তানলার্কদ্যুতিম্ অপ্রমেয়ং (অশক্যপরিচ্ছেদং) চ ত্বাং সমন্তাৎ (সর্ব্বতঃ) পশ্যামি ॥

১৮। [অন্বয়ঃ] ত্বম্ অক্ষরং পরমং (ব্রহ্ম) (মুমুক্ষুভিঃ) বেদিতব্যং, ত্বম্ অস্য বিশ্বস্য পরং নিধানং (আশ্রয়ঃ) ত্বম্ অব্যয়ঃ, শাশ্বতধর্ম্মগোপ্তা (সনাতন-ধর্ম্মপালকঃ) ত্বং সনাতনঃ (চিরন্তনঃ) পুরুষঃ মে মতঃ ॥

১৭। স্বামিটী।—কিঞ্চ কিরীটিনমিতি। কিরীটিনং মুকুটবন্তং গদিনং গদাবন্তং চক্রিণং চক্রবন্তং সর্ব্বতো দীপ্তিমন্তং তেজঃপুঞ্জরূপং তথা দুর্নিরীক্ষ্যং দ্রষ্টুমশক্যং ; তত্র হেতুঃ—দীপ্তয়োরনলার্কয়োর্দ্যুতিরিব দ্যুতির্যস্য তম্ অতএব অপ্রমেয়ম্ এবম্ভূত ইতি নিশ্চেতুমশক্যং ত্বাং সমন্ততঃ পশ্যামি ॥

১৮। স্বামিটী।—যস্মাদেবং তবাতর্ক্যমৈশ্বর্য্যং তস্মাত্ত্বমিতি। ত্বমেব অক্ষরং পরমং ব্রহ্ম। কথম্ভূতং ? বেদিতব্যং মুমুক্ষুভির্জ্ঞাতব্যং, ত্বমেবাস্য বিশ্বস্য পরং নিধানং নিধীয়তেঽস্মিন্নিতি নিধানং প্রকৃষ্টাশ্রয়ঃ, অতএব ত্বমব্যয়ো নিত্যঃ, শাশ্বতস্য নিত্যস্য ধর্ম্মস্য গোপ্তা পালকঃ সনাতনশ্চিরন্তনঃ পুরুষো মতো মে মম সম্মতোঽসি ॥

---

১৭। আমি তোমাকে কিরীটধারী গদা ও চক্রবিশিষ্ট, সকল দিকে তেজঃপুঞ্জশালী, প্রদীপ্ত হুতাশন ও সূর্য্যের দীপ্তির ন্যায় দীপ্তিযুক্ত নিতান্ত দুর্নিরীক্ষ্য এবং অপ্রমেয় নিরীক্ষণ করিতেছি ॥

১৯। অনাদিমধ্যান্তমনন্তবীর্য্য-
মনন্তবাহুং শশিসূর্য্যনেত্রম্ ।
পশ্যামি ত্বাং দীপ্তহুতাশবক্ত্রং
স্বতেজসা বিশ্বমিদং তপন্তম্ ॥

২০। দ্যাবাপৃথিব্যোরিদমন্তরং হি
ব্যাপ্তং ত্বয়ৈকেন দিশশ্চ সর্ব্বাঃ ।
দৃষ্ট্বাদ্ভুতং রূপমুগ্রং তবেদং
লোকত্রয়ং প্রব্যথিতং মহাত্মন্ ॥

১৯। [ অন্বয়ঃ ] অনাদিমধ্যান্তম্ অনন্তবীর্য্যম্ অনন্তবাহুং শশিসূর্য্যনেত্রং দীপ্তহুতাশবক্ত্রং * স্বতেজসা ইদং বিশ্বং তপন্তং ত্বাং পশ্যামি ॥

২০। [ অন্বয়ঃ ] হে মহাত্মন্ ! দ্যাবাপৃথিব্যোঃ ইদম্ অন্তরম্ ( আকাশং ) একেন ত্বয়া হি ( নিশ্চিতং ) ব্যাপ্তং, তথা সর্ব্বাঃ দিশঃ ( ব্যাপ্তাঃ ) তব অদ্ভুতম্ ইদম্ উগ্রং রূপং দৃষ্ট্বা লোকত্রয়ং প্রব্যথিতং পশ্যামি ॥

১৯। স্বামিটী।—কিঞ্চ অনাদীতি। অনাদিমধ্যান্তম্ উৎপত্তি-স্থিতিলয়রহিতম্ অনন্তং বীর্য্যং প্রভাবো যস্য তম্ অনন্তবাহুম্ অনন্তা বাহবো যস্য তং, শশিসূর্য্যৌ নেত্রে যস্য তাদৃশং পশ্যামি, তথা দীপ্তো হুতাশোঽগ্নির্বক্ত্রেষু যস্য তম্ স্বতেজসা ইদং বিশ্বং তপন্তং সন্তাপয়ন্তং পশ্যামি ॥

---

১৮। তুমি নিত্য, পরমব্রহ্ম, জ্ঞাতব্য, বিশ্বের একমাত্র আশ্রয়, শাশ্বতধর্ম্মরক্ষক ও সনাতন পুরুষ ॥

১৯। তুমি উৎপত্তিস্থিতিসংহাররহিত, অনন্তবীর্য্য, হুতাশন তোমার মুখমণ্ডলে সতত প্রদীপ্ত হইতেছেন, চন্দ্রসূর্য্য তোমার নেত্র, তুমি স্বীয় তেজঃপ্রভাবে এই বিশ্বকে সন্তপ্ত করিতেছ ॥

* হুতমশ্নাতীতি হুতাশোঽগ্নিঃ, দীপ্তশ্চাসৌ হুতাশশ্চেতি দীপ্তহুতাশঃ, স বক্ত্রং যস্যেতি বিগ্রহঃ।

২১। অমী হি ত্বাং সুরসঙ্ঘা বিশন্তি
কেচিদ্ভীতাঃ প্রাঞ্জলয়ো গৃণন্তি।
স্বস্তীত্যুক্ত্বা মহর্ষিসিদ্ধসঙ্ঘাঃ
স্তুবন্তি ত্বাং স্তুতিভিঃ পুষ্কলাভিঃ॥

২২। রুদ্রাদিত্যা বসবো যে চ সাধ্যা
বিশ্বেঽশ্বিনৌ মরুতশ্চোষ্মপাশ্চ।

২১। [ অন্বয়ঃ ] অমী সুরসঙ্ঘাঃ ( দেবসমূহাঃ ) হি ত্বাং বিশন্তি, কেচিৎ ভীতাঃ প্রাঞ্জলয়ঃ ( সন্তঃ ) গৃণন্তি ( স্তুবন্তি ) মহর্ষিসিদ্ধসঙ্ঘাঃ স্বস্তি ইতি উক্ত্বা পুষ্কলাভিঃ ( উৎকৃষ্টাভিঃ ) স্তুতিভিঃ ত্বাং স্তুবন্তি॥

২০। স্বামিনী।—কিঞ্চ দ্যাবাপৃথিব্যোরিতি দ্যাবাপৃথিব্যোরিদমন্তরমন্তরীক্ষং ত্বয়ৈবৈকেন ব্যাপ্তং দিশশ্চ সর্ব্বা ব্যাপ্তাঃ অদ্ভুতমদৃষ্টপূর্ব্বং ত্বদীয়মিদমুগ্রং রূপং দৃষ্ট্বা লোকত্রয়ং প্রব্যথিতমতিভীতং পশ্যামীতি পূর্ব্বেণৈবানুষঙ্গঃ॥

২১। স্বামিনী।—কিঞ্চ অমী হীতি *। অমী সুরসঙ্ঘা ভীতাঃ সন্তস্ত্বাং বিশন্তি শরণং প্রবিশন্তি তেষাং মধ্যে কেচিদতিভীতা দূরত এব স্থিত্বা কৃতসম্পুটকরযুগলাঃ সন্তো গৃণন্তি জয় জয় রক্ষ রক্ষেতি প্রার্থয়ন্তে। স্পষ্টমন্যৎ॥

২০। হে মহাত্মন্! তুমি একাকী হইলেও স্বর্গ পৃথিবী অন্তরীক্ষ এবং দিক্‌সমূহে ব্যাপ্ত হইয়া রহিয়াছ, তোমার এই অদ্ভুত উগ্রমূর্ত্তি দর্শন করিয়া লোকত্রয় ভীত হইতেছে॥

২১। এই সকল সুরগণ শঙ্কিতমনে তোমার শরণাপন্ন হইতেছেন; কেহ কেহ বা 'আমাদিগকে রক্ষা কর' বলিয়া কৃতাঞ্জলিপুটে প্রার্থনা করিতেছেন, সিদ্ধ ও মহর্ষিগণ 'স্বস্তি' বলিয়া তোমার স্তুতিবাদে প্রবৃত্ত হইতেছেন॥

*। ভগবন্তং পাণ্ডবজয়মৈকান্তিকং দর্শয়ন্তং পশ্যন্নর্জ্জুনোঽব্রবীদমী হীতি

গন্ধর্ব্বযক্ষাসুরসিদ্ধসংঘা
বীক্ষন্তে ত্বাং বিস্মিতাশ্চৈব সর্ব্বে ॥

২৩। রূপং মহত্তে বহুবক্ত্রনেত্রং
মহাবাহো বহুবাহূরুপাদম্।
বহূদরং বহুদংষ্ট্রাকরালং
দৃষ্ট্বা লোকাঃ প্রব্যথিতাস্তথাহম্ ॥

২২। [অন্বয়ঃ] রুদ্রাদিত্যাঃ বসবঃ যে চ সাধ্যাঃ বিশ্বে (বিশ্বেদেবাঃ) অশ্বিনৌ মরুতঃ চ উষ্মপাঃ (পিতরঃ) গন্ধর্ব্বযক্ষাসুরসিদ্ধসংঘাঃ সর্ব্বে এব বিস্মিতাঃ (সন্তঃ) ত্বাং বীক্ষন্তে ॥

২৩। [অন্বয়ঃ] হে মহাবাহো! বহুবক্ত্রনেত্রং বহুবাহূরুপাদং বহূদরং বহুদংষ্ট্রাকরালং তে মহৎ রূপং দৃষ্ট্বা লোকাঃ প্রব্যথিতাঃ, অহং তথা (প্রব্যথিতঃ) ॥

২২। স্বামিটী।—কিঞ্চ রুদ্রেতি। রুদ্রাশ্চ আদিত্যাশ্চ বসবশ্চ যে চ সাধ্যা নাম দেবাঃ বিশ্বে বিশ্বেদেবাঃ অশ্বিনৌ দেবৌ মরুতো মরুদ্গণাশ্চ উষ্মাণং পিবন্তীত্যুষ্মপাঃ পিতরঃ। "উষ্মভাগা হি পিতরঃ" ইতি শ্রুতেঃ। স্মৃতিশ্চ—"যাবদুষ্ণং ভবেদন্নং তাবদশ্নন্তি বাগ্‌যতাঃ। তাবন্নাশ্নন্তি পিতরো যাবন্নোক্তা হবির্গুণাঃ ॥" গন্ধর্ব্বাশ্চ যক্ষাশ্চ অসুরাশ্চ বিরোচনাদয়ঃ সিদ্ধসঙ্ঘাঃ সিদ্ধানাং সঙ্ঘাশ্চ সর্ব্ব এব বিস্মিতাঃ সন্তঃ ত্বাং বীক্ষন্ত ইত্যন্বয়ঃ ॥

২৩। স্বামিটী।—কিঞ্চ রূপমিতি। হে মহাবাহো! মহদত্যূর্জ্জিতং তব রূপং দৃষ্ট্বা লোকাঃ সর্ব্বে প্রব্যথিতা অতিভীতাঃ, তথাহঞ্চ প্রব্যথিতোঽস্মি। কীদৃশং রূপং দৃষ্ট্বা? বহূনি বক্ত্রাণি নেত্রাণি চ যস্মিংস্তৎ, বহবো বাহব উরবঃ পাদাশ্চ যস্মিন্ তৎ, বহূন্যুদরাণি যস্মিংস্তৎ বহ্বীভির্দ্দংষ্ট্রাভিঃ করালং বিকৃতং [রৌদ্রম্] ইত্যর্থঃ ॥

---

২২। রুদ্র, আদিত্য, বসু, সাধ্য, মরুৎ, পিতৃ, গন্ধর্ব্ব, যক্ষ, অসুর, বিশ্বেদেব, সিদ্ধগণ ও অশ্বিনীকুমারদ্বয়—সকলেই বিস্মিত হইয়া তোমাকে দর্শন করিতেছেন ॥

২৪। নভঃস্পৃশং দীপ্তমনেকবর্ণং
ব্যাত্তাননং দীপ্তবিশালনেত্রম্।
দৃষ্ট্বা হি ত্বাং প্রব্যথিতান্তরাত্মা
ধৃতিং ন বিন্দামি শমঞ্চ বিষ্ণো॥

২৫। দংষ্ট্রাকরালানি চ তে মুখানি
দৃষ্ট্বৈব কালানলসন্নিভানি।

২৪। [ অন্বয়ঃ ] হে বিষ্ণো। নভঃস্পৃশং ( আকাশব্যাপিনং ) দীপ্তম্ অনেক-বর্ণং ব্যাত্তাননং ( বিকৃতমুখং ) দীপ্তবিশালনেত্রং ত্বাং দৃষ্ট্বা প্রব্যথিতান্তরাত্মা অহং ধৃতিং ( ধৈর্য্যং ) শমং ( মনস্তুষ্টিং ) চ ন বিন্দামি (অহং ন লভে) হি॥

২৪। স্বামিটী।—ন কেবলং ভীতোঽহমেতাবদেব অপি তু নভঃস্পৃশমিতি। নভঃ স্পৃশতীতি নভঃস্পৃক্ তম্ অন্তরীক্ষব্যাপিন-মিত্যর্থঃ, দীপ্তং তেজোযুক্তং, অনেকে বর্ণা যস্য তম্ অনেকবর্ণং, ব্যাত্তানি বিকৃতানি আননানি যস্য তং, দীপ্তানি বিশালানি নেত্রাণি যস্য তম্, এবম্ভূতং হি ত্বাং দৃষ্ট্বা প্রব্যথিতোঽন্তরাত্মা মনো যস্য সোঽহং ধৃতিং ধৈর্য্যমুপশমঞ্চ ন লভে॥

২৩। হে মহাবাহো! আমি এবং এই সমস্ত লোক, বহু নয়ন ও অনেক মুখবিশিষ্ট, বহু বাহু বহু উরু ও বহু চরণসংযুক্ত, অনেক উদরপরিশোভিত ও বহু দন্তবিশিষ্ট অতএব করাল ভয়ঙ্কর ত্বদীয় আকার নিরীক্ষণ করিয়া নিতান্ত ব্যথিত হইতেছি॥

২৪। হে বিষ্ণো! আমি তোমার নভোমণ্ডলস্পর্শী বহুবর্ণসম্পন্ন, বিকৃতানন, বিশাললোচন ও অতি প্রদীপ্ত মূর্ত্তি সন্দর্শন করিয়া কোনক্রমেই ধৈর্য্য ও শান্তি লাভ করিতে সমর্থ হইতেছি না; আমার অন্তঃকরণ বিচলিত হইতেছে॥

দিশো ন জানে ন লভে চ শর্ম্ম
প্রসীদ দেবেশ জগন্নিবাস ॥

২৬। অমী চ ত্বাং ধৃতরাষ্ট্রস্য পুত্রাঃ
সর্ব্বে সহৈবাবনিপালসংঘৈঃ।
ভীষ্মো দ্রোণঃ সূতপুত্রস্তথাসৌ
সহাস্মদীয়ৈরপি যোধমুখ্যৈঃ ॥

২৭। বক্ত্রাণি তে ত্বরমাণা বিশন্তি
দংষ্ট্রাকরালানি ভয়ানকানি।
কেচিদ্বিলগ্না দশনান্তরেষু
সংদৃশ্যন্তে চূর্ণিতৈরুত্তমাঙ্গৈঃ ॥

২৫। [ অন্বয়ঃ ] হে দেবেশ! দংষ্ট্রাকরালানি ( দশনবিকৃতানি ) কালানল-সন্নিভানি (প্রলয়কালীনাগ্নিসদৃশানি) তে মুখানি দৃষ্ট্বা এব ( অহং ) দিশঃ ন জানে, শর্ম্ম ( সুখং ) চ ন লভে, হে জগন্নিবাস! প্রসীদ ( প্রসন্নো ভব ) ॥

২৬।২৭। [ অন্বয়ঃ ] অবনিপালসঙ্ঘৈঃ ( রাজসমূহৈঃ ) সহ অমী চ ধৃতরাষ্ট্রস্য সর্ব্বে এব পুত্রাঃ, তথা ভীষ্মঃ, দ্রোণঃ, অসৌ সূতপুত্রঃ ( কর্ণঃ ) চ অস্মদীয়ৈঃ যোধমুখ্যৈঃ ( যোদ্ধৃপ্রধানৈঃ ধৃষ্টদ্যুম্নাদিভিঃ ) সহ ত্বরমাণাঃ ( ধাবন্তঃ ) তে দংষ্ট্রা-করালানি ভয়ানকানি বক্ত্রাণি ( মুখানি ) বিশন্তি, কেচিৎ চূর্ণিতৈঃ উত্তমাঙ্গৈঃ ( শিরোভিঃ ) ( বিশিষ্টাঃ ) দশনান্তরেষু সংদৃশ্যন্তে ॥

২৫। স্বামিটী। কিঞ্চ দংষ্ট্রেতি। হে দেবেশ! তব মুখানি দৃষ্ট্বা ভয়াবেশেন দিশো ন জানামি, শর্ম্ম সুখং চ ন লভে। ভো জগন্নিবাস! প্রসন্নো ভব। কীদৃশানি মুখানি দৃষ্ট্বা? দংষ্ট্রাভিঃ করালানি এবং কালানলঃ প্রলয়াগ্নিস্তৎসদৃশানি ॥

---

**২৫। হে দেবেশ! তোমার প্রলয়াগ্নিসন্নিভ দংষ্ট্রাকরাল মুখসমূহ অবলোকন করিয়াই আমার দিগ্‌ভ্রম জন্মিয়াছে, আমি কিছুতেই শান্তিলাভ করিতে পারিতেছি না। হে জগন্নিবাস! তুমি প্রসন্ন হও ॥**

২৮। যথা নদীনাং বহবোঽম্বুবেগাঃ
সমুদ্রমেবাভিমুখা দ্রবন্তি।
তথা তবামী নরলোকবীরা
বিশন্তি বক্ত্রাণ্যভিতো জ্বলন্তি ॥

২৮। [অন্বয়ঃ] যথা নদীনাং (স্রবন্তীনাং) বহবঃ অম্বুবেগাঃ অভিমুখাঃ (প্রতিমুখাঃ সন্তঃ) সমুদ্রম্ এব দ্রবন্তি (বিশন্তি) তথা অমী নরলোকবীরাঃ (ভীষ্মাদয়ো মনুষ্যালোকপালাঃ) অভিতো জ্বলন্তি তব বক্ত্রাণি বিশন্তি ॥

২৬।২৭। স্বামিটী।—যচ্চান্যদ্দ্রষ্টুমিচ্ছসীত্যনেনাস্মিন্ সংগ্রামে ভাবিজয়পরাজয়াদিকং মম দেহে পশ্যেতি যদ্ভগবতোক্তং তদিদানীং পশ্যন্ আহ—অমী চেতি পঞ্চভিঃ। অমী ধৃতরাষ্ট্রস্য পুত্রাঃ দুর্য্যোধনাদয়ঃ সর্ব্বে অবনিপালানাং জয়দ্রথাদীনাং রাজ্ঞাং সঙ্ঘৈঃ সমূহৈঃ সহৈব তব বক্ত্রাণি বিশন্তীত্যুত্তরেণান্বয়ঃ। তথা ভীষ্মশ্চ দ্রোণশ্চাসৌ সূতপুত্রশ্চ কর্ণঃ, ন কেবলং ত এব বিশন্তি অপি তু প্রতিযোদ্ধারোঽস্মদীয়া যে যোধমুখ্যাঃ শিখণ্ডিধৃষ্টদ্যুম্নাদয়স্তৈঃ সহ। বক্ত্রাণীতি। এতে সর্ব্বে ত্বরমাণা ধাবন্তস্তব দংষ্ট্রাভিঃ করালানি বিকৃতানি ভয়ঙ্করাণি বক্ত্রাণি বিশন্তি তেষাং মধ্যে কেচিচ্চূর্ণিতৈ-রুত্তমাঙ্গৈঃ শিরোভিরুপলক্ষিতা দন্তসন্ধিষু সংশ্লিষ্টাঃ সংদৃশ্যন্তে ॥

২৮। স্বামিটী।—প্রবেশনে দৃষ্টান্তমাহ—যথেতি*। নদীনা-

২৬।২৭। আমি দেখিতেছি—মহাবীর ভীষ্ম, দ্রোণ, কর্ণ ও ধৃতরাষ্ট্রপুত্রগণ এবং অন্যান্য মহীপালগণ আমাদিগের প্রধান প্রধান যোদ্ধৃবর্গসমভিব্যাহারে দ্রুতবেগে তোমার দংষ্ট্রাকরাল ভয়ঙ্কর মুখবিবরে প্রবেশ করিতেছেন; তন্মধ্যে কাহারও মস্তক চূর্ণীকৃত হইয়াছে এবং কেহ বা তোমার বিশাল দশনসন্ধিতে সংলগ্ন রহিয়াছেন।

* উভয়োরপি সেনয়োরবস্থিতানাং রাজ্ঞাং ভগবন্মুখপ্রবেশনং নিদর্শনেন বিশদয়তি—যথেতি।

২৯। যথা প্রদীপ্তং জ্বলনং পতঙ্গা
বিশন্তি নাশায় সমৃদ্ধবেগাঃ।
তথৈব নাশায় বিশন্তি লোকা-
স্তবাপি বক্ত্রাণি সমৃদ্ধবেগাঃ॥

৩০। লেলিহ্যসে গ্রসমানঃ সমন্তা-
ল্লোকান্ সমগ্রান্ বদনৈর্জ্বলদ্ভিঃ।

২৯। [অন্বয়ঃ] যথা পতঙ্গাঃ (শলভাঃ) সমৃদ্ধবেগাঃ (সন্তঃ) নাশায় (মরণায) প্রদীপ্তং জ্বলনং (অনলং) বিশন্তি, তথা এব (সমৃদ্ধবেগাঃ) লোকাঃ (প্রাণিনঃ) অপি নাশায় তব বক্ত্রাণি বিশন্তি॥

মনেকমার্গপ্রবৃত্তানাং বহবোঽম্বুনাঞ্চ বারীণাং বেগাঃ প্রবাহাঃ সমুদ্রাভিমুখাঃ সন্তো যথা সমুদ্রমেব দ্রবন্তি, তথা অমী যে নরলোক-বীরাস্তেঽভিতো জ্বলন্তি সর্ব্বতঃ প্রদীপ্যমানানি তব বক্ত্রাণি প্রবিশন্তি॥

২৯। স্বামিটী।—অবশত্বেন প্রবেশে নদীবেগদৃষ্টান্ত উক্তঃ, বুদ্ধিপূর্ব্বকপ্রবেশে দৃষ্টান্তমাহ—যথেতি। প্রদীপ্তং জ্বলন্তমগ্নিং পতঙ্গাঃ শলভাঃ সমৃদ্ধো বেগো যেষাং তে যথা নাশায় মরণায়ৈব বুদ্ধিপূর্ব্বকং বিশন্তি, তথৈব লোকা এতে জনা অপি ভবন্মুখানি প্রবিশন্তি॥

২৮। যেমন নদীসকলের প্রভূত প্রবাহ সাগরাভিমুখে প্রধাবিত হইয়া তাহাতে প্রবেশ করিয়া থাকে, তদ্রূপ এই সকল বীরপুরুষেরা তোমার অতি প্রদীপ্ত মুখ-সমূহমধ্যে প্রবেশ করিতেছেন॥

২৯। যেমন সমৃদ্ধ বেগশালী পতঙ্গপাল বিনাশের নিমিত্ত অতি প্রদীপ্ত হুতাশনমধ্যে প্রবেশ করে, তদ্রূপ এই সকল লোকেরা বিনষ্ট হইবার নিমিত্ত তোমার মুখমধ্যে সবেগে প্রবিষ্ট হইতেছে।

তেজোভিরাপূর্য্য জগৎ সমগ্রং
ভাসস্তবোগ্রাঃ প্রতপন্তি বিষ্ণো ॥

৩১। আখ্যাহি মে কো ভবানুগ্ররূপো
নমোঽস্তু তে দেববর প্রসীদ।
বিজ্ঞাতুমিচ্ছামি ভবন্তমাদ্যং
ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্ ॥

৩০। [ অন্বয়: ] জ্বলদ্ভিঃ বদনৈঃ সমগ্রান্ লোকান্ গ্রসমানঃ সমন্তাৎ লেলিহ্যসে ( ত্বম্ আস্বাদয়সি ) হে বিষ্ণো। তব উগ্রাঃ ভাসঃ তেজোভিঃ সমগ্রং জগৎ আপূর্য্য ( সংব্যাপ্য ) প্রতপন্তি ॥

৩১। [ অন্বয়: ] উগ্ররূপঃ ভবান্ কঃ? ( ইতি ) মে ( মম ) আখ্যাহি ( কথয় ) তে ( তুভ্যং ) নমঃ অস্তু, হে দেববর! প্রসীদ, আদ্যং ভবন্তং বিজ্ঞাতুম্ ইচ্ছামি, হি ( যস্মাৎ ) তব প্রবৃত্তিং ( চেষ্টাং ) ন প্রজানামি ॥

৩০। স্বামিটী।—ততঃ কিমত আহ—লেলিহ্যস ইতি। গ্রসমানোঽপি গিলন্ অপি সন্ সমগ্রান্ লোকান্ সর্ব্বানেতান্ বীরান্ সর্ব্বতো লেলিহ্যসে অতিশযেন ভক্ষযসি। কৈঃ? জ্বলদ্ভির্ব্বদনৈঃ। কিঞ্চ হে বিষ্ণো। তব ভাসঃ দীপ্তযস্তেজোভিঃ বিস্ফুরণৈঃ সমগ্রং জগৎ ব্যাপ্য তীব্রাঃ সত্যঃ প্রতপন্তি সন্তাপযন্তি ॥

৩১। স্বামিটী।—যত এবং তস্মাৎ—আখ্যাহীতি। ভবানুগ্ররূপঃ ক ইত্যাখ্যাহি কথয়, তুভ্যং নমোঽস্তু। হে দেববর। প্রসীদ প্রসন্নো ভব। ভবন্তমাদ্যং পুরুষং বিশেষেণ জ্ঞাতুমিচ্ছামি, যতস্তব প্রবৃত্তিং চেষ্টাং কিমর্থমেবং প্রবৃত্তোঽসীতি ন জানামি, এবম্ভূতস্য তব প্রবৃত্তিং বার্ত্তামপি ন জানামীতি বা ॥

৩০। তুমি প্রজ্বলিত মুখ বিস্তার করিযা এই সমস্ত লোককে গ্রাস করিতে করিতে চতুর্দ্দিক্ লেহন করিতেছ। হে বিষ্ণো! তোমার প্রখর তেজ এই সমগ্র বিশ্বকে পরিপূর্ণ করিয়া লোকসকলকে সন্তপ্ত করিতেছে ॥

শ্রীভগবানুবাচ—

৩২। কালোঽস্মি লোকক্ষয়কৃৎ প্রবৃদ্ধো
লোকান্ সমাহর্ত্তুমিহ প্রবৃত্তঃ।
ঋতেঽপি ত্বাং ন ভবিষ্যন্তি সর্ব্বে
যেঽবস্থিতাঃ প্রত্যনীকেষু যোধাঃ ॥
৩৩। তস্মাত্ত্বমুত্তিষ্ঠ যশো লভস্ব
জিত্বা শত্রূন্ ভুঙ্ক্ষ্ব রাজ্যং সমৃদ্ধম্।

৩২। [অন্বয়ঃ] শ্রীভগবান্ উবাচ,—লোকক্ষয়কৃৎ প্রবৃদ্ধঃ কালঃ (অহং) অস্মি, লোকান্ সমাহর্ত্তুম্ ইহ প্রবৃত্তঃ, ত্বাম্ ঋতে (বিনা) * অপি প্রত্যনীকেষু যে যোধাঃ অবস্থিতাঃ, (তে) সর্ব্বে অপি ন ভবিষ্যন্তি ॥

৩২। স্বামিটী।—এবং প্রার্থিতঃ সন্ শ্রীভগবানুবাচ—কাল ইতি ত্রিভিঃ। লোকানাং ক্ষয়কর্ত্তা প্রবৃদ্ধোঽত্যুৎকটঃ কালোঽস্মি লোকান্ প্রাণিনঃ সংহর্ত্তুমিহ লোকে প্রবৃত্তোঽস্মি; অতঃ ঋতে ত্বাং হন্তারং বিনাপি এতে ন ভবিষ্যন্তি জীবিষ্যন্তি। যদ্যপি ত্বয়া ন হন্তব্যাঃ এতে, তথাপি ময়া কালাত্মনা গ্রস্তাঃ সন্তো মরিষ্যন্ত্যেব। কে তে? প্রত্যনীকেষু অনীকানি অনীকানি প্রতি ভীষ্মদ্রোণাদীনাং সর্ব্বাসু সেনাসু যে যোদ্ধারোঽবস্থিতাস্তে সর্ব্বেঽপি ॥

৩১। উগ্রমূর্ত্তিধারী তুমি কে? আমাকে বল। তোমাকে নমস্কার করি, দেবশ্রেষ্ঠ! তুমি প্রসন্ন হও। আদিপুরুষ তোমাকে জানিতে ইচ্ছা করি; কেন না, কি জন্য তোমার এরূপ চেষ্টা, আমি তাহা জানি না ॥

৩২। শ্রীভগবান্ কহিলেন,—আমি লোকক্ষয়কারী ভয়ঙ্কর সাক্ষাৎ কালরূপী হইয়া লোকসকলকে বিনাশ করিতে প্রবৃত্ত হইয়াছি। তুমি না মারিলেও প্রতিপক্ষীয় বীরপুরুষ সকলেই বিনষ্ট হইবেন ॥

---

* ত্বাং বিনা কেবলং ত্বমেব জীবিষ্যসি, নত্বপরে ইত্যর্থঃ। অথবা ত্বাং বিনা ত্বদ্ব্যাপারং বিনা মদ্ব্যাপারেণৈব ইত্যর্থঃ।

মযৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেব
নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্ ॥

৩৪। দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ জয়দ্রথঞ্চ
কর্ণং তথান্যানপি যোধবীরান্।
ময়া হতাংস্ত্বং জহি মা ব্যথিষ্ঠা
যুধ্যস্ব জেতাসি রণে সপত্নান্ ॥

৩৩। [অন্বয়ঃ] তস্মাৎ ত্বম্ উত্তিষ্ঠ, যশঃ লভস্ব, শত্রূন্ জিত্বা সমৃদ্ধং রাজ্যং ভুঙ্ক্ষ্ব, ময়া এতে পূর্ব্বম্ এব নিহতাঃ, হে সব্যসাচিন্। ত্বং নিমিত্তমাত্রং ভব ॥

৩৪। [অন্বয়ঃ] দ্রোণং চ, ভীষ্মং চ, জয়দ্রথং চ, কর্ণং চ, তথা অন্যান্ যোধবীরান্ অপি ময়া হতান (পূর্ব্বং বিনাশিতান) ত্বং জহি, মা ব্যথিষ্ঠাঃ, রণে সপত্নান (শত্রূন্) জেতা অসি (অতঃ) যুধ্যস্ব ॥

৩৩। স্বামিটী।—তস্মাদিতি। যস্মাদেবং তস্মাত্ত্বং যুদ্ধায়োত্তিষ্ঠ দেবৈরপি দুর্জ্জয়া ভীষ্মাদযোঽর্জ্জুনেন নির্জ্জিতা ইত্যেবম্ভূতং যশো লভস্ব প্রাপ্নুহি অযত্নতশ্চ শত্রূন জিত্বা সমৃদ্ধং রাজ্যং ভুঙ্ক্ষ্ব এতে চ তব শত্রবস্তদীয়যুদ্ধাৎ পূর্ব্বমেব ময়ৈব কালাত্মনা নিহতপ্রায়াস্তথাপি ত্বং নিমিত্তমাত্রং ভব, হে সব্যসাচিন্। সব্যেন বামেন হস্তেন সাচিতুং শরান্ সন্ধাতুং শীলং যস্যেতি ব্যুৎপত্ত্যা বামেনাপি বাণক্ষেপাৎ সব্যসাচীত্যুচ্যতে ॥

৩৪। স্বামিটী।—"নচৈতদ্বিদ্মঃ কতরন্নো গরীয়ো যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ু"রিতি যা আশঙ্কা সাপি ন কার্য্যেত্যাহ—দ্রোণমিতি*।

৩৩। অতএব তুমি যুদ্ধার্থ উত্থিত হইয়া শত্রুগণকে পরাজয় পূর্ব্বক যশোলাভ ও অতি সমৃদ্ধ রাজ্য উপভোগ কর; আমি পূর্ব্বেই ইহাদিগকে নিহত করিয়া রাখিয়াছি; এক্ষণে তুমি এই বিনাশের নিমিত্তমাত্র হও ॥

* যেষু যেষু যোধেষু অর্জ্জুনস্যাশঙ্কা তাংস্তান্ ব্যপদিশতি ভগবান্—ময়া হতানিতি।

## সঞ্জয় উবাচ—*

৩৫। এতচ্ছ্রুত্বা বচনং কেশবস্য
কৃতাঞ্জলির্ব্বেপমানঃ কিরীটী।
নমস্কৃত্য ভূয় এবাহ কৃষ্ণং
সগদ্গদং ভীতভীতঃ প্রণম্য॥

৩৫। [অন্বয়ঃ] সঞ্জয় উবাচ,—কেশবস্য এতৎ বচনং শ্রুত্বা বেপমানঃ (কম্পমানঃ) কিরীটী (অর্জ্জুনঃ) কৃতাঞ্জলিঃ (সন্) কৃষ্ণং নমস্কৃত্য ভীতভীতঃ প্রণম্য ভূযঃ এব সগদ্গদম্ আহ॥

যেভ্যস্ত্বং শঙ্কসে তান্ দ্রোণাদীন্ ময়ৈব হতান্ ত্বং জহি ঘাতয, মা ব্যথিষ্ঠা ভয়ং মা কার্ষীঃ, সপত্নান শত্রূন্ রণে যুদ্ধে নিশ্চিতং জেতাসি জেষ্যসি॥

৩৫। স্বামিটী।- ততো যদ্বৃত্তং তদেব ধৃতরাষ্ট্রং প্রতি সঞ্জয উবাচ—এতদিতি এতৎ পূর্ব্বোক্তশ্লোকত্রয়াত্মকং কেশবস্য বচনং শ্রুত্বা বেপমানঃ কম্পমানঃ কিরীটী অর্জ্জুনঃ কৃতাঞ্জলিঃ সম্পুটীকৃতহস্তঃ কৃষ্ণং নমস্কৃত্য পুনরপ্যাহ উক্তবান। কথমাহ? ভয়হর্ষাত্যাবেশবশাৎ গদ্গদেন কণ্ঠকম্পেন সহ বর্ত্তত ইতি সগদ্গদং যথা স্যাত্তথা, কিঞ্চ ভীতঃ সন্ প্রণম্য অবনতো ভূত্বা আহ॥

---

৩৪। আমি দ্রোণ, ভীষ্ম, জয়দ্রথ ও কর্ণপ্রভৃতি বীরগণকে বিনষ্ট করিয়া রাখিয়াছি; তুমি ইহাদিগকে সংহার কর, ব্যথিত হইও না, অনতিবিলম্বে সংগ্রামে প্রবৃত্ত হও, তুমি অবশ্যই শত্রুদিগকে পরাজয় করিতে সমর্থ হইবে॥

৩৫। সঞ্জয় কহিলেন,—কৃষ্ণের এই বাক্য শুনিয়া অর্জ্জুন আবার কম্পিত-

* অত্রাবসরে সঞ্জয়বচনং কথং? অজেয়েষু দ্রোণাদিষু অর্জ্জুনেন নিহতেষু নিরাশ্রয়ো দুর্য্যোধনো নিহত এবেতি মত্বা ধৃতরাষ্ট্রো জয়ং প্রতি নিরাশঃ সন্ সন্ধিং করিষ্যতি ততঃ শান্তিকভয়েষাং ভবিষ্যতি ইতি। তদপি নাশ্রৌষৎ ধৃতরাষ্ট্রো ভবিতব্যতাবশাৎ ইতি।

অর্জ্জুন উবাচ—

৩৬। স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা
জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি
সর্ব্বে নমস্যন্তি চ সিদ্ধসংঘাঃ॥

৩৭। কস্মাচ্চ তে ন নমেরন্মহাত্মন্
গরীয়সে ব্রহ্মণোঽপ্যাদিকর্ত্রে।

৩৬। [ অন্বয়ঃ ] অর্জ্জুন উবাচ,—হে হৃষীকেশ ! তব প্রকীর্ত্ত্যা জগৎ প্রহৃষ্যতি অনুরজ্যতে ( অনুরাগমুপৈতি ) চ, রক্ষাংসি ভীতানি ( সন্তি ) দিশঃ ( প্রতি ) দ্রবন্তি (ইতি যৎ) সর্ব্বে সিদ্ধসঙ্ঘাঃ চ নমস্যন্তি (ইতি যৎ এতৎ) স্থানে ( যুক্তম্ )॥

৩৬। স্বামিটী।—স্থানে ইত্যেকাদশভিবর্জ্জুনোক্তিঃ। স্থানে ইত্যব্যয়ং যুক্তমিত্যস্মিন্নর্থে হে হৃষীকেশ। যত এবং ত্বমদ্ভুতপ্রভাবো ভক্তবৎসলশ্চাতস্তব প্রকীর্ত্ত্যা মাহাত্ম্যসংকীর্ত্তনেন ন কেবলমহমেব প্রহৃষ্যামীতি কিন্তু জগৎ সর্ব্বং প্রহৃষ্যতি প্রকর্ষেণ হর্ষং প্রাপ্নোতি এতৎ তু স্থানে যুক্তমিত্যর্থঃ। তথা জগদনুরজ্যতে চ অনুরাগমুপৈতি ইতি যৎ, তথা রক্ষাংসি ভীতানি সন্তি দিশঃ প্রতি দ্রবন্তি পলায়ন্তে ইতি যৎ, সর্ব্বে যোগতপোমন্ত্রাদিসিদ্ধানাং সঙ্ঘা নমস্যন্তি প্রণমন্তীতি যৎ এতচ্চ স্থানে যুক্তমেব ন চিত্রমিত্যর্থঃ॥

---

কালবরে ও কৃতাঞ্জলিপুটে কৃষ্ণকে নমস্কারপূর্ব্বক ভীতমনে পুনর্ব্বার গদ্গদ স্বরে বলিতে লাগিলেন॥

৩৬। অর্জ্জুন কহিলেন,—হে হৃষীকেশ ! তোমার মাহাত্ম্য কীর্ত্তন করিলে সকলে যে নিতান্ত হৃষ্ট ও একান্ত অনুরক্ত হইয়া থাকে, সিদ্ধগণ যে নমস্কার করিয়া থাকেন এবং রাক্ষসেরা যে ভীত হইয়া চতুর্দ্দিকে পলায়ন করিয়া থাকে, তাহা যুক্তিযুক্ত॥

অনন্ত দেবেশ জগন্নিবাস
ত্বমক্ষরং সদসত্তৎপরং যৎ ॥

৩৮। ত্বমাদিদেবঃ পুরুষঃ পুরাণ-
স্ত্বমস্য বিশ্বস্য পরং নিধানম্।
বেত্তাসি বেদ্যঞ্চ পরঞ্চ ধাম
ত্বয়া ততং বিশ্বমনন্তরূপ ॥

৩৭। [ অন্বয়ঃ ] হে মহাত্মন্! হে অনন্ত! হে দেবেশ! হে জগন্নিবাস! ব্রহ্মণঃ অপি গরীয়সে আদিকর্ত্রে চ তে ( তুভ্যং ) কস্মাৎ ন নমেরন্ ( সর্ব্বে ) সৎ (ব্যক্তং ) অসৎ ( অব্যক্তং ) পরং যৎ অক্ষরং ( ব্রহ্ম ) তৎ চ ত্বং ( এব ) ॥

৩৮। [ অন্বয়ঃ ] হে অনন্তরূপ! ত্বম্ আদিদেবঃ ( যতঃ ) পুরাণঃ পুরুষঃ, ( অতএব ) অস্য বিশ্বস্য পরং নিধানং ( লয়স্থানং ) ( তথা ) বেত্তা ( জ্ঞাতা ) বেদ্যং পরং চ ধাম ( অতঃ ) ত্বয়া বিশ্বং ততম্ ( ব্যাপ্তং ) ॥

৩৭। স্বামিটী।—অত্র হেতুমাহ—কস্মাদিতি। হে অনন্ত। হে দেবেশ। হে মহাত্মন্! হে জগন্নিবাস! সর্ব্বে কস্মাদ্ধেতোঃ তে তুভ্যং ন নমেরন্ ন নমস্কারং কুর্য্যুঃ? কথম্ভূতায়? ব্রহ্মণোঽপি গরীযসে গুরুতরায় আদিকর্ত্রে চ ব্রহ্মণোঽপি জনকায়। কিঞ্চ সদ্ব্যক্তম্, অসদব্যক্তঞ্চ তাভ্যাং পরং মূলকারণং যদক্ষরং ব্রহ্ম তৎ ত্বমেব, এতৈর্বহুভির্হেতুভিস্ত্বাং সর্ব্বে নমস্যন্তীতি ন চিত্রমিত্যর্থঃ ॥

৩৮। স্বামিটী।—কিঞ্চ ত্বমাদিদেব ইতি। ত্বম্ আদিদেবো দেবানামাদিঃ, যতঃ পুরাণোঽনাদিঃ পুরুষস্ত্বম্, অতএব ত্বমস্য বিশ্বস্য পরং নিধানং লয়স্থানং তথা বিশ্বস্য বেত্তা জ্ঞাতা ত্বং, যচ্চ বেদ্যং

৩৭। হে মহাত্মন্! হে অনন্ত! হে দেবেশ! হে জগন্নিবাস! কেন তোমাকে সকলে নমস্কার করিবে না? তুমি ভগবান্ ব্রহ্মা অপেক্ষা গরীয়ান্ ও তাঁহার আদি কর্ত্তা এবং ব্যক্ত ও অব্যক্তের মূলকারণ, অবিনাশী ব্রহ্ম এই নিমিত্তই সকলে তোমাকে নমস্কার করিয়া থাকে ॥

৩৯। বায়ুর্যমোঽগ্নির্ব্বরুণঃ শশাঙ্কঃ
প্রজাপতিস্ত্বং প্রপিতামহশ্চ।
নমো নমস্তেঽস্তু সহস্রকৃত্বঃ
পুনশ্চ ভূয়োঽপি নমো নমস্তে ॥

৪০। নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতস্তে
নমোঽস্তু তে সর্ব্বত এব সর্ব্ব।

৩৯। [অন্বয়ঃ] ত্বং বায়ুঃ, যমঃ, অগ্নিঃ, বরুণঃ, শশাঙ্কঃ, প্রজাপতিঃ, প্রপিতামহঃ চ, (অতঃ) তে (তুভ্যং) সহস্রকৃত্বঃ নমঃ অস্তু, পুনঃ চ নমঃ, ভূয়ঃ (পুনঃ) অপি তে নমঃ নমঃ ॥

বস্তুজাতং পরঞ্চ ধাম বৈষ্ণবং পদং তদপি ত্বমেবাসি, অতএব হে অনন্তরূপ। ত্বয়ৈবেদং বিশ্বং তৃতং ব্যাপ্তম্, এতৈশ্চ সপ্তভির্হেতুভিস্ত্বমেব নমস্কার্য্য ইত্যর্থঃ ॥

৩৯। স্বামিটী।—ইতশ্চ সর্ব্বৈস্ত্বমেব নমস্কার্য্যঃ সর্ব্বদেবাত্মকত্বাদিতি স্তুবন্ স্বয়মপি নমস্করোতি—বায়ুরিতি। বায়্বাদিরূপস্ত্বমিতি। সর্ব্বদেবাত্মকত্বোপলক্ষণার্থমুক্তং, প্রজাপতিঃ পিতামহস্তস্যাপি জনকত্বাৎ প্রপিতামহস্ত্বম্, অতস্তে তুভ্যং সহস্রশো নমোঽস্তু পুনঃ সহস্রকৃত্বো নমোঽস্তু ভূয়োঽপি পুনরপি সহস্রকৃত্বো নমো নম ইতি * ॥

৩৮। হে অনন্তরূপ! তুমি আদিদেব, পুরাতন পুরুষ ও বিশ্বের একমাত্র নিধান, তুমি বিশ্বের জ্ঞাতা, জ্ঞাতব্য ও পরম ধাম; তুমি এই বিশ্বের সর্ব্বত্রই বিরাজমান আছ ॥

৩৯। তুমি বায়ু, যম, অগ্নি, বরুণ, শশাঙ্ক, প্রজাপতি ও প্রপিতামহ, আমি তোমাকে সহস্র সহস্র বার নমস্কার করি ॥

* বহুশো নমস্কারক্রিয়াভ্যাসাবৃত্তিগণনে কৃত্বসুচ্প্রত্যয়ঃ। পুনশ্চ ভূয়োঽপি ইতি শ্রদ্ধাভক্ত্যতিশয়াদপরিতোষমাত্মনোঽর্জ্জুনো দর্শয়তি ইতি।

অনন্তবীর্য্যামিতবিক্রমস্ত্বং
সর্ব্বং সমাপ্নোষি ততোঽসি সর্ব্বঃ ॥

৪১। সখেতি মত্বা প্রসভং যদুক্তং
হে কৃষ্ণ হে যাদব হে সখেতি।
অজানতা মহিমানং তবেদং
ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি ॥

৪০। [অন্বয়ঃ] হে সর্ব্ব! তে পুরস্তাৎ (সম্মুখে) অথ পৃষ্ঠতঃ (পশ্চাৎ) নমঃ, তে (তব) সর্ব্বতঃ এব নমঃ অস্তু, হে অনন্তবীর্য্য! অমিতবিক্রমঃ ত্বং সর্ব্বং (বিশ্বং) সমাপ্নোষি (ব্যাপ্নোষি) ততঃ (ত্বং) সর্ব্বঃ অসি ॥

৪০। স্বামিটী।—ভক্তিশ্রদ্ধাত্যাদবাতিশয়েন নমস্কারেষু তৃপ্তিমনধিগচ্ছন্ পুনরপি বহুশঃ প্রণমতি—নম ইতি। হে সর্ব্ব! সর্ব্বাত্মন্! তব পুরস্তাদগ্রে অথ অনন্তরং পৃষ্ঠতঃ নমঃ, এবং সর্ব্বাসু দিক্ষু তুভ্যং নমোঽস্তু। সর্ব্বাত্মত্বমুপপাদয়ন্নাহ—অনন্তং বীর্য্যং সামর্থ্যং যস্য, তথা অমিতো বিক্রমঃ পরাক্রমো যস্য স* এবম্ভূতস্ত্বং সর্ব্বং বিশ্বং সম্যগন্তর্ব্বহিশ্চ সমাপ্নোষি ব্যাপ্নোষি সুবর্ণমিব কনককুণ্ডলাদি স্বকার্য্যং ব্যাপ্য বর্ত্তসে, ততঃ সর্ব্বরূপোঽসি ॥

---

৪০। হে সর্ব্বেশ্বর! আমি তোমার সম্মুখে নমস্কার করি, আমি তোমার পশ্চাতে নমস্কার করি, আমি তোমার চতুর্দ্দিকে নমস্কার করি; তুমি অনন্তবীর্য্য, অমিতপরাক্রমসম্পন্ন, তুমি সমুদয় বিশ্বে ব্যাপ্ত রহিয়াছ; এই নিমিত্ত সকলে তোমাকে সর্ব্বস্বরূপ বলিয়া কীর্ত্তন করিয়া থাকে ॥

* বীর্য্যবান্ অপি কশ্চিৎ শস্ত্রাদিবিষয়ে ন পরাক্রমতে মন্দপরাক্রমো বা ভবতি, ত্বং তু ন তথা ইতি ভাবঃ।

৪২। যচ্চাবহাসার্থমসৎকৃতোঽসি
বিহারশয্যাসনভোজনেষু।
একোঽথবাপ্যচ্যুত তৎসমক্ষং
তৎ ক্ষাময়ে ত্বামহমপ্রমেয়ম্॥

৪৩। পিতাসি লোকস্য চরাচরস্য
ত্বমস্য পূজ্যশ্চ গুরুর্গরীয়ান্।

৪১।৪২। [অন্বয়ঃ] তব ইদং (বিশ্বরূপং) মহিমানম্ অজানতা ময়া প্রমাদাৎ প্রণয়েন বা অপি সখা ইতি মত্বা হে কৃষ্ণ হে যাদব হে সখে ইতি প্রসভং যৎ উক্তং, হে অচ্যুত। বিহারশয্যাসনভোজনেষু একঃ অথবা তৎসমক্ষং অবহাসার্থ যৎ অসৎকৃতঃ অসি অহম্ অপ্রমেযং ত্বাং তৎ ক্ষাময়ে॥

৪১—৪২। স্বামিটী।—ইদানীং ভগবন্তং ক্ষমাপয়তি—সখেতি দ্বাভ্যাম্। ত্বং প্রাকৃতঃ সখেত্যেবং মত্বা প্রসভং হঠাৎ তিরস্কারেণ যদুক্তং তৎ ক্ষাময়ে ত্বামিত্যুত্তরেণান্বয়ঃ। কিং তৎ? হে কৃষ্ণ, হে যাদব, হে সখেতি চ সন্ধিরার্ষঃ। প্রসভোক্তৌ হেতুঃ—তব মহিমানমিদঞ্চ বিশ্বরূপমজানতা ময়া প্রমাদাৎ প্রণয়েন স্নেহেন বা যদুক্তমিতি। কিঞ্চ যচ্চেতি। হে অচ্যুত। যচ্চ পরিহাসার্থং ক্রীড়াদিষু তিরস্কৃতোঽসি একঃ কেবলঃ সখীন্ বিনা রহসি স্থিত ইত্যর্থঃ। অথবা তৎসমক্ষং তেষাং পরিহসতাং সখীনাং সমক্ষং পুরতোঽপি তৎ সর্ব্বাপরাধজাতং ত্বামপ্রমেয়ম্ অচিন্ত্যপ্রভাবং ক্ষাময়ে ক্ষমাং কারয়ামি॥

৪১।৪২ তোমার মহিমা অবগত না হইয়া প্রমাদ বা প্রণয়হেতু আমি তোমাকে মিত্র বিবেচনা করিয়া হঠাৎ "হে কৃষ্ণ! হে যাদব! হে সখে।" বলিযা যে সম্বোধন করিয়াছি এবং তুমি একাকীই থাক বা বন্ধুজনসমক্ষেই অবস্থান কর, বিহার, শয়ন, উপবেশন ও ভোজন বিষয়ে তোমাকে যে উপহাস করিবার নিমিত্ত তিরস্কার করিযাছি, এক্ষণে তুমি সেই সকল ক্ষমা কর।

ন ত্বৎসমোঽস্ত্যভ্যধিকঃ কুতোঽন্যো
লোকত্রয়েঽপ্যপ্রতিমপ্রভাব ॥

৪৪। তস্মাৎ প্রণম্য প্রণিধায় কায়ং
প্রসাদয়ে ত্বামহমীশমীড্যম্।
পিতেব পুত্রস্য সখেব সখ্যুঃ
প্রিয়ঃ প্রিয়ায়ার্হসি * দেব সোঢ়ুম্ ॥

৪৩। [ অন্বয়ঃ ] হে অপ্রতিমপ্রভাব। ত্বম্ অস্য চরাচরস্য লোকস্য পিতা অসি ( অতঃ ) পূজ্যঃ চ গুরুঃ চ গরীয়ান্ চ অসি, ( অতঃ ) লোকত্রয়ে অপি ত্বৎসমঃ ন অস্তি, অভ্যধিকঃ অন্যঃ কুতঃ ( স্যাৎ ) ॥

৪৪। [ অন্বয়ঃ ] হে দেব। তস্মাৎ অহং কায়ং প্রণিধায় ( প্রকর্ষেণ নীচৈর্ধৃত্বা ) প্রণম্য ঈড্যং ( স্তুত্যং ) ত্বাং প্রসাদয়ে, পুত্রস্য পিতা ইব, সখ্যুঃ সখা ইব, প্রিয়ায়াঃ প্রিয় ইব ( অপরাধং ) সোঢ়ুম্ অর্হসি ॥

৪৩। স্বামিটী।—অচিন্ত্যপ্রভাবত্বমেবাহ—পিতেতি। ন বিদ্যতে প্রতিমা উপমা যস্য সোঽপ্রতিমস্তথাবিধঃ প্রভাবো যস্য তব হে অপ্রতিমপ্রভাব! ত্বমস্য চরাচরস্য লোকস্য পিতা জনকোঽসি অতএব পূজ্যশ্চ গুরুশ্চ গুরোরপি গরীয়াংশ্চ গুরুতরঃ, অতো লোকত্রয়েঽপি ত্বৎসম এব তাবদন্যো নাস্তি পরমেশ্বরাদন্যস্যাভাবাৎ, অন্যোঽধিকঃ পুনঃ কুতঃ স্যাৎ ॥

৪৪। স্বামিটী।—যস্মাদেবং তস্মাদিতি। তস্মাত্ত্বামীশং জগত ঈড্যং প্রসাদয়ামি। কথং? কায়ং প্রণিধায় দণ্ডবন্নিপাত্য প্রণম্য

---

৪৩। হে অপ্রমেয়প্রভাব! তুমি স্থাবরজঙ্গমাত্মক জগতের পিতা, পূজ্য ও গুরু, ত্রিলোকমধ্যে তোমার তুল্য প্রভাবসম্পন্ন ব্যক্তিই নাই, অধিক প্রভাবান্বিত আর কিরূপে থাকিবে ॥

* সন্ধিরার্ষঃ প্রিয় ইব প্রিয়ায়া ইতীবকারোঽনুষজ্যতে। প্রিয়ায়াঽর্হসি ছান্দসঃ সন্ধিঃ।

৪৫। অদৃষ্টপূর্ব্বং হৃষিতোঽস্মি দৃষ্ট্বা
ভয়েন চ প্রব্যথিতং মনো মে।
তদেব মে দর্শয় দেব রূপং
প্রসীদ দেবেশ জগন্নিবাস॥

৪৬। কিরীটিনং গদিনং চক্রহস্ত-
মিচ্ছামি ত্বাং দ্রষ্টুমহং তথৈব।

৪৫। [অন্বয়ঃ] হে দেব। অদৃষ্টপূর্ব্বং (তব রূপং) দৃষ্ট্বা হৃষিতঃ অস্মি, (তথা) ভয়েন চ মে (মম) মনঃ প্রব্যথিতং, (তস্মাৎ) তৎ (মম সুখকরং) রূপম্ এব মে দর্শয, হে দেবেশ! জগন্নিবাস। প্রসীদ॥

প্রকর্ষেণ নত্বা, অতস্ত্বং মমাপরাধং সোঢ়ুং ক্ষন্তুমর্হসি। কস্য ক ইব? পুত্রস্যাপরাধং কৃপযা পিতা যথা সহতে, সখ্যুর্মিত্রস্যাপরাধং সখা নিরুপাধিবন্ধুর্যথা সহতে, প্রিয়শ্চ প্রিয়ায়াঃ অপরাধং যথা তদ্বৎ॥

৪৫। স্বামিটী।—এবং ক্ষাময়িত্বা প্রার্থয়তে—অদৃষ্টেতি দ্বাভ্যাম্। হে দেব। পূর্ব্বমদৃষ্টং তব রূপং দৃষ্ট্বা হৃষিতো হৃষ্টোঽস্মি, তথা ভয়েন চ মে মনঃ প্রব্যথিতং প্রচলিতং, তস্মান্মম ব্যথানিবৃত্তয়ে তদেব রূপং দর্শয়। হে দেবেশ! হে জগন্নিবাস। প্রসন্নো ভব॥

---

৪৪। হে দেব! অতএব আমি দণ্ডবৎ পতিত হইয়া তোমায় প্রণাম করিয়া প্রসন্ন করিতেছি; যেমন পিতা পুত্রের, মিত্র মিত্রের, স্বামী প্রিযতমার অপরাধ ক্ষমা করিযা থাকেন, সেইরূপ তুমিও আমার অপরাধ মার্জ্জনা কর॥

৪৫। হে দেব! আমি তোমার অদৃষ্টপূর্ব্ব রূপ নিরীক্ষণ করিয়া নিতান্ত সন্তুষ্ট হইয়াছি, কিন্তু আমার অন্তঃকরণে ভয় সঞ্চার হইতেছে, হে কৃষ্ণ। তুমি প্রসন্ন হইয়া পুনর্ব্বার পূর্ব্বরূপ ধারণ করিয়া আমাকে দেখাও॥

তেনৈব রূপেণ চতুর্ভুজেন
সহস্রবাহো ভব বিশ্বমূর্ত্তে ॥

শ্রীভগবানুবাচ—

৪৭। ময়া প্রসন্নেন তবার্জ্জুনেদং
রূপং পরং দর্শিতমাত্মযোগাৎ।
তেজোময়ং বিশ্বমনন্তমাদ্যং
যন্মে ত্বদন্যেন ন দৃষ্টপূর্ব্বম্ ॥

৪৬। [ অন্বয়ঃ ] অহং তথা এব ত্বাং কিরীটিনং গদিনং চক্রহস্তং দ্রষ্টুম্ ইচ্ছামি, হে সহস্রবাহো! বিশ্বমূর্ত্তে! তেন এব চতুর্ভুজেন রূপেণ (বিশিষ্টঃ) ভব ॥

৪৭। [ অন্বয়ঃ ] শ্রীভগবান্ উবাচ, হে অর্জ্জুন! প্রসন্নেন ময়া আত্মযোগাৎ তব ইদং তেজোময়ম্ অনন্তম্ আদ্যং মে পরং বিশ্বং রূপং ( বিশ্বরূপং ) দর্শিতং তৎ ( রূপং ) ত্বদন্যেন ন দৃষ্টপূর্ব্বম্ ( পূর্ব্বং দৃষ্টম্ ) ॥

৪৬। স্বামিটী।—তদেব রূপং বিশেষয়ন্নাহ—কিরীটিনমিতি। কিরীটবন্তং গদাবন্তং চক্রহস্তঞ্চ ত্বাং দ্রষ্টুমিচ্ছামি যথা পূর্ব্বং দৃষ্টোঽসি তথৈব ; অতঃ হে সহস্রবাহো। হে বিশ্বমূর্ত্তে! ইদং বিশ্বরূপম্ উপসংহৃত্য তেনৈব কিরীটাদিযুক্তেন চতুর্ভুজেন রূপেণ ভব আবির্ভব। তদনেন শ্রীকৃষ্ণমর্জ্জুনঃ পূর্ব্বমপি কিরীটাদিযুক্তমেব পশ্যতীতি গম্যতে, যত্তু পূর্ব্বমুক্তং বিশ্বরূপদর্শনে কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ পশ্যতীতি তদ্বহুকিরীটাদ্যভিপ্রায়েণ। যদ্বা এতাবন্তং কালং যং ত্বাং কিরীটিনং গদিনং চক্রিণঞ্চ সুপ্রসন্নমপশ্যং তমেবেদানীং তেজোরাশিং দুর্নিরীক্ষ্যং পশ্যামীত্যেবমত্র বচনস্য ব্যক্তিরিত্যবিরোধঃ ॥

৪৭। স্বামিটী।—এবং প্রার্থিতঃ সন্ তমাশ্বাসয়ন্ শ্রীভগবানুবাচ—

---

৪৬। আমি তোমার কিরীটসমলঙ্কৃত, গদাচক্রলাঞ্ছিত সেই পূর্ব্ব রূপ দর্শনের অভিলাষী হইয়াছি ; হে সহস্রবাহো! হে বিশ্বমূর্ত্তে! এক্ষণে সেই চতুর্ভুজ ধারণ কর ॥

৪৮। ন বেদযজ্ঞাধ্যয়নৈর্ন দানৈ-
র্ন চ ক্রিয়াভির্ন তপোভিরুগ্রৈঃ।
এবংরূপঃ শক্য*অহং নৃলোকে
দ্রষ্টুং ত্বদন্যেন কুরুপ্রবীর ॥

৪৮। [অন্বয়ঃ] হে কুরুপ্রবীর। ন বেদযজ্ঞাধ্যয়নৈঃ ন দানৈঃ ন চ ক্রিয়াভিঃ ন চ উগ্রৈঃ তপোভিঃ এবংরূপঃ অহং ত্বদন্যেন নৃলোকে (মনুষ্যলোকে) দ্রষ্টুম্ শক্যঃ ॥

ময়েতি ত্রিভিঃ। হে অর্জ্জুন! কিমিতি ত্বং বিভেষি যতো ময়া প্রসন্নেন কৃপয়া তবেদং পরমুত্তমং রূপং দর্শিতম্ আত্মনো মম যোগাৎ যোগমায়াসামর্থ্যাৎ। পরত্বমেবাহ—তেজোময়ং বিশ্বাত্মকমনন্ত-মাদ্যঞ্চ যন্মম রূপং ত্বদন্যেন ত্বাদৃশাদ্ভক্তাদন্যেন পূর্ব্বং ন দৃষ্টম্ ॥

৪৮। স্বামিটী।—এতদ্দর্শনমতিদুর্লভং লব্ধা ত্বং কৃতার্থোঽসী-ত্যাহ—ন বেদেতি। বেদাধ্যয়নব্যতিরেকেণ যজ্ঞাধ্যয়নস্যাভাবাৎ যজ্ঞশব্দেন যজ্ঞবিদ্যাঃ কল্পসূত্রাদ্যা লক্ষ্যন্তে। বেদানাং যজ্ঞবিদ্যানাঞ্চা-ধ্যয়নৈরিত্যর্থঃ † নচ ক্রিয়াভিরগ্নিহোত্রাদিভির্ন চোগ্রৈস্তপোভি-শ্চান্দ্রায়ণাদিভিরেবং রূপেণাহহং ত্বত্তোঽন্যেন মনুষ্যলোকে দ্রষ্টুং শক্যঃ অপি তু ত্বমেব কেবলং মৎপ্রসাদেন দৃষ্ট্বা কৃতার্থোঽসি ॥

---

৪৭। শ্রীভগবান্ কহিলেন--অর্জ্জুন। আমি প্রসন্ন হইয়া যোগমায়াপ্রভাবে তোমাকে আমার তেজোময় সর্ব্বোৎকৃষ্ট অনন্ত বিশ্বরূপ দেখাইযাছি। তোমা-ব্যতিরেকে আর কেহই ইহা পূর্ব্বে নিরীক্ষণ করিতে পারে নাই ॥

৪৮। হে কুরুপ্রবীর! তোমাব্যতিরেকে মনুষ্যলোকে আর কেহই বেদাধ্যয়ন, যজ্ঞানুষ্ঠান, দান, ক্রিয়াকলাপ ও অতি কঠোর তপস্যা দ্বারাও আমার ঈদৃশ রূপ অবলোকন করিতে সমর্থ হন না ॥

* শক্যোঽহমিতি বক্তব্যে বিসর্গলোপশ্ছান্দসঃ। প্রত্যেকং নকারাভ্যাসো নিষেধদার্ঢ্যায় নচ ক্রিয়াভিরিত্যত্র চকারাদনুক্তসাধনান্তরসমন্বয়ঃ।

§ বেদাধ্যয়নৈরেব যজ্ঞাধ্যয়নস্য সিদ্ধত্বাৎ পৃথগ্ যজ্ঞাধ্যয়নগ্রহণং যজ্ঞবিজ্ঞানো-পলক্ষণার্থম্।

৪৯। মা তে ব্যথা মা চ বিমূঢ়ভাবো
দৃষ্ট্বা রূপং ঘোরমীদৃঙ্ মমেদম্।
ব্যপেতভীঃ প্রীতমনাঃ পুনস্ত্বং
তদেব মে রূপমিদং প্রপশ্য॥

সঞ্জয় উবাচ—

৫০। ইত্যর্জ্জুনং বাসুদেবস্তথোক্ত্বা
স্বকং রূপং দর্শয়ামাস ভূয়ঃ।
আশ্বাসয়ামাস চ ভীতমেনং
ভূত্বা পুনঃ সৌম্যবপুর্ম্মহাত্মা॥

৪৯। [অন্বয়ঃ] ঈদৃক্ ঘোরং মম ইদং রূপং দৃষ্ট্বা তে (তব) ব্যথা বিমূঢ়ভাবঃ চ মা (অস্তু), ব্যপেতভীঃ (বিগতভয়ঃ) প্রীতমনাঃ চ (সন্) পুনঃ ত্বং মে ইদং তৎ রূপম্ এব প্রপশ্য॥

৫০। [অন্বয়ঃ] সঞ্জয় উবাচ, বাসুদেবঃ অর্জ্জুনম্ ইতি উক্ত্বা ভূয়ঃ তথা স্বকং রূপং দর্শয়ামাস, (ততঃ) মহাত্মা (বাসুদেবঃ) সৌম্যবপুঃ ভূত্বা পুনঃ ভীতম্ এনম্ আশ্বাসযামাস চ॥

৪৯। স্বামিটী।—এবমপি চেত্তবেদং ঘোরং রূপং দৃষ্ট্বা ব্যথা ভবতি তর্হি তদেব রূপং দর্শযামীত্যাহ—মা তে ইতি। ঈদৃক্ ঈদৃশং ঘোরং মদীয়ং রূপং দৃষ্ট্বা তে ব্যথা মাস্তু বিমূঢ়ভাবো বিমূঢ়ত্বঞ্চ মাস্তু। বিগতভয়ঃ প্রীতমনাশ্চ সন্ পুনস্ত্বং তদেবেদং মম রূপং প্রকর্ষেণ পশ্য॥

৫০। স্বামিটী।—এবমুক্ত্বা প্রাক্তনমেব রূপং দর্শিতবানিতি সঞ্জয় উবাচ—ইতীতি। বাসুদেবোঽর্জ্জুনমিত্যুক্ত্বা যথা পূর্ব্বমাসী-

---

৪৯। তুমি আমার এতাদৃশ ভীষণ রূপ নয়নগোচর করিয়া ব্যথিত ও বিমোহিত হইও না, এক্ষণে ভয় পরিত্যাগপূর্ব্বক প্রীতমনে পুনরায় আমার পূর্ব্ব রূপ প্রত্যক্ষ কর॥

অর্জ্জুন উবাচ—

৫১। দৃষ্ট্বেদং মানুষং রূপং তব সৌম্যং জনার্দ্দন।
ইদানীমস্মি সংবৃত্তঃ সচেতাঃ প্রকৃতিং গতঃ॥

শ্রীভগবানুবাচ—

৫২। সুদুর্দ্দর্শমিদং রূপং দৃষ্টবানসি যন্মম।
দেবা অপ্যস্য রূপস্য নিত্যং দর্শনকাঙ্ক্ষিণঃ॥

৫১। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ,—হে জনার্দ্দন। তব ইদং সৌম্যং মানুষং রূপং দৃষ্ট্বা ইদানীমহং সচেতাঃ (প্রসন্নচিত্তঃ) সংবৃত্তঃ অস্মি, প্রকৃতিং (স্বভাবং) (চ) গতঃ (প্রাপ্তঃ) (অস্মি)॥

৫২। [অন্বয়ঃ] শ্রীভগবান্ উবাচ,—মম ইদং সুদুর্দ্দর্শং যৎ রূপং দৃষ্টবান্ অসি, দেবা অপি অস্য রূপস্য নিত্যং দর্শনকাঙ্ক্ষিণঃ॥

তথৈব কিরীটগদাদিযুক্তং চতুর্ভুজং স্বীয়ং রূপং পুনর্দ্দর্শয়ামাস, এনমর্জ্জুনং ভীতমেবং প্রসন্নবপুর্ভূত্বা পুনরপ্যাশ্বাসিতবান্ মহাত্মা বিশ্বরূপঃ কৃপালুরিতি বা॥

৫১। স্বামিটী।—ততো নির্ভয়ঃ সন্নর্জ্জুন উবাচ—দৃষ্ট্বেদমিতি। সচেতাঃ প্রসন্নচিত্ত ইদানীং সংবৃত্তো জাতোঽস্মি, প্রকৃতিং স্বাস্থ্যঞ্চ প্রাপ্তোঽস্মি। শেষং স্পষ্টম্॥

৫২। স্বামিটী। স্বকৃতস্যানুগ্রহস্যাতিদুর্লভত্বং দর্শয়ন্ শ্রীভগবানুবাচ—সুদুর্দ্দর্শমিতি। যন্মম বিশ্বরূপং দৃষ্টবানসি ইদং সুদুর্দ্দর্শমত্যন্তং দ্রষ্টুমশক্যং যতো দেবা অপ্যস্য রূপস্য নিত্যং সর্ব্বদা দর্শনমিচ্ছন্তি কেবলং ন পুনরিদং পশ্যন্তি॥

---

৫০। সঞ্জয় কহিলেন,—মহাত্মা বাসুদেব অর্জ্জুনকে এই বলিয়া পুনঃ স্বীয় মূর্ত্তি দেখাইলেন এবং সৌম্যমূর্ত্তি ধারণপূর্ব্বক বিশ্বরূপদর্শনভীত অর্জ্জুনকে আশ্বস্ত করিলেন॥

৫১। অর্জ্জুন কহিলেন—হে জনার্দ্দন! আমি এক্ষণে তোমার প্রশান্ত মানুষমূর্ত্তি নিরীক্ষণ করিয়া সুস্থহৃদয় ও প্রকৃতিস্থ হইলাম॥

৫৩। নাহং বেদৈর্ন তপসা ন দানেন ন চেজ্যয়া।
শক্য এবংবিধো দ্রষ্টুং দৃষ্টবানসি মাং যথা [যন্মম]
৫৪। ভক্ত্যা ত্বনন্যয়া শক্য * অহমেবংবিধোঽর্জ্জুন।
জ্ঞাতুং দ্রষ্টুঞ্চ তত্ত্বেন প্রবেষ্টুঞ্চ পরন্তপ॥

৫৩ [অন্বয়ঃ] যথা মাং দৃষ্টবান্ অসি (ত্বং), এবংবিধঃ অহং ন বেদৈঃ ন তপসা, ন দানেন, ন চ ইজ্যয়া (যজ্ঞেন) দ্রষ্টুং শক্যঃ॥

৫৪। [অন্বয়ঃ] হে পরন্তপ! অর্জ্জুন! অনন্যয়া ভক্ত্যা তু এবংবিধঃ অহং তত্ত্বেন জ্ঞাতুং দ্রষ্টুং চ প্রবেষ্টুং চ শক্যঃ॥

৫৩। স্বামিটী।—তত্র হেতুমাহ—নাহমিতি। স্পষ্টার্থঃ॥

৫৪। স্বামিটী।—তর্হি কেনোপায়েন দ্রষ্টুং শক্যতে তত্রাহ—ভক্ত্যা ত্বিতি। অনন্যযা মদেকনিষ্ঠয়া ভক্ত্যা তু এবম্ভূতো বিশ্বরূপোঽহং তত্ত্বেন পরমার্থতো জ্ঞাতুং শক্যঃ শাস্ত্রতঃ, দ্রষ্টুং প্রত্যক্ষতঃ, প্রবেষ্টুঞ্চ তাদাত্ম্যেন শক্যো নান্যৈরুপায়ৈঃ॥

৫২। শ্রীভগবান্ কহিলেন—তুমি আমার যে নিতান্ত দুর্নিরীক্ষ্য মূর্ত্তি অবলোকন করিলে, দেবগণও উহা নেত্রগোচর করিবার নিমিত্ত নিয়ত অভিলাষ করিয়া থাকেন॥

৫৩। তুমি আমাকে যেরূপ দেখিলে, কেহই বেদাধ্যয়ন, দান, তপ বা যজ্ঞানুষ্ঠান দ্বারা আমার ঐ মূর্ত্তি প্রত্যক্ষ করিতে সমর্থ হয় না॥

৫৪। হে পরন্তপ অর্জ্জুন! কিন্তু অনন্যসাধারণ ভক্তি দ্বারাই আমাকে এইরূপে জ্ঞাত হইতে পারে এবং আমাকে দর্শন ও আমাতে প্রবেশ করিতে সমর্থ হয়॥

* শক্য ইতি ছান্দসত্বাৎ বিসর্গলোপঃ।

৫৫। মৎকর্ম্মকৃন্মৎপরমো মদ্ভক্তঃ সঙ্গবর্জ্জিতঃ।
নির্ব্বৈরঃ সর্ব্বভূতেষু যঃ স মামেতি পাণ্ডব ॥

ইতি শ্রী·· ···বিশ্বরূপদর্শনং নাম একাদশোঽধ্যায়ঃ ॥ ১১

৫৫। [অন্বয়ঃ] হে পাণ্ডব! যঃ মৎকর্ম্মকৃৎ মৎপরমঃ মদ্ভক্তঃ সঙ্গবর্জ্জিতঃ সর্ব্বভূতেষু নির্ব্বৈরঃ চ, সঃ মাম্ এতি (প্রাপ্নোতি)॥

৫৫। স্বামিটী। —অতঃ সর্ব্বশাস্ত্রার্থসারং পরমরহস্যং শৃণ্বিত্যাহ —মৎকর্ম্মকৃদিতি। মদর্থং কর্ম্ম করোতীতি মৎকর্ম্মকৃৎ অহমেব পরঃ পুরুষার্থো যস্য সঃ, ময়ৈব ভক্ত আশ্রিতঃ, পুত্রাদিষু সঙ্গবর্জ্জিতঃ, নির্ব্বৈরশ্চ, সর্ব্বভূতেষু এবম্ভূতো যঃ স মাং প্রাপ্নোতি নান্য ইতি

দেবৈরপি সুদুর্দর্শং তপোযজ্ঞাদিকোটিভিঃ।
ভক্তায় ভগবানেব' বিশ্বরূপমদর্শয়ৎ ॥

ইতি স্বামিটীকায়াম্ একাদশোঽধ্যায়ঃ ॥ ১১

৫৫। হে অর্জ্জুন। যে ব্যক্তি আমার জন্য কর্ম্মানুষ্ঠান করে, যে আমার ভক্ত ও একান্ত অনুরক্ত, যে পুত্রকলত্র প্রভৃতি পরিবারের প্রতি আসক্তিরহিত, যাহার কাহারও সহিত বিরোধ নাই এবং আমিই যাহার পরম পুরুষার্থ, সেই ব্যক্তিই আমাকে প্রাপ্ত হইয়া থাকে॥

একাদশ অধ্যায় সমাপ্ত॥ ১১

# দ্বাদশোঽধ্যায়ঃ।

## অর্জ্জুন উবাচ—

১। এবং সততযুক্তা যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে।
যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ॥

১। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ,—এবং সততযুক্তাঃ যে ভক্তাঃ ত্বাং পর্য্যুপাসতে, যে চ অপি, অব্যক্তম্ অক্ষরং (ব্রহ্ম) (পর্য্যুপাসতে), তেষাং (মধ্যে) কে যোগবিত্তমাঃ?॥

১। স্বামিটী—"নির্গুণোপাসনস্যৈবং সগুণোপাসনস্য চ। শ্রেয়ঃ কতরদিত্যেতন্নির্ণেতুং দ্বাদশোদ্যমঃ॥" পূর্ব্বাধ্যায়ান্তে "মৎকর্ম্মকৃন্মৎপরমো মদ্ভক্ত' ইত্যেবং ভক্তিনিষ্ঠস্য শ্রেষ্ঠত্বমুক্তং, 'কৌন্তেয়। প্রতি জ্ঞানীহী'ত্যাদিনা চ তত্র তস্যৈব শ্রেষ্ঠত্বং নির্ণীতং, তথা 'তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যত' ইত্যাদিনা, 'সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসী' ত্যাদিনা চ জ্ঞাননিষ্ঠস্য শ্রেষ্ঠত্বমুক্তম্ এবমুভয়োঃ শ্রৈষ্ঠ্যেঽপি বিশেষজিজ্ঞাসয়া ভগবন্তং প্রতি অর্জ্জুন উবাচ—এবমিতি। এবং সর্ব্বকর্ম্মার্পণাদিনা সততযুক্তাস্তন্নিষ্ঠাঃ সন্তো যে ভক্তাস্ত্বাং বিশ্বরূপং সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তিং পর্য্যুপাসতে ধ্যায়ন্তি, যে চাপ্যক্ষরং ব্রহ্মাব্যক্তং নির্বিশেষমুপাসতে, তেষামুভয়েষাং মধ্যে কেঽতিশয়েন যোগবিদোঽতিশ্রেষ্ঠা ইত্যর্থঃ॥

১। অর্জ্জুন কহিলেন—হে কৃষ্ণ! যাহারা ত্বদ্গতচিত্তে তোমার উপাসনা করে এবং যাহারা কেবল অক্ষর এবং অব্যক্ত ব্রহ্মের আরাধনা করিয়া থাকে, এই উভয়বিধ লোকের মধ্যে কাহারা শ্রেষ্ঠ যোগী বলিয়া নির্দ্দিষ্ট হয়?॥

শ্রীভগবানুবাচ—

২। ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে।
শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমা মতাঃ॥

৩। যে ত্বক্ষরমনির্দ্দেশ্যমব্যক্তং পর্য্যুপাসতে।
সর্ব্বত্রগমচিন্ত্যঞ্চ কূটস্থমচলং ধ্রুবম্॥

৪। সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং সর্ব্বত্র সমবুদ্ধয়ঃ।
তে প্রাপ্নুবন্তি মামেব সর্ব্বভূতহিতে রতাঃ॥

২। [অন্বয়ঃ] শ্রীভগবান্ উবাচ,—ময়ি মনঃ আবেশ্য (স্থাপয়িত্বা) নিত্য-যুক্তাঃ (সন্তঃ) পরয়া (প্রকৃষ্টয়া) শ্রদ্ধয়া ভক্ত্যা উপেতাঃ (যুক্তাঃ) যে মাম্ উপাসতে, তে যুক্ততমাঃ মে (মম) মতাঃ॥

৩।৪। [অন্বয়ঃ] সর্ব্বত্র সমবুদ্ধয়ঃ যে তু ইন্দ্রিয়গ্রামং সংনিযম্য (সম্যক্ সংহৃত্য) অনির্দ্দেশ্যম্ অব্যক্তং সর্ব্বত্রগম্ অচিন্ত্যং কূটস্থম্ (মায়াপপঞ্চে অধ্যক্ষতয়া অবস্থিতম্) অচলং ধ্রুবম্ অক্ষরং পর্য্যুপাসতে, সর্ব্বভূতহিতে রতাঃ তে মাম্ এব প্রাপ্নুবন্তি॥

২। স্বামিটী।—তত্র প্রথমাঃ শ্রেষ্ঠা ইত্যুত্তরং শ্রীভগবানুবাচ—ময়ীতি। ময়ি পরমেশ্বরে সর্ব্বজ্ঞত্বাদিগুণবিশিষ্টে মন আবেশ্য একাগ্রং কৃত্বা নিত্যযুক্তা মদর্থকর্ম্মানুষ্ঠানাদিনা মন্নিষ্ঠাঃ সন্তঃ শ্রেষ্ঠয়া শ্রদ্ধয়া যুক্তা যে মামারাধয়ন্তি তে যুক্ততমা মমাভিমতাঃ॥

৩—৪। স্বামিটী।—তর্হীতরে কিং ন শ্রেষ্ঠা ইত্যত আহ—যে ত্বিতি দ্বাভ্যাম্। যে ত্বক্ষরং পর্য্যুপাসতে ধ্যায়ন্তি তেঽপি মামেব প্রাপ্নুবন্তীতি দ্বয়োরন্বয়ঃ। অক্ষরস্য লক্ষণমাহ—অনির্দ্দেশ্যমিত্যাদি। অনির্দ্দেশ্যশব্দেন নির্দ্দেষ্টুমশক্যং যতোঽব্যক্তং রূপাদিহীনং সর্ব্বত্রগং

২। শ্রীভগবান্ বলিলেন,—হে অর্জ্জুন! যাহারা আমার প্রতি নিতান্ত অনু-রক্ত ও নিবিষ্টমনা হইয়া পরম ভক্তিসহকারে আমাকে উপাসনা করিয়া থাকে, তাহারাই প্রধান যোগী॥

৫। ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্।
অব্যক্তা হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে॥
৬। যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরাঃ।
অনন্যেনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে॥
৭। তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসারসাগরাৎ।
ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেতসাম্॥

৫। [অন্বয়ঃ] তেষাম্ অব্যক্তাসক্তচেতসাম্ অধিকতরঃ ক্লেশঃ, হি (যস্মাৎ) দেহবদ্ভিঃ অব্যক্তা গতিঃ (নিষ্ঠা) **দুঃখম্** (যথা স্যাৎ তথা) **অবাপ্যতে**॥

৬।৭। [অন্বয়ঃ] যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সন্ন্যস্য মৎপরাঃ (সন্তঃ) **অনন্যেন এব যোগেন** (সমাধিনা)-মাং ধ্যায়ন্তঃ উপাসতে; হে পার্থ! অহং ময়ি আবেশিতচেতসাং তেষাং মৃত্যুসংসারসাগরাৎ ন চিরাৎ (ক্ষিপ্রমেব) সমুদ্ধর্ত্তা ভবামি॥

সর্ব্বব্যাপি অব্যক্তত্বাদেবাচিন্ত্যং কূটস্থং কূটে মায়াপ্রপঞ্চে স্থিতমধিষ্ঠানত্বেনাবস্থিতম্ অচলং স্পন্দনরহিতম্ অতএব ধ্রুবং নিত্যং বৃদ্ধ্যাদিরহিতম্। স্পষ্টমন্যৎ॥

৫। স্বামিটী।-নন্বু তেঽপি ত্বামেব প্রাপ্নুবন্তি তর্হীতরেষাং যুক্ততমত্বং কুত ইত্যপেক্ষায়াং ক্লেশাক্লেশকৃতং বিশেষমাহ—ক্লেশ ইতি ত্রিভিঃ। অব্যক্তে নির্ব্বিশেষেঽক্ষরে আসক্তং চেতো যেষাং তেষাং ক্লেশোঽধিকতরঃ, হি যস্মাদব্যক্তবিষয়া গতির্নিষ্ঠা দেহাভিমানিভির্দুঃখং যথা ভবতি এবমবাপ্যতে দেহাভিমানিনাং নিত্যং প্রত্যক্প্রবণত্বস্য দুর্ঘটত্বাদিতি ভাবঃ॥

৬-৭। স্বামিটী।—মদ্ভক্তানান্তু মৎপ্রসাদাদনায়াসেনৈব সিদ্ধি-

---

৩।৪ যাঁহারা সর্ব্বত্র সমদৃষ্টিসম্পন্ন, সর্ব্বভূতের হিতানুষ্ঠাননিরত ও জিতেন্দ্রিয় হইয়া অক্ষর, অনির্দ্দেশ্য, অব্যক্ত, অচিন্তনীয়, সর্ব্বব্যাপী হ্রাসবৃদ্ধিবিহীন, কূটস্থ এবং নিত্য পরব্রহ্মের উপাসনা করে, তাহারা আমাকেই প্রাপ্ত হয়॥

৮। ময্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়।
নিবসিষ্যসি ময্যেব অত ঊর্দ্ধং ন সংশয়ঃ ॥
৯। অথ চিত্তং সমাধাতুং ন শক্নোষি ময়ি স্থিরম্।
অভ্যাসযোগেন ততো মামিচ্ছাপ্তুং ধনঞ্জয় ॥

৮। [ অন্বয়ঃ ] (অতঃ) ময়ি এব মনঃ আধৎস্ব (স্থিরীকুরু) ময়ি বুদ্ধিং নিবেশয় অতঃ ঊর্দ্ধং (শরীরপাতাদনন্তরং) ময়ি এব নিবসিষ্যসি, (অত্র) সংশয়ঃ ন।

৯। [ অন্বয়ঃ ] হে ধনঞ্জয়! অথ (যদি) ময়ি চিত্তং স্থিরং ( যথা স্যাৎ তথা ) সমাধাতুং ন শক্নোষি, ততঃ অভ্যাস-যোগেন মাম্ আপ্তুম্ ইচ্ছ ( প্রার্থয়স্ব ) ॥

র্ভবতীত্যাহ—যে ত্বিতি দ্বাভ্যাম্। যে ময়ি পরমেশ্বরে সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্য সমর্প্য মৎপরা ভূত্বা মাং ধ্যায়ন্তঃ অনন্যেন ন বিদ্যতেঽন্যো ভজনীয়ো যস্মিংস্তেনৈবৈকান্তভক্তিযোগেনোপাসত ইত্যর্থঃ। তেষামিতি—এবং ময্যাবেশিতং চেতো যৈস্তেষাং মৃত্যুযুক্তাৎ সংসারসাগরাদহং সম্যগুদ্ধর্ত্তা অচিরেণৈব ভবামি ॥

৮। স্বামিটী।—যস্মাদেবং তস্মান্ময্যেবেতি। ময্যেব সঙ্কল্প-বিকল্পাত্মকং মন আধৎস্ব স্থিরীকুরু, বুদ্ধিমপি ব্যবসায়াত্মিকাং ময্যেব নিবেশয়, এবং কুর্ব্বন্ মৎপ্রসাদেন লব্ধজ্ঞানঃ সন্ অত ঊর্দ্ধং দেহান্তে মরণানন্তরং ময্যেব নিবসিষ্যসি নিবৎস্যসি মদাত্মনা বাসং করিষ্যসি নাত্র সংশয়ঃ। তথাচ শ্রুতিঃ;—"দেহান্তে দেবঃ পরং ব্রহ্ম তারকং ব্যাচষ্টে" ইতি ॥

৯। স্বামিটী।—অত্রাশক্তং প্রতি সুগমোপায়মাহ—অথেতি।

---

৫। দেহাভিমানীরা অতিকষ্টে অব্যক্ত গতি লাভ করিতে সমর্থ হয়, অতএব যাহারা অব্যক্ত ব্রহ্মে আসক্তমনা হয়, তাহারা অধিকতর দুঃখ ভোগ করিয়া থাকে ॥

৬-৭। যাহারা মৎপরায়ণ হইয়া আমাতে সমস্ত কার্য্য সমর্পণপূর্ব্বক একান্তে ভক্তিসহকারে আমাকেই ধ্যান ও উপাসনা করে; হে পার্থ! আমি তাহাদিগকে অচিরকাল মধ্যেই এই মৃত্যুর আকর সংসারসাগর হইতে উদ্ধার করিয়া থাকি ॥

৮। তুমি আমাতে স্থিরতররূপে চিত্ত স্থাপিত কর ও বুদ্ধি সন্নিবেশিত কর তাহা হইলে পরকালে আমাতেই বাস করিতে সমর্থ হইবে, তাহাতে সংশয় নাই ॥

১০। অভ্যাসেঽপ্যসমর্থোঽসি মৎকর্ম্মপরমো ভব।
মদর্থমপি কর্ম্মাণি কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্স্যসি ॥

১১। অথৈতদপ্যশক্তোঽসি কর্ত্তুং মদ্‌যোগমাশ্রিতঃ।
সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্ ॥

১০। [ অন্বয়ঃ ] ( যদি পুনঃ ) অভ্যাসে অপি অসমর্থঃ অসি, (তর্হি) মৎকর্ম্ম-পরমঃ ( মৎকর্ম্মপ্রধানঃ ) ভব, মদর্থং কর্ম্মাণি কুর্ব্বন্ অপি সিদ্ধিম্ (সত্ত্বশুদ্ধিং ) অবাপ্স্যসি ॥

১১। [অন্বয়ঃ] অথ (যদি) এতৎ অপি কর্ত্তুম্ অশক্তঃ অসি, ততঃ ( তদা ) মদ্‌যোগম্ ( মদেকশরণত্বং ) আশ্রিতঃ যতাত্মবান্ ( সংযতচিত্তঃ সন্ ) সর্ব্বকর্ম্ম-ফলত্যাগং কুরু ॥

স্থিরং যথা ভবত্যেবং ময়ি চিত্তং ধারয়িতুং যদি শক্তো ন ভবসি তর্হি বিক্ষিপ্তং চিত্তং পুনঃ পুনঃ প্রত্যাহৃত্য মদনুস্মরণলক্ষণো যোঽভ্যাসযোগস্তেন মাং প্রাপ্তুমিচ্ছ প্রযত্নং কুরু ॥

১০। স্বামিটী। যদি পুনরভ্যাসেঽপি অসমর্থস্তর্হি মদর্থং কর্ম্মাণি কুরু ইত্যাহ—অভ্যাস ইতি। যদি পুনরভ্যাসেঽপ্যশক্তোঽসি তর্হি মৎপ্রীত্যর্থানি যানি কর্ম্মাণি একাদশ্যুপবাসব্রতপূজাচর্য্যা-নাম-সংকার্ত্তনাদীনি তদনুষ্ঠানমেব পরমং যস্য তাদৃশো ভব, এবম্ভূতানি কর্ম্মাণ্যপি মদর্থং কুর্ব্বন্ মোক্ষং প্রাপ্স্যসি ॥

১১। স্বামিটী।—অত্যন্তং ভগবদ্ধর্ম্মপরিনিষ্ঠায়ামপ্যশক্তস্য পক্ষান্তরমাহ—অথেতি। যদ্যেতদপি কর্ত্তুং ন শক্নোষি তর্হি

৯। হে ধনঞ্জয়! যদি আমার প্রতি চিত্ত স্থির রাখিতে না পার, তাহা হইলে ( কোন প্রতিমাদি অবলম্বনে আমার অনুস্মরণ রূপ ) অভ্যাস-যোগ দ্বারা আমাকে প্রাপ্ত হইতে অভিলাষ কর ॥

১০। যদি অভ্যাস-বিষয়েও অসমর্থ হও, তাহা হইলে তুমি আমার প্রীতি-সম্পাদনার্থ ব্রত পূজা প্রভৃতি কার্য্যাবলি অনুষ্ঠান কর, মদর্থ কার্য্যসকল করিলেও মোক্ষলাভে সমর্থ হইবে ॥

১২। শ্রেয়ো হি জ্ঞানমভ্যাসাজ্‌ জ্ঞানাদ্ধ্যানং বিশিষ্যতে।
ধ্যানাৎ কর্ম্মফলত্যাগস্ত্যাগাচ্ছান্তিরনন্তরম্ ॥

১৩। অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ সমদুঃখসুখঃ ক্ষমী ॥

১২। [ অন্বয়ঃ ] অভ্যাসাৎ জ্ঞানং শ্রেয়ঃ, জ্ঞানাৎ ধ্যানং বিশিষ্যতে, ধ্যানাৎ কর্ম্মফলত্যাগঃ ( শ্রেয়ান্ ), ত্যাগাৎ অনন্তরং শান্তিঃ ( ভবতি ) ॥

মদ্‌যোগং মদেকশরণত্বমাশ্রিতঃ সন্ সর্ব্বেষাং দৃষ্টার্থানামাবশ্য-কানাঞ্চাগ্নিহোত্রাদিকর্ম্মণাং ফলানি নিয়তচিত্তো ভূত্বা পরিত্যজ। এতদুক্তং ভবতি,—ময়া তাবদীশ্বরাজ্ঞয়া যথাশক্তি কর্ম্মাণি কর্ত্তব্যানি, ফলং তাবদ্দৃষ্টমদৃষ্টং বা পরমেশ্বরাধীনমিত্যেবং ময়ি ভাবমারোপ্য ফলাসক্তিং পরিত্যজ্য বর্ত্তমানো যদি, তর্হি মৎপ্রসাদেন কৃতার্থো ভবিষ্যসীতি তাৎপর্য্যম্ ॥

১১। স্বামিটী। তমিমং ফলত্যাগং স্তৌতি—শ্রেয় ইতি। সম্যগ্‌জ্ঞানরহিতাদভ্যাসাদ্ যুক্তিসহিতোপদেশপূর্ব্বকং জ্ঞানং শ্রেষ্ঠং, তস্মাদপি তৎপূর্ব্বকং ধ্যানং বিশিষ্টং "ততস্তু তং পশ্যতি নিষ্কলং ধ্যায়মানঃ" ইতি শ্রুতেঃ। তস্মাদপ্যুক্তলক্ষণঃ কর্ম্মফলত্যাগঃ শ্রেষ্ঠঃ, তস্মাদেবম্ভূতাৎ কর্ম্মফলত্যাগাৎ কর্ম্মসু কৃতফলেষু চাসক্তিনিবৃত্ত্যা মৎপ্রসাদেন সমনন্তরমেব সংসারশান্তির্ভবতি ॥

১১। আর যদি ইহাতেও অশক্ত হও, তাহা হইলে একমাত্র আমারই শরণা-পন্ন হইয়া সংযতচিত্তে সকল কর্ম্মফল পরিত্যাগ কর ॥

১২। কারণ, বিবেকশূন্য অভ্যাস অপেক্ষা জ্ঞান শ্রেষ্ঠ, জ্ঞান অপেক্ষা ধ্যান শ্রেষ্ঠ, ধ্যান অপেক্ষা কর্ম্মফলপরিত্যাগ শ্রেষ্ঠ, কারণ কর্ম্মফল পরিত্যাগ করিলেই শান্তি লাভ হয় ॥

১৪। সন্তুষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যর্পিতমনোবুদ্ধির্যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥
১৫। যস্মান্নোদ্বিজতে লোকো লোকান্নোদ্বিজতে চ যঃ।
হর্ষামর্ষভয়োদ্বেগৈর্মুক্তো যঃ স চ মে প্রিয়ঃ ॥

১৩।১৪। [ অন্বয়ঃ ] সর্ব্বভূতানাম্ অদ্বেষ্টা, মৈত্রঃ, করুণঃ চ এব নির্ম্মমঃ নিরহঙ্কারঃ, সমদুঃখসুখঃ ক্ষমী সততং সন্তুষ্টঃ যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ, ময়ি অর্পিতমনোবুদ্ধিঃ যঃ মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥

১৫। [ অন্বয়ঃ ] যস্মাৎ লোকঃ ন উদ্বিজতে, যঃ চ লোকাৎ ন উদ্বিজতে, যঃ চ হর্ষামর্ষভয়োদ্বেগৈঃ মুক্তঃ স মে প্রিয়ঃ ॥

১৩।১৪। স্বামিটী। এবম্ভূতস্য ভক্তস্য ক্ষিপ্রমেব পরমেশ্বর-প্রসাদহেতূন্ ধর্ম্মানাহ—অদ্বেষ্টেত্যষ্টভিঃ। সর্ব্বভূতানাং যথাযথমদ্বেষ্টা মৈত্রঃ, করুণশ্চ উত্তমেষু দ্বেষশূন্যঃ সমেষু মিত্রতয়া বর্ত্তত ইতি মৈত্রঃ হীনেষু কৃপালুরিত্যর্থঃ, নির্ম্মমো নিরহঙ্কারশ্চ কৃপালুত্বাদেবান্যৈঃ সহ সমে সুখদুঃখে যস্য সঃ। ক্ষমী ক্ষমাশীলঃ। সন্তুষ্ট ইতি।—সততং লাভেঽলাভে চ সন্তুষ্টঃ সুপ্রসন্নচিত্তঃ যোগী অপ্রমত্তঃ যতাত্মা সংযতস্বভাবঃ দৃঢ়ো মদ্বিষয়ে নিশ্চয়ো যস্য, ময্যর্পিতে মনোবুদ্ধী যেন এবম্ভূতো যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥

১৫। স্বামিটী।—কিঞ্চ যস্মাদিতি। যস্মাৎ সকাশাৎ লোকো জনঃ নোদ্বিজতে ভয়শঙ্কয়া সংক্ষোভং ন প্রাপ্নোতি, যশ্চ লোকান্ নোদ্বিজতে, যশ্চ স্বাভাবিকৈর্হর্ষাদিভির্মুক্তঃ, তত্র হর্ষঃ স্বস্য ইষ্টার্থলাভে উৎসাহঃ, অমর্ষঃ পরস্য লাভে অসহনং, ভয়ং ত্রাসঃ, উদ্বেগো ভয়াদিনিমিত্তশ্চিত্তক্ষোভঃ, এতৈর্বিমুক্তো যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥

১৩।১৪। যে ভক্তিপরায়ণ ব্যক্তি দ্বেষশূন্য, কৃপালু, মমতাবিহীন, নিরহঙ্কার, সমদুঃখসুখ, ক্ষমাবান্, সতত প্রসন্নচিত্ত, অপ্রমত্ত, জিতেন্দ্রিয়, ও দৃঢ়নিশ্চয়, যিনি আমাতেই মন ও বুদ্ধি সমর্পণ করিয়াছেন,—তিনি ই আমার প্রিয় ॥

১৬। অনপেক্ষঃ শুচির্দ্দক্ষ উদাসীনো গতব্যথঃ।
সর্ব্বারম্ভপরিত্যাগী যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ॥

১৭। যো ন হৃষ্যতি ন দ্বেষ্টি ন শোচতি ন কাঙ্ক্ষতি।
শুভাশুভপরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ॥

১৬। [অন্বয়ঃ] অনপেক্ষঃ (নিস্পৃহঃ) শুচিঃ (শুদ্ধঃ) দক্ষঃ (অনলসঃ) উদাসীনঃ (পক্ষপাতশূন্যঃ) গতব্যথঃ, সর্ব্বারম্ভপরিত্যাগী যঃ মদ্ভক্তঃ, স মে প্রিয়ঃ॥

১৭। [অন্বয়ঃ] যঃ (প্রিয়ং প্রাপ্য) ন হৃষ্যতি, (অপ্রিয়ং প্রাপ্য) ন দ্বেষ্টি, ন শোচতি, ন কাঙ্ক্ষতি, শুভাশুভপরিত্যাগী যঃ ভক্তিমান্ স মে প্রিয়ঃ॥

১৬। স্বামিটী।—কিঞ্চ অনপেক্ষ ইতি। অনপেক্ষঃ যদৃচ্ছয়োপস্থিতেঽপ্যর্থে নিস্পৃহঃ, শুচির্বাহ্যাভ্যন্তরশৌচসম্পন্নঃ, দক্ষোঽনলসঃ, উদাসীনঃ পক্ষপাতরহিতঃ গতব্যথঃ আধিশূন্যঃ, সর্ব্বান্ দৃষ্টাদৃষ্টার্থান্ আরম্ভানুদ্যমান্ পরিত্যক্তুং শীলং যস্য সঃ এবম্ভূতঃ সন্ যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ॥

১৭। স্বামিটী।—কিঞ্চ য ইতি। প্রিয়ং প্রাপ্য যো ন হৃষ্যতি অপ্রিয়ং প্রাপ্য যো ন দ্বেষ্টি, ইষ্টার্থনাশে সতি যো ন শোচতি, অপ্রাপ্তমর্থং যো ন কাঙ্ক্ষতি, শুভাশুভে পুণ্যপাপে পরিত্যক্তুং শীলং যস্য সঃ এবম্ভূতো ভূত্বা যো মদ্ভক্তিমান্ স মে প্রিয়ঃ॥

১৫। লোক সকল যাহা হইতে উদ্বিগ্ন হয় না, যিনি লোকদিগের ভয়ে ভীত হয়েন না এবং যিনি হর্ষ, বিষাদ, ভয় ও উদ্বেগশূন্য; তিনিই আমার প্রিয়॥

১৬। যিনি নিস্পৃহ, শুচি, দক্ষ, পক্ষপাতরহিত, মনঃপীড়াশূন্য এবং সকল উদ্যমপরিত্যাগী, এরূপ মদভক্ত ব্যক্তি আমার প্রিয়॥

১৭। যিনি শোক, হর্ষ, দ্বেষ, আকাঙ্ক্ষা ও পাপ পুণ্য পরিত্যাগ করিয়াছেন, এরূপ ভক্তিমান্ ব্যক্তি আমার প্রিয়॥

১৮। সমঃ শত্রৌ চ মিত্রে চ তথা মানাপমানয়োঃ।
শীতোষ্ণসুখদুঃখেষু সমঃ সঙ্গবিবর্জ্জিতঃ ॥

১৯। তুল্যনিন্দাস্তুতির্মৌনী সন্তুষ্টো যেন কেনচিৎ।
অনিকেতঃ স্থিরমতির্ভক্তিমান্মে প্রিয়ো নরঃ ॥

২০। যে তু ধর্ম্মামৃতমিদং যথোক্তং পর্য্যুপাসতে।
শ্রদ্দধানা মৎপরমা ভক্তাস্তেঽতীব মে প্রিয়াঃ ॥

ইতি ভক্তিযোগো নাম দ্বাদশোঽধ্যায়ঃ ॥ ১২

১৮।১৯। [অন্বয়ঃ] শত্রৌ চ মিত্রে চ তথা মানাপমানযোঃ সমঃ, শীতোষ্ণসুখদুঃখেষু সমঃ, সঙ্গবিবর্জ্জিতঃ, তুল্যনিন্দাস্তুতিঃ (নিন্দা দোষসঙ্কীর্ত্তনং চ স্তুতিশ্চ গুণগণনং চ নিন্দাস্তুতী, তে তুল্যে যস্য সঃ) মৌনী, যেন কেনচিৎ সন্তুষ্টঃ অনিকেতঃ স্থিরমতিঃ ভক্তিমান্ নরঃ মে প্রিয়ঃ ॥

২০। [অন্বয়ঃ] যে তু যথোক্তম্ ইদং ধর্ম্মামৃতং পর্য্যুপাসতে (অনুতিষ্ঠন্তি) শ্রদ্দধানাঃ মৎপরমাঃ ভক্তাঃ তে মে অতীব প্রিযাঃ ॥

১৮।১৯। স্বামিটী।—কিঞ্চ সম ইতি। শত্রৌ মিত্রে চ সম একরূপঃ মানাপমানয়োরপি তথা সম এব, হর্ষবিষাদশূন্য ইত্যর্থঃ, শীতোষ্ণয়োঃ সুখদুঃখয়োশ্চ সমঃ সঙ্গবিবর্জ্জিতঃ কচিদপ্যনাসক্তঃ। কিঞ্চ তুল্যা নিন্দা স্তুতিশ্চ যস্য সঃ, মৌনী সংযতবাক্, যেন কেনচিৎ যথালব্ধেন সন্তুষ্টঃ, অনিকেতো নিয়তবাসশূন্যঃ, স্থিরমতিঃ ব্যবস্থিতচিত্তঃ এবম্ভূতো মদ্ভক্তিমান্ যঃ স নরো মম প্রিয়ঃ ॥

২০। স্বামিটী।—উক্তং ধর্ম্মজাতং সফলমুপসংহরতি—যে ত্বিতি। যথোক্তমুক্তপ্রকারং ধর্ম্মমেবামৃতম্ অমৃতত্বসাধনত্বাৎ, ধর্ম্ম্যামৃতমিতি

১৮।১৯। যিনি আসক্তি পরিত্যাগপূর্ব্বক শত্রু ও মিত্র, মান ও অপমান, শীত ও উষ্ণ, সুখ ও দুঃখ, নিন্দা ও প্রশংসা তুল্যরূপ বিবেচনা করিয়া থাকেন এবং যিনি মৌনী, যিনি যৎকিঞ্চিৎ লাভে সন্তুষ্ট হন, কোন স্থলেই প্রতিনিয়ত বাস করেন না এবং স্থিরমতি ও স্থিরভক্তিসম্পন্ন হইয়াছেন; তিনিই আমার প্রিয় ॥

কেচিৎ পঠন্তি। যে তদুপাসতে অনুতিষ্ঠন্তি শ্রদ্ধাং কুর্ব্বন্তো মৎপরমাশ্চ সন্তো মদ্ভক্তাস্তেঽতীব মে প্রিয়া ভবন্তি ইতি॥

দুঃখমব্যক্তবর্ত্মৈ তদবহুবিঘ্নমতো বুধঃ।
সুখং কৃষ্ণপদাম্ভোজং ভক্তিসৎপথবান্ ভজেৎ॥

ইতি শ্রীভগবদ্গীতায়াং স্বামিকৃতটীকায়াং ভক্তিযোগো নাম দ্বাদশোঽধ্যায়ঃ॥ ১২

---

যাঁহারা মৎপরায়ণ হইয়া পরম শ্রদ্ধা সহকারে উক্তপ্রকার ধর্ম্মরূপ অমৃত পান করেন, সেই ভক্তগণই আমার অতীব প্রিয়॥

দ্বাদশ অধ্যায় সমাপ্ত॥ ১২

# ত্রয়োদশোঽধ্যায়ঃ।

[ অর্জ্জুন উবাচ—

ক। প্রকৃতিং পুরুষং চৈব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞমেব চ।
এতদ্ বেদিতুমিচ্ছামি জ্ঞানং জ্ঞেয়ঞ্চ কেশব ॥]*

শ্রীভগবানুবাচ—

১। ইদং শরীরং কৌন্তেয় ক্ষেত্রমিত্যভিধীয়তে।
এতদ্ যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্বিদঃ॥

[ (ক)। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ। হে কেশব! প্রকৃতিং পুরুষং চ এব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞঞ্চ (এব) জ্ঞানং জ্ঞেয়ঞ্চ এব এতৎ বেদিতুম্ ইচ্ছামি ॥

১। [ অন্বয়ঃ ] শ্রীভগবান্ উবাচ,—হে কৌন্তেয়! ইদং শরীরং ক্ষেত্রম্ ইতি অভিধীয়তে, যঃ এতৎ বেত্তি, তদ্বিদঃ ( ক্ষেত্রক্ষেত্রজ্ঞবিদঃ ) তং ক্ষেত্রজ্ঞ ইতি প্রাহুঃ ॥

১। স্বামিটী।—"ভক্তানামহমুদ্ধর্ত্তা। সংসারাদিত্যবাদি যৎ। ত্রয়োদশেঽথ তৎসিদ্ধৌ তত্ত্বজ্ঞানমুদীর্য্যতে॥" "তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসারসাগরাৎ। ভবামি ন চিরাৎ পার্থে"তি পূর্ব্বং প্রতিজ্ঞাতং, ন চাত্মজ্ঞানং বিনা সংসারোদ্ধরণং সম্ভবতীতি তত্ত্বজ্ঞানোপদেশার্থং প্রকৃতিপুরুষবিবেকাধ্যায় আরভ্যতে। তত্র যৎ সপ্তমাধ্যায়ে অপরা পরা চেতি প্রকৃতিদ্বয়মুক্তং যয়োরবিবেকাজ্জীবভাবমাপন্নস্য চিদংশস্যায়ং সংসারঃ, যাভ্যাঞ্চ জীবোপভোগার্থমীশ্বরস্য

---

[ (ক) অর্জ্জুন কহিলেন—হে কেশব! আমি প্রকৃতি, পুরুষ, ক্ষেত্র, ক্ষেত্রজ্ঞ, জ্ঞান ও জ্ঞেয়; এই সকল জানিতে ইচ্ছা করি ॥ ]

---

* শ্লোকোঽয়ং প্রক্ষিপ্ত ইতি ন কৈরপি টীকাকারৈর্ব্যাখ্যানমস্য লিখিতম্। "বঙ্গবাসী" মুদ্রিতে মহাভারতে পদ্যমিদং বর্ত্ততে।

২। ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্ঞানং যত্তজ্জ্ঞানং মতং মম॥

২। [অন্বয়ঃ] হে ভারত! সর্ব্বক্ষেত্রেষু অপি মাং চ ক্ষেত্রজ্ঞং বিদ্ধি, ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ যৎ জ্ঞানং তৎ জ্ঞানং মম মতম্॥

সৃষ্ট্যাদিষু প্রবৃত্তিস্তদেব প্রকৃতিদ্বয়ং ক্ষেত্রক্ষেত্রজ্ঞপদবাচ্যং পরস্পর-বিভক্তং তত্ত্বতো নিরূপয়িষ্যন্ শ্রীভগবানুবাচ—ইদমিতি। ইদং ভোগায়তনশরীরং ক্ষেত্রমিত্যভিধীয়তে সংসারস্য প্ররোহভূমিত্বাৎ, এতদ্ যো বেত্তি অহং মমেতি মন্যতে, তং ক্ষেত্রজ্ঞং প্রাহুঃ কৃষীবলব-ত্তৎফলভোক্তৃত্বাৎ, তদ্বিদঃ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্ব্বিবেকজ্ঞাঃ॥

২। স্বামিটী।—তদেবং সংসারিণঃ স্বরূপমুক্তমিদানীং তস্যৈব পারমার্থিকমসংসারিস্বরূপমাহ-ক্ষেত্রজ্ঞমিতি। তঞ্চ ক্ষেত্রজ্ঞং সংসারিণং জীবং বস্তুতঃ সর্ব্বক্ষেত্রেষ্বনুগতং মামেব বিদ্ধি, 'তত্ত্বমসী'তি শ্রুত্যুপলক্ষিতেন চিদংশেন মদ্রূপস্যোক্তত্বাৎ। আদরার্থমেতৎ জ্ঞানং স্তৌতি—ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্যদ্বৈলক্ষণ্যেন জ্ঞানং তদেব মোক্ষ হেতুত্বাৎ জ্ঞানমিতি মম মতম্; অন্যৎ তু বৃথা পাণ্ডিত্যং বন্ধহেতুত্বা-দিত্যর্থঃ। তদুক্তং,—'তৎ কর্ম্ম যন্ন বন্ধায় সা বিদ্যা যা চ মুক্তয়ে। আয়াসায়াপরং কর্ম্ম বিদ্যান্যা শিল্পনৈপুণ'মিতি॥

---

১। শ্রীভগবান্ কহিলেন,—হে অর্জ্জুন! এই ভোগায়তন শরীর ক্ষেত্র বলিয়া কথিত হয়। যিনি এই ক্ষেত্রকে বিদিত হইয়াছেন, ক্ষেত্র-ক্ষেত্রজ্ঞ-বেত্তারা তাঁহাকে ক্ষেত্রজ্ঞ বলিয়া থাকেন॥

২। আমাকেই সকল ক্ষেত্রের ক্ষেত্রজ্ঞ বলিয়া জানিবে, ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের যে বৈলক্ষণ্য-জ্ঞান, তাহাই যথার্থ জ্ঞান; ইহাই আমার মত॥

৩। তৎ ক্ষেত্রং যচ্চ যাদৃক্ চ যদ্‌বিকারি যতশ্চ যৎ।
স চ যো যৎপ্রভাবশ্চ তৎ সমাসেন মে শৃণু॥

৪। ঋষিভির্বহুধা গীতং ছন্দোভির্বিবিধৈঃ পৃথক্।
ব্রহ্মসূত্রপদৈশ্চৈব হেতুমদ্ভির্বিনিশ্চিতৈঃ॥

৩। [অন্বয়ঃ] তৎ ক্ষেত্রং যৎ চ, যাদৃক্ চ, যদ্বিকারি, যতঃ চ (ভবতি), যৎ (যৈঃ প্রকারৈঃ স্থাবরজঙ্গমাদিভেদৈর্ভিন্নমিত্যর্থঃ), সঃ (ক্ষেত্রজ্ঞঃ) চ যঃ, যৎপ্রভাবঃ চ তৎ সমাসেন (সংক্ষেপেণ) মে শৃণু॥

৪। [অন্বয়ঃ] (এতৎ ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োঃ যাথার্থ্যং) ঋষিভিঃ বিবিধৈঃ ছন্দোভিঃ বিনিশ্চিতৈঃ হেতুমদ্ভিঃ ব্রহ্মসূত্রপদৈঃ চ এব পৃথক বহুধা গীতম্ (কথিতং)॥

৩। স্বামিটী।—অত্র যদ্যপি চতুর্ব্বিংশতিভেদভিন্না প্রকৃতিঃ ক্ষেত্রমিত্যভিপ্রেতং, তথাপি দেহরূপেণৈব পরিণতায়ামেব তস্যামহমিত্যাদিভাবেন অবিবেকঃ স্ফুট ইতি তদ্বিবেকার্থমিদং শরীরং ক্ষেত্রমিত্যুক্তং তদেব প্রপঞ্চয়িষ্যন্ প্রতিজানীতে—তদিতি। যদুক্তং ময়া তৎ ক্ষেত্রং যৎ স্বরূপতো জড়ং দৃশ্যাদিস্বভাবং যাদৃক্ যাদৃশঞ্চ ইচ্ছাদিধর্ম্মকং, যদ্বিকারি যৈরিন্দ্রিযাদিবিকারৈর্যুক্তং, যতশ্চ প্রকৃতিপুরুষসংযোগাদ্ভবতি, যদিতি যৈঃ প্রকারৈঃ স্থাবরজঙ্গমাদিভেদৈর্ভিন্নমিত্যর্থঃ, স চ ক্ষেত্রজ্ঞো যঃ স্বরূপতো যৎপ্রভাবশ্চ অচিন্ত্যৈশ্বর্য্যযোগেন যৈঃ প্রভাবৈঃ সম্পন্নস্তৎ সর্ব্বং সংক্ষেপতো মত্তঃ শৃণু॥

৪। স্বামিটী।—কৈঃ বিস্তরেণোক্তস্যায়ং সংক্ষেপ ইত্যপেক্ষায়ামাহ—ঋষিভিরিতি। ঋষিভির্ব্বশিষ্ঠাদিভির্যোগশাস্ত্রেষু ধ্যানধারণাদিবিষয়ত্বেন বৈরাজাদিরূপেণ বহুধা গীতং নিরূপিতম্,

৩। সেই ক্ষেত্র কি প্রকার, তাহার বিকারই বা কিরূপ, তাহা কিরূপে উৎপন্ন হয়, উহার ধর্ম্ম কি, সেই ক্ষেত্রজ্ঞ কিরূপ, উহার প্রভাবই কি প্রকার—সেই সকল বিষয় আমার নিকট সংক্ষেপে শ্রবণ কর॥

৫। মহাভূতান্যহঙ্কারো বুদ্ধিরব্যক্তমেব চ।
ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ পঞ্চ চেন্দ্রিয়গোচরাঃ॥

৬। ইচ্ছা দ্বেষঃ সুখং দুঃখং সঙ্ঘাতশ্চেতনা ধৃতিঃ।
এতৎ ক্ষেত্রং সমাসেন সবিকারমুদাহৃতম্॥

৫।৬। [ **অন্বয়ঃ** ] মহাভূতানি, অহঙ্কারঃ, বুদ্ধিঃ, অব্যক্তম্ ( মূলপ্রকৃতিঃ ) এব, দশ ইন্দ্রিয়াণি, একং ( মনঃ ) চ পঞ্চ ইন্দ্রিয়গোচরাঃ ( শব্দাদয়ঃ ) ( এতানি চতুর্বিংশতিতত্ত্বানি আচক্ষতে ) ইচ্ছা, দ্বেষঃ, সুখং, দুঃখং, সংঘাতঃ ( শরীরং ) চেতনা, ধৃতিঃ এতৎ সবিকারং ক্ষেত্রং সমাসেন (সংক্ষেপেণ) উদাহৃতম্॥

বিবিধৈর্নিত্যনৈমিত্তিক-কাম্যকর্ম্মাদিবিষয়ৈশ্ছন্দোভেদৈর্নানাযজনীয-দেবতারূপেণ গীতং, ব্রহ্মণঃ সূত্রৈঃ পদৈশ্চ ব্রহ্ম সূত্র্যতে সূচ্যতে এভিরিতি ব্রহ্মসূত্রাণি "যতো বা ইমানি ভূতানি জায়ন্ত" ইত্যাদীনি তটস্থলক্ষণপরাণি উপনিষদ্বাক্যানি। তথা ব্রহ্ম পদ্যতে গম্যতে, সাক্ষাৎ জ্ঞায়তে এভিরিতি পদানি স্বরূপলক্ষণপরাণি 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মে"ত্যাদীনি তৈশ্চ বহুধা গীতম্। কিঞ্চ হেতুমদ্ভিঃ "সদেব সৌম্যেদমগ্রম্ আসীৎ, কথমসতঃ সজ্জায়তে" ইতি। "কো হ্যেবান্যাৎ কঃ প্রাণ্যাৎ যদেষ আকাশ আনন্দো ন স্যাৎ এষ হ্যেবানন্দযতী" ত্যাদিযুক্তিমদ্ভিঃ অন্যাৎ অপানচেষ্টাং কঃ কুর্য্যাৎ। প্রাণ্যাৎ প্রাণব্যাপারং বা কঃ কুর্য্যাদিতি শ্রুতিপদযোবর্থঃ। বিনিশ্চিতৈরুপক্রমোপসংহারৈরেকবাক্যতযা অসন্দিগ্ধার্থপ্রতিপাদকৈরিত্যর্থঃ। তদেবমেতৈর্বিস্তরেণোক্তং দুঃসংগ্রহং সংক্ষেপতস্তভ্যং কথয়িষ্যামি তৎ শৃণ্বিত্যর্থঃ। যদ্বা "অথাতো ব্রহ্মজিজ্ঞাসে" ত্যাদীনি ব্রহ্মসূত্রাণি গৃহ্যন্তে, তান্যেব ব্রহ্ম পদ্যতে নিশ্চীয়তে এভিরিতি পদানি তৈর্হেতুমদ্ভিঃ "ঈক্ষতের্নাশব্দম্, আনন্দময়োঽভ্যাসা"দিত্যাদিযুক্তিমদ্ভির্বিনিশ্চিতার্থৈঃ। শেষং সমানম্॥

৪। বশিষ্ঠ প্রভৃতি ঋষিগণ উহা বিবৃত করিয়াছেন। বিবিধ বেদও পৃথক্‌রূপে

৭। অমানিত্বমদম্ভিত্বমহিংসা ক্ষান্তিরার্জবম্‌।
আচার্য্যোপাসনং শৌচং স্থৈর্য্যমাত্মবিনিগ্রহঃ ॥

৮। ইন্দ্রিয়ার্থেষু বৈরাগ্যমনহঙ্কার এব চ।
জন্মমৃত্যুজরাব্যাধিদুঃখদোষানুদর্শনম্‌ ॥

৫।৬। স্বামিটী।—অত্র ক্ষেত্রস্বরূপমাহ—মহাভূতানীতি দ্বাভ্যাম্‌। মহাভূতানি ভূম্যাদীনি পঞ্চ, অহঙ্কারস্তৎকারণভূতঃ, বুদ্ধিজ্ঞানাত্মকং মহত্তত্ত্বম্‌, অব্যক্তং মূলপ্রকৃতিঃ, ইন্দ্রিয়াণি দশ বাহ্যানি জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াণি, "শ্রোত্রত্বগ্‌ঘ্রাণদৃগ্‌জিহ্বাবাগ্‌দোর্মেঢ্রাঙ্ঘ্রিপায়ব" ইতি। একঞ্চ মনঃ, ইন্দ্রিয়গোচরাশ্চ পঞ্চ তন্মাত্ররূপা এব শব্দাদয় আকাশাদিবিশেষগুণতয়া ব্যক্তাঃ সন্ত ইন্দ্রিয়বিষয়াঃ পঞ্চ, তদেবং চতুর্ব্বিংশতিতত্ত্বান্যুক্তানি। ইচ্ছেতি—ইচ্ছাদয়ঃ প্রসিদ্ধাঃ, সংঘাতঃ শরীরং, চেতনা জ্ঞানাত্মিকা মনোবৃত্তিঃ, ধৃতিঃ ধৈর্য্যম্‌; এতে চেচ্ছাদয়ো দৃশ্যত্বান্নাত্মধর্ম্মাঃ অপি তু মনোধর্ম্মা এব, অতঃ ক্ষেত্রান্তঃপাতিন এবোপলক্ষণঞ্চৈতৎ সঙ্কল্পাদীনাম্‌। তথাচ শ্রুতিঃ—"কামঃ সঙ্কল্পো বিচিকিৎসা শ্রদ্ধা অশ্রদ্ধা ধৃতিরধৃতির্হ্রীর্ধীর্ভীরিত্যেতৎ সর্ব্বং মন এব" ইতি। অনেন যাদৃগিতি প্রতিজ্ঞাতাঃ ক্ষেত্রধর্ম্মা দর্শিতাঃ। এতৎ ক্ষেত্রং সবিকারমিন্দ্রিয়াদিবিকারসহিতং সংক্ষেপেণ তুভ্যং ময়োক্তমিতি ক্ষেত্রোপসংহারঃ।

উহা প্রতিপাদন করিতেছেন এবং ব্রহ্মাত্মভাবদ্যোতক যুক্তিযুক্ত বাক্যদ্বারাও উক্ত ক্ষেত্রক্ষেত্রজ্ঞতত্ত্ব নির্ণীত হইয়াছে।

৫—৬। পঞ্চ মহাভূত, অহঙ্কার, বুদ্ধি, মূল প্রকৃতি, একাদশ ইন্দ্রিয়, পঞ্চ ইন্দ্রিয়-গোচর, ইচ্ছা, দ্বেষ, সুখ, দুঃখ, শরীর, জ্ঞানাত্মিকা মনোবৃত্তি ও ধৈর্য্য; এই কয়েকটী ক্ষেত্রধর্ম্ম, উক্ত ধর্ম্মবিশিষ্ট ইন্দ্রিয়াদিবিকারশালী ক্ষেত্র সংক্ষেপে কীর্ত্তন করিলাম॥

৯। অসক্তিরনভিষ্বঙ্গঃ পুত্রদারগৃহাদিষু।
নিত্যঞ্চ সমচিত্তত্বমিষ্টানিষ্টোপপত্তিষু॥
১০। ময়ি চানন্যযোগেন ভক্তিরব্যভিচারিণী।
বিবিক্তদেশসেবিত্বমরতির্জ্জনসংসদি॥
১১। অধ্যাত্মজ্ঞাননিত্যত্বং তত্ত্বজ্ঞানার্থদর্শনম্।
এতজ্‌জ্ঞানমিতি প্রোক্তমজ্ঞানং যদতোঽন্যথা॥

৭—১১। [অন্বয়ঃ] অমানিত্বম্, অদম্ভিত্বম্, অহিংসা, ক্ষান্তিঃ, আর্জ্জবং, আচার্য্যোপাসনং, শৌচং, স্থৈর্য্যম্, আত্মবিনিগ্রহঃ, ইন্দ্রিয়ার্থেষু বৈরাগ্যম্ অনহঙ্কারঃ এব চ, জন্মমৃত্যুজরাব্যাধিদুঃখদোষানুদর্শনম্, অসক্তিঃ পুত্রদারগৃহাদিষু অনভিষ্বঙ্গঃ ইষ্টানিষ্টোপপত্তিষু নিত্যং সমচিত্তত্বং চ, ময়ি চ অনন্যযোগেন অব্যভিচারিণী (একান্তা) ভক্তিঃ, বিবিক্তদেশসেবিত্বং (নির্জ্জনস্থানসেবা), জনসংসদি অরতিঃ, অধ্যাত্মজ্ঞাননিত্যত্বং, তত্ত্বজ্ঞানার্থদর্শনম্, এতৎ জ্ঞানং প্রোক্তং, যৎ অতঃ অন্যথা (বিপরীতং) (তৎ) অজ্ঞানং (প্রোক্তম্)॥

৭—১১। স্বামিটী।—ইদানীমমানিত্বাদিপঞ্চভিকক্তলক্ষণাৎ ক্ষেত্রাদতিরিক্ততয়া জ্ঞেয়ং শুদ্ধং ক্ষেত্রজ্ঞং বিস্তরেণ বর্ণয়িষ্যন্ তত্ত্বজ্ঞানসাধনান্যাহ—অমানিত্বমিতি। অমানিত্বং স্বগুণশ্লাঘারাহিত্যং, অদম্ভিত্বং দম্ভরাহিত্যম্, অহিংসা পরপীড়াবর্জ্জনং, ক্ষান্তিঃ সহিষ্ণুত্বং, আর্জ্জবম্ অবক্রতা, আচার্য্যোপাসনং সদ্‌গুরুসেবনং, শৌচং বাহ্যমাভ্যন্তরঞ্চ, তত্র বাহ্যং মৃজ্জলাদিনা আভ্যন্তরঞ্চ রাগাদিমলক্ষালনম্। তথাচ স্মৃতিঃ,—"শৌচঞ্চ দ্বিবিধং প্রোক্তং বাহ্যমাভ্যন্তরং তথা। মৃজ্জলাভ্যাং স্মৃতং বাহ্যং ভাবশুদ্ধিস্তথান্তর" মিতি॥ স্থৈর্য্যং সন্মার্গে প্রবৃত্তস্য তদেকনিষ্ঠতা, আত্মবিনিগ্রহঃ শরীরসংযমঃ এতজ্‌জ্ঞানমিতি প্রোক্তমিতি পঞ্চমেনান্বয়ঃ। কিঞ্চ ইন্দ্রিয়ার্থেষ্বিতি। জন্মাদিষু দুঃখদোষয়োরনুদর্শনং পুনঃ পুনরালোচনং দুঃখরূপস্য দোষস্যানুদর্শনমিতি বা। স্পষ্টমন্যৎ। কিঞ্চ অসক্তিরিতি। অসক্তিঃ পুত্রদারাদিপদার্থেষু প্রীতিত্যাগঃ, অনভিষ্বঙ্গঃ পুত্রাদীনাং সুখে

১২। জ্ঞেয়ং যত্তৎ প্রবক্ষ্যামি যজ্‌জ্ঞাত্বামৃতমশ্নুতে।
অনাদিমৎ পরং ব্রহ্ম ন সত্তন্নাসদুচ্যতে॥

১২। [অন্বয়ঃ] (ইদানীং) যৎ জ্ঞেয়ং তৎ প্রবক্ষ্যামি, যৎ জ্ঞাত্বা অমৃতম্ অশ্নুতে তৎ অনাদিমৎ পরং ব্রহ্ম ন সৎ, ন অসৎ উচ্যতে॥

দুঃখে বা অহমেব সুখী দুঃখী চেত্যধ্যাসাতিরেকাভাবঃ, ইষ্টানিষ্টয়োরুপপত্তিষু প্রাপ্তিষু নিত্যং সর্ব্বদা সমচিত্তত্বম্॥ কিঞ্চ ময়ীতি। ময়ি পরমেশ্বরেঽনন্যযোগেন সর্ব্বাত্মদৃষ্ট্যা অব্যভিচারিণী একান্তা ভক্তিঃ, বিবিক্তঃ শুদ্ধশ্চিত্তপ্রসাদকরস্তং দেশং সেবিতুং শীলং যস্য তস্য ভাবস্তত্ত্বং, প্রাকৃতানাং জনানাং সংসদি সভায়ামরতী রত্যভাবঃ। কিঞ্চ অধ্যাত্মেতি। আত্মানমধিকৃত্য বর্ত্তমানমধ্যাত্মজ্ঞানং তস্মিন্নিত্যত্বং নিত্যভাবঃ তত্ত্বং পদার্থবুদ্ধিনিষ্ঠত্বমিত্যর্থঃ, তত্ত্বজ্ঞানস্যার্থঃ প্রয়োজনং মোক্ষস্তস্য দর্শনং মোক্ষস্য সর্ব্বোৎকৃষ্টত্বালোচনমিত্যর্থঃ, এতদমানিত্বমদম্ভিত্বমিত্যাদিবিংশতিসংখ্যকং যদুক্তমেতজ্‌জ্ঞানমিতি প্রোক্তং বসিষ্ঠাদিভির্জ্ঞানসাধনত্বাৎ, অতোঽন্যথা অস্মাদ্বিপরীতং মানিত্বাদি যত্তদজ্ঞানমিতি প্রোক্তং জ্ঞানবিরোধিত্বাৎ, অতঃ সর্ব্বথা ত্যাজ্যমিত্যর্থঃ॥

১২। স্বামিটী।—এভিঃ সাধনৈর্যজ্‌জ্ঞেয়ং তদাহ—জ্ঞেয়মিতি ষড়্‌ভিঃ। যৎ জ্ঞেয়ং তৎ প্রবক্ষ্যামি। শ্রোতুরাদরসিদ্ধয়ে জ্ঞানফলং দর্শয়তি যদ্বক্ষ্যমাণং জ্ঞাত্বা অমৃতং মোক্ষং প্রাপ্নোতি। কিং তৎ অনাদিমৎ আদিমন্ন ভবতীত্যনাদিমৎ পরং নিরতিশয়ং ব্রহ্ম

৭—১১। আত্মশ্লাঘারাহিত্য, অদাম্ভিকতা, অহিংসা, ক্ষমা, সরলতা, আচার্য্যোপাসনা, (গুরুসেবা), শৌচ, স্থৈর্য্য,আত্মসংযম, বিষয়বৈরাগ্য, নিরহঙ্কারিতা, জন্ম, মৃত্যু, জরা, ব্যাধি, দুঃখ ও দোষের বারংবার সমালোচনা, প্রীতিত্যাগ; পুত্র কলত্র ও গৃহাদির প্রতি অনাসক্তি, ইষ্ট ও অনিষ্টপাতে সমচিত্ততা, আমার প্রতি অব্যভিচারিণী ভক্তি, নির্জ্জনে অবস্থান, জনসমাজে বিরাগ, আত্মজ্ঞানপরায়ণতা এবং তত্ত্বজ্ঞানার্থদর্শন, ইহাই জ্ঞান; ইহার বিপরীতই অজ্ঞান॥

১৩। সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি ॥
১৪। সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতম্।
অসক্তং সর্ব্বভৃচ্চৈব নির্গুণং গুণভোক্তৃ চ ॥

১৩। [অন্বয়ঃ] সর্ব্বতঃ পাণিপাদং, সর্ব্বতঃ অক্ষিশিরোমুখং, সর্ব্বতঃ শ্রুতিমৎ তৎ (সৎ) লোকে সর্ব্বম্ আবৃত্য (ব্যাপ্য) তিষ্ঠতি ॥

১৪। [অন্বয়ঃ] (তৎ) সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং, সর্ব্বেন্দ্রিয়বিবর্জ্জিতম্ অসক্তং সর্ব্বভৃৎ নির্গুণং, গুণভোক্তৃ চ ॥

অনাদীত্যেতাবতৈব বহুব্রীহিণা অনাদিমত্ত্বে সিদ্ধেঽপি পুনর্ম্মতুপ্-প্রত্যয়শ্ছান্দসঃ. যদ্বা অনাদীতি মৎপরঞ্চেতি পদদ্বয়ং, মম বিষ্ণোঃ পরং নির্ব্বিশেষরূপং ব্রহ্মেত্যর্থঃ। তদেবাহ—ন সদিত্যাদি, বিধিমুখেন প্রমাণস্য বিষয়ঃ-সচ্ছব্দেনোচ্যতে, নিষেধবিষয়স্ত্বসচ্ছব্দেনোচ্যতে, ইদন্তু তদুভয়বিলক্ষণমবিষয়ত্বাদিত্যর্থঃ ॥

১৩। স্বামিটী।—নন্বেবং ব্রহ্মণঃ সদসদ্বিলক্ষণত্বে সতি "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" "ব্রহ্মৈবেদং সর্ব্ব"মিত্যাদি শ্রুতিভির্ব্বিরুদ্ধ্যেতেত্যাশঙ্ক্য "পরাস্য শক্তির্বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চে ত্যাদি শ্রুতিপ্রসিদ্ধয়া অচিন্ত্যশক্ত্যা সর্ব্বাত্মত্বং তস্য দর্শয়ন্নাহ – সর্ব্বত ইতি পঞ্চভিঃ। সর্ব্বতঃ সর্ব্বত্র পাণয়ঃ পাদাশ্চ যস্য তৎ, সর্ব্বতোঽক্ষীণি শিরাংসি মুখানি চ যস্য তৎ, সর্ব্বতঃ শ্রুতিমৎ শ্রবণেন্দ্রিয়ৈর্যুক্তং সৎ লোকে সর্ব্বমাবৃত্য ব্যাপ্য তিষ্ঠতি সর্ব্বপ্রাণিপ্রবৃত্তিভিঃ পাণ্যাদিভিঃ রূপাদিভিঃ সর্ব্বব্যবহারাস্পদত্বেন তিষ্ঠতীত্যর্থঃ ॥

---

১২। এক্ষণে জ্ঞেয় বিষয় কীর্ত্তন করি,—শ্রবণ কর; উহা বিদিত হইলে লোকে মোক্ষ প্রাপ্ত হয়। অনাদি ও নির্ব্বিশেষরূপ ব্রহ্মই জ্ঞেয়, তিনি সৎ-ও নন, অসৎ-ও নন।

১৩। সর্ব্বত্রই তাঁহার কর, চরণ, কর্ণ, চক্ষুঃ, মস্তক ও মুখ বিরাজিত আছে; তিনি বিশ্বের সকলকে আবৃত করিয়া অবস্থান করিয়া রহিয়াছেন।

১৫। বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ।
সূক্ষ্মত্বাত্তদবিজ্ঞেয়ং দূরস্থং চান্তিকে চ তৎ॥

১৫। [অন্বয়ঃ] ভূতানাং বহিঃ অন্তঃ চ (স্থিতং) অচরং (স্থাবরং) চরম্ এব সূক্ষ্মত্বাৎ অবিজ্ঞেয়ং দূরস্থং চ অন্তিকে (সমীপে) চ তৎ (ব্রহ্ম)॥

১৪। স্বামিটী।—কিঞ্চ সর্ব্বেন্দ্রিয়েতি। সর্ব্বেষাং চক্ষুরাদীনামিন্দ্রিয়াণাং গুণেষু রূপাদ্যাকারাসু বৃত্তিষু তত্তদাকারেণ ভাসত ইতি তথা, সর্ব্বেন্দ্রিয়াণি গুণাংশ্চ তত্তদ্বিষয়ান্ আভাসয়তীতি বা। সর্ব্বৈরিন্দ্রিয়ৈর্বিবর্জ্জিতঞ্চ। তথা চ শ্রুতিঃ—"অপাণিপাদো জবনো গ্রহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃণোত্যকর্ণঃ" ইত্যাদি। অসক্তং সঙ্গশূন্যং তথাপি সর্ব্বং বিভর্ত্তীতি সর্ব্বভৃৎ সর্ব্বস্যাধারভূতং তদেব নির্গুণং সত্ত্বাদিগুণরহিতং গুণভোক্তৃ গুণানাং সত্ত্বাদীনাং ভোক্তৃ পালকম্॥

১৫। স্বামিটী।—কিঞ্চ বহিরিতি। ভূতানাং চরাচরাণাং স্বকার্য্যাণাং বহিশ্চান্তশ্চ তদেব, সুবর্ণমিব কটককুণ্ডলাদীনাং, জলতরঙ্গাণামন্তর্ব্বহির্জ্জলমিব, অচরং স্থাবরং চরঞ্চ জঙ্গমং যদ্ ভূতজাতং তদেব, কারণাত্মকত্বাৎ কার্য্যস্য। এবমপি সূক্ষ্মত্বাৎ রূপাদিহীনত্বাত্তদবিজ্ঞেয়ম্ ইদং তদিতি স্পষ্টজ্ঞানার্হং ন ভবতি। অতএব অবিদুষাং যোজনলক্ষান্তরিতমিব দূরস্থঞ্চ সবিকারায়াঃ প্রকৃতেঃ পরত্বাৎ। বিদুষাং পুনঃ প্রত্যগাত্মত্বাদন্তিকে চ তৎ নিত্যং সন্নিহিতম্। তথাচ মন্ত্রঃ—"তদেজতি তন্নৈজতি তদ্দূরে তদ্বন্তিকে। তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্যাস্য বাহ্যত" ইতি। এজতি চলতি, নৈজতি ন চলতি, তৎ উ অন্তিকে ইতি চ্ছেদঃ॥

---

১৪। তিনি ইন্দ্রিয়বিহীন, কিন্তু সমস্ত ইন্দ্রিয় ও রূপ রস প্রভৃতি ইন্দ্রিয়ের গুণ সকল প্রকাশ করেন; তিনি আসক্তিশূন্য ও সকল বস্তুর আধার, তিনি নির্গুণ, কিন্তু সর্ব্বগুণপালক॥

১৬। অবিভক্তঞ্চ ভূতেষু বিভক্তমিব চ স্থিতম্।
ভূতভর্ত্তৃ চ তজ্জ্ঞেয়ং গ্রসিষ্ণু প্রভবিষ্ণু চ॥

১৭। জ্যোতিষামপি তজ্জ্যোতিস্তমসঃ পরমুচ্যতে।
জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতম্॥

১৬। [ অন্বয়ঃ ] ভূতেষু চ অবিভক্তং ( সদপি ) বিভক্তং চ ইব স্থিতং ভূতভর্ত্তৃ গ্রসিষ্ণু প্রভবিষ্ণু চ তৎ ( ব্রহ্ম )॥

১৭। [ অন্বয়ঃ ] (তৎ ব্রহ্ম) জ্যোতিষাম্ অপি জ্যোতিঃ, তমসঃ (অজ্ঞানাৎ) পরম্, উচ্যতে, জ্ঞানং জ্ঞেয়ং, জ্ঞানগম্যং সর্ব্বস্য হৃদি বিষ্ঠিতং ( স্থিতং ) তৎ ( ব্রহ্ম )॥

১৬। স্বামিটী।—কিঞ্চ অবিভক্তমিতি। ভূতেষু স্থাবরজঙ্গমাত্মকেষ্ববিভক্তং কারণাত্মনাভিন্নং কার্য্যাত্মনা বিভক্তং ভিন্নমিব স্থিতং চ, সমুদ্রাজ্জাতং ফেনাদি যথা সমুদ্রাদনন্যন্ন ভবতি তৎস্বরূপমেবোক্তং, তৎ জ্ঞেয়ং তৎ পূর্ব্বোক্তং জ্ঞেয়মিত্যর্থঃ। ভূতানাং ভর্ত্তৃ চ পোষকং স্থিতিকালে প্রলয়কালে চ গ্রসিষ্ণু গ্রসনশীলং সৃষ্টিকালে চ প্রভবিষ্ণু নানাকার্য্যাত্মনা প্রভবনশীলম্॥

১৭। স্বামিটী।—কিঞ্চ জ্যোতিষামপীতি। জ্যোতিষাং সূর্য্যাদীনামপি তৎ জ্যোতিঃ প্রকাশকং, "যেন সূর্য্যস্তপতি তেজসেদ্ধঃ" "ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিস্তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং

১৫। তিনি চরাচর এবং সর্ব্ব ভূতের মধ্যে ও বহির্ভাগে অবস্থান করিতেছেন। তিনি সূক্ষ্মত্বপ্রযুক্ত অবিজ্ঞেয়; তিনি জ্ঞানীদিগের অতি সন্নিকট ও অজ্ঞানীদিগের দূরবর্ত্তী॥

১৬। তিনি ভূতমধ্যে অবিভক্ত থাকিয়া বিভক্তের ন্যায় অবস্থান করিতেছেন। তিনি ভূতগণের ভর্ত্তা; তিনি প্রলয়কালে সমুদয় গ্রাস করেন ও সৃষ্টিকালে নানা রূপ পরিগ্রহ করিয়া উৎপন্ন হইয়া থাকেন।

১৮। ইতি ক্ষেত্রং তথা জ্ঞানং জ্ঞেয়ঞ্চোক্তং সমাসতঃ।
মদ্ভক্ত এতদ্বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে ॥

১৮। [ অন্বয়ঃ ] ইতি ক্ষেত্রং, তথা জ্ঞানং, জ্ঞেয়ং চ সমাসতঃ (সংক্ষেপতঃ) উক্তং, মদ্ভক্তঃ এতৎ বিজ্ঞায মদ্ভাবায় উপপদ্যতে ( যুজ্যতে, মোক্ষং গচ্ছতি ) ॥

বিভাতী”ত্যাদি শ্রুতেঃ। অতএব তমসোঽজ্ঞানাৎ পরং তেনাসংস্পৃষ্ট-মুচ্যতে, “আদিত্যবর্ণং তমসঃ পরস্তাদিত্যাদি” শ্রুতেঃ। জ্ঞানঞ্চ তদেব বুদ্ধিবৃত্তাবভিব্যাপ্তং তদেব রূপাদ্যাকারেণ জ্ঞেয়ঞ্চ জ্ঞানগম্যঞ্চ তদেব অমানিত্বাদিলক্ষণেন পূর্ব্বোক্তজ্ঞানসাধনেন প্রাপ্যমিত্যর্থঃ, জ্ঞানগম্যং বিশিনষ্টি—সর্ব্বস্য প্রাণিমাত্রস্য হৃদি বিষ্ঠিতং বিশেষেণা-প্রচ্যুতস্বরূপেণ নিয়ন্তৃতয়া স্থিতম্। ধিষ্ঠিতমিতি পাঠে অধিষ্ঠায় স্থিতমিত্যর্থঃ ॥

১৮। স্বামিটী।—উক্তং ক্ষেত্রাদিকমধিকারিফলসহিতমুপ-সংহরতি—ইতীতি। ইত্যেবং ক্ষেত্রং মহাভূতাদি ধৃত্যন্তং, তথা জ্ঞানঞ্চ অমানিত্বাদি তত্ত্বজ্ঞানার্থদর্শনান্তং, জ্ঞেয়ঞ্চ অনাদিমৎ পরং ব্রহ্মেত্যাদি বিষ্ঠিতমিত্যন্তং বসিষ্ঠাদিভির্ব্বিস্তরেণোক্তং সর্ব্বমপি ময়া সংক্ষেপেণোক্তং, এতচ্চ পূর্ব্বাধ্যায়োক্তলক্ষণো মদ্ভক্তো বিজ্ঞায় মদ্-ভাবায় ব্রহ্মত্বায়োপপদ্যতে যোগ্যো ভবতি ॥

১৭। তিনি জ্যোতিষ্কমণ্ডলীর জ্যোতিঃ ও অন্ধকারের ( অজ্ঞানের ) অতীত। তিনি জ্ঞান, তিনি জ্ঞেয়, তিনি জ্ঞানগম্য। তিনি সকলের হৃদয়ে অবস্থান করিতেছেন ॥

১৮। আমি তোমার নিকট ক্ষেত্র, জ্ঞান ও জ্ঞেয় এই তিনটী সংক্ষেপে কীর্ত্তন করিলাম, আমার ভক্তগণ ইহা অবগত হইয়া আমার ভাব হৃদয়ে বদ্ধমূল করিতে সমর্থ হয় ॥

১৯। প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধ্যনাদী উভাবপি।
বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্ ॥

২০। কার্য্যকারণকর্ত্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে।
পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে ॥

১৯। [অন্বয়ঃ] প্রকৃতিং পুরুষম্ উভৌ অপি অনাদী এব বিদ্ধি, বিকারান্ চ গুণান্ চ এব প্রকৃতিসম্ভবান্ বিদ্ধি ॥

২০। [অন্বয়ঃ] কার্য্য কারণ-কর্ত্তৃত্বে প্রকৃতিঃ হেতুঃ উচ্যতে, পুরুষঃ (জীবঃ) সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুঃ উচ্যতে ॥

১৯। স্বামিটী।—তদেবং তৎ ক্ষেত্রং যচ্চ যাদৃক্ চেত্যেতাবৎ প্রপঞ্চিতম্, ইদানীন্তু যদ্বিকারি যতশ্চ যৎ স চ যো যৎপ্রভাবশ্চেত্যেতৎ পূর্ব্বপ্রতিজ্ঞাতমেব প্রকৃতিপুরুষয়োঃ সংসারহেতুত্বকথনেন প্রপঞ্চয়তি প্রকৃতিমিতি পঞ্চভিঃ। তত্র তয়োরপি প্রকৃতিপুরুষযোরাদিমত্ত্বে তয়োরপি প্রকৃত্যন্তরেণ ভাব্যমিত্যনবস্থাপত্তিঃ স্যাদতস্তাবুভাবনাদী বিদ্ধি, অনাদেরীশ্বরস্য শক্তিত্বাৎ প্রকৃতেরনাদিত্বং পুরুষোঽপি তদংশত্বাদনাদিরেব। অত্র চ পরমেশ্বরস্য তচ্ছক্তীনাঞ্চ অনাদিত্বং নিত্যত্বং চ শ্রীমচ্ছঙ্করভগবদ্ভাষ্যকৃদ্বিরচিতপ্রবন্ধেনোপপাদিতমিতি গ্রন্থবাহুল্যাদস্মাভিঃ ন প্রপঞ্চ্যতে। বিকারাংশ্চ দেহেন্দ্রিয়াদীন্ গুণাংশ্চ গুণপরিণামান্ সুখদুঃখমোহাদীন্ প্রকৃতেঃ সংভূতান্ বিদ্ধি ॥

২০। স্বামিটী।—বিকারাণাং প্রকৃতিসম্ভবত্বং দর্শয়ন্ পুরুষস্য সংসারহেতুত্বং দর্শয়তি—কার্য্যেতি। কার্য্যং শরীরং কারণানি সুখদুঃখসাধনানীন্দ্রিয়াণি তেষাং কর্ত্তৃত্বে তদাকারপরিণামে প্রকৃতির্হেতুরুচ্যতে কপিলাদিভিঃ, পুরুষো জীবস্তু তৎকৃতসুখদুঃখানাং

---

১৯। প্রকৃতি ও পুরুষ উভয়ই অনাদি; দেহ ইন্দ্রিয়াদি বিকার এবং সুখদুঃখাদি গুণসমুদয় প্রকৃতি হইতে সমুদ্ভূত হইয়াছে ॥

২১। পুরুষঃ প্রকৃতিস্থো হি ভুঙ্‌ক্তে প্রকৃতিজান্ গুণান্।
কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্‌যোনিজন্মসু ॥
২২। উপদ্রষ্টানুমন্তা চ ভর্ত্তা ভোক্তা মহেশ্বরঃ।
পরমাত্মেতি চাপ্যুক্তো দেহেঽস্মিন্ পুরুষঃ পরঃ ॥

২১। [অন্বয়ঃ] হি (যস্মাৎ) পুরুষঃ প্রকৃতিস্থঃ প্রকৃতিজান্ গুণান্ ভুঙ্‌ক্তে অস্য (পুরুষস্য) সদসদযোনিজন্মসু গুণসঙ্গঃ কারণম্ ॥

২২। [অন্বয়ঃ] অস্মিন্ দেহে পুরুষঃ পরঃ উপদ্রষ্টা, তথা অনুমন্তা চ, কর্ত্তা (বিধায়কঃ) ভোক্তা, মহেশ্বরঃ পরমাত্মা চ ইতি অপি উক্তঃ ॥

ভোক্তৃত্বে হেতুরুচ্যতে। অয়ং ভাবঃ—যদ্যপ্যচেতনায়াঃ প্রকৃতেঃ স্বতঃ কর্ত্তৃত্বং ন সম্ভবতি, তথা পুরুষস্যাপ্যবিকারিণো ভোক্তৃত্বং ন সম্ভবতি, তথাপি কর্ত্তৃত্বং নাম ক্রিয়ানির্ব্বর্ত্তকত্বং তচ্চাচেতনস্যাপি চেতনাদৃষ্টবশাৎ চৈতন্যাধিষ্ঠিতত্বাৎ সম্ভবতি, যথা বহ্নেরূর্দ্ধজ্বলনং বায়োস্তির্য্যগ্‌ গমনং বৎসাদৃষ্টবশাৎ গোস্তন্যপয়সঃ ক্ষরণমিত্যাদি। অতঃ পুরুষসন্নিধানাৎ প্রকৃতেঃ কর্ত্তৃত্বমুচ্যতে, ভোক্তৃত্বঞ্চ সুখদুঃখসংবেদনং, তচ্চ চেতনধর্ম্ম এবেতি প্রকৃতিসন্নিধানাৎ পুরুষস্য ভোক্তৃত্বমুচ্যতে ইতি ॥

২১। স্বামিটী।—তথাপ্যবিকারিণো জন্মরহিতস্য চ ভোক্তৃত্বং কথমিত্যত্রাহ—পুরুষ ইতি। হি যস্মাৎ প্রকৃতিস্থস্তৎকার্য্যে দেহে তাদাত্ম্যেন স্থিতঃ পুরুষঃ অতস্তজ্জনিতান্ সুখদুঃখাদীন্ ভুঙ্‌ক্তে। অস্য চ পুরুষস্য সতীষু দেবাদিযোনিষু অসতীষু তির্য্যগাদিযোনিষু যানি জন্মানি তেষু গুণসঙ্গো গুণৈঃ শুভাশুভকর্ম্মকারিভিরিন্দ্রিয়ৈঃ সঙ্গঃ কারণমিত্যর্থঃ ॥

২২। স্বামিটী। তদনেন প্রকারেণ প্রকৃত্যবিবেকাদেব

---

২০—২১। শরীর ও ইন্দ্রিয়গণের (কার্য্য ও কারণের) কর্ত্তৃত্ববিষয়ে প্রকৃতি এবং সুখদুঃখ ভোগবিষয়ে পুরুষই কারণ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে; পুরুষ দেহে অধিষ্ঠান করিয়া (প্রকৃতিস্থ হইয়াই তজ্জনিত সুখদুঃখ ভোগ করেন। গুণসঙ্গ

২৩। য এবং বেত্তি পুরুষং প্রকৃতিঞ্চ গুণৈঃ সহ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি ন স ভূয়োঽভিজায়তে॥

২৩। [ অন্বয়ঃ ] যঃ এবং পুরুষং গুণৈঃ সহ প্রকৃতিং চ বেত্তি, স সর্ব্বথা বর্ত্তমানঃ অপি ভূয়ঃ ন অভিজায়তে॥

পুরুষস্য সংসারো ন তু স্বরূপত ইত্যাশয়েন তস্য স্বরূপমাহ—উপদ্রষ্টেতি। অস্মিন্ প্রকৃতিকার্য্যে দেহে বর্ত্তমানোঽপি পুরুষঃ পরো ভিন্ন এব, ন তদ্গুণৈর্যুজ্যতে ইত্যর্থঃ, তত্র হেতবঃ—যস্মাদুপদ্রষ্টা পৃথগ্‌ভূত এব সমীপে স্থিত্বা দ্রষ্টা সাক্ষীত্যর্থঃ, তথা অনুমন্তা অনুমোদিতৈব সন্নিধিমাত্রেণানুগ্রাহকঃ "সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চে"ত্যাদিশ্রুতেঃ, তথা ঐশ্বরেণ রূপেণ ভর্ত্তা বিধায়কঃ ভোক্তা পালক ইতি চ, মহাংশ্চাসাবীশ্বরশ্চেতি স ব্রহ্মাদীনামপি পতিরিতি চ পরমাত্মা অন্তর্য্যামী চেত্যুক্তঃ শ্রুত্যা, তথাচ শ্রুতিঃ, —"এষ সর্ব্বেশ্বর এষ ভূতাধিপতিরেষ লোকপাল" ইত্যাদি॥

২৩। স্বামিটী।—এবংপ্রকৃতিপুরুষবিবেকজ্ঞানিনং স্তৌতি য এবমিতি এবমুপদ্রষ্টৃত্বাদিরূপেণ পুরুষং যো বেত্তি প্রকৃতিঞ্চ গুণৈঃ সুখদুঃখাদিপরিণামৈঃ সহিতাং যো বেত্তি স পুরুষঃ সর্ব্বথা বিধিমতিলঙ্ঘ্য বর্ত্তমানোঽপি পুনর্নাভিজায়তে মুচ্যতে এবেত্যর্থঃ॥

---

( অর্থাৎ ইন্দ্রিয়গণের সহিত তাঁহার সম্পর্কই ) সৎ ও অসৎ যোনিতে জন্মগ্রহণের একমাত্র কারণ॥

২২। তিনি এই দেহে বর্ত্তমান থাকিয়াও দেহ হইতে ভিন্ন; কারণ তিনি সাক্ষিস্বরূপ, অনুগ্রাহক, বিধানকর্ত্তা, প্রতিপালক মহেশ্বর ও অন্তর্যামী॥

২৩। যে ব্যক্তি এইরূপে পুরুষ ও সমগ্র গুণের সহিত প্রকৃতিকে অবগত হন তিনি শাস্ত্রসম্মত পথ অতিক্রম করিলেও মুক্তিলাভ করিয়া থাকেন।

২৪। ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।
অন্যে সাঙ্খ্যেন যোগেন কর্ম্মযোগেণ চাপরে॥
২৫। অন্যে ত্বেবমজানন্তঃ শ্রুত্বান্যেভ্য উপাসতে।
তেঽপি চাতিতরন্ত্যেব মৃত্যুং শ্রুতিপরায়ণাঃ॥

২৪। [অন্বয়ঃ] কেচিৎ ধ্যানেন আত্মনি (দেহে) আত্মনা (মনসা) আত্মানং পশ্যন্তি, অন্যে সাংখ্যেন যোগেন, অপরে চ কর্ম্মযোগেণ (আত্মানং পশ্যন্তি)॥

২৫। [অন্বয়ঃ] অন্যে তু এবম্ অজানন্তঃ অন্যেভ্যঃ (আচার্য্যেভ্যঃ) শ্রুত্বা (আত্মানং) উপাসতে, তে অপি শ্রুতিপরায়ণাঃ মৃত্যুম্ অতিতরন্তি এব॥

২৪। স্বামিটী।—এবম্ভূতবিবিক্তাত্মজ্ঞানসাধনবিকল্পানাহ—ধ্যানেনেতি দ্বাভ্যাম্। ধ্যানেনাত্মাকারপ্রত্যয়াবৃত্ত্যা আত্মনি দেহ এব আত্মনা মনসা এবমাত্মানং কেচিৎ পশ্যন্তি, অন্যে তু সাংখ্যেন প্রকৃতিপুরুষবৈলক্ষণ্যালোচনেন যোগেনাষ্টাঙ্গেন, অপরে চ কর্ম্মযোগেণ পশ্যন্তীতি সর্ব্বত্রানুসঙ্গঃ। এতেষাঞ্চ ধ্যানাদীনাং যথাযোগ্যং ক্রমসমুচ্চয়ে সত্যপি তত্ত্বনিষ্ঠাভেদাভিপ্রায়েণ বিকল্পোক্তিঃ॥

২৫। স্বামিটী।—অতিমন্দাধিকারিণাং নিস্তারোপায়মাহ—অন্যেত্বিতি। অন্যে তু সাংখ্যযোগাদিমার্গেণ এবমুপদ্রষ্টৃত্বাদিলক্ষণমাত্মানং সাক্ষাৎকর্ত্তুমজানন্তোঽন্যেভ্য আচার্য্যেভ্য উপদেশতঃ শ্রুত্বা উপাসতে ধ্যায়ন্তি, তেঽপি চ শ্রদ্ধয়া উপদেশশ্রবণপরায়ণাঃ সন্তো মৃত্যুং সংসারং শনৈরতিতরন্ত্যেব॥

---

২৪। কেহ কেহ মনের সাহায্যে ধ্যান দ্বারা দেহমধ্যে আত্মাকে সন্দর্শন করে; কেহ কেহ প্রকৃতি পুরুষের বৈলক্ষণ্যরূপ যোগ দ্বারা, কেহ বা কর্ম্মযোগ দ্বারা তাঁহাকে নিরীক্ষণ করিতে সমর্থ হয়॥

২৫। কেহ কেহ বা আত্মাকে বিদিত না হইয়া অন্যের নিকট উপদেশ বাক্য শ্রবণপূর্ব্বক তাঁহার উপাসনায় প্রবৃত্ত হয়, সে সমস্ত শ্রুতিপরায়ণ ব্যক্তিরাও মৃত্যুকে অতিক্রম করিয়া থাকে॥

২৬। যাবৎ সঞ্জায়তে কিঞ্চিৎ সত্ত্বং স্থাবরজঙ্গমম্।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাত্তদ্বিদ্ধি ভরতর্ষভ ॥

২৭। সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তং পরমেশ্বরম্।
বিনশ্যৎস্ববিনশ্যন্তং যঃ পশ্যতি স পশ্যতি ॥

২৬। [অন্বয়ঃ] হে ভরতর্ষভ! যাবৎ কিঞ্চিৎ স্থাবরজঙ্গমং সত্ত্বং সংজায়তে, তৎ (সত্ত্বজন্ম) ক্ষেত্রক্ষেত্রজ্ঞসংযোগাৎ বিদ্ধি ॥

২৭। [অন্বয়ঃ] সর্ব্বেষু ভূতেষু সমং তিষ্ঠন্তং বিনশ্যৎসু (অপি) অবিনশ্যন্তং পরমেশ্বরং যঃ পশ্যতি, সঃ পশ্যতি ॥

১১।১২। [অন্বয়ঃ] প্রলয়ান্তাম্ অপরিমেয়াং চিন্তাম্ উপাশ্রিত্য কামোপভোগপরমাঃ এতাবৎ ইতি নিশ্চিতাঃ আশাপাশশতৈঃ বদ্ধাঃ কামক্রোধপরায়ণাঃ কামভোগার্থম্ অন্যায়েন অর্থসঞ্চয়ান্ ঈহন্তে ॥

স্বীকৃত্য প্রবর্ত্তন্তে, অশুচিব্রতা অশুচীনি মদ্যমাংসাদিবিষয়াণি ব্রতানি যেষাং তে ॥

১১-১২। স্বামিটী —কিঞ্চ চিন্তামিতি। প্রলয়ো মরণমেবান্তো যস্যাস্তামপরিমেয়াং পরিমাতুমশক্যাং চিন্তামাশ্রিতাঃ, নিত্যচিন্তা-পরায়ণা ইত্যর্থঃ। কামোপভোগ এব পরমো যেষাং তে। এতাবদিতি কামোপভোগ এব পরমঃ পুরুষার্থো নান্যদস্তীতি কৃতনিশ্চয়া অর্থসঞ্চয়ানীহন্ত ইত্যুত্তরেণান্বয়ঃ, তথাচ বার্হস্পত্যসূত্রং—"কাম এবৈকঃ পুরুষার্থ ইতি" "চৈতন্যবিশিষ্টঃ কায়ঃ পুরুষ" ইতি চ॥ অতএব আশেতি। আশা এব পাশাস্তেষাং শতানি তৈর্ব্বদ্ধা ইতস্তত আকৃষ্যমাণাঃ, কামক্রোধপরায়ণাঃ কামক্রোধৌ পরময়নমাশ্রয়ো যেষাং তে, কামভোগার্থমন্যায়েন চৌর্য্যাদিনার্থানাং সঞ্চয়ান্ রাশীনীহন্তে ইচ্ছন্তি ॥

---

১০। তাহারা দম্ভ, অভিমান, মদ, অশুচি ব্রত, ও দুষ্পূরণীয় কামনা অবলম্বনপূর্ব্বক মোহবশতঃ অসৎ-প্রতিগ্রহ (এই মন্ত্রের দ্বারা এই দেবতাকে আরাধনা করিয়া প্রচুর ধনাদি প্রাপ্ত হইব, এবম্ভূত দুরাগ্রহ) করিয়া কার্য্যে প্রবৃত্ত হয়॥

১১।১২। তাহারা আমরণ অপরিমেয় চিন্তাকে আশ্রয় করিয়া কামোপভোগই পরম পুরুষার্থ বলিয়া নিশ্চয় করে। শত শত আশাপাশে বদ্ধ ও কাম ক্রোধের বশীভূত হইয়া কামভোগার্থ অন্যায় উপায় দ্বারা অর্থসঞ্চয়ের চেষ্টা করে॥

১৩। ইদমদ্য ময়া লব্ধমিদং প্রাপ্স্যে মনোরথম্।
ইদমস্তীদমপি মে ভবিষ্যতি পুনর্ধনম্॥
১৪। অসৌ ময়া হতঃ শত্রুর্হনিষ্যে চাপরানপি।
ঈশ্বরোঽহমহং ভোগী সিদ্ধোঽহং বলবান্ সুখী॥
১৫। আঢ্যোঽভিজনবানস্মি কোঽন্যোঽস্তি সদৃশো ময়া।
যক্ষ্যে দাস্যামি মোদিষ্য ইত্যজ্ঞানবিমোহিতাঃ॥
১৬। অনেকচিত্তবিভ্রান্তা মোহজালসমাবৃতাঃ।
প্রসক্তাঃ কামভোগেষু পতন্তি নরকেঽশুচৌ॥

১৩—১৬। [অন্বয়ঃ] অদ্য ময়া ইদং লব্ধম্, ইদং মনোরথং প্রাপ্স্যে, ইদম্ অস্তি, পুনঃ মে ইদম্ অপি ধনং ভবিষ্যতি, অসৌ শত্রুঃ ময়া হতঃ, অপরান্ (শত্রূন্) অপি হনিষ্যে, অহম্ ঈশ্বরঃ, অহং ভোগী, অহং সিদ্ধঃ, বলবান্, সুখী চ, (অহং) আঢ্যঃ অভিজনবান্ (কুলীনঃ) অস্মি, ময়া সদৃশঃ অন্যঃ কঃ অস্তি, (অহং) যক্ষ্যে (যাগেন অন্যান্ অভিভবিষ্যামি) দাস্যামি, মোদিষ্যে (হর্ষং প্রাপ্স্যামি) ইতি অজ্ঞানবিমোহিতাঃ, অনেকচিত্তবিভ্রান্তাঃ, মোহজালসমাবৃতাঃ কামভোগেষু প্রসক্তাঃ (সন্তঃ) অশুচৌ নরকে পতন্তি॥

১৩। স্বামিটী।—তেষাং মনোরথং কথয়ন্ নরকপ্রাপ্তিমাহ—ইদমদ্যেতি চতুর্ভিঃ। প্রাপ্স্যে প্রাপ্স্যামি, মনোরথং মনসঃ প্রিয়ম্। স্পষ্টমন্যৎ। এতেষাঞ্চ ত্রয়াণাং শ্লোকানামিত্যজ্ঞানবিমোহিতাঃ সন্তো নরকে পতন্তীতি চতুর্থেনান্বয়ঃ॥

১৪। স্বামিটী।—কিঞ্চ অসাবিতি। সিদ্ধঃ কৃতকৃত্যঃ। স্পষ্টমন্যৎ॥

১৫। স্বামিটী। কিঞ্চ আঢ্য ইতি। আঢ্যো ধনাদিসম্পন্নঃ, অভিজনবান্ কুলীনঃ, যক্ষ্যে যাগাদ্যনুষ্ঠানেনাপি দীক্ষিতান্তরেভ্যঃ সকাশান্মহতীং প্রতিষ্ঠাং প্রাপ্স্যামি, দাস্যামি স্তাবকেভ্যশ্চ, মোদিষ্যে

১৭। আত্মসম্ভাবিতাঃ স্তব্ধা ধনমানমদান্বিতাঃ।
যজন্তে নামযজ্ঞৈস্তে দম্ভেনাবিধিপূর্ব্বকম্ ॥

১৭। [ অন্বয়ঃ ] আত্মসম্ভাবিতাঃ স্তব্ধাঃ ( অনম্রাঃ ) ধনমানমদান্বিতাঃ (সন্তঃ) তে দম্ভেন নামযজ্ঞৈঃ অবিধিপূর্ব্বকং যজন্তে ॥

হর্ষং প্রাপ্স্যামি ইত্যেবমজ্ঞানেন বিমোহিতাঃ মিথ্যাভিনিবেশং প্রাপিতাঃ ॥

১৬। স্বামিটী।—এবম্ভূতা যৎ প্রাপ্নুবন্তি তচ্ছৃণু—অনেকেতি। অনেকেষু মনোরথেষু প্রবৃত্তং চিত্তম্ অনেকচিত্তং তেন বিভ্রান্তা বিক্ষিপ্তাঃ, তেনৈব মোহময়েন জালেন সমাবৃতা মৎস্যা ইব সূত্রময়েণ জালেন যন্ত্রিতাঃ, এবং কামভোগেন প্রসক্তা অভিনিবিষ্টাঃ সন্তঃ অশুচৌ কশ্মলে নরকে পতন্তি ॥

১৭। স্বামিটী।—যক্ষ্য ইতি চ। যস্তেষাং মনোরথ উক্তঃ, স কেবলং দম্ভাহঙ্কারাদিপ্রধান এব ন তু সাত্ত্বিক ইত্যভিপ্রায়েণাহ—আত্মেতি দ্বাভ্যাম্। আত্মনৈব সম্ভাবিতাঃ পূজ্যতাং নীতাঃ ন তু সাধুভিঃ কৈশ্চিৎ, অতএব স্তব্ধা অনম্রাঃ ধনেন যো মানো মদশ্চ তাভ্যাং সমন্বিতাঃ সন্তঃ নামমাত্রেণ যে যজ্ঞাস্তে নামযজ্ঞাঃ, যদ্বা 'দীক্ষিতঃ সোমযাজী'ত্যেবমাদিনা নামমাত্রপ্রসিদ্ধয়ে যে যজ্ঞাস্তৈ-র্যজন্তে। কথং? দম্ভেন ন তু শ্রদ্ধয়া অবিধিপূর্ব্বকঞ্চ যথা ভবতি তথা ॥

---

১৩—১৬। আজি আমার এই মনোরথ সিদ্ধ হইল ও এই অভিলাষ পরিপূর্ণ হইবে; আমার এই ধন আছে, পুনর্ব্বার এই অর্থ হইবে; আমি এই শত্রুকে বিনাশ করিয়াছি, অন্য শত্রুকেও বিনাশ করিব, আমি ঈশ্বর, আমি ভোগী, আমি সিদ্ধ, আমি বলবান্, আমি সুখী, আমি ধনবান্, আমি কুলীন, আমার সমান আর কে আছে? আমি যাগ করিব, দান করিব ও আমোদ করিব; জীব এই প্রকার অজ্ঞানে বিমোহিত, অনেক বিষয়ে প্রবৃত্তি বশতঃ মোহজালে আচ্ছন্ন এবং কামভোগে আসক্ত হইয়া অতি কুৎসিত নরকে নিপতিত হয় ॥

১৭। তাহারা আপনা আপনি সম্মানিত, অহঙ্কৃত ও ধনমানমদে প্রমত্ত হইয়া দম্ভসহকারে অবিধিপূর্ব্বক নামমাত্র যজ্ঞের অনুষ্ঠান করে ॥

১৮। অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধঞ্চ সংশ্রিতাঃ
মামাত্মপরদেহেষু প্রদ্বিষন্তোঽভ্যসূয়কাঃ ॥

১৯। তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু ॥

১৮। [অন্বয়ঃ] (এতে পূর্বোক্তাঃ) অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধং চ সংশ্রিতাঃ (সন্তঃ) আত্মপরদেহেষু মাং প্রদ্বিষন্তঃ অভ্যসূয়কাঃ (ভবন্তি) ॥

১৯। [অন্বয়ঃ] অহং (মাং) দ্বিষতঃ ক্রূরান্ নরাধমান অশুভান সংসারেষু আসুরীষু যোনিষু এব অজস্রং ক্ষিপামি ॥

১৮। স্বামিটী।—অবিধিপূর্ব্বকত্বমেব প্রপঞ্চয়তি—অহঙ্কারমিতি। অহঙ্কারাদীন্ সংশ্রিতাঃ সন্তঃ আত্মপরদেহেষু আত্মদেহে পরদেহেষু চ চিদংশেন স্থিতং মাং প্রদ্বিষন্তো যজন্তে, দম্ভযজ্ঞেষু শ্রদ্ধায়া অভাবাদাত্মনো বৃথৈব পীড়া ভবতি, তথা পশ্বাদানামপ্যবিধিনা হিংসায়াং চৈতন্যদ্রোহমাত্রমবশিষ্যত ইতি প্রদ্বিষন্ত ইত্যুক্তম্। অভ্যসূয়কাঃ সন্মার্গবর্ত্তিনাং গুণেষু দোষারোপকাঃ ॥

১৯। স্বামিটী—তেষাঞ্চ কদাচিদপ্যাসুরস্বভাবপ্রচ্যুতির্ন ভবতীত্যাহ—তানিতি দ্বাভ্যাম্। তানহং মাং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু জন্মমৃত্যুমার্গেষু তত্রাপ্যাসুরীষ্বেবাতিক্রূরাসু ব্যাঘ্রসর্পাদিযোনিষ্বজস্রমনবরতং ক্ষিপামি, তেষাং পাপকর্ম্মণাং তাদৃশং ফলং দদামীত্যর্থঃ ॥

---

১৮। তাহারা অহঙ্কার, বল, দর্প, কাম, ক্রোধ ও অসূয়া আশ্রয় করিয়া আপনার ও পরের দেহে আমাকে দ্বেষ করে ॥

১৯। আমি সেই সমস্ত দ্বেষপরবশ ক্রূরস্বভাব অশুভকারী নরাধমকে নিরন্তর সংসারে আসুরযোনিমধ্যে নিক্ষেপ করি ॥

২০। আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি।
মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিম্ ॥

২১। ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ।
কামঃ ক্রোধস্তথা লোভস্তস্মাদেতত্ত্রয়ং ত্যজেৎ ॥

২২। এতৈর্বিমুক্তঃ কৌন্তেয় তমোদ্বারৈস্ত্রিভির্নরঃ।
আচরত্যাত্মনঃ শ্রেয়স্ততো যাতি পরাং গতিম্ ॥

২০। [অন্বয়ঃ] হে কৌন্তেয়। মূঢা জন্মনি জন্মনি আসুরীং যোনিম্ আপন্নাঃ (প্রাপ্তাঃ) (সন্তঃ) মাম্ অপ্রাপ্য এব ততঃ অধমাং গতিং যান্তি ॥

২১। [অন্বয়ঃ] কামঃ ক্রোধঃ তথা লোভঃ ইদং ত্রিবিধং নরকস্য দ্বারম্, (অতএব) আত্মনঃ নাশনম্ এতৎ ত্রয়ং ত্যজেৎ ॥

২২। [অন্বয়ঃ] কৌন্তেয়। এতৈঃ ত্রিভিঃ তমোদ্বারৈঃ বিমুক্তঃ নরঃ আত্মনঃ শ্রেয়ঃ আচরতি, ততঃ পরাং গতিং যাতি ॥

২০। স্বামিটী।—কিঞ্চ আসুরীমিতি। তে চ মামপ্রাপ্যৈবেত্যেবকারেণে মৎপ্রাপ্তিশঙ্কাপি কুতস্তেষাং? মৎপ্রাপ্ত্যুপায়ং সন্মার্গমপ্রাপ্য ততোঽপ্যধমাং কৃমিকীটাদিযোনিং যান্তীত্যুক্তম্। শেষং স্পষ্টম্ ॥

২১। স্বামিটী।—উক্তানামাসুরদোষাণাং মধ্যে সকলদোষমূলভূতং দোষত্রয়ং সর্ব্বথা বর্জ্জনীয়মিত্যাহ—ত্রিবিধমিতি। কামঃ ক্রোধো লোভশ্চ ইতীদং ত্রিবিধং নরকস্য দ্বারম্, অতএবাত্মনো নাশনং নীচযোনিপ্রাপকং তস্মাদেতত্ত্রয়ং সর্ব্বাত্মনা ত্যজেৎ ॥

২২। স্বামিটী।—ত্যাগে বিশিষ্টং ফলমাহ—এতৈরিতি।

২০। হে কৌন্তেয়! তাহারা অসুরযোনি প্রাপ্ত হইয়া আমাকে লাভ করিতে পারে না, সুতরাং অধমগতি প্রাপ্ত হইয়া থাকে ॥

২১। কাম, ক্রোধ ও লোভ,—নরকের এই ত্রিবিধ দ্বার; অতএব আত্মনাশক এই তিনটী পরিত্যাগ করিবে ॥

২৩। যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামচারতঃ।
ন স সিদ্ধিমবাপ্নোতি ন সুখং ন পরাং গতিম্॥

২৪। তস্মাচ্ছাস্ত্রং প্রমাণন্তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি॥

ইতি শ্রী.. দৈবাসুরসম্পদ্বিভাগযোগো নাম ষোড়শোঽধ্যায়ঃ। ১৬॥

২৩। [অন্বয়ঃ] যঃ শাস্ত্রবিধিম্ উৎসৃজ্য কামচারতঃ (কামপ্রযুক্তঃ সন্) বর্ত্ততে, স সিদ্ধিং ন প্রাপ্নোতি, ন সুখং ন চ পরাং গতিং (প্রাপ্নোতি)॥

২৪। [অন্বয়ঃ] তস্মাৎ কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ শাস্ত্রং তে (তব) প্রমাণম্, ইহ শাস্ত্রবিধানোক্তং জ্ঞাত্বা কর্ম্ম কর্ত্তুম্ অর্হসি॥

তমসো নরকস্য দ্বারভূতৈরেতৈস্ত্রিভিঃ কামাদিভির্বিমুক্তো নর আত্মনঃ শ্রেয়ঃসাধনং তপোযোগাদিকমাচরতি ততশ্চ মোক্ষং প্রাপ্নোতি॥

২৩। স্বামিটী—কামাদিত্যাগশ্চ স্বধর্ম্মাচরণং বিনা ন সম্ভবতীত্যাহ—য ইতি। শাস্ত্রবিধিং বেদবিহিতং ধর্ম্মমুৎসৃজ্য যঃ কামচারতো যথেষ্টং বর্ত্ততে স সিদ্ধিং তত্ত্বজ্ঞানং ন প্রাপ্নোতি ন চ সুখমুপশমং ন চ পরাং গতিং মোক্ষং প্রাপ্নোতি॥

২৪। স্বামিটী।—ফলিতমাহ—তস্মাদিতি। ইদং কার্য্যমিদ-

২২। হে কৌন্তেয়! যে ব্যক্তি নরকের এই ত্রিবিধ দ্বার হইতে মুক্ত হইয়াছেন, তিনি আপনার কল্যাণ বিধান করেন এবং তৎপরে পরম গতি প্রাপ্ত হন॥

২৩। যে ব্যক্তি শাস্ত্রবিধি পরিত্যাগ করিয়া স্বেচ্ছাচারে প্রবৃত্ত হয় (অর্থাৎ স্বাধচ্ছন্দভাবে উপাসনাদি করে) সে সিদ্ধি প্রাপ্ত হয় না, এবং সুখ অথবা পরমগতিও লাভ করিতে পারে না।

মকার্য্যঞ্চেত্যস্যাং ব্যবস্থায়াং তে তব শাস্ত্রং শ্রুতিস্মৃতিপুরাণাদিকমেব প্রমাণম্। অতঃ শাস্ত্রবিধিনোক্তং কর্ম্ম জ্ঞাত্বা ইহ * কর্ম্মাধিকারে বর্ত্তমানঃ যথাধিকারং কর্ম্ম কর্ত্তুমর্হসি তন্মূলত্বাৎ সত্ত্বশুদ্ধিসম্যগ্‌জ্ঞানমুক্তীনামিত্যর্থঃ॥

দেবদৈতেয়সম্পত্তিসংবিভাগেন ষোড়শে।
তত্ত্বজ্ঞানেঽধিকারস্তু সাত্ত্বিকস্যেতি দর্শিতম্॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতায়াং স্বামিকৃতটীকায়াং ষোড়শোঽধ্যায়ঃ॥ ১৬

২৪। অতএব কার্য্যাকার্য্যব্যবস্থাবিষয়ে শাস্ত্রই তোমার প্রমাণ, তুমি শাস্ত্রোক্ত কর্ম্ম অবগত হইয়া তাহার অনুষ্ঠান কর॥

ষোড়শ অধ্যায় সমাপ্ত॥ ১৬

* ইহেতি কর্ম্মাধিকারভূমিপ্রদর্শনার্থমিতি শাঙ্করভাষ্যম্। কর্ম্মাধিকার ভূমির্ভারতবর্ষম্ ইত্যর্থঃ।

# সপ্তদশোঽধ্যায়ঃ।

## অর্জ্জুন উবাচ—

১। যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেষাং নিষ্ঠা তু কা কৃষ্ণ সত্ত্বমাহো রজস্তমঃ॥

১। [ অন্বয়ঃ ] অর্জ্জুন উবাচ,—হে কৃষ্ণ! যে তু শাস্ত্রবিধিম্ উৎসৃজ্য শ্রদ্ধয়া অন্বিতাঃ যজন্তে, তেষাং নিষ্ঠা কা? সত্ত্বং রজঃ আহো তমঃ॥

১। স্বামিটী।—"উক্তাধিকারহেতূনাং শ্রদ্ধা মুখ্যা চ সাত্ত্বিকা ইতি সপ্তদশে গৌণশ্রদ্ধাভেদস্ত্রিধোচ্যতে॥" পূর্ব্বাধ্যায়ান্তে 'যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামচারতঃ। ন স সিদ্ধিমবাপ্নোতী''ত্যনেন শাস্ত্রোক্তবিধিমুৎসৃজ্য কামচারেণ বর্ত্তমানস্য জ্ঞানেঽধিকারো নাস্তী-ত্যুক্তম্ তত্র শাস্ত্রবিধিমুৎসৃজ্য কামচারং বিনা শ্রদ্ধয়া বর্ত্তমানানাং কিমধিকারোঽস্তি নাস্তি বেতি বুভুৎসয়া অর্জ্জুন উবাচ—য ইতি। অত্র চ শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্ত ইত্যনেন শাস্ত্রার্থং বুদ্ধা তমুল্লঙ্ঘ্য বর্ত্তমানাশ্চ গৃহ্যন্তে, তেষাং শ্রদ্ধয়া যজনানুপপত্তেঃ। আস্তিক্যবুদ্ধির্হি শ্রদ্ধা, ন চাসৌ শাস্ত্রবিরুদ্ধেঽর্থে শাস্ত্রজ্ঞানবতাং সম্ভবতি, তমেবাধি-কৃত্য 'ত্রিবিধা ভবতি শ্রদ্ধা' 'যজন্তে সাত্ত্বিকা দেবা' নিত্যাদ্যুত্তরানু-পপত্তেশ্চ। অতো নাত্র শাস্ত্রোল্লঙ্ঘিনো গৃহ্যন্তে, অপি তু ক্লেশবুদ্ধ্যা বা আলস্যাদ্ধর্ম্মশাস্ত্রার্থজ্ঞানে প্রযত্নমকৃত্বা কেবলমাচারপরম্পরাবশেন শ্রদ্ধয়া ক্বচিদ্দেবতারাধনাদৌ প্রবর্ত্তমানা গৃহ্যন্তে, অতোঽয়মর্থঃ—যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য দুঃখবুদ্ধ্যা আলস্যাদ্বা অনাদৃত্য কেবলমাচারপ্রামা-ণ্যেন শ্রদ্ধয়ান্বিতাঃ সন্তো যজন্তে, তেষাস্তু কা নিষ্ঠা কা স্থিতিঃ ক আশ্রয়ঃ। তামেব বিশেষেণ পৃচ্ছতি,—কিং সত্ত্বম্, আহো কিং রজঃ, অথবা তম ইতি; তেষাং যাদৃশী দেবপূজাদিপ্রবৃত্তিঃ কিং সত্ত্বসংশ্রিতা রজঃসংশ্রিতা তমঃসংশ্রিতা বেত্যর্থঃ, শ্রদ্ধায়াঃ সাত্ত্বিকত্বাৎ ক্লেশবুদ্ধ্যা আলস্যেন চ শাস্ত্রানাদরস্য রাজসতামসত্বাত্রিধা সন্দেহঃ। যদি

শ্রীভগবানুবাচ—

২। ত্রিবিধা ভবতি শ্রদ্ধা দেহিনাং সা স্বভাবজা।
সাত্ত্বিকী রাজসী চৈব তামসী চেতি তাং শৃণু ॥

৩। সত্ত্বানুরূপা সর্ব্বস্য শ্রদ্ধা ভবতি ভারত।
শ্রদ্ধাময়োঽয়ং পুরুষো যো যচ্ছ্রদ্ধঃ স এব সঃ ॥

২। [ অন্বয়ঃ ] শ্রীভগবান্ উবাচ,—দেহিনাং সাত্ত্বিকী রাজসী তামসী চ ইতি ত্রিবিধা এব শ্রদ্ধা ভবতি, সা স্বভাবজা , তাং শৃণু ॥

৩। [ অন্বয়ঃ ] হে ভারত। সর্ব্বস্য শ্রদ্ধা সত্ত্বানুরূপা ( বিশিষ্টসংস্কারযুক্তান্তঃ-করণানুরূপা ) ভবতি, অয়ং পুরুষঃ শ্রদ্ধাময়ঃ যঃ যচ্ছ্রদ্ধঃ সঃ স এব ॥

সত্ত্বসংশ্রিতা তর্হি তেষামপি সাত্ত্বিকত্বাদ্ যথোক্তাত্মজ্ঞানেঽধিকারঃ স্যাদন্যথা নেতি প্রশ্নতাৎপর্য্যার্থঃ ॥

২। স্বামিটী।—অত্রোত্তরং শ্রীভগবানুবাচ—ত্রিবিধেতি। অয়মর্থঃ—শাস্ত্রতত্ত্বজ্ঞানতঃ প্রবর্ত্তমানানাং পরমেশ্বরপূজাবিষয়া সাত্ত্বিকী একবিধৈব ভবতি শ্রদ্ধা। লোকাচারমাত্রেণ তু প্রবর্ত্তমানানাং দেহিনাং যা শ্রদ্ধা সা তু সাত্ত্বিকী রাজসী তামসী চেতি ত্রিবিধা ভবতি। অত্র হেতুঃ—স্বভাবজা স্বভাবঃ পূর্ব্বকর্ম্মসংস্কারস্তস্মাজ্জাতা স্বভাবজা স্বভাবমন্যথা কর্ত্তুং সমর্থং হি শাস্ত্রোক্তং বিবেকজ্ঞানং, তত্তু তেষাং নাস্তি, অতঃ কেবলং পূর্ব্বস্বভাবেনৈব ভবতীতি শ্রদ্ধা ত্রিবিধা ভবতি। তামিমাং ত্রিবিধাং শ্রদ্ধাং শৃণ্বিতি। তদুক্তং—'ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দনে'ত্যাদিনা ॥

৩। স্বামিটী।—ননু চ শ্রদ্ধা সাত্ত্বিক্যেব সত্ত্বকার্য্যত্বেন, ত্রৈব

---

১। অর্জ্জুন কহিলেন—হে কৃষ্ণ! যাহারা শাস্ত্রবিধি পরিত্যাগ করিয়া শ্রদ্ধা সহকারে যজ্ঞানুষ্ঠান করে, তাহাদের শ্রদ্ধা কীদৃশী? সাত্ত্বিক, রাজসিক অথবা তামসিক?

২। শ্রীভগবান্ কহিলেন—হে অর্জ্জুন! দেহিগণের স্বাভাবিক শ্রদ্ধা তিন প্রকার—সাত্ত্বিক, রাজসিক ও তামসিক ; তাহা শ্রবণ কর ॥

৪। যজন্তে সাত্ত্বিকা দেবান্ যক্ষরক্ষাংসি রাজসাঃ।
প্রেতান্ ভূতগণাংশ্চান্যে যজন্তে তামসা জনাঃ॥

৪। [ অন্বয়ঃ ] সাত্ত্বিকাঃ দেবান্ যজন্তে, রাজসাঃ যক্ষরক্ষাংসি, অন্যে তামসা জনাঃ প্রেতান্ ভূতগণান্ চ যজন্তে ( অর্চ্চয়ন্তি )॥

শ্রীভাগবতে উদ্ধবং প্রতি নির্দ্দিষ্টত্বাৎ, যথোক্তং—"শমো দমস্তিতিক্ষেজ্যা তপঃ সত্যং দয়া স্মৃতিঃ। তুষ্টিস্ত্যাগোঽস্পৃহা শ্রদ্ধা হ্রীর্দয়া নিবৃ ত্তির্ধৃ তিঃ। ইত্যেতাঃ সত্ত্বস্য বৃত্তয়' ইতি। অতঃ কথং তস্যাস্ত্রৈবিধ্যমুচ্যতে? সত্যং,তথাপি রজস্তমোযুক্তপুরুষাশ্রয়ত্বেন রজস্তমোমিশ্রিতত্বেন সত্ত্বস্য ত্রৈবিধ্যাৎ শ্রদ্ধায়া অপি ত্রৈবিধ্যং ঘটত ইত্যাহ—সত্ত্বেতি। সত্ত্বানুরূপা সত্ত্বতারতম্যানুসারিণী সর্ব্বস্য বিবেকিনোঽবিবেকিনো বা লোকস্য শ্রদ্ধা ভবতি, তস্মাদয়ং পুরুষো লৌকিকঃ শ্রদ্ধাময়ঃ শ্রদ্ধাবিকারঃ, ত্রিবিধয়া শ্রদ্ধয়া বিক্রিয়ত ইত্যর্থঃ। তদেবাহ—'যো যচ্ছ্রদ্ধঃ' যাদৃশী শ্রদ্ধা যস্য 'স এব সঃ' তাদৃশ্যা শ্রদ্ধয়া যুক্তঃ এব স ইতি। যঃ পূর্ব্বং সত্ত্বোৎকর্ষেণ সাত্ত্বিকশ্রদ্ধয়া যুক্তঃ পুরুষঃ স পুনস্তাদৃশসত্ত্বসংস্কারেণ সাত্ত্বিকশ্রদ্ধয়া যুক্ত এব ভবতি, যস্তু রজস উৎকর্ষেণ রাজস-শ্রদ্ধাযুক্তঃ স পুনস্তাদৃশ এব ভবতি, যস্তু তমস উৎকর্ষেণ তামসশ্রদ্ধয়া যুক্তঃ স পুনস্তাদৃশ এব ভবতীতি লোকাচারমাত্রেণ প্রবর্ত্তমানেষ্বেবং সাত্ত্বিকরাজসতামসশ্রদ্ধাব্যবস্থা, শাস্ত্রজনিতাবেকজ্ঞানযুক্তানাস্তু স্বভাববিজয়েন সাত্ত্বিকী একৈব শ্রদ্ধেতি প্রকরণার্থঃ॥

৪ স্বামিটী।—সাত্ত্বিকাদিভেদমেব কার্য্যভেদেন প্রপঞ্চয়তি—যজন্ত ইতি। সাত্ত্বিকা জনাঃ সত্ত্বপ্রকৃতীন্ দেবানেব যজন্তে। পূজয়ন্তি, রাজসাস্তু রজঃপ্রকৃতীন্ যক্ষান্ রাক্ষসাংশ্চ যজন্তে

৩। হে ভারত! সকলের শ্রদ্ধাই সত্ত্বগুণের তারতম্যানুসারে ( অন্তঃকরণের অনুরূপ হইয়া থাকে। লৌকিক পুরুষ শ্রদ্ধাময়; পূর্ব্ব জন্মে যিনি যেরূপ শ্রদ্ধাবান্ ছিলেন, ইহ জন্মেও সেইরূপ শ্রদ্ধাবান্ই হইবেন॥

৫। অশাস্ত্রবিহিতং ঘোরং তপ্যন্তে যে তপো জনাঃ।
দম্ভাহঙ্কারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ।

৬। কর্শয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ।
মাঞ্চৈবান্তঃশরীরস্থং তান্ বিদ্ধ্যাসুরনিশ্চয়ান্॥

৫—৬। [অন্বয়ঃ] দম্ভাহঙ্কারসংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ যে অচেতসঃ জনাঃ শরীরস্থং ভূতগ্রামম্ অন্তঃশরীরস্থং মাং চ কর্শযন্তঃ অশাস্ত্রবিহিতং ঘোরং তপঃ তপ্যন্তে তান্ আসুরনিশ্চয়ান্ বিদ্ধি॥

এতেভ্যোঽন্যে বিলক্ষণাস্তামসা জনাস্তামসানেব প্রেতান্ ভূতগণাংশ্চ যজন্তে। সত্ত্বাদিপ্রকৃতীনাং তত্তদ্দেবাদীনাং তু পূজা—রুচিভিস্তত্তৎপূজকানাং সাত্ত্বিকত্বাদি জ্ঞাতব্যমিত্যর্থঃ॥

৫। স্বামিটী।—রাজস-তামসেষ্বপি পুনর্ব্বিশেষান্তরমাহ অশাস্ত্রবিহিতমিতি দ্বাভ্যাম্। শাস্ত্রবিধিমজানন্তোঽপি কেচিৎ প্রাচীনপুণ্যসংস্কারেণোত্তমাঃ সাত্ত্বিকা এব ভবন্তি, কেচিন্মধ্যমা রাজসা ভবন্তি অধমাস্তু তামসা ভবন্তি, যে পুনরত্যন্তং মন্দভাগ্যাস্তে গতানুগত্যা পাষণ্ডসঙ্গেন চ তদাচারানুবর্ত্তিনঃ সন্তোঽশাস্ত্রবিহিতং ঘোরং ভয়ঙ্করং তপস্তপ্যন্তে কুর্ব্বন্তি। তত্র হেতবঃ, দম্ভাহঙ্কারাভ্যাং সংযুক্তাঃ, তথা কামোঽভিলাষঃ, রাগ আসক্তিঃ, বলমাগ্রহঃ, এতৈরন্বিতাঃ সন্তঃ তানাসুরনিশ্চয়ান বিদ্ধীত্যুত্তরেণান্বয়ঃ॥

৬। স্বামিটী।—কিঞ্চ কর্শয়ন্ত ইতি। শরীরস্থম্ প্রারম্ভকত্বেন দেহে স্থিতং ভূতানাং পৃথিব্যাদীনাং গ্রামং সমূহং কর্শয়ন্তো বৃথৈবোপবাসাদিভিঃ কৃশং কুর্ব্বন্তোঽচেতসোঽবিবেকিনঃ মাঞ্চ অন্তর্যামিতয়া অন্তঃশরীরস্থং দেহমধ্যে স্থিতং মদাজ্ঞালঙ্ঘনেনৈব কর্শয়ন্তঃ সন্ত এব

৪। সাত্ত্বিক লোক দেবগণের, রাজসিকেরা যক্ষ ও রাক্ষসগণের এবং তামসিকগণ ভূত ও প্রেতগণের পূজা করিয়া থাকে॥

৭। আহারস্ত্বপি সর্ব্বস্য ত্রিবিধো ভবতি প্রিয়ঃ।
যজ্ঞস্তপস্তথা দানং তেষাং ভেদমিমং শৃণু॥

৮। আয়ুঃসত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ।
রস্যাঃ স্নিগ্ধাঃ স্থিরা হৃদ্যা আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ॥

৭। [অন্বয়ঃ] সর্ব্বস্য অপি (সঃ) আহারঃ (সঃ) তু ত্রিবিধঃ প্রিয়ঃ ভবতি, তথা যজ্ঞঃ তপঃ দানং চ, তেষাম্ ইমং ভেদং শৃণু॥

৮। [অন্বয়ঃ] আয়ুঃসত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ রস্যাঃ স্নিগ্ধাঃ স্থিরাঃ হৃদ্যাঃ আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ।

যে তপশ্চরন্তি তানাসুরনিশ্চয়ান্ আসুরোঽতিক্রূরো নিশ্চয়ো যেষাং তান্ বিদ্ধি॥

৭। স্বামিটী।—আহারাদিভেদাদপি সাত্ত্বিকাদিভেদং দর্শয়িতুমাহ—আহারস্ত্বিত্যাদিত্রয়োদশভিঃ। সর্ব্বস্যাপি জনস্য য আহারোঽন্নাদিঃ স তু যথাযথং ত্রিবিধঃ প্রিয়ো ভবতি, যথা যজ্ঞতপোদানানি ত্রিবিধানি ভবন্তি, তেষাং চ বক্ষ্যমাণং ভেদমিমং শৃণু। এতচ্চ রাজস-তামসাহারযজ্ঞাদিপরিত্যাগেন সাত্ত্বিকাহারযজ্ঞাদিসেবয়া সত্ত্ববৃদ্ধৌ যত্নঃ কর্ত্তব্য ইত্যেতদর্থং কথ্যতে॥

৮। স্বামিটী।—তত্রাহারত্রৈবিধ্যমাহ আয়ুরিতি ত্রিভিঃ। আয়ুর্জীবনং, সত্ত্বমুৎসাহঃ, বলং শক্তিঃ, আরোগ্যং রোগরাহিত্যং, সুখং চিত্তপ্রসাদঃ, প্রীতিরভিরুচিঃ। আয়ুরাদীনাং বিবর্দ্ধনাঃ বিশেষেণ বর্দ্ধকবাঃ তে চ রস্যা রসবন্তঃ স্নিগ্ধাঃ স্নেহযুক্তাঃ, স্থিরা

৫।৬। যে সকল হীনচেতা ব্যক্তি দাম্ভিক অহঙ্কারী ও কামানুরাগী বলসম্পন্ন হইয়া শরীরস্থ ভূতগণকে এবং অন্তরস্থ আমাকে কর্ষিত করিয়া অশাস্ত্রবিহিত ঘোরতর তপস্যা করে, তাহাদিগকে আসুর-স্বভাবযুক্ত বলিয়া জানিবে॥

৭। সকলের প্রীতিকর আহারও যেমন তিন প্রকার; সেইরূপ যজ্ঞ তপ এবং দানও তিন প্রকার: তাহাদের এই ভেদ শ্রবণ কর॥

৯। কট্বম্ললবণাত্যুষ্ণতীক্ষ্ণরূক্ষবিদাহিনঃ।
আহারা রাজসস্যেষ্টা দুঃখশোকাময়প্রদাঃ॥
১০। যাতযামং গতরসং পূতি পর্য্যুষিতঞ্চ যৎ।
উচ্ছিষ্টমপি চামেধ্যং ভোজনং তামসপ্রিয়ম্॥

৯—১০। [অন্বয়ঃ] কট্বম্ললবণাত্যুষ্ণতীক্ষ্ণরূক্ষবিদাহিনঃ দুঃখশোকাময়প্রদাঃ আহারাঃ রাজসস্য ইষ্টাঃ। যাতযামং গতরসং পূতি পর্য্যুষিতম্ উচ্ছিষ্টম্ অমেধ্যং চ যৎ ভোজনং (ভোজ্যং) (তৎ) তামসপ্রিয়ম্॥

দেহে সারাংশেন চিরকালাবস্থায়িনঃ, হৃদ্যাঃ দৃষ্টমাত্রা এব হৃদয়ঙ্গমাঃ এবম্ভূতা আহারা ভক্ষ্যভোজ্যাদয়ঃ, সাত্ত্বিকপ্রিয়াঃ॥

৯। স্বামিটী।—তথা কট্বিতি। অতিশব্দঃ কট্বাদিষু সপ্তস্বপি সম্বধ্যতে, তেন অতিকটুর্নিম্বাদিঃ অত্যম্লোঽতিলবণোঽত্যুষ্ণশ্চ প্রসিদ্ধঃ, অতিতীক্ষ্ণো মরিচ্যাদিঃ, অতিরূক্ষঃ কঙ্গু-কোদ্রবাদিঃ, অতিবিদাহী সর্ষপাদিঃ, অতিকট্বাদয় আহারা রাজসস্যেষ্টাঃ প্রিয়াঃ, দুঃখং তাৎকালিকং হৃদয়সন্তাপাদিঃ, শোকঃ পশ্চাদ্ভাবি দৌর্ম্মনস্যম্, আময়ো রোগঃ, এতান্ প্রদদতি প্রযচ্ছন্তীতি তথা॥

১০। স্বামিটী।—তথা যাতযামমিতি। যাতো যামঃ প্রহরো যস্য পক্বস্য ওদনাদেঃ তদ্ যাতযামং শৈত্যাবস্থাং প্রাপ্তমিত্যর্থঃ,গতরসং নিষ্পীড়িতসারং পূতি দুর্গন্ধং পর্য্যুষিতং দিনান্তরপক্বম্ উচ্ছিষ্টম্ অন্যভুক্তাবশিষ্টম্, অমেধ্যম্ অভক্ষ্যং কলঞ্জাদি এবম্ভূতং ভোজনং ভোজ্যং তামসস্য প্রিয়ম্॥

---

৮। আয়ু, উৎসাহ, বল, আরোগ্য, সুখ ও রুচিবর্দ্ধন, রস ও স্নেহযুক্ত, দীর্ঘকালস্থায়ী, মনোহর আহার সাত্ত্বিকদিগের প্রীতিকর॥

৯। অতি কটু, অতি অম্ল, অতি লবণ-যুক্ত, অতি উষ্ণ, অতি তীক্ষ্ণ, অতি রূক্ষ, অতি দাহকর এবং দুঃখ, শোক ও রোগপ্রদ আহার রাজসগণের অভিলষিত।

১০। বহুক্ষণপূর্ব্বের পক্ব (অর্থাৎ শীতল) গতরস, দুর্গন্ধ, পর্য্যুষিত (বাসি), উচ্ছিষ্ট ও অপবিত্র ভোজ্য তামসদিগের প্রীতিকর॥

১১। অফলাকাঙ্ক্ষিভির্যজ্ঞো বিধিদিষ্টো য ইজ্যতে।
যষ্টব্যমেবেতি মনঃ সমাধায় স সাত্ত্বিকঃ॥

১২। অভিসন্ধায় তু ফলং দম্ভার্থমপি চৈব যৎ।
ইজ্যতে ভরতশ্রেষ্ঠ তং যজ্ঞং বিদ্ধি রাজসম্॥

১৩। বিধিহীনমসৃষ্টান্নং মন্ত্রহীনমদক্ষিণম্।
শ্রদ্ধাবিরহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে॥

১১। [অন্বয়ঃ] অফলাকাঙ্ক্ষিভিঃ (পুরুষৈঃ) যষ্টব্যম্ (যজ্ঞানুষ্ঠানমেব কার্য্যং নান্যৎ ফলং সাধনীয়ম্) ইতি মনঃ সমাধায় বিধিদিষ্টঃ (বিধিনা বিহিতঃ) যঃ যজ্ঞঃ ইজ্যতে (অনুষ্ঠীযতে) সঃ সাত্ত্বিকঃ (যজ্ঞঃ)॥

১২। [অন্বয়ঃ] ফলম্ অভিসন্ধায় তু দম্ভার্থম্ এব চ যৎ ইজ্যতে, হে ভরতশ্রেষ্ঠ! তং যজ্ঞং রাজসং বিদ্ধি॥

১৩। [অন্বয়ঃ] বিধিহীনম্ অসৃষ্টান্নং মন্ত্রহীনম্ অদক্ষিণং শ্রদ্ধাবিরহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে॥

১১। স্বামিটী।—যজ্ঞোঽপি ত্রিবিধস্তত্র সাত্ত্বিকং যজ্ঞমাহ—অফলাকাঙ্ক্ষিভিরিতি ত্রিভিঃ। ফলাকাঙ্ক্ষারহিতৈঃ পুরুষৈর্বিধিনা দৃষ্ট আবশ্যকতয়া বিহিতো যো যজ্ঞ ইজ্যতে অনুষ্ঠীয়তে স সাত্ত্বিকো যজ্ঞঃ। কথমিজ্যতে? যষ্টব্যমেবেতি যজ্ঞানুষ্ঠানমেব কার্য্যং নান্যৎ ফলং সাধনীয়মিত্যেবং মনঃ সমাধায়ৈকাগ্রং কৃত্বেত্যর্থঃ॥

১২। স্বামিটী।—রাজসং যজ্ঞমাহ—অভিসন্ধায়েতি। ফলমভিসন্ধায উদ্দিশ্য যত্তু ইজ্যতে যজ্ঞঃ ক্রিয়তে দম্ভার্থঞ্চ স্বমহত্ত্বখ্যাপনায় তং যজ্ঞং রাজসং বিদ্ধি॥

১১। ফলাকাঙ্ক্ষাশূন্য ব্যক্তিরা একাগ্রমনে কেবল কর্ত্তব্যজ্ঞানে যে অবশ্য-কর্ত্তব্য যজ্ঞের অনুষ্ঠান করেন, তাহাই সাত্ত্বিক॥

১২। ফললাভ বা স্বীয় প্রতিপত্তি প্রকাশের নিমিত্ত যে যজ্ঞ অনুষ্ঠিত হয়, তাহাই রাজসিক॥

১৪। দেবদ্বিজগুরুপ্রাজ্ঞপূজনং শৌচমার্জ্জবম্‌।
ব্রহ্মচর্য্যমহিংসা চ শারীরং তপ উচ্যতে॥
১৫। অনুদ্বেগকরং বাক্যং সত্যং প্রিয়হিতঞ্চ যৎ।
স্বাধ্যায়াভ্যসনঞ্চৈব বাঙ্‌ময়ং তপ উচ্যতে॥

১৪। [অন্বয়ঃ] দেবদ্বিজগুরুপ্রাজ্ঞপূজনং শৌচম্‌ আর্জ্জবং ( সরলতা ) ব্রহ্মচর্য্যম্‌ অহিংসা চ শারীরং তপ উচ্যতে॥

১৫। [ অন্বয়ঃ ] অনুদ্বেগকরং সত্যং প্রিয়হিতং চ যৎ বাক্যং স্বাধ্যায়াভ্যসনং ( বেদাভ্যাসঃ ) চ এব বাঙ্‌ময়ং তপ উচ্যতে॥

১৩। স্বামিটী।—তামসং যজ্ঞমাহ—বিধীতি। বিধিহীনং শাস্ত্রোক্তবিধিশূন্যম্‌ অসৃষ্টান্নং ব্রাহ্মণাদিভ্যো ন সৃষ্টং ন নিষ্পাদিতমন্নং যস্মিংস্তং মন্ত্রৈর্হীনং যথোক্তদক্ষিণারহিতং শ্রদ্ধাশূন্যঞ্চ যজ্ঞং তামসং পরিচক্ষতে কথয়ন্তি শিষ্টাঃ॥

১৪। স্বামিটী। তপসঃ সাত্ত্বিকাদিভেদং দর্শয়িতুং প্রথমং তাবচ্ছরীরাদিভেদেন তস্য ত্রৈবিধ্যমাহ—দেবেত্যাদিভিঃ ত্রিভিঃ। তত্র শারীরমাহ—দেবেতি। প্রাজ্ঞা গুরুব্যতিরিক্তা অন্যেঽপি তত্ত্ববিদঃ, দেবব্রাহ্মণাদিপূজনং শৌচাদিকঞ্চ শারীরং শরীরনির্ব্বর্ত্ত্যং তপ উচ্যতে॥

১৫। স্বামিটী।—বাচিকং তপ আহ—অনুদ্বেগকরমিতি। উদ্বেগং ভয়ং ন করোতীত্যনুদ্বেগকরং বাক্যং সত্যং শ্রোতুঃ প্রিয়ং হিতঞ্চ পরিণামে সুখকরং স্বাধ্যায়াভ্যাসশ্চ বেদাভ্যসনং বাঙ্‌ময়ং বাচা নির্ব্বর্ত্ত্যং তপঃ॥

---

১৩। বিধিহীন, অন্নদান-বিবর্জ্জিত মন্ত্র, দক্ষিণা ও শ্রদ্ধাশূন্য যজ্ঞ, তামসিক বলিয়া কীর্ত্তিত হয়॥

১৪। দেব, দ্বিজ, গুরু ও প্রাজ্ঞ ব্যক্তির পূজা, শুচিতা, ব্রহ্মচর্য্য ও অহিংসা শারীরিক তপ বলিয়া উক্ত হয়॥

১৬। মনঃপ্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতত্তপো মানসমুচ্যতে॥
১৭। শ্রদ্ধয়া পরয়া তপ্তং তপস্তৎ ত্রিবিধং নরৈঃ।
অফলাকাঙ্ক্ষিভির্যুক্তৈঃ সাত্ত্বিকং পরিচক্ষতে॥
১৮। সৎকারমানপূজার্থং তপো দম্ভেন চৈব যৎ।
ক্রিয়তে তদিহ প্রোক্তং রাজসং চলমধ্রুবম্॥

১৬। [অন্বয়ঃ] মনঃপ্রসাদঃ সৌম্যত্বং (অক্রূরতা) মৌনম্ আত্মবিনিগ্রহঃ (মনঃসংযমঃ) ভাবসংশুদ্ধিঃ ইতি এতৎ মানসং তপ উচ্যতে॥

১৭। [অন্বয়ঃ] অফলাকাঙ্ক্ষিভিঃ যুক্তৈঃ নরৈঃ পরয়া শ্রদ্ধয়া তপ্তং (অনুষ্ঠিতং) তৎ (পূর্ব্বোক্তং) ত্রিবিধং তপঃ সাত্ত্বিকং পরিচক্ষতে॥

১৮। [অন্বয়ঃ] সৎকারমানপূজার্থং দম্ভেন চ এব যৎ তপঃ ক্রিয়তে, ইহ চলম্ অধ্রুবং তৎ তপঃ রাজসং প্রোক্তম্॥

১৬ স্বামিটী।—মানসং তপ আহ—মন ইতি। মনসঃ প্রসাদঃ স্বস্থতা সৌম্যত্বমক্রূরতা, মৌনং মুনের্ভাবো মননমিত্যর্থঃ, আত্মনো মনসো বিনিগ্রহো বিষয়েভ্যঃ প্রত্যাহারঃ, ভাবসংশুদ্ধিঃ ব্যবহারে মায়ারাহিত্যমিত্যেতন্মানসং তপঃ॥

১৭। স্বামিটী।—তদেবং শরীরবাঙ্মনোভির্নির্ব্বর্ত্ত্যং ত্রিবিধং তপো দর্শিতং, তস্য ত্রিবিধস্যাপি তপসঃ সাত্ত্বিকাদিভেদেন ত্রৈবিধ্যমাহ—শ্রদ্ধয়েত্যাদি—ত্রিভিঃ। তৎ ত্রিবিধমপি তপঃ শ্রেষ্ঠয়া শ্রদ্ধয়া ফলাকাঙ্ক্ষাশূন্যৈর্যুক্তৈরেকাগ্রচিত্তৈর্নরৈস্তপ্তং সাত্ত্বিকং কথয়ন্তি॥

---

১৫। অনুদ্বেগকর সত্য, প্রিয় ও হিতকর বাক্য এবং বেদাভ্যাস বাঙ্ময় তপ বলিয়া কথিত হয়॥

১৬। চিত্তপ্রসন্নতা সৌম্যভাব মৌন আত্মনিগ্রহ ও ভাবশুদ্ধি ইত্যাদি মানসিক তপ॥

১৭। ফলকামনা পরিত্যাগ করিয়া পরমশ্রদ্ধাসহকারে সমাহিত ব্যক্তিগণ কর্ত্তৃক যে তপ অনুষ্ঠিত হয়, তাহাই সাত্ত্বিক॥

১৯। মূঢ়গ্রাহেণাত্মনো যৎ পীড়য়া ক্রিয়তে তপঃ॥
পরস্যোৎসাদনার্থং বা তত্তামসমুদাহৃতম্ ॥
২০। দাতব্যমিতি যদ্দানং দীয়তেঽনুপকারিণে।
দেশে কালে চ পাত্রে চ তদ্দানং সাত্ত্বিকং স্মৃতম্ ॥

১৯। [অন্বয়ঃ] মূঢ়গ্রাহেণ (অবিবেকনিশ্চয়েন) আত্মনঃ পীডয়া পরস্য উৎসাদনার্থং (বিনাশার্থং) বা যৎ তপঃ ক্রিয়তে, তৎ তামসম্ উদাহৃতম্ ॥

২০। [অন্বয়ঃ] দেশে (পুণ্যক্ষেত্রে), কালে (পুণ্যকালে) চ, পাত্রে (সৎপাত্রে চ দাতব্যম্ ইতি অনুপকারিণে যৎ দানং দীয়তে, তৎ দানং সাত্ত্বিকং স্মৃতম্ ॥

১৮। স্বামিটী।—রাজসমাহ—সৎকারেতি। সৎকারঃ সাধুকারঃ সাধুরয়মিতি তাপসোঽয়মিত্যাদি—বাক্পূজা। মানঃ প্রত্যুত্থানাভিবাদনাদিঃ, দৈহিকী পূজা অর্থলাভাদিঃ, এতদর্থং দম্ভেন চ তপঃ ক্রিয়তে অতএব চলমনিয়তম্ অধ্রুবঞ্চ ক্ষণিকং যদেবম্ভূতং তপস্তদিহ রাজসং প্রোক্তম্ ॥

১৯। স্বামিটী।—তামসং তপ আহ—মূঢ়েতি। মূঢ়গ্রাহেণা বিবেককৃতেন দুরাগ্রহেণাত্মনঃ পীড়যা যত্তপঃ ক্রিয়তে পরস্যোৎসাদনার্থং বা অন্যস্য বিনাশার্থমভিচাররূপং তত্তামসমুদাহৃতং কথিতম্ ॥

২০। স্বামিটী।—পূর্ব্বপ্রতিজ্ঞাতমেব দানস্য ত্রৈবিধ্যমাহ—দাতব্যমিতি। দাতব্যমেবেত্যেবং নিশ্চয়েন যদ্দানং দীয়তে অনুপকারিণে প্রত্যুপকারাসমর্থায়, দেশে কুরুক্ষেত্রাদৌ, কালে গ্রহণাদৌ পাত্রে চেতি দেশকালাদিসাহচর্য্যাৎ সপ্তমী প্রযুক্তা পাত্রে পাত্রভূতায় তপঃশ্রুতাদিসম্পন্নায় ব্রাহ্মণায়েত্যর্থঃ, যদ্বা চতুর্থ্যেবৈষা, পাত্রে ইতি

---

১৮। সাধুবাদপ্রাপ্তি, মান ও পূজালাভ এবং দম্ভ প্রকাশের নিমিত্ত অনুষ্ঠিত তপ রাজসিক বলিয়া খ্যাত এই তপস্যা অনিয়ত ও ক্ষণিক ॥

১৯। যে তপস্যা সদসদ্বিবেক পরিত্যাগ পূর্ব্বক নিজের দেহকে পীড়িত করিয়া অথবা অন্যের উৎসাদনার্থ (বিনাশার্থ) অনুষ্ঠিত হয়, তাহা তামসিক ॥

২১। যত্তু প্রত্যুপকারার্থং ফলমুদ্দিশ্য বা পুনঃ।
দীয়তে চ পরিক্লিষ্টং তদ্দানং রাজসং স্মৃতম্ ॥

২২। অদেশকালে যদ্দানমপাত্রেভ্যশ্চ দীয়তে ॥
অসৎকৃতমবজ্ঞাতং তত্তামসমুদাহৃতম্ ॥

২১। [অন্বয়ঃ] যৎ (দানং) তু প্রত্যুপকারার্থং ফলম্ উদ্দিশ্য বা পুনঃ পরিক্লিষ্টং (চিত্তক্লেশযুক্তং যথা স্যাৎ তথা) দীয়তে, তৎ দানং রাজসং স্মৃতম্ ॥

২২। [অন্বয়ঃ] অদেশকালে অপাত্রেভ্যঃ চ অসৎকৃতম্ (সৎকারশূন্যম্) অবজ্ঞাতং যৎ দানং দীয়তে, তৎ তামসম্ উদাহৃতম্ ॥

ত্বজন্তং রক্ষকায় ইত্যর্থঃ। স হি সর্ব্বস্মাদাপদ্গণাদ্দাতারং পাতীতি যদেবম্ভূতং দানং তৎ সাত্ত্বিকম্ ॥

২১। স্বামিটী।—রাজসং দানমাহ—যত্ত্বিতি। কালান্তরেঽয়ং মাং প্রত্যুপকরিষ্যতীত্যেবমর্থং ফলং বা স্বর্গাদিকমুদ্দিশ্য যৎপুনর্দ্দানং দীয়তে পরিক্লিষ্টং চিত্তক্লেশযুক্তং যথা ভবত্যেবম্ভূতং তৎ দানং রাজসমুদাহৃতং কথিতম্ ॥

২২। স্বামিটী।—তামসং দানমাহ—অদেশেতি। অদেশে অশুচিস্থানে, অকালে অশৌচাদিসময়ে, অপাত্রেভ্যো বিটনটাদিভ্যো যদ্দানং দীয়তে, তৎ দেশকালপাত্রসম্পত্তাবপি অসৎকৃতং পাদপ্রক্ষালনাদি-সৎকারশূন্যম্ অবজ্ঞাতং তিরস্কারযুক্তম্ এবম্ভূতং দানং তামসমুদাহৃতম্ ॥

---

২০। কেবল দাতব্যজ্ঞানে দেশ, কাল ও পাত্র অনুসারে অনুপকারী ব্যক্তিকে যে দান, তাহাই সাত্ত্বিক।

২১। প্রত্যুপকার বা স্বর্গাদি ফললাভের উদ্দেশে ক্লেশসহকারে যে দান অনুষ্ঠিত হয়, তাহাই রাজসিক ॥

২২। অনুপযুক্ত দেশ ও কালে এবং অনুপযুক্ত পাত্রে সৎকারবর্জ্জিত অবজ্ঞা সহকৃত যে দান, তাহাই তামসিক ॥

২৩। ওম্‌তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ।
ব্রাহ্মণাস্তেন বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃ পুরা ॥

২৪। তস্মাদোমিত্যুদাহৃত্য যজ্ঞদানতপঃক্রিয়াঃ।
প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্ ॥

২৩—২৪। [অন্বয়ঃ] ওম্ তৎ সৎ ইতি ব্রহ্মণঃ ত্রিবিধঃ নির্দ্দেশঃ স্মৃতঃ, তেন ব্রাহ্মণাঃ চ বেদাঃ চ যজ্ঞাঃ চ পুরা বিহিতাঃ। তস্মাৎ ওম্ ইতি উদাহৃত্য ব্রহ্মবাদিনাং বিধানোক্তাঃ যজ্ঞদানতপঃক্রিয়াঃ সততং প্রবর্ত্তন্তে ॥

২৩—২৪। স্বামিটীকা। নন্বেবং বিচার্য্যমাণে সর্ব্বমপি যজ্ঞতপোদানাদি রাজসতামসপ্রায়মেবেতি ব্যর্থো যজ্ঞাদিপ্রযাস ইত্যাশঙ্ক্য তথাবিধস্যাপি সাত্ত্বিকত্বোপপাদনপ্রকারং দর্শয়িতুমাহ ওমিতি। ওম্ তৎসদিতি ত্রিবিধো ব্রহ্মণঃ পরমাত্মনো নির্দ্দেশো নাম্না ব্যপদেশঃ স্মৃতঃ শিষ্টৈঃ, তত্র তাবৎ ওমিতি "ত্রিবৃদ্‌ব্রহ্মে"ত্যাদিশ্রুতিপ্রসিদ্ধেঃ ওমিতি ব্রহ্মণো নাম, জগৎকারণত্বেন অতিপ্রসিদ্ধত্বাৎ অবিদুষাং পরোক্ষত্বাচ্চ। তচ্ছব্দোঽপি ব্রহ্মণো নাম। পরমার্থসত্ত্বসাধুত্বপ্রশস্তত্বাদিভিঃ সচ্ছব্দোঽপি ব্রহ্মণো নাম "সদেব সোম্যেদমগ্র আসীদি"ত্যাদি—শ্রুতেঃ। অয়ং ত্রিবিধোঽপি নামনির্দ্দেশো বিগুণমপি সগুণীকর্ত্তুং সমর্থ ইত্যাশয়েন স্তৌতি,—তেন ত্রিবিধেন ব্রহ্মণো নির্দ্দেশেন ব্রাহ্মণাশ্চ বেদাশ্চ যজ্ঞাশ্চ পুরা সৃষ্ট্যাদৌ বিহিতা বিধাত্রা নির্ম্মিতাঃ সগুণীকৃতা ইতি বা। যদ্বা যস্মাদয়ং ত্রিবিধো নির্দ্দেশস্তেন পরমাত্মনা ব্রাহ্মণাদয়ঃ পবিত্রতমাঃ সৃষ্টাশ্চ তস্মাত্তস্যায়ং ত্রিবিধো নির্দ্দেশোঽতিপ্রশস্ত ইত্যর্থঃ। ইদানীং প্রত্যেকমোঙ্কারাদীনাং প্রাশস্ত্যং দর্শয়িষ্যন্ ওঙ্কারস্য তদেবাহ—তস্মাদিতি। যস্মাদেবং ব্রহ্মণো নির্দ্দেশঃ প্রশস্তস্তস্মাৎ ওমিত্যুদাহৃত্য তদুচ্চার্য্য কৃত্বা বেদ-

২৩। ব্রহ্মের নাম তিন প্রকার, ওঁম্, তৎ ও সৎ, পূর্ব্বে এই ত্রিবিধ নাম দ্বারা ব্রাহ্মণ, বেদ ও যজ্ঞ সৃষ্ট হইয়াছিল ॥

২৫। তদিত্যনভিসন্ধায় ফলং যজ্ঞতপঃক্রিয়াঃ।
দানক্রিয়াশ্চ বিবিধাঃ ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভিঃ ॥
২৬। সদ্ভাবে সাধুভাবে চ সদিত্যেতৎ প্রযুজ্যতে।
প্রশস্তে কর্ম্মণি তথা সচ্ছব্দঃ পার্থ যুজ্যতে ॥
২৭। যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ সদিতি চোচ্যতে।
কর্ম্ম চৈব তদর্থীয়ং সদিত্যেবাভিধীয়তে ॥

২৫। [অন্বয়ঃ] তৎ ইতি (উদাহৃত্য) ফলম্ অনভিসন্ধায় মোক্ষকাঙ্ক্ষিভিঃ বিবিধাঃ যজ্ঞতপঃক্রিয়াঃ চ ক্রিয়ন্তে ॥

২৬—২৭। [অন্বয়ঃ] হে পার্থ! সদ্ভাবে সাধুভাবে চ, সৎ ইত্যেতৎ প্রযুজ্যতে তথা প্রশস্তে কর্ম্মণি চ সৎ শব্দঃ যুজ্যতে, যজ্ঞে তপসি দানে চ (যা) স্থিতিঃ, (সা) সৎ ইতি উচ্যতে, তদর্থীয়ং কর্ম্ম চ সৎ ইতি এব অভিধীয়তে ॥

বাদিনাং যজ্ঞাদ্যাঃ শাস্ত্রোক্তাশ্চ সততং সর্ব্বদা অঙ্গবৈকল্যেঽপি প্রকর্ষেণ বর্ত্তন্তে সগুণা ভবন্তীত্যর্থঃ।

২৫। স্বামিটী।—কিঞ্চ দ্বিতীয়ং নাম স্তৌতি—তদিতি উদাহৃত্যেতি পূর্ব্বস্যানুষঙ্গঃ। তদিত্যুদাহৃত্য উচ্চার্য্য শুদ্ধচিত্তৈর্মোক্ষকাঙ্ক্ষিভিঃ পুরুষৈঃ ফলাভিসন্ধিমকৃত্বা যজ্ঞাদ্যাঃ ক্রিয়াঃ ক্রিয়ন্তে অতশ্চিত্তশোধনদ্বারেণ ফলসঙ্কল্পত্যজনেন মুমুক্ষুত্বসম্পাদকত্বাত্তচ্ছব্দনির্দ্দেশঃ প্রশস্ত ইত্যর্থঃ ॥

২৬-২৭। স্বামিটী।—সচ্ছব্দস্য প্রাশস্ত্যমাহ সদ্ভাব ইতি দ্বাভ্যাম্ সদ্ভাবে অস্তিত্বে দেবদত্তস্য পুত্রাদিকমস্তীত্যস্মিন্নর্থে সাধুভাবে চ

২৪। এই নিমিত্ত ব্রহ্মবাদীদিগের বিধানোক্ত যজ্ঞ, দান ও তপ ওঙ্কার উচ্চারণপূর্ব্বক অনুষ্ঠিত হইয়া থাকে ॥

২৫। মুমুক্ষু ব্যক্তিরা ফলাভিসন্ধি পরিত্যাগ করিয়া তৎশব্দ উচ্চারণ পূর্ব্বক নানাবিধ যজ্ঞ, তপ ও দান ক্রিয়ার অনুষ্ঠান করিয়া থাকেন ॥

২৬। হে পার্থ! অস্তিত্ব, সাধুত্ব এবং মঙ্গলকর্ম্মে সৎশব্দ প্রযুক্ত হইয়া থাকে ॥

২৮। অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতঞ্চ যৎ।
অসদিত্যুচ্যতে পার্থ ন চ তৎ প্রেত্য নো ইহ॥

ইতি শ্রী······শ্রদ্ধাত্রয়বিভাগযোগো নাম সপ্তদশোঽধ্যায়ঃ॥ ১৭

২৮। [অন্বয়ঃ] অশ্রদ্ধয়া হুতং দত্তং তপ্তং তপঃ, (অন্যদপি) যৎ কৃতম্, (তৎ সর্ব্বং) অসৎ ইতি উচ্যতে, হে পার্থ! তৎ প্রেত্য (পরলোকে) ন চ ইহ (অস্মিন্ লোকে) নো (ফলায় ভবতি)॥

সাধুত্বে দেবদত্তস্য পুত্রাদি শ্রেষ্ঠমিত্যস্মিন্নর্থে সদিত্যেতৎ পদং প্রযুজ্যতে। প্রশস্তে মাঙ্গলিকে বিবাহাদিকর্ম্মণি সদিদং কর্ম্মেতি সচ্ছব্দো যুজ্যতে প্রযুজ্যতে সঙ্গচ্ছত ইতি বা। কিঞ্চ যজ্ঞ ইতি যজ্ঞাদিষু যা স্থিতিস্তাৎপর্য্যেণাবস্থানং তদপি সদিত্যুচ্যতে, যস্য চেদং নামত্রয়ং স এব পরমাত্মা অর্থঃ ফলং যস্য তত্তদর্থং কর্ম্ম পূজোপহারগৃহাঙ্গণপরিমার্জ্জনোপলেপনরঙ্গমাঙ্গলিকাদিক্রিয়াঃ তৎসিদ্ধয়ে যদন্যৎ কর্ম্ম ক্রিয়তে উদ্যানশালিক্ষেত্রধনার্জ্জনাদিবিষয়ং তৎ কর্ম্ম তদর্থীয়ং, তচ্চাতিব্যবহিতমপি সদিত্যেবাভিধীয়তে। যস্মাদেবমিতিপ্রশস্তমেতন্নামত্রয়ং, তস্মাদেতৎ সর্ব্বকর্ম্মসাদ্গুণ্যার্থং সংকীর্ত্তয়েদিতি তাৎপর্য্যার্থঃ। অত্র চার্থবাদানুপপত্ত্যা বিধিঃ কল্প্যতে, 'বিধেয়ং-স্তূয়তে বস্ত্বি'তিন্যায়াৎ। অপরে তু "প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ" 'ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভি'রিত্যাদি বর্ত্তমানোপদেশঃ সমিধো যজতীত্যাদিবদ্বিধিতয়া পরিণমনীয় ইত্যাহুঃ, তত্তু সদ্ভাবে সাধুভাবে চেত্যাদিষু প্রাপ্ত্যর্থত্বান্ন সঙ্গচ্ছত ইতি পূর্ব্বোক্তক্রমেণ বিধিকল্পনৈব জ্যায়সী॥

২৭। যজ্ঞ, তপ ও দানে যে নিষ্ঠা (স্থিতি) তাহাকেও 'সৎ' বলে, এবং ঈশ্বরোদ্দেশে অনুষ্ঠিত কর্ম্মেও সৎশব্দ প্রযুক্ত হইয়া থাকে॥

২৮। স্বামিটী।—ইদানীং সর্ব্বকর্ম্মসু শ্রদ্ধয়ৈব প্রবৃত্ত্যর্থমশ্রদ্ধয়া কৃতং সর্ব্বং নিন্দতি—অশ্রদ্ধয়েতি। অশ্রদ্ধয়া হুতং হবনং দত্তং দানং তপস্তপ্তং নির্ব্বর্ত্তিতং যচ্চান্যদপি কৃতং কর্ম্ম তৎ সর্ব্বমসদিত্যুচ্যতে, যতস্তৎ প্রেত্য লোকান্তরে ন ফলতি বিগুণাৎ নো ইহ ন চাস্মিন্ লোকে ফলতি অযশস্করত্বাৎ॥

রজস্তমোময়ীং ত্যক্ত্বা শ্রদ্ধাং সত্ত্বময়ীং শ্রিতঃ।
তত্ত্বজ্ঞানেঽধিকারী স্যাদিতি সপ্তদশে স্থিতম্॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতায়াং স্বামিকৃতটীকায়াং সপ্তদশোঽধ্যায়ঃ॥১৭

২৮। অশ্রদ্ধা-সহকৃত হোম, দান, তপস্যা ও অন্যান্য কর্ম্ম অসৎ বলিয়া নির্দ্দিষ্ট হয়। হে পার্থ। তৎসমুদয় ইহলোকে বা পরলোকে সফল হয় না॥

সপ্তদশ অধ্যায় সমাপ্ত॥১৭

# অষ্টাদশোঽধ্যায়ঃ

অর্জ্জুন উবাচ—

১। সন্ন্যাসস্য মহাবাহো তত্ত্বমিচ্ছামি বেদিতুম্।
ত্যাগস্য চ হৃষীকেশ পৃথক্ কেশিনিষূদন॥

১। [অন্বয়ঃ] অর্জ্জুন উবাচ,—হে হৃষীকেশ। মহাবাহো! কেশিনিষূদন। সন্ন্যাসস্য ত্যাগস্য চ তত্ত্বং পৃথক্ বেদিতুম্ ইচ্ছামি॥

১। স্বমিটী।—"ন্যাসত্যাগবিভাগেন সর্ব্বগীতার্থসংগ্রহম্। স্পষ্টমষ্টাদশে প্রাহ পরমার্থবিনির্ণয়ে॥" অত্র চ, "সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী। সংন্যাসযোগযুক্তাত্মে"ত্যাদিষু কর্ম্মসংন্যাস উপদিষ্টঃ। তথা "ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং নিত্যতৃপ্তো নিরাশ্রয়ঃ। সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্" ইত্যাদিষু চ ফলমাত্রত্যাগেন কর্ম্মানুষ্ঠানমুপদিষ্টম্, নচ পরস্পরবিরুদ্ধং সর্ব্বজ্ঞঃ পরমকারুণিকো ভগবানুপদিশেৎ, অতঃ কর্ম্মসংন্যাসস্য তদনুষ্ঠানস্য চাবিরোধপ্রকারং বুভুৎসুরর্জ্জুন উবাচ—সংন্যাসস্যেতি। ভো হৃষীকেশ। সর্ব্বেন্দ্রিয়নিয়ামক। হে কেশিনিষূদন! কেশিনাম্নো মহতো হয়াকৃতের্দৈত্যস্য যুদ্ধে মুখং ব্যাদায় ভক্ষিতুমিচ্ছতোঽত্যন্তং ব্যাত্তে মুখে বামবাহুং প্রবেশ্য তৎক্ষণমেব বিবৃদ্ধেন তেনৈব বাহুনা কর্কটিকাফলবত্তং বিদার্য্য নিষূদিতবান্, অতএব হে মহাবাহো! ইতি সম্বোধনং, সংন্যাসস্য ত্যাগস্য চ তত্ত্বং পৃথক্ বিবেকেন বেদিতুমিচ্ছামি॥

১। অর্জ্জুন কহিলেন—হে হৃষীকেশ। হে কেশিনিষূদন! হে মহাবাহো! আমি সন্ন্যাস ও ত্যাগের প্রকৃত তত্ত্ব পৃথক্রূপে শ্রবণ করিতে অভিলাষ করি॥

## শ্রীভগবানুবাচ—

২। কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ।
সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণাঃ॥

২। [ অন্বয়ঃ ] শ্রীভগবান্ উবাচ—কবয়ঃ কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং (পরিত্যাগং) সন্ন্যাসং বিদুঃ, বিচক্ষণাঃ সর্ব্বকর্ম্মফলত্যাগং ত্যাগং প্রাহুঃ॥

২। স্বামিটী।—তত্রোত্তরং শ্রীভগবানুবাচ—কাম্যানামিতি; কাম্যানাং "পুত্রকামো যজেত" 'স্বর্গকামো যজেতে' ত্যাদিকামোপবন্ধেন বিহিতানাং কর্ম্মণাং ন্যাসং পরিত্যাগং সংন্যাসং কবয়ো বিদুঃ সম্যক্ ফলৈঃ সহ সর্ব্বকর্ম্মণামপি ন্যাসং সংন্যাসং পণ্ডিতা বিদুঃ জানন্তীত্যর্থঃ। সর্ব্বেষাং কাম্যানাং নিত্যনৈমিত্তিকানাঞ্চ কর্ম্মণাং ফলমাত্রত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণা নিপুণাঃ, ন তু স্বরূপতঃ কর্ম্মত্যাগম্ ননু নিত্যনৈমিত্তিকানাং ফলশ্রবণাদবিদ্যমানস্য ফলস্য কথং ত্যাগঃ স্যাৎ, নহি বন্ধ্যায়াঃ পুত্রত্যাগঃ সম্ভবতি,—উচ্যতে যদ্যপি স্বর্গকামঃ পশুকাম ইত্যাদিবৎ অহরহঃ সন্ধ্যামুপাসীত যাবজ্জীবমগ্নিহোত্রং জুহোতীত্যাদিষু ফলবিশেষো ন শ্রূয়তে, তথাপ্যপুরুষার্থব্যাপারে প্রেক্ষাবন্তং প্রবর্ত্তয়িতুমশক্নুবন্ বিধি "র্বিশ্বজিতা যজেতে"ত্যাদিষ্বিব সামান্যতঃ কিমপি ফলমাক্ষিপত্যেব। ন চাতীব গুরুমতঃ শ্রদ্ধয়া স্বসিদ্ধয়েব বিধেঃ প্রয়োজনং মন্তব্যং, পুরুষপ্রবৃত্ত্যনুপপত্তের্দুষ্পরিহরত্বাৎ। শ্রূয়তে চ নিত্যাদাবপি ফলং 'সর্ব্ব এতে পুণ্যালোকা ভবন্তী'তি, 'কর্ম্মণা পিতৃলোক' ইতি 'ধর্ম্মেণ পাপমপনুদতী'ত্যাদিষু। তস্মাদযুক্তমুক্তং 'সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণ' ইতি। ননু ফলত্যাগেন পুনরপি নিষ্ফলেষু কর্ম্মসু প্রবৃত্তিরেব ন স্যাৎ, ন, সর্ব্বেষাং কর্ম্মণাং সংযোগপৃথক্ত্বেন বিবিদিষার্থতয়া বিনিয়োগাৎ তথাচ শ্রুতিঃ—"তমেতমাত্মানং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসাঽনাশকেনে" তি।

৩। ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম্ম প্রাহুর্ম্মনীষিণঃ।
যজ্ঞদানতপঃ কর্ম্ম ন ত্যাজ্যমিতি চাপরে॥

৩। [ অন্বয়ঃ ] একে মনীষিণঃ কর্ম্ম দোষবৎ ( দোষযুক্তং ) ইতি ত্যাজ্যং প্রাহুঃ অপরে ( মীমাংসকাঃ ) যজ্ঞদানতপঃ কর্ম্ম ন ত্যাজ্যম্ ইতি ( প্রাহুঃ )॥

ততশ্চ শ্রুতিপদোক্তং সর্ব্বং ফলং বন্ধকত্বেন ত্যক্ত্বা বিবিদিষার্থং সর্ব্বকর্ম্মানুষ্ঠানং ঘটত এব। বিবিদিষা চ নিত্যানিত্যবস্তুবিবেকেন নিবৃত্তদেহাদ্যভিমানতয়া বুদ্ধেঃ প্রত্যক্-প্রবণতা, তাবৎ-পর্য্যন্তঞ্চ সত্ত্ব-শুদ্ধ্যর্থং জ্ঞানাবিরুদ্ধং যথোচিতমাবশ্যকং কর্ম্ম কুর্ব্বতস্তৎফলত্যাগ এব কর্ম্মত্যাগো নাম ন স্বরূপেণ। তথাচ শ্রুতিঃ—"কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ।" ইতি। ততঃ পরন্তু সর্ব্বকর্ম্মনিবৃত্তিঃ স্বত এব ভবতি। তদুক্তং নৈষ্কর্ম্ম্যসিদ্ধৌ,—"প্রত্যক্ প্রবণতাং বুদ্ধেঃ কর্ম্মাণ্যুৎপাদ্য শুদ্ধিতঃ। কৃতার্থান্যস্তমায়ান্তি প্রাবৃড়ন্তে ঘনা ইব॥" উক্তঞ্চ ভগবতা— যস্ত্বাত্মরতিরেব স্যা'দিত্যাদি। বশিষ্ঠেন চোক্তং— "ন কর্ম্মাণি ত্যজেদ্‌যোগী কর্ম্মভিস্ত্যজ্যতে হ্যসাবি"তি। জ্ঞাননিষ্ঠা-বিক্ষেপকত্বমালক্ষ্য ত্যজেৎ। তদুক্তং শ্রীভাগবতে, "তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে। জ্ঞাননিষ্ঠো বিরক্তো বা মদ্ভক্তো বানপেক্ষকঃ। সলিঙ্গা-নাশ্রমাংস্ত্যক্ত্বা চরেদবিধিগোচরঃ॥" ইত্যাদি। অলমতিপ্রসঙ্গেন প্রকৃতমনুসরামঃ, অবিদুষঃ ফলত্যাগমাত্রমেব ত্যাগশব্দার্থো ন কর্ম্মত্যাগ ইতি॥

৩। স্বামী।—এতদেব মতান্তরনিরাসেন দৃঢ়ীকর্ত্তুং মতভেদং দর্শয়তি ত্যাজ্যমিতি। দোষবদ্ধিংসাদিদোষবত্ত্বেন বন্ধকমিতি হেতোঃ সর্ব্বমপি কর্ম্ম ত্যাজ্যমিত্যেকে সাংখ্যাঃ প্রাহুর্ম্মনীষিণ ইতি। অস্যায়ম্

২। শ্রীভগবান্ কহিলেন—হে অর্জ্জুন। পণ্ডিতেরা কাম্যকর্ম্মের ত্যাগকেই সন্ন্যাস বলেন এবং সকল প্রকার কর্ম্মফলত্যাগকেই সুধীব্যক্তিরা ত্যাগ কহিয়া থাকেন।

৪। নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে ভরতসত্তম।
ত্যাগো হি পুরুষব্যাঘ্র ত্রিবিধঃ সম্প্রকীর্ত্তিতঃ॥

৪। [অন্বয়ঃ] হে ভরতসত্তম! পুরুষব্যাঘ্র! তত্র ত্যাগে (বিষয়ে) মে (বচনাৎ) নিশ্চয়ং শৃণু, ত্যাগঃ হি ত্রিবিধঃ সম্প্রকীর্ত্তিতঃ॥

ভাবঃ, 'ন হিংস্যাৎ সর্ব্বা ভূতানা'ণীতি নিষেধঃ পুরুষস্যানর্থহেতুর্হিংসেত্যাহ "অগ্নিষোমীয়ং পশুমালভেতে"ত্যাদি প্রাকরণিকো বিধিস্তু হিংসায়াঃ ক্রত্বুপকারকত্বমাহ অতো ভিন্নবিষয়ত্বেন সামান্যবিশেষ-ন্যায়াগোচরত্বাদ্ বাধ্যবাধকতা নাস্তি। দ্রব্যসাধ্যেষু চ সর্ব্বেষ্বপি কর্ম্মসু হিংসাদেঃ সম্ভবাৎ সর্ব্বমপি কর্ম্ম ত্যাজ্যমেবেতি। তদুক্তং, "দৃষ্টবদানুশ্রবিকঃ স হ্যবিশুদ্ধিক্ষয়া তিশয়যুক্ত" ইতি। অস্যার্থঃ—উপায়ো জ্যোতিষ্টোমাদিঃ সোঽপি দৃষ্টোপায়বৎ। গুরুপাঠাৎ অনুশ্রূয়ত ইত্যনুশ্রবো বেদস্তদ্বোধিতঃ, তত্রাবিশুদ্ধিঃ হিংসা তথা ক্ষয়ো বিনাশঃ। অগ্নিহোত্রজ্যোতিষ্টোমাদিজন্যং স্বর্গেষু তারতম্যং চ বর্ত্ততে, পরোৎ-কর্ষস্তু সর্ব্বান্ দুঃখাকরোতি। অপরে তু মীমাংসকা যজ্ঞাদিকং কর্ম্ম ন ত্যাজ্যমেবেতি প্রাহুঃ। অয়ং ভাবঃ—ক্রত্বর্থাপি সতীয়ং হিংসা পুরুষেণ কর্ত্তব্যা সা চান্যোদ্দেশেনাপি কৃতা পুরুষস্য প্রত্যবায়হেতুরেব, তথাহি বধিবিধেযস্য তদুদ্দেশেন নুষ্ঠানং বিধত্তে তাদর্থ্যলক্ষণত্বা-দুচ্ছেষত্বস্য, নত্বেবং নিষেধো নিষেধস্য তাদর্থ্যমপেক্ষতে প্রাপ্তিমাত্রো-পেক্ষিতত্বাৎ। অন্যথা অজ্ঞান প্রমাদাদিকৃতে দোষাভাবপ্রসঙ্গাৎ, তদেবং সমানবিষয়ত্বেন সামান্যশাস্ত্রস্য বিশেষেণ বাধান্নাস্তি দোষ-বত্ত্বম্, অতো নিত্যং যজ্ঞাদি কর্ম্ম ন ত্যাজ্যমিতি॥

৪। স্বামিটী।—এবং মতভেদমুপন্যস্য স্বমতং কথয়িতুমাহ—নিশ্চয়ং শৃণ্বিতি। তত্রৈবং বিপ্রতিপন্নে ত্যাগে নিশ্চয়ং মে বচনাচ্ছৃণু।

৩। কেহ কেহ (সাংখ্য মনীষীরা) কহেন—ক্রিয়াকলাপ দোষের ন্যায় পরিত্যাগ করা বিধেয়; আবার অপরে (মীমাংসাশাস্ত্রবিদ্‌গণ) কহিয়া থাকেন—যজ্ঞ, দান ও তপস্যা এই কয়েকটী কার্য্য পরিত্যাগ করা কর্ত্তব্য নহে॥

৫। যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ।
যজ্ঞো দানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্ ॥

৬। এতান্যপি তু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ফলানি চ।
কর্ত্তব্যানীতি মে পার্থ নিশ্চিতং মতমুত্তমম্ ॥

৫। [অন্বয়ঃ] যজ্ঞদানতপঃকর্ম্ম ন ত্যাজ্যং, তৎ কার্য্যম্ এব, (যতঃ) যজ্ঞঃ দানং তপঃ চ এব মনীষিণাং পাবনানি এব ॥

৬। [অন্বয়ঃ] হে পার্থ! এতানি কর্ম্মাণি অপি তু সঙ্গং ফলানি চ ত্যক্ত্বা কর্ত্তব্যানি ইতি মে নিশ্চিতম্ উত্তমং মতম্ ॥

ত্যাগস্য লোকপ্রসিদ্ধত্বাৎ কিমত্র শ্রোতব্যমিতি মাবমংস্থা ইত্যাহ— হে পুরুষব্যাঘ্র। পুরুষশ্রেষ্ঠ! ত্যাগো হি দুর্ব্বোধো হি যস্মাদয়ং কর্ম্মত্যাগ স্তত্ত্ববিদ্ভিস্তামসাদিভেদেন ত্রিবিধঃ সম্যগ্‌বিবেকেন প্রকীর্ত্তিতঃ, ত্রৈবিধ্যঞ্চ—'নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণ' ইত্যাদিনা বক্ষ্যতি ॥

৫। স্বামিটী।—প্রথমং তাবন্নিশ্চিতমাহ—যজ্ঞেতি দ্বাভ্যাম্। মনীষিণাং বিবেকিনাং পাবনানি চিত্তশুদ্ধিকরাণি ॥

৬। স্বামিটী।—যেন প্রকারেণ কৃতান্যেতানি পাবনানি ভবন্তি তৎপ্রকারং দর্শয়ন্নাহ—এতান্যপীতি। যানি যজ্ঞাদীনি কর্ম্মাণি ময়া পাবনানীত্যুক্তানি এতান্যপ্যেবং কর্ত্তব্যানি কথং সঙ্গং কর্ত্তৃত্বাভিনিবেশং ত্যক্ত্বা কেবলমীশ্বরারাধনতয়া কর্ত্তব্যানি, ফলানি চ ত্যক্ত্বা কর্ত্তব্যানীতি নিশ্চিতং মে মতম্ অত এবোত্তমম্ ॥

---

৪। হে ভরতসত্তম! এক্ষণে তুমি প্রকৃত ত্যাগ বিষয়ে আমার সিদ্ধান্ত শ্রবণ কর; (তামসাদিভেদে) ত্যাগ তিন প্রকার ॥

৫। যজ্ঞ, দান ও তপস্যারূপ কার্য্য কদাচ ত্যাজ্য নহে; ইহার অনুষ্ঠান কর্ত্তব্যই; কারণ এই কয়েকটী কার্য্য বিবেকীদিগের চিত্তশুদ্ধির কারণ ॥

৬। হে পার্থ! কিন্তু এই সকল কার্য্যও আসক্তি ও কর্ম্মফল পরিত্যাগ করিয়া অনুষ্ঠান করা উচিত, ইহাই আমার নিশ্চিত উৎকৃষ্ট মত ॥

৭। নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণো নোপপদ্যতে।
মোহাত্তস্য পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥

৮। দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াত্ত্যজেৎ।
স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ ॥

৭। [অন্বয়ঃ] নিয়তস্য কর্ম্মণঃ তু সন্ন্যাসঃ ন উপপদ্যতে, মোহাৎ তস্য পরিত্যাগঃ তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥

৮। [অন্বয়ঃ] দুঃখম্ ইতি এব (মত্বা) কায়ক্লেশভয়াৎ (যঃ) যৎ কর্ম্ম ত্যজেৎ সঃ রাজসং ত্যাগং কৃত্বা ত্যাগফলং ন এব লভেৎ ॥

৭। স্বামিটী।—প্রতিজ্ঞাতং ত্যাগস্য ত্রৈবিধ্যমিদানীং দর্শয়তি—নিয়তস্যেতি ত্রিভিঃ। কাম্যস্য কর্ম্মণো বন্ধকত্বাৎ সংন্যাসো যুক্তঃ, নিয়তস্য তু নিত্যস্য পুনঃ কর্ম্মণঃ সংন্যাসস্ত্যাগো নোপপদ্যতে সত্ত্বশুদ্ধিদ্বারা মোক্ষহেতুত্বাৎ, অতস্তস্য পরিত্যাগ উপাদেয়ত্বেঽপি ত্যাজ্যমিত্যেবংলক্ষণান্মোহাদেব ভবেৎ স চ মোহস্য তামসত্বাত্তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥

৮। স্বামিটী।—রাজসং ত্যাগমাহ দুঃখমিতি। যঃ কর্ত্তা আত্মবোধং বিনা কেবলং দুঃখমিত্যেবং মত্বা শরীরায়াসভয়ান্নিত্যং কর্ম্ম ত্যজেদিতি যত্তাদৃশস্ত্যাগো রাজসো দুঃখস্য রাজসত্বাৎ, অতস্তং রাজসং ত্যাগং কৃত্বা স রাজসঃ পুরুষস্ত্যাগস্য ফলং জ্ঞাননিষ্ঠালক্ষণং নৈব লভত ইত্যর্থঃ ॥

৭। নিত্যকর্ম্ম-পরিত্যাগ উপপন্ন হয় না, কিন্তু মোহবশতঃ যে নিত্যকর্ম্ম ত্যাগ, তাহা তামস বলিয়া পরিকীর্ত্তিত হয় ॥

৮। দুঃখজনক বলিয়া কায়ক্লেশভয়প্রযুক্ত যে কর্ম্ম পরিত্যাগ করে, সে রজোগুণপ্রযুক্ত ত্যাগ করিয়া ত্যাগফললাভে সমর্থ হয় না ॥

৯। কার্য্যমিত্যেব যৎ কর্ম্ম নিয়তং ক্রিয়তেঽর্জ্জুন।
সঙ্গং ত্যক্ত্বা ফলঞ্চৈব স ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ॥
১০। ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে।
ত্যাগী সত্ত্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ॥

৯। [অন্বয়ঃ] হে অর্জ্জুন! সঙ্গং ফলং চ এব ত্যক্ত্বা কার্য্যম্ (কর্ত্তব্যং) ইতি (মত্বা) এব যৎ নিয়তং কর্ম্ম ক্রিয়তে, স ত্যাগঃ সাত্ত্বিকঃ মতঃ॥

১০। [অন্বয়ঃ] সত্ত্বসমাবিষ্টঃ মেধাবী, ছিন্নসংশয়ঃ, ত্যাগী অকুশলং কর্ম্ম ন দ্বেষ্টি, কুশলে (চ) ন অনুষজ্জতে॥

৯। স্বামিটী।—সাত্ত্বিকং ত্যাগমাহ—কার্য্যমিতি। কার্য্যমিত্যেবং বুদ্ধা নিয়তমবশ্যং কর্ত্তব্যতয়া বিহিতং কর্ম্ম সঙ্গং ফলঞ্চ ত্যক্ত্বা ক্রিয়ত ইতি যত্তাদৃশস্ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ॥

১০। স্বামিটী।—এবম্ভূতসাত্ত্বিকত্যাগপরিনিষ্ঠিতস্য লক্ষণমাহ—ন দ্বেষ্টীত্যাদি। সত্ত্বসমাবিষ্টঃ সত্ত্বেন সংব্যাপ্তঃ সাত্ত্বিকত্যাগী অকুশলং দুঃখাবহং শিশিরে প্রাতঃস্নানাদিকং কর্ম্ম ন দ্বেষ্টি, কুশলে চ সুখকরে কর্ম্মণি নিদাঘে মধ্যাহ্নস্নানাদৌ নানুষজ্জতে প্রীতিং ন করোতি। অত্র হেতুঃ—মেধাবী স্থিরবুদ্ধিঃ যত্র পরপরিভবাদি মহদপি দুঃখং সহতে স্বর্গাদিসুখঞ্চ ত্যজতি তত্র কিয়দেতত্তাৎকালিকং সুখং দুঃখঞ্চেত্যেবমনুসন্ধানবানিত্যর্থঃ। অতএব ছিন্নঃ সংশয়ো মিথ্যাজ্ঞানং দৈহিকসুখদুঃখয়োরুপাদিৎসাপরিজিহীর্ষালক্ষণং যস্য সঃ।

৯। হে অর্জ্জুন! আসক্তি ও কর্ম্মফল পরিত্যাগ করিয়া কর্ত্তব্যবোধে যে কার্য্যানুষ্ঠান, তাহা সাত্ত্বিক ত্যাগ বলিয়া উক্ত হইয়া থাকে॥

১০। সত্ত্বগুণসম্পন্ন, মেধাবী ও সংশয়বিরহিত ত্যাগী ব্যক্তি দুঃখাবহ কর্ম্মে দ্বেষ ও সুখাবহ কর্ম্মে অনুরাগ প্রদর্শন করেন না॥

১১। ন হি দেহভৃতা শক্যং ত্যক্তুং কর্ম্মাণ্যশেষতঃ।
যস্তু কর্ম্মফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে॥

১২। অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলম্।
ভবত্যত্যাগিনাং প্রেত্য ন তু সন্ন্যাসিনাং ক্বচিৎ॥

১১। [অন্বয়ঃ] দেহভৃতা অশেষতঃ কর্ম্মাণি ত্যক্তুং নহি শক্যং [শক্যানি] যঃ তু কর্ম্মফলত্যাগী, সঃ ত্যাগী ইতি অভিধীয়তে॥

১২। [অন্বয়ঃ] অত্যাগিনাং প্রেত্য (দেহপাতাদনন্তরং) অনিষ্টম্ (নারকিত্বং) ইষ্টং (দেবত্বং) মিশ্রং (মনুষ্যত্বং) চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলং ভবতি, তু (কিন্তু) সন্ন্যাসিনাং ক্বচিৎ ন (ভবতি)॥

১১। স্বামিটী।—নন্বেবম্ভূতাৎ কর্ম্মফলত্যাগাদ্ বরং সর্ব্বকর্ম্মত্যাগস্তথা সতি কর্ম্মবিক্ষেপাভাবেন জ্ঞাননিষ্ঠাসুখং সম্পদ্যেত, তত্রাহ—নহীতি। দেহভৃতা দেহাত্মাভিমানবতা নিঃশেষেণ সর্ব্বাণ্ কর্ম্মাণি ত্যক্তুং ন হি শক্যম্। তদুক্তং "ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃদি"ত্যাদিনা। তস্মাদ্ যস্তু কর্ম্মাণি কুর্ব্বন্নপি কর্ম্মফলত্যাগী স এব মুখ্যঃ ত্যাগীত্যভিধীয়তে॥

১২। স্বামিটী।—এবম্ভূতস্য কর্ম্মফলত্যাগস্য ফলমাহ—অনিষ্টমিতি। অনিষ্টং নারকিত্বম্ ইষ্টং দেবত্বং মিশ্রং মনুষ্যত্বম্ এবং ত্রিবিধং পাপস্য পুণ্যস্য চোভয়মিশ্রস্য চ কর্ম্মণো যৎ ফলং প্রসিদ্ধং তৎ সর্ব্বমত্যাগিনাং সকামানামেব প্রেত্য পরত্র ভবতি, তেষাং ত্রিবিধকর্ম্মসম্ভবাৎ। ন তু সংন্যাসিনাং ক্বচিদপি ভবতি। সন্ন্যাসিশব্দেনাত্র ফলত্যাগ-সাম্যাৎ প্রকৃতাঃ কর্ম্মফলত্যাগিনো গৃহ্যন্তে, 'অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ। স সংন্যাসী চ যোগী চে'ত্যেবমাদৌ কর্ম্মফলত্যাগিষু সংন্যাসিশব্দপ্রয়োগদর্শনাৎ। তেষাং সাত্ত্বি-

১১। দেহী নিঃশেষে সমস্ত কার্য্য পরিত্যাগ করিতে সমর্থ হয় না; কিন্তু যিনি, কর্ম্মফলত্যাগী, তাঁহাকেই ত্যাগী বলা যাইতে পারে॥

১৩। পঞ্চেমানি মহাবাহো কারণানি নিবোধ মে।
সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধয়ে সর্ব্বকর্ম্মণাম্ ॥
১৪। অধিষ্ঠানং তথা কর্ত্তা করণঞ্চ পৃথগ্বিধম্।
বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা দৈবঞ্চৈবাত্র পঞ্চমম্ ॥

১৩। [ অন্বয়ঃ ] হে মহাবাহো! সাংখ্যে কৃতান্তে ( বেদান্তসিদ্ধান্তে ) সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে প্রোক্তানি এতানি পঞ্চ কারণানি মে ( বচনাৎ ) নিবোধ ॥

১৪। [ অন্বয়ঃ ] অধিষ্ঠানং ( শরীরং ) তথা কর্ত্তা ( অহঙ্কারঃ ) পৃথগ্বিধং করণং ( চক্ষুরাদি ) বিবিধাঃ পৃথক্ চেষ্টা অত্র পঞ্চমং দৈবং চ এব ( এতানি পঞ্চ কর্ম্মসিদ্ধিকারণানি ) ॥

কানাং পাপানন্তবাদীশ্বরার্পণেন চ পুণ্যফলস্য ত্যক্তত্বাৎ ত্রিবিধমপি কর্ম্মফলং ন ভবতীত্যর্থঃ ॥

১৩। স্বামিটী।—ননু কর্ম্ম কুর্ব্বতঃ কর্ম্মফলং কথং ন ভবেদিত্যাশঙ্ক্য সঙ্গত্যাগিনো নিরহঙ্কারস্য কর্ম্মলেপো নাস্তীত্যুপপাদয়িতুমাহ—পঞ্চেতি পঞ্চভিঃ। সর্ব্বকর্ম্মণাং সিদ্ধয়ে নিষ্পত্তয়ে ইমানি বক্ষ্যমাণানি পঞ্চ কারণানি মে বচনান্নিবোধ জানীহি। আত্মনঃ কর্ত্তৃত্বাভিমাননিবৃত্ত্যর্থমবশ্যমেতানি জ্ঞাতব্যানীত্যেবং তেষাং স্তুত্যর্থমেবাহ—সাংখ্য ইতি। সম্যক্ খ্যায়তে জ্ঞায়তে পরমাত্মা অনেনেতি সাংখ্যং তত্ত্বজ্ঞানং তস্মিন্ প্রকাশমান আত্মবোধঃ সাংখ্যঃ, তস্মিন্ কৃতং কর্ম্ম তস্যান্তঃ সমাপ্তিরস্মিন্নিতি কৃতান্তস্তস্মিন বেদান্তসিদ্ধান্ত ইত্যর্থঃ। যদ্বা, সংখ্যায়ন্তে গণ্যন্তে তত্ত্বান্যস্মিন্নিতি সাংখ্যং কৃতোঽন্তো নির্ণয়োঽস্মিন্নিতি কৃতান্তং সাংখ্যশাস্ত্রমেব তস্মিন্ প্রোক্তানি অতঃ সম্যক্ নিবোধেত্যর্থঃ ॥

১২। কর্ম্মের ইষ্ট, অনিষ্ট, ইষ্টানিষ্ট, এই ত্রিবিধ ফল অভিহিত হইয়া থাকে, যাঁহারা ত্যাগী নন, তাঁহারা পরলোকপ্রাপ্ত হইলে ঐ সমস্ত ফল লাভ করেন ; কিন্তু সন্ন্যাসীরা উহা কদাচ লাভ করেন না ॥

১৩। হে মহাবাহো! সকল কর্ম্ম সিদ্ধির নিমিত্ত সাংখ্য ও বেদান্ত সিদ্ধান্তের অনুসারে যে পঞ্চবিধ কারণ নিরূপিত আছে, তাহা আমার নিকট সম্যক্ রূপে পরিজ্ঞাত হও ॥

১৫। শরীরবাঙ্মনোভির্যৎ কর্ম্ম প্রারভতে নরঃ।
ন্যায্যং বা বিপরীতং বা পঞ্চৈতে তস্য হেতবঃ॥
১৬। তত্রৈবং সতি কর্ত্তারমাত্মানং কেবলন্তু যঃ।
পশ্যত্যকৃতবুদ্ধিত্বান্ন স পশ্যতি দুর্ম্মতিঃ॥

১৫। [অন্বয়ঃ] নরঃ শরীরবাঙ্মনোভিঃ যৎ ন্যায্যং বা বিপরীতং বা কর্ম্ম প্রারভতে, এতে (পূর্ব্বশ্লোকোক্তাঃ) পঞ্চ তস্য হেতবঃ (কারণানি)॥

১৬। [অন্বয়ঃ] এবং সতি তত্র (সর্ব্বস্মিন্ কর্ম্মণি) কেবলম্ আত্মানং তু অকৃতবুদ্ধিত্বাৎ (অসংস্কৃতবুদ্ধিত্বাৎ) যঃ কর্ত্তারং পশ্যতি, সঃ দুর্ম্মতিঃ ন পশ্যতি॥

১৪। স্বামিটী।—তান্যেবাহ—অধিষ্ঠানমিতি। অধিষ্ঠানং শরীরং কর্ত্তা চিদচিদ্গ্রন্থিরহঙ্কারঃ পৃথগ্বিধমনেকপ্রকারং করণং চক্ষুঃশ্রোত্রাদি, বিবিধাঃ কার্য্যতঃ স্বরূপতশ্চ পৃথগ্ভূতাশ্চেষ্টাঃ প্রাণাপানাদীনাং ব্যাপারাঃ, অত্র চ এতেষ্বেব পঞ্চমং দৈবং চ কারকং চক্ষুরাদ্যনুগ্রাহকমাদিত্যাদি সর্ব্বপ্রেরকোঽন্তর্যামী বা॥

১৫। স্বামিটী। এতেষামেব সর্ব্বকর্ম্মহেতুত্বমাহ—শরীরেতি। যথোক্তৈঃ পঞ্চভিঃ প্রারভ্যমাণং কর্ম্ম ত্রিষ্বেবান্তর্ভাবাম্, শরীরবাঙ্-মনোভিরিত্যুক্তং শারীরং বাচিকং মানসঞ্চ ত্রিবিধং কর্ম্মেতি প্রসিদ্ধেঃ, শরীরাদিভির্যৎ কর্ম্ম ধর্ম্ম্যমধর্ম্ম্যং বা করোতি নরস্তস্য সর্ব্বস্য কর্ম্মণ এতে পঞ্চ হেতবঃ॥

১৬। স্বামিটী।—ততঃ কিমত আহ—তত্রেতি। তত্র সর্ব্বস্মিন্ কর্ম্মণি এতে পঞ্চ হেতব ইত্যেবং সতি কেবলং নিরুপাধিমসঙ্গ-

১৪। শরীর, অহঙ্কার, চক্ষুরাদি বিবিধ ইন্দ্রিয়, নানাবিধ চেষ্টা ও দৈব;—এই পাঁচ প্রকার কারণ নির্দ্দিষ্ট আছে॥

১৫। ন্যায্যই হউক বা অন্যায্যই হউক, মানুষ কায়, মন ও বাক্য দ্বারা যে কার্য্য অনুষ্ঠান করে, এই পাঁচটীই তাহার কারণ॥

১৭। যস্য নাহঙ্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।
হত্বাপি স ইমাল্লোঁকান্ন হন্তি ন নিবধ্যতে।

১৭। [ অন্বয়ঃ ] যস্য অহঙ্কৃতঃ ভাবঃ ন, যস্য বুদ্ধিঃ ন লিপ্যতে (চ) স ইমান্ লোকান্ হত্বা অপি ন হন্তি, ন (চ) নিবধ্যতে॥

মাত্মানং যঃ কর্ত্তারং পশ্যতি শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাসেনাসংস্কৃতবুদ্ধিত্বাৎ দুর্ম্মতিবসৌ সম্যক্ ন পশ্যতি॥

১৭। স্বামিটী।—কস্তর্হি সুমতির্যস্য কর্ম্মলেপো নাস্তীত্যুক্ত-মিত্যপেক্ষায়ামাহ—যস্যেতি। অহমিতি কৃতোঽহঙ্কর্ত্তেত্যেবম্ভূতো ভাবোঽভিপ্রায়ো যস্য নাস্তি, যদ্বা অহঙ্কৃতোঽহঙ্কারস্য ভাবঃ স্বভাবঃ কর্তৃত্বাভিনিবেশো যস্য নাস্তি শরীরাদীনামেব কর্ম্মকর্তৃত্বালোচনা-দিত্যর্থঃ, অত এব যস্য বুদ্ধির্ন লিপ্যতে ইষ্টানিষ্টবুদ্ধ্যা কর্ম্মসু ন সজ্জতে স এবম্ভূতো দেহাদিব্যতিরিক্তাত্মদর্শী ইমান্ লোকান্ সর্ব্বা-নপি প্রাণিনো লোকদৃষ্ট্যা হত্বাপি নিবিক্রয়া স্বদৃষ্ট্যা ন হন্তি ন চ তৎফলৈর্নিবধ্যতে বন্ধনং ন প্রাপ্নোতি, কিং পুনঃ সত্ত্বশুদ্ধিদ্বারা পরোক্ষজ্ঞানোৎপত্তিহেতুভিঃ কর্ম্মভিস্তস্য বন্ধশঙ্কেত্যর্থঃ। তদুক্তং— "ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ। লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসে"তি॥

১৬। এইরূপ কারণ অবধারিত হইলে যে অসংস্কৃত বুদ্ধিবশতঃ নিরুপাধি আত্মার কর্তৃত্ব নিরীক্ষণ করে, সেই দুর্ম্মতি কখনও সাধুদর্শী হয় না॥

১৭। যিনি আপনাকে কর্ত্তা বলিয়া মনে করেন না, যাঁহার বুদ্ধি কার্য্যে আসক্ত হয় না, তিনি লোকসমুদয়কে বিনষ্ট করিয়াও বিনাশ করেন না ও তাঁহাকে বিনাশজনিত ফলভোগও করিতে হয় না॥

১৮। জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্ম্মচোদনা।
করণং কর্ম্ম কর্ত্তেতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ॥

১৯। জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ ত্রিধৈব গুণভেদতঃ।
প্রোচ্যতে গুণসঙ্খ্যানে যথাবচ্ছৃণু তান্যপি॥

১৮। [অন্বয়ঃ] জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা (ইত্যেবং) ত্রিবিধা কর্ম্মচোদনা (কর্ম্মপ্রবৃত্তিহেতুঃ), করণং, কর্ম্ম, কর্ত্তা ইতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ (ক্রিয়াশ্রয়ঃ)॥

১৯। [অন্বয়ঃ] গুণসংখ্যানে (সাঙ্খ্যশাস্ত্রে) জ্ঞানং, কর্ম্ম চ, কর্ত্তা চ, গুণভেদতঃ ত্রিধা এব প্রোচ্যতে, তানি অপি যথাবৎ শৃণু॥

১৮। স্বামিটী।—হত্বাপি ন হন্তি ন নিবধ্যত ইত্যেতদেবোপপাদয়িতুং কর্ম্মচোদনায়াঃ কর্ম্মাশ্রয়স্য কর্ম্মফলাদীনাঞ্চ ত্রিগুণাত্মকত্বান্নির্গুণস্য আত্মনস্তৎসম্বন্ধো নাস্তীত্যভিপ্রায়েণ কর্ম্মচোদনাং কর্ম্মত্রয়ঞ্চাহ— জ্ঞানমিতি। জ্ঞানমিষ্টসাধনমেতদিতি বোধঃ, জ্ঞেয়মিষ্টসাধনং কর্ম্ম, পরিজ্ঞাতা এতজ্জ্ঞানাশ্রয়ঃ; এবং ত্রিবিধা কর্ম্মচোদনা চোদ্যতে প্রবর্ত্ত্যতেঽনয়েতি চোদনা জ্ঞানাদিত্রিতয়ং কর্ম্মপ্রবৃত্তিহেতুরিত্যর্থঃ। যদ্বা চোদনেতি বিধিরুচ্যতে, তদুক্তং ভট্টৈঃ,— 'চোদনা চোপদেশশ্চ বিধিশ্চৈকার্থবাচিন' ইতি। ততশ্চায়মর্থঃ,— উক্তলক্ষণং ত্রিগুণাত্মকং জ্ঞানাদিত্রয়মবলম্ব্য কর্ম্মবিধিঃ প্রবর্ত্তত ইতি; তদুক্তং ত্রৈগুণ্যবিষয়া বেদা ইতি। তথা করণং সাধকতমং, কর্ম্ম চ কর্ত্তুরীপ্সিততমং, কর্ত্তা ক্রিয়ানির্বর্ত্তকঃ, কর্ম্ম সংগৃহ্যতেঽস্মিন্নিতি কর্ম্মসংগ্রহঃ করণাদিত্রিবিধং কারকং ক্রিয়াশ্রয় ইত্যর্থঃ। সম্প্রদানাদিকারকত্রয়স্তু পরম্পরয়া ক্রিয়াপ্রবর্ত্তকমেব কেবলং ন তু সাক্ষাৎ ক্রিয়ায়া আশ্রয়ঃ, অতঃ করণাদিত্রয়মেব ক্রিয়াশ্রয় ইত্যুক্তম্॥

১৯। স্বামিটী।—ততঃ কিমত আহ—জ্ঞানং কর্ম্ম চেতি। গুণাঃ

১৮। জ্ঞান, জ্ঞেয় এবং পরিজ্ঞাতা,—কর্ম্মে প্রবৃত্তি সম্পাদনের এই ত্রিবিধ হেতু; আর কারণ, কর্ম্ম ও কর্ত্তা ক্রিয়ার আশ্রয়॥

২০। সর্ব্বভূতেষু যেনৈকং ভাবমব্যয়মীক্ষতে।
অবিভক্তং বিভক্তেষু তজ্‌জ্ঞানং বিদ্ধি সাত্ত্বিকম্‌॥

২০। [অন্বয়ঃ] যেন বিভক্তেষু সর্ব্বভূতেষু অবিভক্তম্‌ একম্‌ অব্যয়ং ভাবম্‌ ঈক্ষতে, তৎ জ্ঞানং সাত্ত্বিকং বিদ্ধি।

সম্যক্‌ কার্য্যভেদেন খ্যায়ন্তে প্রতিপাদ্যন্তেঽস্মিন্নিতি গুণসংখ্যানং সাংখ্যশাস্ত্রং তস্মিন্‌ জ্ঞানঞ্চ কর্ম্ম চ কর্ত্তা চ প্রত্যেকং সত্ত্বাদিগুণ-ভেদেন ত্রিধৈবোচ্যতে, তান্যপি জ্ঞানাদীনি বক্ষ্যমাণানি যথাবচ্ছৃণু, ত্রিধৈবেত্যেবকারো গুণত্রয়োপাধিব্যতিরেকেণাত্মনঃ স্বতঃ কর্ম্মাদি-প্রতিষেধার্থঃ, চতুর্দ্দশাধ্যায়ে 'তত্র সত্ত্বং নির্ম্মলত্বা'দিত্যাদিনা গুণানাং বন্ধকত্বপ্রকারো নিরূপিতঃ, সপ্তদশাধ্যায়ে 'যজন্তে সাত্ত্বিকা দেবা'-নিত্যাদিনা গুণকৃতত্রিবিধস্বভাবনিরূপণেন রজস্তমঃস্বভাবং পরিত্যজ্য সাত্ত্বিকাহারাদিসেবয়া সাত্ত্বিকস্বভাবঃ সম্পাদনীয় ইত্যুক্তম্‌, ইহ তু ক্রিয়াকারকফলাদীনামাত্মসম্বন্ধো নাস্তীতি দর্শয়িতুং সর্ব্বেষাং ত্রিগুণাত্মকত্বমুচ্যতে ইতি বিশেষো জ্ঞাতব্যঃ॥

২০। স্বামিটী।—তত্র জ্ঞানস্য সাত্ত্বিকাদিত্রৈবিধ্যমাহ—সর্ব্বেতি ত্রিভিঃ। সর্ব্বেষু ভূতেষু ব্রহ্মাদিস্থাবরান্তেষু বিভক্তেষু পরস্পরং ব্যাবৃত্তেষু অবিভক্তমনুস্যূতম্‌ একমব্যয়ং নির্ব্বিকারং ভাবং পরমাত্ম-তত্ত্বং যেন জ্ঞানেনেক্ষতে আলোচয়তি তৎ জ্ঞানং সাত্ত্বিকং বিদ্ধি।

---

১৯। সাঙ্খ্যশাস্ত্রে জ্ঞান, কর্ম্ম ও কর্ত্তা সত্ত্বাদি গুণভেদে ত্রিবিধ কথিত আছে, তাহা যথাযথ কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর॥

২০। যে জ্ঞান দ্বারা পরস্পর বিভক্ত ভূতগণের মধ্যে অভিন্নরূপে অবস্থিত ও অব্যয় পরমাত্মতত্ত্ব প্রত্যক্ষ হয়, তাহাই সাত্ত্বিক জ্ঞান।।

২১। পৃথক্ত্বেন তু যজ্জ্ঞানং নানাভাবান্ পৃথগ্বিধান্।
বেত্তি সর্ব্বেষু ভূতেষু তজ্জ্ঞানং বিদ্ধি রাজসম্॥

২২। যত্তু কৃৎস্নবদেকস্মিন্ কার্য্যে সক্তমহৈতুকম্।
অতত্ত্বার্থবদল্পঞ্চ তত্তামসমুদাহৃতম্॥

২১। [অন্বয়ঃ] পৃথক্ত্বেন তু যৎ জ্ঞানং সর্ব্বেষু ভূতেষু পৃথগ্বিধান নানাভাবান্ বেত্তি, তৎ জ্ঞানং রাজসং বিদ্ধি (জানীহি)॥

২২। [অন্বয়ঃ] যৎ (জ্ঞানং) তু একস্মিন্ কার্য্যে কৃৎস্নবৎ সক্তম্ অহৈতুকম্ অতত্ত্বার্থবৎ অল্পং চ তৎ (জ্ঞানং) তামসম্ উদাহৃতম্॥

২১। স্বামিটী।—রাজসং জ্ঞানমাহ—পৃথক্ত্বেনেতি। পৃথক্ত্বেন তু যৎ জ্ঞানমিত্যস্যৈব বিবরণং সর্ব্বেষু ভূতেষু দেহেষু নানাভাবান বস্তুতঃ এবানেকান্ ক্ষেত্রজ্ঞান্ পৃথগ্বিধান্ সুখিদুঃখিত্বাদিরূপেণ বিলক্ষণান্ যেন জ্ঞানেন বেত্তি তৎ জ্ঞানং রাজসং বিদ্ধি॥

২২। স্বামিটী—তামসং জ্ঞানমাহ—যত্ত্বিতি একস্মিন্ কার্য্যে দেহে প্রতিমাদৌ বা কৃৎস্নবৎ পরিপূর্ণবৎ সক্তম্ এতাবানেবাত্মা ঈশ্বরো বেত্যভিনিবেশযুক্তম্ অহৈতুকং নিরুপপত্তিকম্ অতত্ত্বার্থবৎ পরমার্থালম্বনশূন্যম্ অত এবাল্পং তুচ্ছম্ অল্প বিষয়ত্বাৎ অল্পফলত্বাচ্চ, যদেবম্ভূতং জ্ঞানং তত্তামসমুদাহৃতম্॥

---

২১। কিন্তু যে জ্ঞান দ্বারা সর্ব্বভূতস্থিত আত্মাকে পৃথক্ পৃথক্ রূপে নানাভাবাপন্ন জ্ঞাত হওয়া যায়, তাহা রাজসিক জ্ঞান॥

২২। পরন্তু যে জ্ঞান কোনও একটী কার্য্যে (দেহাদিতে) 'ইহাই সব' এইভাবে আসক্ত হয়, এরূপ যুক্তিহীন অবাস্তব পরিচ্ছিন্ন জ্ঞান তামস বলিয়া অভিহিত হইয়া থাকে॥

২৩। নিয়তং সঙ্গরহিতমরাগদ্বেষতঃ কৃতম্।
অফলপ্রেপ্সুনা কর্ম্ম যত্তৎ সাত্ত্বিকমুচ্যতে॥
২৪। যত্তু কামেপ্সুনা কর্ম্ম সাহঙ্কারেণ বা পুনঃ।
ক্রিয়তে বহুলায়াসং তদ্রাজসমুদাহৃতম্॥
২৫। অনুবন্ধং ক্ষয়ং হিংসামনপেক্ষ্য চ পৌরুষম্।
মোহাদারভ্যতে কর্ম্ম যৎ তত্তামসমুচ্যতে॥

২৩। [অন্বয়ঃ] অফলপ্রেপ্সুনা নিযতং সঙ্গরহিতম্ অরাগদ্বেষতঃ কৃতং যৎ কর্ম্ম, তৎ সাত্ত্বিকম্ উচ্যতে॥

